व इ बी वि

অবধূত

মিক্র ও ঘোষ ১০, ভাষাচরণ দে স্ট্রীট, কলিকাভা-১২ খিতীয় মূত্রণ -সাডে চার টাকা—

١

এই লেগকের
বশীকরণ

মরুঠার্থ হিংলাজ
উদ্ধারণপুরের ঘাট
শুভায় ভবতু

ACCESSION NO. 916262

প্রচ্ছদপট: অম্বন—শ্রীআশু বন্ধ্যোপাধ্যায় মুদ্রণ—রিপ্রোডাকশন সিভিকেট

মিত্র ও হোৰ, ১০ শুগোচরণ দে স্ক্রীট, কলিকাতা-১২ ইইতে শ্রীভান্ত রায় কর্তৃক প্রকাশিত ও নিউ শ্রীহ্রগা প্রেন, ২০১ কর্ণপ্রয়ালিশ স্ক্রীট, কলিকাতা-৬ শ্রীগোরচন্দ্র পাল কর্তৃক মুগ্রিত।

উৎসগ

শ্রীস্কুমার ভট্টাচার্য শ্রীশিবশঙ্কর ভট্টাচার্য

স্থাপুথের করকণলে

এই বইটি যে কোন কারণেই হোক প্রকাশ করতে লেখকের আপত্তি ছিল। আমরা আমর ক'রে এটি প্রকাশ করলাম। আমাদের বিখাস, রচনা ভাল হরেছে বা মন্দ হরেছে—আর বে-ই হোক লেখক তার বিচারক হ'তে পারেন না এবং সবচেরে বড় কথা, পাঠকসাধারণের কাছ খেকে রার না পেলে কোন মতামভেরই কিছু লাম নেই। ভাই পূর্ণ দারিত্ব নির্দেই আমরা বইটি সেই নর্বোচ্চ আদালতে পেশ করলাম। ইতি—

व ए ब्री शि

नाम वलल, वहदीहि वर्ग।

িনিজের কানকে বিশ্বাস করতে পারলাম না। মুখ তুলে জি**জ্ঞাসা করলাম**—"কি বললেন গ"

গর্ভাবে ফের বললে—"শ্রীবহুরাহি বর্মা।"

মূপ নিচু করে হাধি সমেলে মনোযোগ দিলাম তার কররেখা**ওলিতে। ডান** ছাত্থানি ধরাই ছিল মামার বাঁ ছাত্তর মধ্যে। বহুরীহি **রুদ্ধ নিংখাদে আমার** রায় শোনবার জানু অংশুজা করকে লাগুল।

কিছুকণ পরে হাতথানি ছেচে দিয়ে জিজ্ঞাসা করলাম—"ও নাম **আপনার** বেখেছিল কে খ"

বছরটি ডোক গিলে বললে—"মামার মামী। আমার বাপ মা নেইত, মামী মাজুস করেছেন, তিনিই তেওছেন নামটা।"

ম.ন মনে বললাম, মাজুল খা' করেছেন ভা'তে। দেখতেই পাছিছে। মুখে বললাম—"মামী আপনাকে খুবই ভালবাদেন বুঝি।"

বহুরী হি ঘাড চুলকে বলবে—"ত।', ত।' স্মরশ্য বলতেও পারেন। তবে আজকাল একটু ইয়ে মানে কেমন যেন একটু,—"

গর্ভাবে বললাম—"ভাই তোদেশলাম। সময়টা আপনার এখন তেমন—" বছরীহি উত্তেজিত হয়ে উঠল। এক চাপড মারল চৌকিখানার ওপর। বললে—"ব্যাস, ধরেছেন একেবারে আসল ব্যাপারটাই। সেই জ্বেটে তোমশাই এলাম আপনার কাছে। এমন বেয়াডা সময় মশাই জীবনে কখনও পড়েনি। মামা মামী ছ'জনেই একেবারে টাইট মেরে গেছে। একটি পয়সা আর গলাবে না হাতের মুঠো পেকে। বলুন ভো, এমন করলে আমার চলে কি করে ?"

ধীরে ক্লছে হিসেব করে কোন্ গ্রহটি কোন্ স্থানে সরে যাবার দক্ষন এ হেন বিপত্তি ঘটছে বছত্রীহির কপালে তা' বললাম। এই হিসেব করা আর বলা, এই ছ'টিই হচ্ছে এ কারবারের আসল কায়দা। মক্লেনের সম্পত্তি কতটুক্ক কত দূর পথস্ত এশুলে মকেলটি ছুটে ঘর থেকে বেরিয়ে যাবে না, সেই জ্ঞানটুকু থাকা দরকার। এমন কথা কথনও বলা উচিত নয় যাতে মকেল ভয় পায়। ভয় পোলে কাল আসব বলে উঠে যাবে আর সভান গিয়ে উঠবে একশ' টাকা গারা খনান সেই সব রাঘব-বোয়াল রাজা-সম্রাটদের কাছে। কাজেই সামলৈ কথা বলতে হয়।

শ্রীবছব্রীছি বর্মা অধীর হোয়ে উঠলেন। ছাত টেনে নিয়ে বললেন—''তা' মশাই, এখন একটা উপায় বলুন দিখি। আর তো পারা যায় না।''

উপায় বললাম। জপ হোম তর্পণ অভিসেক, দশ দিন ধরে চালাতে ছবে। পুরশ্চরণ-সিদ্ধ-কবচ করতে দশটা দিন লাগেই। ফাঁকি দিয়ে কারও পয়সা ধরচ করানোটা আমার দারা হবে না।

বছবীছি বললে—"সেই জন্তেই তো আসা আপনার কাছে। ওই সব সাইনবার্ড-মার্কা জ্যোতিনী, মশাই আমি ছ'চকে দেখতে পারি না। গেলবার জন্তে হাঁ করে বসে আছে এক একটি রাহু। আপনি মানে আপনার মত যারা সুকিমে আছেন, সহজে ধরা দিতে চান না, তাঁরাই আসল চিজ। কম কঠে কি আপনাকে ধরতে পেরেছি! যাক্ বাবা, এখন লাগবে কত বলুন ?"

কন্ত লাগবে বলবার আগে আর একবার বেশ করে দেখে নিলাম মক্কেলের ছাঞ্জি-বোতাম. এক ইঞ্চি লখা আধ ইঞ্চি চওড়া আংটি আর সাজ পোশাক। জামাটা গরদের, বোধ হয় কালই পরেছে, ছু'জায়গায় হলুদের দাগ লেগেছে। আর্থাৎ একটু বেসামাল অবস্থায় মাংস খেয়েছে। চোখের কোলে কালির পোঁচ, ঘাড় থেকে কানের ওপর পর্যস্ত চাঁচা, ব্রন্ধতালুতে এক বোঝা চুল, চুলগুলো রুক্ষ, কিছুতেই সেগুলো যথাস্থানে থাকছে না, নেমে আসছে কপাল ছাপিয়ে চোখের ওপর। পরনের কাপড়খানা জরি পেড়ে, জুতো জোড়া ধরজার কাছে খুলে রেখে এসেছে, সে ছু'পাটির দিকেও তাকালাম একবার। তারপর গলায় যতটা সম্ভব তাক্ছিল্য ভাব এনে বললাম—"কত আর লাগবে, এই ধরুল দিন তিন চার টাকাই লাঞ্জক—"

বছরী হি কথাটা শেষ করতে দিলে না। বললে—"ধরুন না পঞ্চাশটা টাকাই লাগল। কিন্তু কাজটা আমার করে দিতে হবে মশাই, মামা মামীকে একটু চিট করতে না পারলে—

होका प्रकानहा नात करत मामतन ताथला।

থাতা টেনে নিয়ে জিজ্ঞাস। করলাম—"বলুন এবার স্থাপনার গোত্রটা লিখে রাথি—"

ও পক্ষ চুপ। মৃগ তুলে চেয়ে দেখি, চোথ ছটো বড় বড় করে মাথার চুল টানছে। আবার বললাম — "আপনার গোত্রটা বলুন।"

"গোত্ৰ! গোত্ৰ কি ?"

বললাম—"মানে—গোত্র হচ্ছে, যেমন ধকন এই তরম্বাক্ত—শণ্ডিল্য—কাঞ্চণ
—সৌকার্লান এই সমস্ত। মানে, আপনাদের বংশ কোন্ মূনি ঋবি থেকে আরম্ভ হোয়েছে। আপনাদের বংশের সেই প্রথম মাসুষ্টির নামই হোছে গোত্র। গোত্র না বললে সম্বন্ধ করব কি করে ?"

বছব্রীহি একেবারে ভেঙে পড়ল।

"তবেই সেরেছে। ও সব গোত্র ফোত্র কোধায় পাব মশাই ? আছা পাড়ান, দেখি পাই কি না। কাল জেনে এসে বলব আপনাকে।" ै

কি অভায়ই করলাম গোত্র জিজ্ঞাসা করে। গোত্র না পে**লে ফ্সকাবে** না তো! এখন সামলাই কি করে।

বছব্রীহি চলে গেল। টাকা ক'টা যে তুলে নিয়ে গেল না এই আমার ভাগ্যি। কিন্তু তুলে নিয়ে গেল না বলেই আমি ভাঙ্ভে পারৰ না। কাল পর্যন্ত টাকা নিয়ে বসে থাকতে হবে। যদি এসে ফেরত চায়।

কাল পর্যন্ত অপেক্ষা করতে হোল না। ঘণ্টা থানেকের মধ্যেই ইাপাছে ইাপাতে ফিরে এল বছত্রীছি।

ঁপেরেছি মশাই, পেরে গেছি গোত্র। নিন লিখে তাড়াতাড়ি, আ্বার ভূলে না মেরে দি।" স্তরাং আবার খাতা খুলে বসতে হোল।

"বনুন আপনার গোতা।"

"আ্যালুমিনিয়াম, আমাদের গোত্র হচ্ছে আ্যালুমিনিয়াম", বলে বছত্রীহি সব
ক'টা দাঁত বার করে ফেললে।

অতি কণ্টে হাসি সামলে বললাম—"কে বলে দিল আপনাকে গোত্রটি ?"

থতমত থেয়ে ঢোক গিলে ছ্'হাত কচলাতে কচলাতে বছব্রীহি বললে— "আমার পরিবার। তার সব মনে পাকে কি না।"

वननाम—"िजन वापनारक वानशायन वरनिहर्लन, ठारे ना ?"

প্রায় চীৎকার করে উঠল বছব্রীহি—"হাঁ হাঁ, ঠিক ধরেছেন তো। আশ্চর্য ! আমার মুখে মশাই ও সব খটমট নাম ফেরে না।"

এগার দিন পরে আসতে বললাম। "সকাল বেলা স্নান করে এসে কবচ ধারণ করে যাবেন, বুঝলেন। তার আগে জলটল খাবেন না।"

वहजीहि विनाय नितन ।

আমিও ইাপ ছেড়ে বাঁচলাম। বাড়িওয়ালাকে ডেকে তিন মাসের ঘর ভাড়া তিন আড়ায়ে সাড়ে সাতাটি টাকা দিয়ে তবে অন্ত কাজ। হাবাতে লোকটা মল তাগাদা করতে করতে। আমি যেন এখনই মরছি ওর ঘরে। যত বেটা নচ্ছারের পাল্লায় পড়েছি তো। এখনই দেখিয়ে দিচ্ছি, ভাড়া দেওয়া কাকে বলে।

রাস্তার দিকের দরজাটা বন্ধ করে দিলাম।

गारन इ'-अक्वांत · · ·

বাসে ছ'-একবার মনিঅর্ডারের পিয়নের গুভাগমন হবে না, অবচ কাশীবাস করতে হবে, এই রকমই বরাত আমাদের। বড় ছোট মেজ সেজ আসল সকল নামজালা ভৃত্তগুলারা আর নামজালা স্বামীজী মহারাজদৈর হাত ফস্কে যদি ছ'-একটি চুনোপুটি ছট্কে এসে পড়ে, এই আশায় দিনের পর দিন পথের দিকে চেয়ে থাকি।

প্রতিদিনই সন্ধ্যার আগে দশাশ্বমেধ ঘাটে বা অন্থা কোনও ঘাটে, যেখালে লোকে লোকারণ্য হয়, তেমন জায়গায় গেরুয়া চাদরখানা মুড়ি দিয়ে শির্দাড়া টানটান করে বসে থাকি। বেশ কাজ হয় এতে। উঠে আসবার সময় মাঝে মাঝে এক-আধ জন পিছু নেয়। ওদের ভেতর পেকেই আসল মজেল বেরিয়ে আদে।

সেদিন সন্ধার পরেও বসে আছি দশাখনেধ ঘাটে। একটা চাভালের ওপর চানর মুড়ি দিয়ে বলে জপে মন বসাবার কসরত করছি। কাতিকের শেষ তথন। ঘাটেলোকজন নেই। একটু দুরে তথনও এক বুড়ী সামনে ছোট্ট চুপড়িতে কয়েক গোছা পাকানে। সলুতে নিয়ে বলে আছে। এমন সময় একজনের আবির্জাব।

শুনলান, ফ্যাস ফ্যাস করে বুঙী বলছে—"রাত যে কাবার হতে চলল গো বাবু।"

জনাব হ'ল নেশ গদগদ ভাষায়—"কি করি বল মাসী—সব দিক সামলে-স্মলে আসতে হয় তে।।"

বুড়ী ঝাঁজিয়ে উঠল—"কিন্তু এরা তো বাপু বাজারের নম যে, তৌমার জন্তে রাত তুপুরে হা-পিত্যেশ করে রাস্তায় দাঁড়িয়ে থাকবে। গেরস্ত ঘরের মাত্ত্য এরা, এদেরও তো সময় অসময় আছে।"

হি-হি করে হাসির আওয়াজ শোনা গেল, তারপর খোশামুদির হুরে— "আহা চটছ কেন গো মাসী, এই নাও পান খাও, ভাল জদা এনেছি।"

মাসীর সেই ঝাঁজানে। হ্বে—"তা' নাপু, আজ আগে আমার টাকা দিয়ে দাও। সেদিন হাতে পেয়ে ফাঁকি দিয়ে তেগে পড়লে।"

"আহা-হা। চটছ কেন গো। টাকা কি পালাছে নাকি। আগে জিনিদ দেখাও—তবে তো টাকা। যে রকম ঘাটের মড়া দৰ জোটাছ, বেছিল তো খামকা টাকা ক'টা জলে পেল।"

আরও তেরিয়া হয়ে উঠল, অবশ্য চাপা গলায়।

শকাজ ফুরোলেই ঘাটের মড়া হয়ে যায়। এবার আর তা'বলতে হবে না বাছা। চল—এ কাছেই রয়েছে। কিন্তু আগেই বলে দিচ্ছি—আজ আগে আমার টাকা চাই। স্বড়ুৎ করে যে সরবে, তা' হবে না। তাহলে লোক জমা করব চেঁচিয়ে।'

পাণর বাঁধানো সিঁড়িতে জুতোর শব্দ ওপর দিকে উঠে গেল। 🕆

আরও কিছুক্ষণ বদে রইলাম জপে মন বসাবার আশায়। বসানো তো দ্রের কথা, মনকে দাঁড় করাতেই পারলাম না। যে ছুটে বেডাচ্ছে, তাকে বসাই কি করে। শেষে মনের পিছু পিছু নিজেই উঠে চললাম। ভাবতে ভাবতে উঠলাম, আমার মত কত জন কত রক্ষের থদ্দের পাকড়াও করবার আশা নিয়েই না এই মহাতীর্থের মহাপবিত্র গঙ্গার ঘাটে বলে থাকে। কে জানে, বাবা বিশ্বনাথ সকলের সব আশা পূরণ করে কি না! জয় বাবা বিশ্বনাথ।

খাট খেকে উঠে কালীতলার মা-ঠাক্রণকে ভক্তিভরে একটি প্রণাম নিবেদন করে সামনের দোকান থেকে এক ছটাকি ভাঁচের এক ভাঁচ মালাই কিনলাম ছ্'-আনা দিয়ে। সকালে নগদ পঞ্চাশটি টাক। উপার্জন ছয়েছে, স্থতরাং ছ্'-আনার মালাই থেয়ে আজ রাত্রে জলযোগ সমাপন করা যায় বুক ঠুকে। মালাই নিয়ে বাঁ-হাতি গলিতে চুকলাম। এখন যেতে হবে সেই হাড়ারবাগ গলি-গলি দিয়ে। প্রায় এক মাইল পথ।

গলির ভেতরেও কুয়াশ। চুকে পড়েছে। অনেক দোকান বন্ধও হয়ে গেছে তথন। সাবধানে এগোচিছ অন্ধকারে। হঠাৎ রৈ-রৈ শব্দ উঠল সামনে থেকে। গোলমালটা যেন এদিকেই এগিয়ে আসছে।

ষাঁড় নয় তো! বোধ হয় লড়ছিল ছটো ষাঁড়, এবার তাড়া খেয়ে ছুটে আসছে এদিকে। টপ্করে একটা বন্ধ দোকানের স্মেশের রকে উঠে দাঁডালাম।

যেখানে গলিটা হঠাৎ মোড ঘুরেছে, সেই মোডের ওধার থেকে শন্-শন্
করে একটা লোক ছুটে বেরিয়ে গেল আমার সামনে দিয়ে। পরমূহুর্ভেই
আবার ফিরে এল সেইভাবে। এসেই রকের উপর লাফিয়ে উঠে জাপটে
ধরল আমার ছই পা—"বাবাজী, বাঁচান আমার, বাঁচান, নয়ত—"

অন্ধকারের ভেতর নজর করে দেখি—আরে এ যে সেই বছত্রীহি। চমকে উঠলাম।

কিন্ত তখন আর একটি কথা বলারও সময় নেই। বহু লোক ছুটে আসছে ওবার থেকে। চক্ষের নিমেনে একটা মতলব খেলে গেল মাণায়। বহুবীহিকে ঘাড় ধরে শুইয়ে ফেলে আমার গেরুয়া চানর নিয়ে তার আপাদমন্তক ঢেকে দিলাম। তারগর তার পাশে বলে রইলাম ইটিতে মাণা গুরু।

হৈ-ছে করতে করতে গোটা ছুই লোক ছুটে চলে গেল সামনে দিয়ে। তাদের পেছনে আরও তিন-চারজন এসে পড়ল। ওদের ভেতর একজনের নজর পড়ল আমার দিকে। তার হাতে আবার টর্চ। উর্চের আলো আমার ওপর ফেলে এগিয়ে এন। ইাপাতে ইাপাতে জিজ্ঞান। করলে, খাস পূর্ব-বাংলার হিন্দিতে—"কোইকো দৌড়ায়কে ভাগনে দেখা হিনাসে।"

খুব বড় একটি দীর্ঘধাস ফেলে বলসাম পরিকার বাঙলায়— নৈঃ বাবারা, কেউ তো ছুটে যায়নি এখান দিয়ে, আমি তো ঠায় জেগে বসে আছি কণী নিয়ে।"

হাতে লাঠিসোটা নিয়ে আরও করেক মৃতি এমে খিরে দাঁড়াল সামনে। একজন জিজাস। কর্লে—"হয়েছে কি ওর ?"

"বাবা বিশ্বনাথই জানেন। কি জানি শেষ পর্যন্ত কী দাঁড়াবে। এখন ডো বেঘোর জ্বর—আবার গায়ে কি দব বেরোচ্ছে যেন—"

আর একজন জিজ্ঞাস। করলে—"আপনারা পাকেন কোথায় ?"

জবাব দিল্মুম্—"এখনও কোথাও থাকৰার ব্যবস্থা হয়নি বাবা। সৰে আজু তোৱে এসে নামলাম হরিছার থেকে—"

আমার কথা আর শেষ করতে হ'ল না। একজন বললে—"মরুকগে যাকু, কোথাকার কে ওরা। দৌড়ো সামনে, ধরতেই হবে সে শালাকে।"

একদল বললে—"সামনে যায়নি, নিশ্চয়ই পাশের কোনও গলিতে লুকিয়েছে।"

একদল বললে—"বাভাসে তো আর মিশে যেতে পারে না হারামজাদা, পাখি নয় যে, আকাশে উড়ে যাবে। চল্ এগিয়ে—নিশ্চয়ই সামনে গেছে।"

ওরা আর দাঁড়াল না, ভাগাভাগি হয়ে ছ'ণারে ছ'-দল ছুটল।

ত্ব'-হাত জোড় করে কপালে ঠেকালাম। আর একটু দাঁড়িয়ে টর্চের আলো ফেললেই হয়েছিল আর কি। সবেমাত্র যারা হরিদার থেকে এসেছে, তাদের কাছে লোটা-কম্বল কিচ্ছু নেই। জয় বাবা—

একটু পরে বহুব্রীহি ফোঁপাতে লাগল।

চুপি চুপি জিজ্ঞাসা করলাম, "খুব মেরেছে বুঝি ?" বছবী হি ফোঁপাতে কোঁপাতে উত্তর দিলে, "না বাবা, মারতে পারেনি এক-ঘাও। কিন্তু সব কেডে নিয়েছে আমার: এমন কি, প্রনের কাপড প্র্যস্ত—"

এতেক্ষণ পরে খেয়াল হলো, সভ্যিই তো. বহুবীহি শুধু গেঞ্জি গায়ে দিয়ে এসে আমার পা জড়িয়ে ধরেছিল। এখন উপায়! আকাশ-পাতাল ভাবতে লাগলাম।

কিন্ত বেশিক্ষণ ওখানে ওভাবে বঙ্গে থাকাও নিরাপদ নয়। শেষে সেই চাদর জড়িয়ে বছব্রীছি চলল আমার পাশে পাশে।

দশাখনেধে পৌছে রিকশায় উঠলাম আমরা। গোধুলিয়ার ওধারের একটা ঠিকানা বলে বছত্রীহি একটি বিভি চাইল। বিড়ি ধরিয়ে তথন বললে, কি করে এ দশা হ'ল তার।

 সন্ধ্যার পর কেদারনাথকে প্রণাম করে ফিরছিল বছত্রীহি। অন্ধকার গলির পথ। কোন এক অচেনা জায়গায় হঠাৎ পেছন থেকে কে তাকে জাপটে ধরে। চীৎকার করতে সময় পায়নি সে, তার মুখ-চোখ বেঁধে কেললে ক'টা লোক। তারপর নিয়ে গিয়ে তুলল একটা অদ্ধকার নোংরা ঘরের মধ্যে। তারপর আংটি বোতাম জামা মায় কাপড়খানা পর্যন্ত খুলে নিল। ঘরের দরজাটা পর্যন্ত দিল বাইরে থেকে বদ্ধ করে। তেইায় তখন বছরীহির ছাতি ফাটছে, সে জল জল করে টেচাতে শুরু করলে। এক বুড়ী দরজা খুলে তাকে জল দিতে এসেছিল, আর সেই কাঁকে বুড়ীকে ধাকা মেরে ফেলে দিয়ে সে দৌড লাগিয়েছে। বরাতগুণে সদর দরজাটা ছিল খোলা। কিন্ত বুড়ীটা কেঁচিয়ে সব মাটি করে দিলে। ওদের লোকজন ছুইতে লাগল পেছনে।

এই পর্যন্ত বলে বহুপ্রতি বিভি কেলে দিয়ে নিচু হয়ে আমার পারের **ধূলো** নিলে, "আপনার জন্মেই আজ প্রাণে বাচলাম বাবা, সময়টা যে খুবই পারাপ, একথা া আপনার জন্মই আজ সকালেই আমায় বলেছেন। আপনার কথাই ফলে যাচ্ছিল। আগেই শান্তি-স্বত্যানের টাকাটা দিয়ে দিয়েছি, তাই রক্ষে পেলাম আপনার দ্যায়—আপনিই বাবা সাক্ষাৎ কালতৈরব।"

বেশ বড় একখানা দে। তলা বাডির সামনে এসে থামল রিকশা। আমাকেও নেমে আসবার জন্মে পেড়াপেড়ি আরম্ভ করলে বছব্রীছি। নামশামু, দেখেই যাই বছব্রীছির সংসার।

আধ ঘণ্টা পরে বছব্রীছি আর তার পরিবারের হাত থেকে রেহাই পেলাম। আবার রিকশা করেই ফিরে এলাম কালীতলার সামনে। চললাম গলির পর গলি পার হয়ে। আমাকে তো আর গুণ্ডারা ধরবে না। শুণ্ডাদের আকেল বিবেচনা আছে।

মালাইয়ের ভাড়টা বোধ হয় এখনও পড়ে আছে দেই রকের ওপর । হয়ত কুকুরে খেয়ে ফেলেছে এতক্ষণে। তা' খাক—আমার ছঃখ লেই সে জন্ম। বছরীছির পরিবার এক সের ভাল সন্দেশ আর এক জোড়া নতুন কাপড়-চালর • পরিবারের মত পরিবার বটে বছব্রীহির। গায়ে-গতরে অন্তত পাঁচগুণ বেশি হবেন বছারীহির চেয়ে ভদ্রমহিলা। অত বড় চাকার মত মুখ, আর অমন ভাঁটার: মত চোখ জীবনে নজরে পড়েনি আমার। আর তেমনি বাজখাঁই গলা। আমায় শঙ্গে না নিয়ে গেলে কি যে ঘটত আজ বছব্রীহির কপালে, কে বলতে পারে। পরিবার তো কিছুতেই বিশ্বাস করতে চায় না য়ে, গুণ্ডায় সর্বস্ব কেড়ে নিয়েছে স্বামীর। আমার মুখ থেকে গুনেও যেভাবে চোখ ছটো ঘোরাতে ঘোরাতে চাইছিলেন বছব্রীহির দিকে, তাতে আমারই ভয়ে বুক চিপ্ চিপ্ করছিল। শেষে আমাকেই একটা ধমক দিলেন—"আপনি সাধু মাহম, আপনি কি বুমবেন বাবাঠাকুর ঐ বেঁটে বজ্জাতের পেটে-পেটে কত বুদ্ধি। ও আপনাকে ঠকাতে পারে, আমার চোথে খুলো দিতে পারবে না।"

তারপর এগারো হাতি একখানা নতুন থান কাপড় আর একখানি নতুন ভাগলপুরী চাদর নিয়ে এসে বললেন—"আপনার গেরুয়া চাদর ঐ পাপের গায়ে ঠেকেছে, এ পাপের কি আর প্রাচিচন্তির আছে নাকি ওর। ও-চাদর আর আপনাকে ছুঁতে হবে না। ও ছুঁয়ে আর ঐ মডাকে নরকে পাঠাবেন না বাবাঠাকুর।"

বহুব্রীছির সংসার আর পরিবার দর্শন করে, কাপড় চাদর সন্দেশ আর নগদ পাঁচ টাকা প্রণামী নিয়ে ফিরছিলাম—আর ভাবছিলাম। ভাবছিলাম, অত সোনার গয়নাস্থদ্ধ অত বড় একটি পরিবার কোথা থেকে যোগাড় করলে বহুব্রীছি। একেই বলে বরাত; দিব্যি খাচ্ছে-দাচ্ছে আর সোনার বোতাম আংটি সিদ্ধের পাঞ্জাবি গায়ে দিয়ে ঘুরে বেড়াচ্ছে। কোনও ভাবনা-চিন্তা নেই। ব্রেরুম একটি জাদরেল পরিবার মাথার ওপর থাকলে ভাবনা-চিন্তা থাকবেই বা কেন। যাকগে, কি লাভ আমার ওদের ব্যাপারে মাথা ঘামিয়ে। কপালে প্রাপ্তিযোগ কিছু ছিল, পেয়ে গেলাম। জয় বাবা বিশ্বনাথ।

কিছ শাস্তি-সন্ত্যয়নের আশীর্বাদ নেবার জন্মে বহুত্রীহি আর এল না অমাবস্তার পর শনিবার দিন। এতে ভাববার কিছু নেই। বড়লোক তো, হয়ত চলে গেছে বুস্পাবন বা হরিছার। এই রকমই হয়, এই হচ্ছে ওরকম মন্ধেল পাবার স্থবিধে। তান্ত্রিক ক্রিয়ার অব্যর্থ ফল দেখবার আশায় বড় একটা কেউ বলে থাকে না।

নিরমিত জপে বসছি দশাখনেধ ঘাটে। ছুটকো-ছাটকা ছ্'-একটা খন্দের যে না জ্টছে তা' নয়। তবে বছবীছির মত অত উচুদরের কেউ জুটছে না। তা' আর কি করা যায়। সুবই বাবা বিশ্বনাপের রুপা।

শলতে বেচতে বৃড়ীও এনে বনে ঘাটে। একট লক্ষা রেখে জানতে পেরেছি বৃড়ী সলতের মঙ্গে আর কিলের কারেবার চালায়। গুর রংচঙে ডুরে কাপড় পরে কপালে সিঁথিতে ডগ্ডগে ফিক্লুর লগগিয়ে শাঁখা-পর। অল্পর্যমী তৃ'-একটি বউ-ঝি প্রায়ই এনে বনে বৃড়ীর পাশে। লেখলেই বোঝা যায় গৃহস্থ ঘরের মেয়ে-বউ। একটু বেশি হানিগুশি ভাব গেন ওলের। মানে মানে নিজেলের মধ্যে কথা বলতে বলতে এ ওর গায়ে গড়িয়ে পড়ে। ওরকন তো একটু হয়ই। বিদেশে এসেছে—এখানে একটু আমোদ-আঞ্লাল কর্বেই তো। আবার ক্ষেক্টি ছোঁডাও খুর ঘুর করে আশে-পাশে। ওরা পান কেনে, চানাচুর কেনে। তারপর কে কোণায় যায় কে আর খবর রাখে।

অঘাণ মাস পড়ল। আরও ঘনিয়ে উঠল কুয়াশা। এখন সঁদ্ধান না হতেই
আমিও উঠে আসি দশাখনেশ পেকে। সেদিন উঠি উঠি করেও ওঠা হছে না।
বুড়ীটা যে কেন বসে আছে তগনও তাই ভাবছি। একগানি ছোট বজরা এসে
ঘাটে লাগল। কোট প্যাণ্ট-পরা একটি লোক উঠে এল বুড়ীর কাছে। বুড়ীর
সঙ্গে কি ছ্'-একটা কথাবার্তা হলো। বুড়ী সলতের চুপড়ি কেলে রেখে উঠে
গেল আঁচলে কি বাঁগতে বাঁগতে। একটু পরে যখন আবার ফিরে এল তখন ওর
পিছু পিছু এল একটি বউ মাতুদ।

কোট প্যাণ্ট-পর। লোকটি ফদ্ করে একটি দেশলাইর কাঠি আলালে নিজের সিগারেট ধরাতেই বোধ হয়। সিগারেট কিছ ধরালে না। বললে চাপা• গলায়—"খাসা জিনিস, আছে। দোব দশ টাকা, কিছ ঐ বজরায় যেতে হবে।" বুড়ী বললে, "এক ঘণ্টার ভেতর এখানে নামিয়ে দিয়ে যেতে হবে
আমাদের। আর আমিও সঙ্গে থাকব বজরায়।"

लाकि वलत्त, "बाम्हा।"

ওর। সিঁডি দিয়ে নেমে গেল।

শেষ সিঁড়িতে ওরা পৌছেছে। ঘন কুয়াশার মধ্যেও ওদের তিনজনের ঘোলাটে মৃতি দেখতে পাছি। বজরাখানা সামনে এগিয়ে এল। লোকটি লাফিয়ে উঠল বজরায়। হাত ধরে কেঁনে তুলে নিল বউটিকে। বুড়ীও উঠল বজরায় তাড়াতাড়ি। একজন মাথায় পাগড়ি-বাঁধা জোয়ান লোক সিঁড়িতে লগি লাগিয়ে ঠেলা দিলে। সেই সঙ্গে সেই কোট প্যাণ্ট-পরা লোকটি এক ধারু। মারলে বুড়ীকে। বুড়ী ছিটকে এসে পড়ল ঘাটের ওপর। বজরা সরে গেল আনেকটা দ্রে। বুড়ী শকুনের মত চেঁচিয়ে উঠল। ওধারে বজরার ওপর নজর কবে দেখলাম ছুটো লোক বউটিকে ওঁজরে চুকিয়ে দিছে বজরার ঘরের মধ্যে। বজরা ঘুরে গেল। ভারপর মিলিয়ে গেল কুয়াশার মধ্যে। বুড়ীটা পরিআহি চেঁচাতেই লাগল।

লোকজন জমতে লাগল। পুলিসও দেখা গেল শেষ পর্যন্ত। কিন্তু কেউ
বিশেষ গর্ক দেখালে না এ ব্যাপারে। উন্টে বুড়ীকেই অনেকে সন্থপদেশ
দিয়ে গেল। "কেন মরছ মিছিমিছি চেঁচিয়ে, টাকা পেয়েছ কটা ?" কে একজন
কস করে বুড়ীর আঁচল টেনে ধরলে। "এই তো কি যেন বাঁধা রয়েছে, খোল
খোল।" খুলে দেখা গেল পাঁচখানা এক টাকার নোট! যে বুড়ী ঘাটে বসে
সলতে বেচে তার আঁচলে পাঁচখানা নোট! স্বাই হাসতে হাসতে
চলে গেল। টিপ্লনী কাটল, "আ মর, চঙ দেখ মাগীর। উনিও যাবেন বজরা
চেপে। সেই বয়সই ওঁর আছে কি না।' পুলিস ছ'জন অবশ্য দরদ লাগিয়ে
সান্ধনা দিয়ে গেল বুড়ীকে। "কোই ডর নেছি আছে বুড়ী, খোরা বাদ
উসকো কোই ঘাট পর উত্তর দিয়ে যাবে। তু আপনা ঘর যা', ঝুটমুট চিলাচিলি
মত কর। দেখে লিস, তোর বেটি কম সে কম বিশ রূপেয়া লিয়ে আসবে ঘরে!"

এরা সবাই সব কিছু জানে। জানে অনেক কিছু, বাঙলা দেশ থেকে এখানে এসে বাঙলার লোকে কতদ্র কি করতে পারে না পারে সে জ্ঞান সকলেরই বেশ আছে। তা' আমার এতে লজ্জা পাবার কিছু নেই। আমিও বাঙালী, আমিও কাশীবাস করতে এসেছি পোড়া পেট সঙ্গে নিয়ে। তবে গেক্যা পরা আছে, চুল দাড়ি আছে, কাজেই আমার অনেক স্থবিধে আছে। বুড়ীর মত কাঁচা মালের কারবার নয় আমার এই যা' রক্ষে। জ্বয় বাবা বিশ্বনাথ।

উঠে পড়লাম।

আবার সেই কালীতলার মা-ঠাকুরুণকে প্রণাম, আবার সেই বাঁ-ছাতি গলি, সেই অন্ধকার পথ দিয়ে এ গলি সে গলি পেরিয়ে যাওয়া। নিত্যকার ব্যাপার। এমন অভ্যাস হয়ে গেছে যে, চোথ বুঁজেও চলে যেতে পারি।

পেছনে পায়ের শব্দ শুনলাম। কে যেন স্কুপিয়ে কাঁদতে কাঁদতে এগিয়ে আসছে। পমকে দাঁড়ালাম। পাশে এসে পড়ল। দশাখনেখের বুড়ী ফিরছে।

যতটা সম্ভব আশ্নীয়তার স্থর গলায় ঢেলে বললাম, পাকা বরিশালী ভাষাক্ষ
—"কি গোঠাকরেন, হয়েছে কি ? কান্ছ কেন ?"

প্রথমে তো বুড়ী কথাই বলে না। ফোঁসফোঁসানি আরও বেড়ে গেল। আরও ছ্'-একবার মিটি কথা বলায় ফল'হলো। বুড়ী প্রায় ডুকরে কেঁলে উঠল। তারপর যা' বললে তার মোটা অর্থ করলে এই দাঁড়ায় যে, আজ বাসায় ফিরলে মারের চোটে বুড়ীর হাড় শুঁড়ো হয়ে হয়ে যাবে।

তারপর একটু একটু করে অনেক কথাই বেরুলো বুড়ীর পেট থেকে। যে বাসায় সে থাকে সে বাসায় দশ ঘর ভাড়াটে। বুড়ীকে ভাড়া দিতে হয় না। কারণ সে ভাড়াটেদের ছ'-পয়সার মুখ দেখতে সাহায্য করে। যে বউটিকে এইমাত্র ছোঁ মেরে নিয়ে গেল বজরায়, ওর স্বামী আর শান্তড়ী আজ বুড়ীয় চামড়া তুলে নেবে বউকে না নিয়ে কিরলে। বললাম, "এখন না হয় নাই ফিরলে বাসায়। সে মেয়েটা কিরে আস্ক। তারপর যেও। তখন ওরা আর বেশী কিছু বলবে না।"

বুড়ী আবার কাঁদতে লাগল ফুঁপিয়ে ফুঁপিয়ে। তার বিশ্বাস, যে গেছে সে আর ফিরবে না।

"ফিরবে না! কেন? কি করে বুঝলে যে ফিরবে না সে?"

"আমারই ভূল হয়েছিল গো বাবা, চোণে কম দেখি কি না, ঠিক ঠাহর করতে পারিন। আবার সাহেব হয়ে এসেছে তো। কাজেই ভূল করলুম। আর নগদ অতগুলো টাকা, বউটাও দশ টাকা গুনে লুভিয়ে উঠল। ভাবলুম, কত জনাই তো বজরায় নিয়ে যায়। যাই না ছুঁড়িকে নিয়ে ঘণ্টাখানেক পরেই যখন নামিয়ে দিয়ে যাবে। এ যে সেই লোক তা' বুঝলে কি আর কাঁদে পা দিতুম আমি। ও বউকে কিছুতেই ছাড়বে না। যদি ছাড়ে তো নাক কান কেটে নিয়ে ছেড়ে দেবে।"

ভাবার চুপ্চাপ কয়েক পা এগিয়ে গেলাম। তারপর বললাম, ''তবে চল না কেন থানায়। পুলিসে সব কথা বললেই—''

বুড়ী আঁতকে উঠল থানার নাম শুনে। থানায় গেলে আর কারও রক্ষে লেই। পুলিস একবার গন্ধ পেলে গুটিস্থ চিবিয়ে খাবে।

''যারা বন্ধরায় ছিল তাদের তুমি চিনতে নাকি ?

রাগে গরগর করতে লাগল বুড়ী। "চিনতে পারলাম সেই মুখপোড়াকে বজরায় পা দিয়েই। বউটাকে বজরায় টেনে তুলেই বলে,—এইবার ঘুঘু, তথু ধান খেয়ে পালাও, ফাঁদ তো দেখনি কখনও।" চমকে উঠে মুখের দিকে চাইলাম লোকটার। আর সঙ্গে সঙ্গে আমাকে ধাকা মেরে জলে ফেলে দিলে।

"বউটার ওপর বৃঝি রাগ ছিল লোকটার ?" যতটা সম্ভব নিঃস্পৃহ গলায় ভিজ্ঞাসা করলাম। বৃড়ী আরও রেগে গেল।

"বেশ হয়েছে, খুব হয়েছে—যেমন ঠেটা মেয়েমাসুষ। ওর নাক কান কাটা বাবে বা তেয়া যাবে কার ? মাসুষ নিয়ে যাই, তোকে টাকা দেয়, আর ভূই কিনা তোর সোয়ামীর কথায় তার মাথা খেতে চাস। লোকটাকে ঘরে নিয়ে তার জামা কাপড় পর্যন্ত ছাড়িয়ে তারপর সেই গুণ্ডা সোয়ামীকে ডেকে আনে। তথন মারধারে করে সর্বস্ব কেড়ে নিয়ে নেংটো করে পথে বার করে দেয়। এর নাম ধন্ম। ধন্মের কল হাওয়ায় নডে। আজ ফল ব্রুবি ভদ্দর লোকের ছেলেদের সঙ্গে ঠেটামি করার। ছুডির গা-ময় ছেঁকা দিয়ে ছেড়ে দেয়, তবে আরও তাল হয়। ছুঁচাড়া মেয়য়ময়্ব কোপাকার—"

কথায় কথায় অনেকটা এলাম ছ্'জনে। আবার বললাম, "আজ না হয় নাই গেলে বুড়ী মে বাসায়। চল আমার সঙ্গে।"

বুড়ী শুনলে না। বাসায় তাকে যেতেই হবে। অস্তত সেই মালসাটা আনতেই হবে তাকে। যে নালসায় ছাই ভরা আছে। যাতে সে রাত্রে পুথু ফেলে।

বাঁ-ছাতি একটা ঘোর অন্ধকার গলির মধ্যে বুড়ী চ্**কল। কয়েক পা** এগিয়েছি, পেছনে শুনতে পেলাম, "বাবাকী ও বাবাজী"।

পিছন ফিরে দেখি বুড়ী হাঁপাতে হাঁপাতে এক রকম ছুটে **আসছে।** -দাঁডাতে হলো।

কাছাকাছি এসে বুড়ী দম নিয়ে জিজ্ঞাসা করলে, "আপনি কোণায় থাকেন বাবাজী ?"

বললাম ঠিকানা—"হাড়ারবাগের গলির ভেতর চুকে সেই চিন্তামণি গণেশের কাছাকাছি গিয়ে ডান ধারে যে হহুমান মন্দির আছে তার পেছনের বাড়ীর একতলায়।"

বৃড়ী বললে, "সেই বাডিতে একটা গম-ভাঙ্গা কল আছে তো ? বাবাজী আপনি একটু দাঁড়ান এইখানে, আমি আপনাকে একটা জিনিল এনে দোব। দয়া করে সেটি আপনি নিয়ে যান। এখনই আনছি দেটা আমি। যাব আর আলব। আমার ঘর বাইরের দিকে। ওরা বোধ হয় সৰ খুমিরেছে। টের পাবে না।

বুড়ী চলে গেল। এমন পা চালিয়ে গেল যে দেখে আশ্চর্য হয়ে গেলাম। আত বুড়ো মাসুষ, দেখলে মনে হয় চলতেই পারে না, সে একেবারে ছুটছে জোয়ান মাসুষের মত। তাও আবার বেড়ালের মত নিঃশব্দে। চোখে না দেখলে বিশ্বাসই করতাম না যে ঐ লোক ও-ভাবে ছুটতে পারে।

কিন্ত কি এনে দেবে আমায়! কোনও বিপদে পড়ব না তো! যাই চলে আমিও পা চালিয়ে। কি দরকার আমার এ সব নোংরা ব্যাপারে জড়িয়ে পড়বার। এই সব সাত পাঁচ ভাবছি, দেখি বুড়ী ফিরে আসছে সেইভাবে পা চালিয়ে হাতে কি একটা ঝুলিয়ে নিয়ে।

"ধর বাবাজী, শিগ্গির নিয়ে চলে যাও এটা। ওরা টের পেয়েছে যে আমি ফিরেছি। যা' থাকে আমার কপালে হোক। যদি বেঁচে থাকি কাল যাব তোমার কাছে। আমি না যাওয়া পর্যন্ত তুমি এটা খুলো না। জয় বাবা বিশ্বনাথ, জয় মা অয়পূর্ণা।"

কাঁপতে কাঁপতে বুড়ী ফিরে গেল।

व्यामि जिनिमही हाट्ड सूनिया निया थ। हानानाम।

ঘরের দরজা খুলে নেকড়ায় বাঁধা জিনিসটা বসিয়ে রাখলাস টুলের ওপর।
তারপর ভারিকেন জ্বালতে বসেছি, পিছনে টিপ করে আওয়াজ হ'ল।
বিছানার ওপর বসে ছিল আমার বেড়াল দ্ধিমূখী, দরজা খোলা পেয়ে দিলে
লাফ। তার পা লেগে টুলের ওপর খেকে সেটা পড়ল মেঝের ওপর। আলো
জ্বালিয়ে দেখি ঘরের অনেকটা জায়গায় ছাই ছড়িয়ে পড়েছে। চুরমার হয়ে
গেছে নেকড়ার ভেতরের মালসাটা। নেকড়া ছিঁড়ে ছাই ছিটিয়েছে ঘরময়।

ভন্নানক রাগ হ'ল বুড়ীর ওপর। আমার হাতে দিলে ওর খুখু-ফেলা ছাইয়ের মালসা। আম্পর্কা তোকম নয়! বসে বসে ঝাঁটা দিয়ে ছাই জড়ো-করতে লাগলাম!

ဳ আর একটা মালসা চাই এখন। এগুলো তুলে রাখতে হবে তো। বুড়ীর আহে লাগবে। আমার ডাল থাকত যে মালসায় সেটা খালি করে এনে ভাভে ছাই ভূলতে বসলাম। নেকড়া খুলে ভালা মালসা বাদ দিয়ে বাকি ছাই ভূলতে গিয়ে হাতে অনেক কিছু ঠেকতে লাগল। একে একে সব আলাদা করে ফেললাম। ছটো সোনার আংটি আর টাকা আখুলি সিকি দোয়ানিতে নগদ একশ সতের টাকা কয়েক আনা গোনা হল। সোনার আংটি ছটো জলে খুয়ে আলোর সামনে এনে চমকে উঠলাম। একটায় একথানি ছোট পোবরাজ বসানো, আর একটা. আংটি হাল ফ্যাশনের। ওপরে এক ইঞ্চি লম্বা আধ ইঞ্চি চওচা সোনার পাত। তাতে লালে সব্জে মিনা করা রয়েছে—বছব্রীছি। আংটিটা হাতে করে ইঁ৷ করে চেয়ে রইলাম সেই নামের দিকে। ঠিক এই আংটিই আমি দেপেছি বছব্রীহির হাতে। এতবড় জলজলে আংটি কিছুতেই কারও নজর এড়াতে পারে না। যাতে সকলেই নামটি পড়তে পারে সেই উদ্দেশ্যেই এ জাতের আংটি হাতে দেয় লোকে। বছব্রীহি প্রথম যে দিন হাত দেখাতে আলে সেদিন এই আংটিই আমি দেপেছিলাম তার হাতে। কিছ কি করে এল এ আংটি বুড়ীর থুথু ফেলার ছাইয়ের ভেতর।

কাল বুড়ী এলে হয়। তখন চেপে ধরব তাকে। কি করে পেলে সে এই আংটি ? বলতেই হবে আমায়। নয়ত সোজা থানায় নিয়ে যাব বুড়ীকে। চালাকি পেয়েছে!

রাত্রে ভাল ঘুম হ'ল না।

পরদিন সকাল আটটার সময় হাঁস-ফাঁস করতে করতে যিনি উপ**দ্বিত হলেন** তিনি হচ্ছেন বছব্রীহির সাড়ে তিন মন ওজনের পরিবার।

খাতির করে বসাতে গেলাম, তিনি রক্তবর্ণ চোথ পাকিয়ে বা**জবাই গলাছ** জিজ্ঞাসা করলেন, "বছবীহি কোথায় ?"

আকাশ থেকে পড়লাম, "কোথার তা' আমি জানবো কেমন করে !''
তাঁর গলা আরও চড়ল, "জান তুমি, নিস্কুরই জাল তার খবর। বন্ধ-শিগ্ নিয়কোথার দে। নরত এখনই আমি পারাক্ষ বাব !"

মিনিট খানেক একদৃষ্টে চেয়ে রইলাম তাঁর মুখের দিকে। তারপর চাদরখানা টেনে নিলাম দড়ির ওপর থেকে। বললাম, "সেই তালো, চলুন আমিও যাচ্ছি খানায়। আমারও দরকার আছে সেখানে।"

তিনি একটু মুনড়ে পড়লেন। একটু খাটো গলায় জিজ্ঞাদা করলেন, "কি দরকার?"

"তা' ভবে আপনার লাভ কি ? চলুন থানায়, সেইখানেই বলব সব—যা' জানি আমি।''

তিনি দরজা জুড়ে ধপ করে বদে পড়লেন মেনের উপর। তারপর হাউমাউ করে কায়া। "আপনার ছ'টি পায়ে পড়ি—বলুন আমায় যা' জানেন তার
সম্বন্ধে। তার নিশ্চয়ই কোন বিপদ হয়েছে। অতগুলো টাকা নিয়ে নিরুদ্দেশ
হয়েছে। নিশ্চয়ই একটা কাণ্ড বাধিয়েছে এতক্ষণে। কেন আমি নরতে
ছোঁড়াকে নিয়ে এই অলুক্ষণে কাশীতে এলাম গো—কেন নরতে এলাম এখানে
ভানপিটে গোঁয়ারটাকে নিয়ে।"

তিনি কপাল চাপড়াতে লাগলেন।

হঠাৎ আমার চোখের ওপর থেকে একথানা পর্দ। উঠে গেল। খপ করে জিঞ্চাসা করে ফেললাম, "বছত্রীহি কে হয় আপনার ?"

"ছাই হয়, মাথা হয়, আমার পিণ্ডি চটকাবার যম হয়। কুক্ষণে দেখা ছয়েছিল পোড়ারমুখোর সঙ্গে। আজ ছ'-বছর আমার হাড়-মাস পুড়িয়ে থাক্ করছে। ওর মামা ছিল আমার বাবু। ওই ছোঁড়া আমার মাথা গুলিয়ে দিলে। সেই রাজার মত বাবুকে তাড়িয়ে ওর পেছনে আমি মুঠো মুঠো টাকা উড়িয়ে আজ সর্বস্থ ইয়েছি। এখন ভালয় ভালয় ওকে কলকাতায় ফিরিয়ে নিয়ে যেতে পারলে বাঁচি। এখানে একটা বিপদ যদি ঘটায় তাহলে ওর মামা আমায় খুন করাবে লোক লাগিয়ে। ওই ভাগনের জয়ে তারা সব করতে পারে। মামায়াই তো আদর দিয়ে থেয়েছে ওর মাথাটা। এবার ও আমার বাখাটা চিবিয়ে থাছে। এখন আমি করি কি ?"

916262

মহিলার মেজাজ ঠাণ্ডা করে আগাগোড়া সব বললাম আমি যা' জানি। সব শুনে তিনি দীর্ঘাস ফেলে বললেন, "আপনাকে অনেক কটু কথা বলেছি বাবা, আপনি কি করে জানবেন তার গুণ। সেদিন ওই ছোঁড়াই গিয়েছিল বুজীর সঙ্গে নতুন জিনিসের খোঁজে। তারপর সব কেড়ে নিয়ে ওরা তাকে তাড়িয়েছিল। বোধ হয় ঐ আংটিটা বুজীকে ঘুষ দিয়ে সে পালাতে পেরেছিল। নাত সেদিন আরও উত্তম-মধ্যন ছিল ছোঁড়ার কপালে। আপনার সঙ্গে বাড়িগেল। আমিও খুব গালমন্দ করলুম। ওমা, তার পরদিনই গা ঢাকা দিলে হাজার দেডেক টাকা সঙ্গে নিয়ে। এই ক'দিনে লোকজন জ্টিয়ে ধরে নিয়ে গেছে সেই ছুঁড়াকৈ যে তার নাকালের জন্তে দায়ী। ও হ'ল বিষকেউটের তাগনে। রোথ চাপলে ওর হাত থেকে নিস্তার নেই। সে ছুঁড়ীর কপালে অশেষ খোহার আছে, এই বলে দিলুম।"

ত্ব'জনে বলে অনেক প্রামর্শ করা গেল। কোনও দিকেই কোনও কিনারা দেখতে পাওয়া গেল না। এই কাশীস্থানে হাজার হাজার ওঙা বদমাইদের আড্ডায় কোথায় কি করে বেডাচ্ছে বছব্রীহি, কে তার শহ্মান দেবে!

শেষে ঠিক হল, ইনি চলে যানেন কলকাতায়। এথানৈ থেকে কি লাভ ? যদি পুলিশ হাঙ্গামা নাধে তথন বাঁচানে কে ? তিনি আমায় ঠিকারা দিরে গেলেন—পরীবালা বাড়িউলি, ছ্'শ সাতান্ত্র-এ গরানহাটা ট্রাট। বার বার মাথার দিন্যি দিয়ে বলে গেলেন যদি কোনও খোঁজ-প্রর পাই বহুব্রীহির, তবে যেন তৎক্ষণাৎ তার করি তাঁকে। তারের থরচা আর প্রণামী মিলে কয়েকথানা দশ টাকার নোট রেখে গেলেন পায়ের কাছে।

দিন সাতেক পরে বাঙালীটোলার ভেতর মাথা নেড়া সম্পূর্ণ উলল একটি যুবতী মেরেকে খুরে বেড়াতে দেখা গেল। তার ছই গালে আর শরীরের অঞ্চলব জারগার বড় বড় কোঝা। কেউই চিনতে পারলে না মেরেটিকে। কেউ এগিরে এসে তাকে নিজের লোক বলে দাবী করলে না।

বুড়ীও আর এল না তার ছাইয়ের মালসা নিতে।

মাস চারেক পরে আংটি ছটে। বেচে যা' পেলাম আর তখনও যা' কিছু নগদ ছিল সব নিয়ে দেরাছন এক্সপ্রেসে চেপে বসলাম। এবার কেদারবদরী সেরে আসি। বাবা কেদারনাথ আর প্রভু বদরীনারায়ণের দয়ায় যাওয়া-আসার খরচটা বিনা চেষ্টায় হাতে এসে গেছে। কিছুতে এ স্লযোগ ছাড়া কাজের কথা নয়।

গঙ্গোন্তরীর ছাপান্ন মাইল নীচে উত্তরকাশী। বাঙলার ছেলে ভোলানাথ কালী প্রতিষ্ঠা করেছেন। দীর্ঘকাল তপস্থা করেছিলেন এখানে তিনি। ছুনিয়ার সঙ্গে সম্পর্ক চুকিয়ে দিয়ে কয়েকজন সাধু সন্মানী বছরের পর বছর বাদ করছেন উত্তরকাশীতে। গুহা আছে, কাঠের কুঠরী আছে তাঁদের বাদের জন্তে। আর আছে ছত্র। ছত্র পেকে দিনে একবার কয়েকখানি রুটি দেওয়া হয় সাধুদের। ভাত্র মাদ পেকে প্রায়ই বরফ পড়া গুরু হয়। পোষ-মাঘ মাদে কাক চিলও পাকে না উত্তরকাশীর আকাশে। গুধু জেগে থাকেন গঙ্গা আর ছিমালয়। তা' ছাড়া বাতাস পর্যন্ত ঘুমিয়ে পড়ে।

সেই উত্তরকাশীতে গিয়ে পৌছলাম অক্ষয় তৃতীয়ার আগের দিন। বাসনা ছিল ক্ষেকদিন বাস করব। কিন্তু কলেরা বাধ সাধলে সে আশায়। গিয়েই জানা গেল উত্তরকাশী এলাকায় কলেরা লেগে গেছে।

স্তরাং গঙ্গোন্তরীর যাত্রীদের পত্রপাঠ বিদেয় করা হচ্ছে কলেরার টিকা সুঁড়ে দিয়ে।

এগিয়ে চলাম সামনে। একদিন পরে যে চটিতে গিয়ে পৌঁছালাম সেখানে ঘরে ঘরে কলেরা। খাওয়ার তো কিছু জুটলই না। এমন কি, সে রাতটা মাথা শোঁজবার আশ্রয়ও দিতে চাইলে না কেউ। কি আর করা যায়। রান্তার ধারে একধানা পাধরের ওপর ধোলা আকাশের তলায় কম্বল পাতলাম।

সন্ধ্যা হয়ে আসছে। বসে বসে ভাবছি, কিছু কাঠ পেলেও হ'ত। আওন. আলিয়ে রাভ কাটাভাষ বে করে হোক। নয়ত জমে যেতে হবে যে ঠাণ্ডায়। আমাদের দলে ছিল তিনজন লেংটি সম্বল কানফাটা নাথ সম্প্রদারের সাধু। ভারা চলুলেন কাঠ যোগাড় করতে।

খানিক পরে তাঁদের সঙ্গে এসে উপস্থিত এক দণ্ডীস্বামী। নাথ সম্প্রদায়ের বাবাজীরা বললেন যে, দণ্ডীস্বামী মহারাজ মৌনীবাবা। তাঁকে প!ওয়া গেল পাহাডী বস্তিতে। আমাদের অসহায় অবস্থা শুনে নিজে এসেছেন ব্যবস্থা করতে। কাঠ চাল আটা সব আস্টে এবার।

পাহাডী বস্তিতে দণ্ডীমহারাজ কলেরার সেবা চালাচ্ছেন একলা। এথানকার লোকে তাঁকে দেবতার মত মানে।

মৃত্তিত মন্তক নেহাৎ অল্পন্যসী দত্তীমহারাজের দরায় সে রাত্রে আমরা রক্ষা পেলাম। কাঠ এল. বড় বড় ধুনি জ্বালা হ'ল কয়েকটা। একটা ধুনির পাশে তিনি মুগচর্মের ওপর শির্দাটো সোজা করে বসে রইলেন সারা রাত।

অনেক রাতে ঘুম ভেঙ্গে গেল আমার। হঠাৎ নজর পড়ল দুরে বসা দৃঙী মহারাজের দিকে। চোখ বুঁজে দ্বির হয়ে বসে আছেন। খাস-প্রখাস চলছে কি না তাও বোঝা যায় না। আগুনের আলো পড়েছে মুখের ওপর। একটি পরম নিশ্চিস্থার ভাব স্পঠ ফুটে উঠেছে মুখে।

নেখতে নেখতে কেমন ধাঁধা লেগে গেল। কে এ! ঐ মুখ তে। আমার বেশ চেনামনে হচ্ছে। কে ইনি ? কোথায় দেখেছি একে ?

আবার ঘুমিরে পড়লাম।

খুব ভোরে ঘুম ভাঙ্গার সঙ্গে সঙ্গে লাফিয়ে উঠলাম। চিনেছি তো দণ্ডী মহারাজকে। কিন্তু কৈ, কোপায় গেলেন তিনি ?

ছুটলাম দূরের পাহাড়ী বস্তিতে।

তাঁকে নেখতে পেলাম। একটি কলের। রোগীর ময়লা পরিষার করছেন স্থ'হাতে।

তিনিও আমার দেখতে পেলেন। খুশির ঝলক ফুটে উঠল তাঁর ছই চোখে। প্রথমে হাত জ্বোড় করলেন। তারপর হাত নেড়ে ইশারা করলেন চলে যেতে। তারপর নিজেই চলে গেলেন সেখান থেকে আর এক ঘরে আর এক রোগীর পাশে।

আমিও ঘুরতে লাগলাম মুখ বুঁজে তাঁর সঙ্গে। মায়ের মত সেবা করছেন রোগীদের। নিজের হাতে সব পরিষ্কার করছেন। গায়ে হাত বুলিয়ে দিচ্ছেন। আর করবেনই বা কি ? ওয়ুধও নেই, পথ্যও নেই।

দণ্ডীস্বামী আবার হাত জোড় করে ইশারা করলেন ফিরে যেতে। মাথা নত করে প্রণাম করে ফিরেই এলাম। আমার যে তীর্থ করা শেষ হয়নি তখনও।

তারপর যথা সময়ে কাশীতে ফিরে এসেছি উন্তরাখণ্ডের চারধাম দর্শন করে। গরানহাটার বাড়িউলির অনেক চিঠি এসে জমে আছে। একথানারও উন্তর দিইনি। অবশ্য লিখতে পারতাম, উন্তরকাশীতে এক দণ্ডীম্বামীকে দেখেছিলাম। বাঁকে দেখতে হ্বছ বছব্রীছির মত। এবং তিনিও আমায় চিনেছিলেন। কিন্ত কি লাভ হবে সে কথা জানিয়ে গরানহাটায়। উন্তরকাশীতে তো তখন শুধুবরফ পড়ছে। যাবে কে সেখানে ?

कां क व क्या

त्ना इति ताङ्ग ।

লালগোলা ঘাটের গাডি আসছে এবার। ত্ব'দিকের লাইন ক্লিয়ার দেওরা হয়েছে। এ গাডিখানা বেলঘড়িয়ায় থামে না। প্ল্যাটফরমের ওপর ভিড় নেই। একজন ভদ্রমহিলা বসে আছেন একখানা বেঞ্চিতে।

অনেককণ তিনি বাস আছেন। বারটা-পঁয়তালিশে যে ট্রেনখানা কলকাতা থেকে এসেছে, সেই গাড়ি থেকে নেমে প্রাটফরম থেকে বেরিয়েনা গিছে কোনও রকমে নিজেব নেইখানি টেনে এনে একখানা বেঞ্চিতে বাসে পড়েছেন। সেই পেকে একভাবে বাসে আছেন ঘাড ইেই করে নিজের জ্তোর ভগায় লক্ষ্য রেখে।

এঁর বেশ বাস লারিছোর পরিচয় দেয় না—য়্রুচি ও ভদ্রমনের পরিচয় দেয়। চোথ ধাধানে। রঙের জলুম নেই তাঁর রূপে—কিন্তু লাবণ্য শ্রী মথেষ্ট আছে। এতটুকু বাড়াবাড়ি নেই, পরের দৃষ্টি আকর্ষণ করবার গরজ্ব নেই। নেহাতই ভদু গৃহস্থ ঘরের একটি ভাল মাসুম বউ। কাজেই কেউ ডেকে কোনও কথা জিজ্ঞাসা করেনি তাঁকে। প্ল্যাটফরমের কনেষ্টবল, রেলের লোকেরা, পানওয়ালা সকলেই লক্ষ্য করেছে, কিন্তু কথা বলেনি।

দূরে দেখা গেল ট্রেনখানা।

এতকণ পরে একটি দীর্ঘ নিংশাস ফেলে তদ্রমহিলা মুখ তুললেন। কিছুকণ চেয়ে রইলেন সেই দিকে যে দিক পেকে গাড়ি আসছে। তারপর বেশ চেষ্টা করে থাড়া করলেন নিজেকে। ছু'পা এগিয়ে গেলেন সামনের দিকে। কে একজন বললে, এ গাড়ি থামবে না এখানে। তুনে তাঁর কপাল কুঁচকে উঠল। কি আপদ—এখানা আবার থামবে না এখানে। ছু'পা পিছিয়ে এফে ফের বসে পডলেন বেঞ্চির ওপর।

কাছে এসে পড়েছে গাড়ি। একটানা কানফাটা চীংকার করছে ইঞ্জিনের বাঁশী। হঠাং আবার উঠে দাঁড়ালেন মহিলাটি। দপ করে আলো জলে উঠল তাঁর ছ্ই চোখে। তীত্র দৃষ্টিতে চেয়ে রইলেন ইঞ্জিনটার দিকে। হ–হ করে ছুটে আগছে বেশ ছ্লতে ছ্লতে। অভ্যমনস্ক হয়ে উঠে দাঁড়ালেন বেঞ্চি ছেড়ে—ছ'পা এগিয়ে গেলেন সামনে।

পূর্ণ বেগে প্ল্যাটকরমে চুকল টেনখানা। প্ল্যাটকরমের ওপল্ল যারা ছিল তারা চেয়ে আছে গাড়ির দিকে। চক্ষের নিমেষে প্ল্যাটকরম ছেড়ে বেরিয়ে গোড়।

সামনেই লাইনের ওপর পড়ে রইল রক্ত মাথা কয়েক খণ্ড মাংস। কছুই পর্যন্ত ছু'খানি হাত ছিটকে পড়েছে ও পাশের লাইনের ওপর। হাত ছু'খানিতে রয়েছে সোনার চুড়ি, কন্ধন, সোনা বাঁধানো শাঁখা। গোটা ছুই আংটিও রয়েছে এক হাতের আঙ্গুলে। মুখ মাথার ওপর দিয়ে বোধ হয় চলে গেছে চাকা। বাদ বাকি সবই এমন বিশ্রী ভাবে তালগোল পাকিয়ে গেছে যে রক্তমাখা কয়েকটা মাংসের ডেলা ভিন্ন আর কিছুই বোঝবার উপার নেই।

কলকাতা থেকে সেই ট্রেনেই ফিরছে প্রশান্ত চৌধুরী। প্রথম শ্রেণীতে নরম গদির ওপর শরীরটা এলিয়ে দিমেছে দে। ঠোঁটে টেট এক্সপ্রেস গোঁজা। আলস্থ বশতঃ ধরানো হয়নি তখনও। এ ধারে যিনি বসেছিলেন, তাঁর নজর ছিল বাইরে। বলে উঠলেন, "মাই গড়, কে একজন আত্মহত্যা করলে!"

. নিস্পৃহ কর্প্তে টিপ্পনী কাটলে প্রশাস্ত, "যত সব নোংরা ব্যাপার! হামেশা এই রকম হচ্ছে আজকাল। ট্রেনের তলায় লাফিয়ে পড়া একটা ফ্যাশনে দাঁড়িয়ে গেছে। আগে থেকে জানতে পারলে ওদের ধরে চাবকে লাল করে দেওয়া উচিত।" উঠে বদে সিগারেট ধরালে প্রশাস্ত ।

এরপর আলোচনা আরম্ভ ছোল মন:সমীকণ, ছংখবাদ ইত্যাদি মানস বিজ্ঞান নিয়ে। শেবে যা' হয়ে থাকে তাই ছোল, আলোচনা গড়াল সেল পর্যন্ত। ব্যারাকপুরে এসে দাঁড়াল গাড়ি। প্রশান্ত সহযাত্রীকে মাথা হেলিরে, "আচ্ছা আবার দেখা হবে" বলে নেমে গেল তার মূল্যবান হোট বিফকেশটি বগলে চেপে।

ব্যারাকপুরের বিখ্যাত সোছিনী-বিতানের সভ্য সভ্যারা কোথায় ফাংশন করতে যাচ্ছিলেন। লালগোলা ছেড়ে দিয়ে সবাই ঘিরে দাঁভাল প্রশান্তকে। এক সঙ্গে এক রাশ প্রশ্ন ছিটকে পড়তে লাগল তার মুখের ওপর।

"কি হোল প্রশাস্থন। ? বড়ে গোলাম আলি সাহেবকে পাওয়া যাবে তো ? ববিশহর করে পৌছরেন কলকাতায় ? শচীন কর্তা কি উত্তর দিলেন আপনাকে ? মুলা খাঁ এলে গেছেন না কি ? ভূপালী দেবী কত দক্ষিণা চাইলেন ? টাকার ব্যবস্থা কতদূর করতে পারলেন ?"

প্রশান্ত সকলের মুখের দিকে চেয়ে দেখলে হাসি মুখে। বললে, "হবে হবে। সবই হয়ে যাবে শেষ পর্যন্ত। এত আগে পেকেই ভাবছ কেন তোমরা।"

সোহিনী-বিভানের সম্পাদিকা সাহানা দেবী এগিয়ে এ**লেন সামনে।** বিনা ভনিতায় হাত পাতলেন।

"মনে হচ্ছে আজ বেশ কিছু আছে প্রশান্তদার পকেটে। অনেক দিন কিছু হয়নি, আজ হয়ে যাক। আমরা ফাংশনে যাচ্ছি, যাত্রাটা শুভ হোক।"

আর একনার প্রশাস্ত সকলের মুখের দিকে চেয়ে দেখলে। দেখলে সকলে রুদ্ধানে চেয়ে আছে তার দিকে। তারপর ছো-ছো করে হেসে উঠল। বললে, ''সেই ভাল কথা। যাত্রা তোমাদের শুভ ছোক। সোহিনী-বিভানের জয় হোক।" বলতে বলতে ডান দিকে একটু হেলে প্যাণ্টের বাঁ পকেটে হাত চালিয়ে এক তাড়া নোট বার করলে। পাঁচখানা নোট নিয়ে বাকিগুলো আবার গুঁজলে পকেটে। তারপর নোট ক'খানা বাড়িয়ে ধরলে ওদের দিকে।

সকলে হৈ হৈ করে উঠল। সাহানা দেবী ধরলেন নোট ক'খানা। প্রশাস্ত এগুলো সামনে। তটস্থ হয়ে পথ ছেড়ে দিলে সকলে। লম্বা পা ফেলে প্রশাস্ত বের্রিয়ে এল ষ্টেশন থেকে মুখে চোখে সকৌতুক হাসি নিয়ে। রিক্সাওয়ালা ছুটে এল। যার গাড়িতে পা দেবে প্রশান্ত নগদ এক টাক† পাবে দে।

গলার ধারে ছোট্ট একটি বাঙলোতে থাকে চৌধুরী সাহেব। সমস্ত রিক্সা-ওয়ালা চেনে তার ছবির মত বাঙলোথানি। আসতে যেতে একটাকা করে পায়। টাকাটা দিয়ে কথনও পিছন ফিরে তাকায় না সাছেব। গাড়ি সে করেনি। কেউ সেকথা তুললে বলে, "খামকা পয়সা খরচ করে হালামা কেনা আরে লোকের চকুশ্ল হওয়া। বেশ আছি যতদিন আমার রিক্সাওয়ালারা আছে। ওরা যথন থাকবে না তখন ছ'খানা পা আছে।"

উষা কিন্তু গজগজ করে।

"গাড়ি বাড়ি সবই তোমার কাছে হাঙ্গামা। মাসে মাসে শুচ্ছের করে টাকা নিচ্ছে বাড়িওয়ালা। ট্যাক্সি আর রিক্সা থাচেছ যে টাকা তাতে তিনগানা গাড়ি রাথা যায়। সবই যদি হাঙ্গামা, তাহলে আমার মত একটা জ্যান্ত হাঙ্গামায় কেন জ্ঞাতে গেলে নিজেকে।"

কেন ।

এক এক সময় নিজেই আশ্চর্য হয়ে ভাবে প্রশান্ত। মনের মৃত একটা জ্তুসই জবাব আজও খুঁজে পায়নি সে। নেশা, তার জীবনের একমাত্র নেশা হচ্ছে উষা। স্থপ্নের জাল বোনে সে উষাকে ঘিরে। সমুদ্রের তীরে পাহাডের চূড়ায় একখানি ছোট সাদা রঙের বাড়ি। নাম উষসী। সেদিন প্রশান্তর জীবনের ঝড় ঝঞ্জা কিছু থাকবে না। কুল পেয়েছে সে তখন। উষাকে আঁকড়ে ধরে কুলে উঠতে পেরেছে শেষ পর্যন্ত। সেই পাহাডের চূড়ায় উষাকে পাশে নিয়ে বসে নিশ্চিন্ত হয়ে দেখবে পায়ের তলায় সমুদ্রের নিশ্চল আশ্চালন। ক্ষুক আজোশে বার বার আছড়ে পড়ছে সমুদ্র। মাথা খুঁড়ে মরছে প্রশান্তর নাগাল পাওয়ার জন্তে। প্রশান্ত সে দিন স্বাইয়ের ধরাঃ ছোঁয়ার বাইরে পৌছে গেছে।

সেই কথাই অনেকবার বৃঝিয়েছে উবাকে।

"আর কিছুটা দিন সবুর কর। রাশিকত টাকা ছড়িয়ে রয়েছে। একবার সব গুছিয়ে তুলেনি তারপর চলে যাব বোম্বাই। এখানে ব্যবসা করা পোষাবে না। ই্যাচডার হদ্দ সব ব্যাটা। টাকা আদায় করতে যে কি হজ্জত-হালামা পোয়াতে হয়। মাহুষে কারবার করতে পারে এখানে।"

সেই আশাতেই আছে উষা। বোষাই না গেলে যে তাদের বাড়ি গাড়ি কিছুই হবে না এ ধারণা তার মনেও শিকড় গেড়েছে। কিছু যাব বললেই তো আর যাওয়া হযে ওঠে না সর্বস্ব ছেড়ে দিয়ে। এত টাকা ছড়িয়ে রয়েছে চারিলিকে, গুটিয়ে নিতে সময় লাগবৈ তো।

अंग्रिश मिलक् भव श्रमाञ्च होधुती।

আজকলে প্রায়ই পাঁচ সাতশ হাজার দেও হাজার নিয়ে ফিরছে। ব্যাছে রাগে না টাকা। গভরেজের একটা শব্দ ক্যাশ বাল্প কিনে দিয়েছে উবাকে। তাতেই উন: গুণে গুছিয়ে তুলে রাপে টাকা। ব্যাহে টাকা রাখা মানে লোককে জানানো—কত টাকা আছে। কি দরকার পাঁচকান করে। তেড়ে আহ্নক ইনকানট্যারাওয়ালারা।

মানে মানে জিজ্ঞাসা করে উদা, "আর কত টাকা পড়ে আছে বাজারে ?"
হাসে প্রশান্ত। রহস্তমর হাসি হাসে। বলে, "অকুরন্তু, অভেল, শ্রীদার,
কৈ তার হিসেব রাখে।"

কথা তনে গা জলে যায় উদার। এমন গামখেয়ালী লোক আছে ।

অভিত্বনে ! পাঁচ বছর ব্যবসা করছে। আনছে—আময়দা পরচ হয়ে যাছে।

হিসেবও রাখে না কত টাকা আছে লোকের কাছে।

উবাই প্রশান্তকে নামিরেছিল ব্যবসায়। চাকরি করছিল তথন প্রশান্ত দিল্লীতে। কলকাতায় নেরেদের হোষ্টেলে থাকত উনা, কলেছে চুকেছিল বি-এ পড়বার জন্তে। এ চাড়া উপায়ও ছিল না অন্ত কিছু। যুদ্ধ চলছে তথন। সেই ডামাডোলের বাজারেও বউ নিয়ে দিল্লীতে থাকবার স্থান হয়ত জুটত। কিন্ত চারশ' টাকা মাইনেতে বাড়ি ভাড়া আর থাওয়া কুলিয়ে উঠত না। ন'



মাদে ছ' মাদে ছ'দিনের জন্ম চলে আসত প্রশাস্ত কলকাতায়। বউকে হোষ্টেল থেকে নিয়ে এগে উঠত হোটেলে। নাকের জলে চোখের জলে কোথা দিয়ে পালিয়ে যেত ছটো দিন। তারপর হাওড়ায় প্রশাস্তকে গাড়িতে উঠিয়ে দিয়ে কোলা চোখমুখ নিয়ে ফিরে আসত উনা হোষ্টেলে। অসম্ভ হয়ে উঠল উষার। ধরে বসল প্রশাস্তকে, চাকরি ছেড়ে ব্যবসায় নামতে হবে। কত লোক লাল হয়ে গেল ঠিকাদারী করে! চারশ' টাকার মাইনের মুখে মার ইয়ে।

শেষ পর্যন্ত ইয়েই মারা হল চাকরির মাথায়। উমার গায়ের গয়না ক'থানা বেচে নামল প্রশান্ত ঠিকাদারী করতে। ছ'মাসের ভিতর ফ্ল্যাট ভাড়া করলে কলকাতায়। বি-এ পড়ার মাথায়ও ইয়ে মেরে উষা এসে উঠল সেই ফ্ল্যাটে গিল্পী হয়ে। হগ মার্কেটে মার্কেটিং করে, সাহেব পাড়ায় সিনেমা দেখে, বান্ধবীদের চা খাইয়ে স্বপ্প সার্থক হয়ে উঠল উষার। কিন্ত স্বপ্প দেখার তো সীমা নেই কোথাও। কাজেই তারপর আরম্ভ হ'ল লাল হয়ে ওঠবার স্বপ্প দেখা। কিন্তু যুদ্ধ গেল থেমে।

অথচ স্বপ্ন দেখাটা থামল না কিছুতেই। তারপর ওরা চলে এল ব্যারাকপুরে।

গঙ্গার ধারে ছোট্ট বাগান ঘেরা বাঙলোখানি। গেটে পেতলের প্লেট সাগানো হ'ল—চৌধুরী এণ্ড কোং, কনট্টাক্টর এণ্ড জেনারেল অর্ডার সাপ্লায়ার।

মিন্তার এণ্ড মিসেস চৌধুরী সার্বজনীন পূজায়, সাংস্কৃতিক অস্কুটানে দশ বিশ পঞ্চাশ একশ' দিতে লাগলেন অকুষ্ঠ চিত্তে। কলকাতা হচ্ছে মাস্ক্রের জঙ্গল। সেখানে কেউ কারো চোখে পড়ে না সহজে। কিন্তু ব্যারাকপুর এ বিষয়ে পিছিয়ে আছে অনেকটা। সহজেই সকলের নজরে পড়ে এই হাসিধূশি স্বামী-স্ত্রীর দিকে। ডাক পড়তে লাগল সব ব্যাপারে। কিন্তু ওরা জানত সম্ভান্ততা বজায় রাখতে হলে অতি অমায়িকভাবে ঘনিঠতা এড়িয়ে চলা চাই। দুরছ বজায় রেখে চলার আটটা ভাল করে রপ্ত থাকা দরকার যদি মর্যাদা বজায় রাখবার বাসনা থাকে। বিশেষতঃ ছ'দিন পরে যারা লাল হয়ে উঠতে

চলেছে, তাদের এখন থেকেই হলদে পাঁতটে বেগুনী নীল রঙগুলো এড়িয়ে চলা একান্ত প্রয়োজন।

কারও সঙ্গে ঘনিষ্ঠতা করবার প্রবৃত্তিও নেই ওদের। আপনার লোকের সঙ্গে আত্মীয়তা করতে গিয়ে যে দগদগে ঘা খানা নিয়ে এসেছে তা' আর জীবনে গুকাবে না কোনও দিন। গভীর রাত্রে ছ'মাদের ছেলেটাকে বুকে নিয়ে একলা ঋশানে গিয়েছিল প্রশাস্ত। একলা বাড়িতে মুগ থুবড়ে পড়ে ছিল উলা। পাডাপড়শী আন্নীয়স্বজন নিক্লেদের দব**জায় থিল এঁটে বনে** রইল। কেউ এসে বউটাকে হাত ধরে তুলে বসায়নি। পরদিন শ্মশান থেকে ফিরে এসে উয়াকে তোলে প্রশাস্ত। বাপ পিতামছের ভিটেতে সকলের অবহেলা অত্যাচার গ্রাহ্ম না করে মুখ বুজে পড়েছিল এক বছর। হাসি মুখে সমস্ত সহ্য করেছিল উষা। না করেই বা উপায় কি তথন—দাঁচাবে কোথায় 🕈 উষার বাবা নাম করা প্রফেসর। তিনি সোজা বার করে দি**লেন মেছেকে** বাজি থেকে। অবশ্য বাপের কথায় রাজী হলে তাকে বাভি থেকে বেঞ্ছতে হ'ত না। তিনি চেয়ে ছিলেন মেয়ে কাশী চলে যাক। গর্<mark>ভে যেটা এসেছে</mark> সেটা নষ্ট করে ফিরে আহ্মক। তথন শান্তিতে বিয়ে থা দেবেন মেয়ের। উবা বসল বেঁকে। প্রশান্তকে জানালে সব কথা। প্রশান্ত তার **চও**ড়া **বুক্খানা** ए थिए विकास कार्या कार স্থরমা এক্সপ্রেসে চেপে বদবে। দেখেছ আমার বুকের ছাতি! এখানে স্থান তোমার আর তোমার ছেলের। অন্ত কোপাও নয়। তাই করেছিল উষা। তার ফলে বাপ মা রটালেন—মেয়ে যমের বাড়ি গেছে।

যমের বাড়ি নয়—উষা প্রশান্তর হাত ধরে এসে উঠল তার খণ্ডরের তিটেতে। খণ্ডর খাণ্ডড়ী বেঁচে থাকলে নিশ্চরই ফেলে দিতেন না তাকে কায়ন্তের মেয়ে বলে। তাকে ফেলতে হলে যে তার পেটে উাদের যে নাতি রয়েছে, তাকেও কেলে দিতে হ'ত। এ তাঁরা কিছুতেই পারতেন না। প্রশান্তর বাপ মা অমন হতেই পারতেন না।

বাড়ি বাগান পুকুর ধানজমি বাপ পিতামহের এতবড় সম্পত্তি ছেড়েই বা দেবে কেন প্রশান্ত। রাজীবলোচন চৌধুরীর একমাত্র ছেলে সে। আড়াই বছর বয়সে তার মা মারা যান। বড় ত্বংখে মাতৃহীন শিশুটিকে মাসুষ করেছিলেন চৌধুরী মশায়। দিলেটে ম্যার্টিক পাশ করে কলকাতায় পড়তে এল প্রশাস্ত। বাজীবলোচন পড়ে রইলেন দেশে। বুক দিয়ে সব রক্ষা করতে লাগলেন ছেলের জন্মে। এম-এ পাশ করে ফিরে এসে ছেলে বসবে বাড়িতে। কখন কারও দরজায় চাকরির জন্মে যেতে হবে না ছেলেকে সে ব্যবস্থা করেছিলেন চৌধুরী মশায়। ছেলে এসে বাডিতে বসলে তিনি বেরুবেন তীর্থ করতে। শেই সঙ্গে খুঁজে আনবেন তাঁর বউমাকে। এইসব সঙ্কল্ল ছিল তাঁর মনে। কিন্তু ডাক এদে গেল হঠাও। কুড়ি বাইশ বছর আগে যে স্ত্রী রওনা হয়ে গেছেন তাঁকে ধরবার জন্মে তিনিও রওনা হলেন একদিনের জরে। দেশে গিয়ে শ্রাদ্ধ শান্তি করে কাকা খুড়োদের হাতে সম্পত্তি সঁপে দিয়ে ফিরে এল প্রশান্ত কলকাতায়। তাঁরা স্বর্গ পেলেন হাতে। রাজীবলোচন বেঁচে থাকতে একটি কাণাকড়িও ছুঁতে দেননি কাউকে। এইবার স্থােগ দিলেন ভগবান। বোকা ছেলেটাকে মাদে মাদে একণ' দেড়শ' টাকা পাঠিয়ে বাকি সমস্ত লুটে পুটে খেতে লাগলেন তাঁরা।

কিন্তু ওঁদের সে প্রথে বাদ সাধলে উষা। আচম্বিতে একদিন উষাকে
নিয়ে উঠল প্রশান্ত বাড়িতে। সঙ্গে সকলের ছু'টি চক্ষের শূল হয়ে
উঠল মেয়েটি। তারপর যথন কিছুই না লুকিয়ে ছাপিয়ে সকলের সামনে
প্রশান্ত নিজ মুখে কবুল করলে যে উষা কায়স্থ কঞা, তার বাপ মায়ের অমতে
সে উষাকে বিয়ে করে এনেছে, তথন ঘুতাছতি পড়ল আগুনে। একটি লোকও
তার চৌকাঠ মাড়ালে না আর। যে দূর সম্পর্কের বিধবা পিসিটি ত্রিশ বছরের
বেশী কাটিয়েছেন প্রশান্তদের সংসারে—তিনিও কাদতে কাদতে বেরিয়ে
রেগলেন।

'ওরে রাজু ভাইরে—কি সর্বনাশ করলে তোর ছেলে একবার দেখে এস

ভাই! বাপ চোদ্দ পুরুষের নাম ডুবিয়ে বংশের মুখে কালি লেপে কার মেয়ে এনে ঘরে তুললে দেখ একবার!"

তথন কতই বা বয়স ছিল উষার। কুড়িতেও পৌছোয়নি বোধ হয়।
প্রশান্ত তাকে নিজের চওড়া বুকের ওপর জাপটে ধরে কালা থামিয়েছিল
সেনিন। বলেছিল, "কানছ কেন তুমি! তোনার কি বিশাস—সত্যিই বংশের
মুখে কালি লেপে নোব আমি তোমাকে ফেলে দিয়ে। এই বংশের বউ তুমি,
এই বংশের ছেলে তোমার পেটে। চৌধুরীদের ভিটের ওপর দাঁড়িয়ে আছে।
যা' রেখে গেছেন আমার বাবা—তাতে তাঁর ছেলের বউকে কোনও দিন কারও
কাছে হাত পাততে হবে না। আর আমিও এখনই মরছি না। তবে তুমি
কালছ কেন মিছামিছি ৮"

অনেক পরে চোথের জল শুকিয়েছিল সেদিন উষার। তারপর ওরা প্রতিজ্ঞা করেছিল কিছুতেই চোদ্দ পুরুষের ভিটে ছাড়বে না। কারও কথার জবাব দেবে না। সকলের কাছে নত হয়ে চললে একদিন সব গগুগোল নিভে যাবে। নিজেদের বিলিয়ে দিয়ে ওরা সকলের মন জয় করবে। ডোম চাঁড়াল মুচিরাও তোরয়েছে গ্রামের একধারে। ওরাও সেই রকম সবায়ের নীচু হয়েই থাকবে।

কিন্ত ভূল ওদের একদিন ভাঙল। হাড়ে হাড়ে টের পেলে, ডোম চাঁড়াল মুচিদের জভে ডোম চাঁডাল মুচিরা আছে। কিন্ত ওদের কেউ নেই। মরা ছেলে বুকে নিয়ে শ্মশানে যেতে হয়—একলা ঘরে বউকে ফেলে রেখে। এতবড় বিপদেও কেউ দরজা খোলে না। এভাবে কেউ বাঁচতে পারে কোথাও!

সাতদিন পরে কাজীডাঙ্গার জোতদার বাড়ির বড় হাজী সাহেব লোকজন নিয়ে এসে চৌধুরী বাড়িতে উঠলেন। মাত্র বিশ হাজার টাকায় বাড়ি বাগান জমি জায়গা সব বেচে দিয়েছে প্রশাস্ত। হাজী সাহেবের লোকেরাই নৌকা করে পৌছে দিলে ওদের ছ'জনকে সিলেটের বাস অফিসে। ছুটল বাস পাহাড়ের ওপর শিলংয়ের রান্তায়। সম্বন্ধ চুকে গেল জন্মভূমির সঙ্গে প্রশাস্তর টিরদিনের মত। **भिनः** (চরাপুঞ্জ।

আকাশে পাহাড়ে আলোয় আঁধারে মান অভিমানের থেলা চলে সেখানে। নীলাম্বরী ওড়না জড়িয়ে নিঃশন্দে নেমে আসে আকাশ, পাহাড়ের গায়ে গা এলিয়ে দিয়ে দাঁড়িয়ে থাকে চুপটি করে। রোমাঞ্চিত হয়ে ওঠে পাহাড়, আবেশে চোথ বুঁজে আসে তার। এমন সময় ফিস-ফিসিয়ে শুনিয়ে যায় বাতাস তার কানে কানে—ওকে বিশ্বাস কোর না, আবার পালিয়ে যাবে এখনই। শুনে মুখ কালো হয়ে ওঠে পাহাড়ের। ধমধম করতে থাকে তার চোথের দৃষ্টি। তখন তার ঝাঁকড়া চুলে আদর করে হাত বুলিয়ে দিতে থাকে আকাশ। অনেকক্ষণ পরে হাসি ফুটে ওঠে পাহাড়ের মুখে, খুশির আলোধনাল করে ওঠে তার চোখে। ছ'হাত দিয়ে জড়িয়ে ধরতে যায় আকাশকে। আর সেই মুহুর্তে আকাশ পালিয়ে যায় মুচকি হেসে অনেক—অনেক দ্রে—একেবারে ধরা চোঁয়ার নাগালের বাইরে।

এই নিয়েই ওখানে কাটছিল ওদের দিন। আরও কিছুদিন হয়ত কাটত নিশ্চিতে, কিন্তু বন্ধুবান্ধব জ্টে গেল অনেক। সিলেটের লোকে শিলং বোঝাই। চেনা শোনা অনেকে আবিষ্কার করে ফেললে ওদের। আদর আপ্যায়ন হৈ হলোডের বান ডাকল। হাঁফ ছেড়ে বাঁচল ওরা, মনের মেঘ কেটে গেল। দেশের লোক কখনও পর হতে পারে! গ্রামে ভঙ্গু গোঁড়ামি, স্বার্থবৃদ্ধি আর অশিক্ষা। এঁরাও তো তার দেশেরই লোক, আপন জন এক রকম। কৈ—এঁরা তো তাদের দ্বে ঠেলে দিলেন না। সব জেনে ভনেও নিমেষের মধ্যে আপনার করে নিলেন।

নিলেন এবং আরও আপনার করে নেবার চেষ্টা যখন আরম্ভ হ'ল তখন আর একবার চোখ ফুটল।

মিঃ দন্তিদার বড় ঘরের ছেলে। বছ বন্ধুবান্ধব নিয়ে জমিয়ে থাকেন:
শিলং-এ। তু'দিনে একাস্ত ঘনিষ্ট হয়ে উঠলেন তিনি। সব সমন্ন মুখে বৌদি

আর প্রশান্তদার কথা। তা' ছাড়া অনেক রকম ব্যবশার প্ল্যান ছিল তাঁর মাপায়। একটা কোনও ব্যবশাতে তো নামতে হবে প্রশান্তকেও, নয়ত চলকে কেমন করে। কাড়েই দন্তিদারের সঙ্গে ব্যবশার মতলব চলতে লাগল। কিন্তু ব্যবসা ছাড়াও আর একটি মতলব ছিল দন্তিদারের মনে। সেটি হাসিল করবার স্থোগ খুঁজছিলেন তিনি। মিলেও গোল সে স্থোগ একদিন।

সকাল থেকে বৃষ্টি নেমেছে সেনিন। বেলা ছুটোর সময় মিঃ দন্তিদারের লোক একথানা চিঠি নিয়ে এল। দন্তিদার লিখেছেন, প্রশাস্তকে তথনই চলে আসবার জন্তে। কে একজন বছ লোক খাসিয়া আসছে দন্তিদারের কাছে। লোকটার মন্ত বছ কমলার চাম। তার সঙ্গে পাকাপাকি কথাবার্তা শেষ করে কেলতে হবে, যাতে সামনের মরস্থমেই কমলা চালান দেওয়া যায় কলকাতার।

বর্ষাতি চাপিয়ে বেরুল প্রশান্ত । উদা বললে, "বেশী দেরি কোর না যেন। একে এখারে লোকজন নেই তার ওপর বৃষ্টি পড়ছে! একলা বেশীকণ আমি থাকতে পারব না কিন্ত।"

প্রশান্ত বললে, "বেশী দেরি হবে কেন—আর যদি দেরি হরই, দন্তিদারের গাড়ি পাঠিয়ে দেব। চলে যেও ওখানে বাডিতে চাবি দিয়ে।"

রান্তায় বেরিয়ে প্রশান্ত একথানা ট্যাক্সি পেল না। বেশ কিছুক্ষণ চড়াই উৎরাই ভেঙে শেন পর্যন্ত পাওয়া গেল একথানা গাড়ি। দন্তিদারের বাড়ি পৌছাল যখন, তখন প্রায় চারটে বাজে। দন্তিদারের চাকর তাকে বসালে যরের মধ্যে। বৈত্যতিক চুল্লীটা জ্ঞালিয়ে দিলে। বললে—"গাহেব বেরিয়েছেন, এখনই ফিরবেন। আপনাকে বসতে বলে গেছেন। আর এই চিটি লিখে রেখে গেছেন।"

চিঠি পড়ে দেখলে প্রশান্ত। এখনই ফিরবে দন্তিদার। খাসিরাকে হোটেলে খাওরাতে নিরে গেছে। একটু আর্থটু পেটে পড়লে লোকটার মন মেলাল খুলবে। অন্থরোর জানিরেছে দন্তিদার, প্রশান্ত খেন চলে না যার। লোকটার সঙ্গে কমলালেবুর ব্যবসা সংক্রান্ত সর্থ কথা আজই পের করে ফেলার দরকার। আধ ঘণ্টা কাটল। কফি দিয়ে গেল দন্তিদারের চাকর। কফি ঢেলে কাপটা মুখে তুলছে প্রশাস্ত—ঝড়ের মত ঘরে চুকল উবা।

মিঃ দস্তিদারকে ঘরে তালা বন্ধ করে রেখে এসেছে সে।

ফিরে এল প্রশাস্ত উষাকে নিয়ে। ঘরের তালা খুলে দিলে। ঘাড় ইেঁট করে দন্তিদার বেরিয়ে গেল। একটি কথাও বললে না প্রশাস্ত ওকে। উষাকে বোঝালে—ভদ্রলোকের ছেলে—যথেষ্ট শিক্ষা দেওয়া হয়েছে। গায়ে হাত দিলে কিংবা পুলিশ ডাকলেই লোককে শিক্ষা দেওয়া হয় না। জীবনে আর কথনও করবে না এমন কাজ, যদি বিন্দুমাত্র মহুয়াত্ব থাকে।

মন্থ্যত্থ ছিল বৈ কি ! তার প্রমাণ পাওয়া গেল পরদিনই । বাড়িওয়াল।
নোটিশ দিলে। ভদ্রলোকের ছেলেদের ভূলিয়ে ভূলিয়ে ধরে এনে ফাঁসাবার চেষ্টা
করা তাঁর বাড়িতে থেকে চলবে না। চেনাশোনা সবাই একেবারে কথা বলা
বন্ধ করলে। বৃদ্ধরা বলাবলি করলেন, চৌধুরী বংশের ছেলের এতটা অধঃপতন
তাঁরা ভাবতেই পারেন না। একটা বদ মেয়েমান্থ্যকে নিজের স্ত্রী বলে পরিচয়
দিয়ে ভদ্রলোকের ছেলেদের পেছনে লেলিয়ে দেওয়া—ছি-ছি-ছি। খুব বেঁচে
গেছে আমাদের দন্তিদার। সোনার টুকরো ছেলে বলেই বেঁচে গেছে।

শিলং থেকে পালালে ওরা। এধারে বাড়ি-সম্পত্তি বেচা বিশ হাজার অনেক কমে গেছে। প্রশান্তকে চাকরি খুঁজতে হ'ল দিল্লীতে। যুদ্ধের ৰাজারে একেবারে চারশ' টাকা মাইনে। উবাকে কলকাতায় কলেজে ভর্তি করে হোষ্টেলে ভূলে দিয়ে প্রশান্ত দিল্লী চলে গেল।

তারপর চাকরি ছেড়ে দিয়ে ব্যবসায় নামতে হ'ল উবার জন্মেই। লাল হয়ে উঠতে হবে। বাড়ি গাড়ি টাকা—এত টাকা যে পাহাড়ের চূড়ায় ঘর বাঁধা যায়। সেখানে নাগালই পাবে না লোকের নিন্দা চর্চা অসম্মান। সমাজের চূড়ায় তুলে দিতে হবে উবাকে। ই্যা, উবার জন্মেই সমাজের মাধার উঠে যাবে প্রশান্ত। তখন গ্রামের সেই ছোট লোকেরা আর শিলং-এর ক্রিলাররা ক্যাল ক্যাল করে চেরে থাকবে দূর থেকে। হভভাগা কুকুরের কল— হাতে বাঁধা সাড়ে সাত্রপ' টাকা দামের ঘড়িটার দিকে একবার নক্ষর দিলে প্রশাস্ত। পাঁচটা বেজে গেল। কিন্তু এখনও কিরছে না কেন উষা। গেল কোথার ? নিশ্চয়ই সিনেমায়। চাকরটাকে ডেকে জিজ্ঞাসা করলে, "তোর মাইজী কখন বেরিয়েছে রে ব্যাটা জাত্বান সিং ?"

"বরাব্বর ন বাজকে সাঁইত্রিশ মিনিট পর হজুর।"

সাড়ে নটার সময় বেরিয়েছে ! তার মানে ? সেই সন্ধালে, গেল কোথায় আবার ? ভূক কুঁচকে ভেবে নিলে একটু সে। আবার ভিজ্ঞাসা করলে, "কেউ এসেছিল নাকি রে ? কারও সঙ্গে গেছে তোর মাইন্দী ?"

"নেহি হজুর। কোই নেহি আয়া—মাইজী কোইকো দাথ নেহি গিয়া।"

আর একটা দিগারেট ধরালে প্রশান্ত। নাঃ এবার একটু সাবধান করতে হবে উষাকে। কি দরকার একলা ঘুরে বেড়াবার! কত রকমের লোক আজকাল ঘুরে বেড়াছে চারিদিকে। কাজকর্ম তো নেই। টো করে খুরছেন শ্রীমতী।

টো টো করে ঘুরছে কথাটা মনে হতেই আপন মনে ছেসে উঠল প্রশান্ত।
এই তো সেদিন বলে মনে হচ্ছে, টো টো করেই ঘুরে বেড়াত ওরা ছু'জনে
কলকাতার রাজার রাজার ঠিক ছপুর রোদে। শুধু রোদে কেন, ঝড় জল
বৃষ্টি হলে আরও স্থবিধে। বৃষ্টির দিন একখানা রিক্সার মধ্যে বসে সামনে পর্দা
চাপা দিয়ে যেখানে খুশি হকুম দাও। যাবে রিক্সাওয়ালা টুং টুং করতে করতে!
কলকাতার রিক্সাওয়ালারা জানে সব কিছু। মুখ দেখে আর বয়স দেখে চিনতে
পারে। ওরা জানে, হাতে বই খাতা নিয়ে ছপুর বেলা বিশেষ বয়সের ছু'জন
একসঙ্গে রিক্সা ঢাপতে আসে আর পাঁচ মাইল দ্রের ঠিকানার নাম করে।
তবে তাদের উদ্দেশ্ত ঠিকানার পোঁছান নয়। পর্দা চাপা রিক্সার মধ্যে বসে
সকলের একটু চোখের আড়াল হওয়া। তা' ভিন্ন অন্ত উপারও নেই কিছু।
হোটেলে বর ভাড়া করতে গেলে সাহস দরকার, টাকা পরসাও চাই, তারপর

পাঁচজনের নজরে পড়তে হবে। তার চেয়ে চলস্ত রিক্সার মধ্যে যা' ছু'এক ঘণ্টাঃ পর্দার আড়ালে কাটানো যায় সেটুকুর মূল্যও কিছু কম নয়।

হাসিতে পেট ফুলতে লাগল প্রশাস্তর সেই সব দিনের ঘটনাশুলো মনে পড়তে। যেদিন প্রথম সে উষাকে রাজী করালে রিক্সায় চড়তে। সারাক্ষণ উষা থরথর করে কাঁপতেই লাগল তার বুকে রিক্সার ভেতর বসে। না তুললে মুখ, না বললে একটি কথা। কোথায় গেল সেদিন তার অনুর্গল ছলছলানি আর বকবক করা আর কোথায়ই বা গেল তার সেই ফাজলামি ছুইুমি। যখন থামল গিয়ে রিক্সা শ্রামবাজারের মোড়ে—তখন একটিও কথা না বলে একবার তার দিকে ফিরেও না চেয়ে দৌড়ে গিয়ে ট্রামে উঠে বসল। যেন তার কাছে থেকে পালাতে পারলে বাঁচে। তারপর দিন কালেজে দেখা হতে আর ফিরেই দেখলে না তার দিকে। যেন চেনেই না তাকে। দিন কতক তো কলেজের বাইরে কোথাও দেখাই করলো না যেয়ে। তারপর আবার যেদিন দেখা হ'ল ছু'জনে, সেদিন কি রাগ।

"কেন তুমি সেদিন ওসব করতে গেলে প্রশান্তদা ?"

"কি, কি করেছি আমি সেদিন!"

সত্যই ভয়ানক আশ্চর্য হয়েছিল প্রশাস্ত। কিছুই এমন করা হয়নি সেদিন যাতে ভয়ানক অপরাধ হয়ে গেছে। শুধু ত্'হাতে জড়িয়ে ধরে বুকের সঙ্গে চেপে নিয়ে বসেছিল তাকে। একবারও উষা মুখ তোলেনি। কিছু তাতেই কি এত অপরাধ হয়ে গেল যে আর সাতদিন দেখাই করলে না সে প্রশাস্তর সঙ্গে। সত্যই ভয়ও পেয়েছিল প্রশাস্ত সেদিন উষার প্রশ্ন শুনে।

কিন্তু পর মুহুর্তেই ফিক্ করে হেসে ফেলেছিল উবা। তার সঙ্গে চোখ ছু'টি অপক্রপভাবে খুরিয়ে নিয়ে বলেছিল, "যাও, ডুমি ভয়ানক ইয়ে।"

हेट्स कथां है हटक अंत्र मूखा लाय।

কি অত্ত ভলিমা করেই উচ্চারণ করে কথাটি। ইচ্ছে করলে শুধু চোঞ্চ শুরিরেই বৃধিরে দেবে যে ইরে হচ্ছে ইরে। তারপর আর একদিনের ব্যাপার। প্রশাস্ত চোথ বুঁজে বেশ চেথে চেখে আগাগোড়া মনে আনে সেদিনের খুঁটিনাটি সব কিছু।

मिनिगे छिन दृष्टित निन।

বাসে করে এগে ওরা নেমে পড়ল চিন্তরঞ্জন এভেনিউ হারিসন রোডের মোডে। মেরেদের জায়গায় উমাকে আর পুরুষদের জায়গায় প্রশান্তকে বসতে হয় বাসে। এমন কি পাশাপাশি বসে কথা বলারও স্থােগ নেই। কাজেই বাস থেকে নেমে গেল ওরা। জল কাদা বাঁচিয়ে গিয়ে দাঁডাল রেলের বুকিং অফিসের সামনে গাডি-বারান্দার নিচে। তুপুরবেসা প্রকাশ্র রাস্তার ওপর মানে সেই গাড়ি-বারান্দার নিচে। কতকগুলো স্ত্রী পুরুষ শুয়ে ঘুয়ছে। ঐ জায়গাটাই ওদের ঘর বাডি। কাজেই শালীনতার প্রশ্ন উঠতে পারে না। স্বামী-স্ত্রী পাশাপাশি ভারেছে এবং ঘুয়লে মাসুযের হুঁস থাকে না।

ওরা ছ্'জনে গিয়ে দাঁড়াল তালের মাঝখানে। মুখ চোখ লাল 'হয়ে উঠল উনার-। প্রশান্তর কান গরম হয়ে উঠল। হঠাৎ ওদের ছ্'জনের চোখে চোখ মিলল। ছ'জনেই বোকার মত হেসে চোথ ঘুরিয়ে নিলে। তারপর উবা বললে, "কি আজ এখানেই সারাট। দিন দাঁড়িয়ে কাটাতে হবে নাকি!" চারিদিকে নজর করলে প্রশান্ত। একখানি রিক্সার টিকিও দেখা গেল না। ঝিম ঝিম করে রুষ্টি পড়ছে। রিক্সাওয়ালারাও তো মাসুল বটে!

কিন্তু বেশীক্ষণ দাঁড়াতে হ'ল না। দেখা গেল উন্তর দিক থেকে একখানা রিক্সা আসছে। প্রশান্ত থামাল তাকে। রিক্সাওয়ালা এক নজর চাইলে ওদের দিকে। ওরা উঠে বসতে জিজ্ঞাসা করলে—কোণায় যেতে হবে।

প্রশাস্ত বললে—শ্রামবাজার।

ঠুং ঠুং করে চলল রিক্সা। ওরা বাঁচল তথন পর্দার আড়ালে বলে।
কোপা দিয়ে যে কেটে গোল ঘণ্টাখানেক সময় তা' কেউ টেরই পেলে না। হুশ
হ'ল হঠাৎ গাড়ির সামনের দিকটা নিচু হতে। গাড়ি থামিয়ে রিক্সাওয়ালা
পর্দার ভেতর মাধা গলিয়ে দিলে। ওদের কাপড় চোপড়ের অবস্থা তথন

শোচনীর। তৎক্ষণাৎ মাথাটা টেনে নিলে রিক্সাওরালা পর্দার বাইরে। একটু পরে নিজেকে সামলে নিয়ে প্রশান্ত মুখ বার করে দেখলে কোথার এসেছে তারা। এসেছে একেবারে খাল ধারে। ডান ধারে খাল—বাঁ ধারে দোতলা টিনের মাঠকোঠার সামনে রিক্সা থেমেছে।

तिक्या धराना गाफ़ी वात करत वनल, "উৎताहरा हकूत।"

সবিশ্বয়ে জিজ্ঞাসা করলে প্রশান্ত, "এ কোথায় নিয়ে এলে !" অভি বিনীতভাবে নিবেদন করলে রিক্সাওয়ালা, "কিছু ভাবনা করবেন না। অনর্থক বৃষ্টিতে কেন খুরছেন। তার চেয়ে সামনে ঐ কাঠের সিঁড়ি দিয়ে সোজা দোতলায় উঠে যান। বারান্দার শেষের ঘরখানা আমার। ঘরে একখানা চারপায়াও আছে। ঘণ্টা ছু'য়েক আরাম করুন সেখানে। এখন কেউ থাকে না বাড়িতে কাজেই কোনও ভাবনা নেই। নিচে বসে পাহারা দেবো আমি।"

ভরে ছুর্ভাবনায় কাঠ হয়ে গেল প্রশাস্ত—এ ব্যাটা বলে কি! কোন বদ মতলব নেই তো!

রিক্সাওরালা বোধ হয় বুঝতে পারলে তার মনের কথা। গলায় বাঁধা এক গোছা লাল ত্বতা ধরে বললে, "কালা ঘাটের মা কালা আর মা গদার নাম দিয়ে বলছি কোনও তাবনা নেই আপনাদের। কত বাবুকে এভাবে এনেছি। আমার ঘরে বসে আরাম করে গেছেন। যাবার সময় খুশি হয়ে ছ'শাঁচ টাকা বথশিশও দিয়ে গেছেন গরীবকে।"

ঘণ্টা ছুরেক পরে নিচে নেমে এসে নগদ পাঁচ টাকা বখশিশ দিরেও ছিল রিক্সাওয়ালাকে প্রশাস্ত্র।

তারপর দিন পনরো কলেজ কামাই করলে উষা। সে ক'টা দিন যে কি অবস্থায় কেটেছিল প্রশাস্তর ! একে একে নাওয়া খাওরা দুম সব বন্ধ হ'ল । তব্ ওদের বাড়ির দিকে পা বাড়াবার সাহস হ'ল না তার। যে কড়া মেজাজের লোক উষার বাবা—একটু কিছু সন্দেহ করলে আর রক্ষেরাখবেন না।

পনরো দিন পরে কলেজে আসতে লাগল উবা। কিছ কিছুতেই প্রশান্তর সঙ্গে কোথাও যেতে রাজী হোল না। শেষে রাগ করে ওর দিকে চেয়ে দেখা পর্যন্ত বন্ধ করে দিলে প্রশান্ত। সামনা সামনি পড়ে গেলে মুখ ফিরিয়ে নিত। এতাবেও বেশীদিন চলল না। সংক্ষিপ্ত একথানি চিটি পেলে প্রশান্ত। উবা লিখেছে—পনরে। দিনের ভিতর তাকে বিয়ে না করলে সে আত্মহত্যা করবে।

প্রশান্ত জানত মিধ্যা ভয় দেখাবার মেয়ে নয় উয়। সে প্রায় পাগল হয়ে উঠল। কোথায় যাওয়া যায়! কাকে বিশ্বাস করে এ সব কথা বলে একটা পরামর্শ নেওয়া যায়। এধারে উষার সঙ্গেও দেখা করবার উপায় নেই। সে কিছুতেই কোথাও দেখা করবে না প্রশান্তর কথা না পেলে।

শেষ পর্যন্ত হ'ল একটা উপায়। নারকেল ডাঙ্গায় থাকেন এক ব্রাহ্ম ভদ্রলোক—তিনি বিবাহ রেজেব্রি করেন। তাঁব সঙ্গে দেখা করে সব কথা খুলে বললে প্রশাস্ত। তার ছু'দিন পরে ওদের বিয়ে রেজিব্রি হয়ে গেল সেই ভদ্রলোকের দয়ায়। তিনি ছু'জন সাক্ষীর ব্যবস্থা করলেন।

কিন্তু তারপরও উবা রয়ে গেল নাগালের বাইরে। বললে সে প্রশান্তকে, "আরও কিছুদিন ধৈর্য ধর। নিশ্চয়ই আমার বাবাকে রাজী করাতে পারব আমাকে তোমার হাতে দিতে। এভাবে তোমায় নিয়ে গিয়ে আমি দাঁড় করাতে পারব না তাঁদের সামনে! মাধা উঁচু করে যাবে তুমি সেখানে, মাধা নিচু করে নয়।"

কিছুই হোল না, কথাটা বলতেই পারলে না উষা বাপের সামনে। পারতও না বোধ হয় কখনও যদি না খোকাটা পেটে আসত।

খোকার কথা মনে হতেই চমকে উঠল প্রশান্ত। কত রাত্রি হ'ল এখন! রাত তো বেশ হয়েছে—সাড়ে নটা বাজে। এত রাত্রি পর্যন্ত কোথায় রইল সে! নাঃ—খোকাটাও যদি আজ থাকত তাহলে এ রকম হো-হো টো-টো করে সুরে বেড়াতে পারত না উষা।

চাকরটা এসে বললে—রান্ধা হয়ে গেছে। এখন সে খাবার দেবে কি ? এক ধমক খেয়ে সে সরে পড়ল সামনে খেকে। সিগারেটের পর সিগারেট ওড়াতে লাগল প্রশান্ত বাইরের আরাম চেয়ারের ওপর শুয়ে শুয়ে।

খোকা খোকা খোকা—একেবারে পাগল হয়ে উঠেছে উষা ছেলে ছেলে করে আজকাল। কাল রাত্রেই একচোট কান্নাকাটি মান অভিমান হয়ে গেছে।

কেন আর একটা ছেলে হচ্ছে না? বছর ছ্'বছর অন্তর ছেলে হয় সকলের, কিন্তু তাদের হয় না কেন আর একটি ছেলে? রোজ রাতে এই এক কথা নিয়ে এক পসলা করে হবেই। ডাব্রুনার কবিরাজ তাগা তাবিজ আর মানত করা ঠাকুর দেবতার কাছে—এরও যেমন কামাই নাই, তেমনি সেই মরা ছেলের জভ্যে চোখের জলেরও বিরাম নেই। সব দিক দিয়ে উষাকে স্থা করবার চেষ্টা করে প্রশান্ত। প্রাণান্ত চেষ্টাই করে। কিন্তু যা' তার হাতের মধ্যে নেই তা' দেবে কি করে! ছেলে একটা চাই উযার। ছেলে না হলে যে বিষ খাবে, গলায় দড়ি দেবে। রান্তা থেকে ছেলে কুড়িয়ে এনে জামা জ্তা দেবে। তার মাকে খোসামোদ করবে। লাজ লজ্জা মান অপমান বোধ কিছুই নেই। শেষ পর্যন্ত আর থাকতে না পেরে কাল রাতে ছুটো কড়া কথাই বলে ফেলেছিল প্রশান্ত। বলে ফেলেছিল বেশ শক্ত কথাই। তার ফলে আজ সকালেও উষা তার সঙ্গে কথা বলেনি।

উবা ছেলে না হওয়ার জন্মে দায়ী করেছিল তাকেই। বলছিল, "একটা ভাল ডাজারের সঙ্গে পরামর্শ কর না কেন তুমি! তোমার কিছু হ'ল কি না একবার দেখাবে না কিছুতেই! আমি তো এই দশবার দেখিয়ে এলাম। সব ডাজার বললে আমার কিছুই হয়নি। তুমি একবারও কোন ডাজার দেখাবে না! কেন ? কি হয়েছে তোমার তা' বল সৃত্যি করে। নয় তো আমি মাধা খুঁড়ে মরব।"

কস করে বেরিয়ে গেল প্রশান্তর মুখ দিয়ে, "যাও, ঘরে টাকা রয়েছে, সেই টাকা নিয়ে গিয়ে কালই উকিলের সঙ্গে পরামর্শ কর। করে আমার সঙ্গে বিবাহ বিচ্ছেদের মামলা করগে। রেজেট্র করে বিষে হয়েছে তোমার সলে। তোমার ভাবনা কি। কোটে গিয়ে আমি মানব যে আমার ছেলের বাবা হবার সামর্থ নেই! ব্যস, ল্যাঠা চুকে যাবে। খালাস পাবে তুমি। তারপর আর কাউকে বিয়ে করে ছেলের মা হওগে। আমাকে আর আলিও না।"

থানিকক্ষণ কাঠ হয়ে বদে রইল উষা বিছানার ওপর। একটি কথাও আর বলেনি। তারপর প্রশাস্ত ঘুমিয়ে পড়েছিল।

অত বড় শব্দ কথাটা ফদ করে না বললেই হ'ত।
একটা দীর্ঘধাদ ফেলে প্রশাস্ত ঘড়ি দেখলে আবার। সাড়ে দশটা।
আর উয়ে থাকতে পারলে না দে! গেল কোথায় ?
গেল কোথায় তাহলে উষা ?
কি একটা অজানা আশকায় প্রশাস্তর হাত পা আড়েই হয়ে গেল।

রাত সাড়ে বারটায় ট্যাক্সি নিয়ে বেরিয়ে পড়ল প্রশাস্ত। ব্যারাকপুর পুলিশ লালবাজার পুলিশকে জানালে।

ইনস্পেক্টার ঘোষ প্রশাস্তর বন্ধু। তিনি উঠে বসলেন গাড়িতে প্রশান্তর পাশে। ব্যারাকপুর থেকে বালিগঞ্জ পর্যন্ত পাঁচশ' ঠিকানায় চুঁ দিলে প্রশান্তকে সঙ্গে নিয়ে সেই রাডেই। কেউ কোনও সংবাদ বলতে পারে না।

ष्ट्र'पिन शरत ।

লালবাজারে বসে আছে প্রশাস্ত। তথন বেলা নটা হবে। কোথা থেকে খুরে এলেন ইনস্পেক্টার ঘোষ। প্রশাস্তর কাঁধের উপর হাত রেখে গন্তীর মুখে বললেন—"চলুন মিঃ চোধুরী, এক জায়গা থেকে খুরে আমরা বাড়ি যাই।"

ফ্যাল ফ্যাল করে তার মুখের দিকে চেয়ে প্রশান্ত উঠে দাঁড়াল। উঠে দাঁড়াবার মত সামর্থও তখন আর নেই শরীরে তার। ঘোষ তাকে নিয়ে বেঙ্কলেন এবার পুলিশের গাড়িতে। তারপর কত জায়গায় গাড়ি থামল, কে কে উঠল আরও গাড়িতে এ সক কিছুই প্রশাস্ত দেখলে না। চোখ বুঁজে বসে রইল একভাবে।

শেষে ঘোষই তাকে সজাগ করে নামাল গাড়ি থেকে। নামিরে ছাত ধরে টেনে নিয়ে গিয়ে বসাল একটি ঘরে। লক্ষ্য করলে প্রশাস্ত যে বহু লোক সেখানে উপস্থিত হয়েছে। সবাই কি নিয়ে আলাপ করছিল। হঠাৎ সকলে চুপ করে গেল সে ঘরে চুকতেই।

একজন বৃদ্ধ ভত্রলোক উঠে পাড়ালেন। তিনি বলতে লাগলেন, শ্প্রশান্ত চৌধুরী আর উষা চৌধুরীকে আমি চিনি। বার বছর আগে আমি এদের বিবাহ রেজেট্র করি। তারপর বহুদিন আর ওদের কোনও সংবাদ পাইনি। ছ'দিন আগে বেলা সাড়ে এগারটার সময় উষা আমার কাছে আসেন। প্রথমে আমি চিনতেই পারিনি তাঁকে। তিনি নিজের পরিচয় দিয়ে ওঁদের বিবাহের কাগজ পত্র দেখান আমাকে, তখন আমার মনে পড়ে সব, তাঁকে চিনতে পারি আমি।"

কে একজন প্রশ্ন করলেন, "কি জন্মে গিয়েছিলেন তিনি আপনার কাছে ? কি কি কথা হ'ল তাঁর সঙ্গে আপনি খুলে বলুন সব। কিছু ঢাকবার চেষ্টা করবেন না।"

বৃদ্ধ ভদ্রলোক কেশে গলা পরিষার করে বলতে লাগলেন, "না আমি কিছু চাকব কেন। এমন কোন ঢাকবার মত কথা বলেননি তিনি আমাকে। তিনি জানতে এসেছিলেন, জানতে চাইলেন যে, মানে—তাঁর কথাটা হচ্ছে"—ভদ্রলোক বার বার প্রশাস্তর দিকে চাইতে লাগলেন। তাঁর কথা বদ্ধ হয়ে গেল।

ততক্ষণে প্রশান্ত উঠে দাঁড়িয়েছে চেয়ার থেকে। সামনে ঝুকে টেবিলটা চেপে ধরেছে ছ'হাতে। চীৎকার করে উঠল সে—"বলুন—বলুন শিগ্গির দ্বা করে—কি জানতে চাইলে উষা আপনার কাছে ?"

কম্পিত গলার বৃদ্ধ উন্তর দিলেন নিচের দিকে চেরে, "উবা জানতে চৈরেছিলেন যে, ছেলে পুলে না হলে স্বামী স্ত্রীকে ত্যাগ করতে পারে কি না।

মানে তাকে বোধ হয় ভয় দেখানো হয়েছিল যে, যখন তাঁর ছেলে পুলে হছে না তখন প্রশান্তবাবু বিবাহ বিচ্ছেদ করতে পারেন। কারণ রেজেট্রি করে বিয়ে হয়েছে কি না। ভয়ানক ভয় পেয়েই এসেছিলেন তিনি। খুব ব্যথাও পেয়েছিলেন মনে।"

বৃদ্ধ বলে পড়লেন কাঁপতে কাঁপতে।

মাধা হেঁট করে প্রশাস্ত শুনছিল। আর একবার চীৎকার করে উঠল, "কোথায় উধা? এদে বলুক সে আমার দামনে যে আমি তাকে ভয় দেখিয়ে-ছিলাম। বলুক—বলুক একবার আমার দামনে। কোথায় সে।" চারিদিকে চাইতে লাগল দে রক্তক্ষ করে।

ঘোষ তার হাত চেপে ধরে টেনে বসিয়ে দিলেন চেয়ারে।

এবার উঠলেন ডা**: অরুন্ধতী সেন, কলকাতার বিখ্যাত মেয়েদের ভাক্তার।** তিনি বললেন—

"উষা চৌধুরী তাঁর পেসেণ্ট। প্রায় তিন বছর তিনি উষাকে চেনেন। কেন ছেলে হয় না, এ জন্মে বহুবার তিনি পরীক্ষা করেছেন উষাকে। কিছ কথনও সত্য কথা জানাননি তাঁকে। ছুইদিন আগে প্রায় পাগলের মত অবস্থায় এসে উষা কাল্লাকটি করতে লাগলেন আর একবার তাকে পরীক্ষা করবার জন্মে। কি মনে হোল তাঁর সেদিন—তিনি উষাকে বুঝিয়েণ বলেন যে কখনও আর তাঁর ছেলে পুলে হবে না। তারপর ডাক্তার সেন ডাক্তারী শাল্ল মতে কেন আর গর্ভ হবে না তা' বুঝিয়ে বললেন।

আবার লাফিরে উঠল প্রশাস্ত। পাগলের মত চীৎকার করে উঠল, "কোধায় উবা ? কোধায় সে ? কেন সে পাগল হয়ে উঠেছে ছেলে ছেলে করে ? এ সব পাগলামী কেন করছে সে ? কে বলেছে তাকে যে আমি ছেলে চাই। কোধায় উবা, ডাক তাকে, এখনই আমি চলে যাব তাকে নিয়ে।"

তখন ঘোষ এবং আর একজন ছু'ধার থেকে ধরে ফেলেছে প্রশান্তকে। একজন অফিসার একটা প্যাকেট খুলে ফেললেন তার চোখের সামনে টেবিলের ওপর। করেকটি সোনার চুড়ি, একটি মুক্তা বসানো আংটি আর রক্ত নাথা হিন্নভিন্ন একখানা শাড়ি এবং আরও কিছু রক্ত মাথা কাপড়-চোপড়। অস্কুত দৃষ্টিতে চেয়ে রইল প্রশান্ত জিনিসগুলোর দিকে। তার ছ্থারে ছ'জন শক্ত করে ধরে আছে তখন।

তারপর হঠাৎ এক সময় হা-হা-হা-হা করে বিকট হাসতে লাগল সে। বারা ছ'জনে ধরেছিলেন তাকে, তাঁরা সভয়ে দেড়ে দিলেন সেই হাসি শুনে।
ভীৎকার করতে করতে প্রশাস্ত বেরিয়ে গেল ঘর থেকে—

"উষা, উষা—শেষ পর্যস্ত ফাঁকি দিলে তুমি আমাকে। ফাঁকি দিয়ে কেলে পালালে।"

রূপ কথার মত

ভূচ্ছ ব্যাপার। হামেশা ঘটছে এ জাতের ঘটনা। বাসের মধ্যে পা মাড়িয়ে দেওরা একটা উল্লেখযোগ্য ঘটনাই নয়। যে ভিড হয় বাসে ভাতে কেউ কারও মাথায় পা ভূলে দেয় না এইটুকুই যথেষ্ট। বাসের মধ্যে কে কবে কার পা মাড়িয়ে দিয়েছে ভা' মনে করে রাখে না কেউ। ভার প্রয়োজনও নেই কিছু।

কিন্তু এই সামান্ত ব্যাপারটাই আসামান্ত হয়ে দাঁড়ায় কখনও কখনও।

বিডন খ্রীটের মোড়ে বাসে ওঠে মণিকান্ত। পৌনে দশটায় ভালহাউসি
পৌছান প্রয়োজন, দাঁড়িয়ে ঝুলে যে করে হোক। রোজ ট্যাক্সি চেপে গেলে
এলেও কিছু যায় আসে না তার। ইনসিওরেল কোম্পানীর খুব বড় অফিসার।
পয়লা তারিখে এক তাড়া নোট এনে দিদিমার কোলে ছুঁড়ে ফেলে দেয়।
বুড়ী ভুলে রাখেন লোহার সিন্দুকে নোটের বাণ্ডিলটা। তিন বছর পাঁচ মাল
চাকরি করছে নাতি। একচল্লিশটা বাণ্ডিল সাজানো আছে সিন্দুকে। এক
পয়লা নড়চড় হয়নি। হবেও না কম্মিন্ কালে। নাত বৌ এলে গুণে নিতে
বলবেন বুড়ী। নাতির আর খরচ কি। আগে যা ছিল এখন তাওু নেই।
কলেজের মাইনে, পরীক্ষার ফি লাগে না আর। দিদিমার খায়, দিদিমার পরে।
ছ'-বছর বয়স থেকে তাই করছে, করবেও চিরকাল তাই। তথু তধু চাকরি
করা। চাকরি করছে, বাসে উঠছে, ট্রামে ঝুলছে। কুল কলেজ ইউনিভারসিটির
হেলে হয়ে আছে সে এখনও। এক গাদা পরীক্ষায় পাশ করে অতবড় চাকরি
করছে, এ কথা ওর নিজেরও খেয়াল হয় না সব সময়।

মেজমামা পরেশবাবু রাগারাগি করেন:

"এই মণি, হর আমার গাড়িতে যাওরা আসা কর, নর তো কিনে কেল এক-থানা গাড়ি। ঐ ভাবে বাসে ঝুলতে ঝুলতে যাওরা আসা করে বাধারি একটা বিপদ একদিন!" খাবার সময় পিঠে হাত বুলিয়ে দিদিমা বলেন, "লন্দ্রী দাছ্ আমার। এক-খানা গাড়ি এবার কিনে ফেলি—কি বল? রোজ সকালে সেই গাড়ি করে আমি গলা নেয়ে আসব, তারপর তুই অফিস যাবি।"

মুখের মধ্যে তখন ভাত—মণিকাস্ত উ-ছঁ-ছঁ-ছঁ করে ওঠে। মুখ খালি হলে বলে, "তোমার মাথা খারাপ হয়েছে দিদিমা। খামকা গাড়ি কিনবে কেন। ছ'দিন পরে শৃশুরই তো দেবে একখানা।"

বুড়ী চটে গিয়েও হেলে ফেলেন। "তোর সেই গাড়িওয়ালা গাড়োয়ান শশুর কোথায় আছে বল না আমায়। তাড়াতাড়ি আদায় করি গাড়িখানা। নয় তো তোর গাড়ি চড়ে গন্ধা নাইতে যাব কি মরবার পর।"

এই কথাটিই সম্ভ করতে পারে না মণিকাস্ত। একদিন তার দিদিমা মরবে এ চিন্তাটা তাকে কি রকম কাবু করে ফেলে। মা নেই, বাপ নেই—কবে থেকে নেই, তা' তার মনেও পড়ে না। দিদিমাই সব। তাতের থালার ওপর হাত খেমে যায় মণিকাস্তর। পিঠে হাত বুলিয়ে রাগ ভাঙাতে হয় বুড়ীকেই।

"না রে না—থেপা কোথাকার। তোর গাড়ি না চড়ে নাত বোয়ের সেবা না নিরে আমি মরব না কিছুতেই।"

ছোট মামী ঠাট্টা করে, "যত ধেড়ে হচ্ছে নাতি, তত আদর বাড়ছে। আমরা সব বানের জলে ভেলে এসেছি এ বাড়িতে।"

পৌ পৌ করে ওঠে মণিকান্ত, "যান যান, কোপার ছিলেন ছ্'বছর আগে।"

ছুধের বাটিটা নিরে এসে মেজমামী শাসন করেন, "আর একজন যে দিন আসবে, তোমার আদরও কমবে সেদিন থেকে। তথন আর থাবার সময় পিঠে হাত বুলোতে বসবেন না দিদিমা।"

সেই ভরেই বিষের নাম উচ্চারণ বরদান্ত করতে পারে না মণিকান্ত। তার বিদিয়ার ভাগ আর কেউ পাবে না কখনও। তার কাছে দিদিয়ার চেয়ে আপন হতে পারে কি কেউ কিছুতে!

মেজমামার কথাই ফলে যাচ্ছিল সেদিন। আর একটু ছলেই মহাবিপদ ঘটে যেত।

"উ:—পা ছাড়ুন শিগ্গির—"

কাকে বলা হচ্ছে কণাটা বৃছতে পারেনি মণিকান্ত প্রথমে। দারুণ ঠাসাঠাসিতে সকলেরই নাভিশ্বাস ওঠবার উপক্রম। কে কাকে কি বলছে, তা'
শোনবার অবস্থা নেই কারও। হঠাৎ তার চোখ পড়ল ছ'টি চোখের ওপর।
তার বৃক থেকে পৌনে এক হাত দ্রে ভীষণ হয়ে উঠেছে সেই চোখ ছ'টির দৃষ্টি,
যন্ত্রণায় লাল হয়ে উঠেছে মুখখানি। নিমেষের মধ্যে শরীরের সমন্ত শক্তি দিয়ে
পেছন দিকে ঝুঁকে পড়ল মণিকান্ত, কোনও রকমে পা ছ'খানা সরাল একটু।
সামনের মুখখানির দম আটকানো ভাবটা কাটল। নি:শ্বাস নিয়ে দাঁতে দাঁত
চেপে উচ্চারণ করলে: "অসভ্য কোথাকার।"

লাল হয়ে উঠল মণিকান্তর ছুই কান। কোনও রকমে বললে, "মাক কল্পন দ্বা করে, পেছনের চাপে—"

কোঁ ওঁ ওঁ—কাঁচ। প্রচণ্ড ঝাঁকুনি দিয়ে থামল বাস। ছ'ছাতে মাধার ওপরের রড ধড়েই ছিল মণিকান্ত, প্রাণপণে সামলালে ঝাঁকুনিটা। সামনের মুখ মাথা এসে সজোরে ধাকা খেলে তার বৃকের সঙ্গে।

বৌবাজ্ঞারের মোড়ে খুরে লালবাজ্ঞারের দিকে ছুটল গাড়ি।

আবার মিলল চোখের সঙ্গে চোখ। এবার সে চোখের চেহারা অভ্য ব্রক্ম।

"আপনিও মাপ করবেন দয়। করে।"

এবার আর একটি ধাকা খেলে মগিকান্ত বুকে। ওপরে নর ভেতরে। গলার ভেতর কি যেন ঠেলে উঠল তার। ভরানক থতমত খেলে যা' হয় ভাই। মুখ দিয়ে একটি কথাও বেক্লন না।

क्षे के के नाह

বসা দাঁড়ানো ঝুলস্ক পৌনে একশ' নরনারীর গর্ভযন্ত্রণা ভোগ শেষ হ'ল তথনকার মত। মাটিতে পা দিয়ে অভ্যাদ মত আগে চোখ পড়ল হাতের বাঁধা ঘড়িটার ওপর। রুমাল বার করে ঘাড় কপাল ঘবে নিলে। তারপর সামনে পা বাড়াতেই দেখতে পোলে বাঁ হাতে পিঠের ওপর আঁচল শুছিয়ে নিচ্ছেন একজন। এগিয়ে গেল।

"বেশী চোট লাগেনি তো আপনার পাষে" অমৃতপ্ত স্থারে বললে মণিকান্ত।
চকিতে মুখ ফেরালেন তিনি। নিজের পায়ের দিকে চেয়ে উত্তর দিলেন,
"না তেমন কিছু হয়নি। এরকম একটু-আধটু রোজই তো সহা করতে হচ্ছে।
ক'দিন আর বদবার জায়গা পাই।"

পাশাপাশি ছ্'জনে নামল ফুটপাথ থেকে। মণিকান্ত বললে, "ওরকম আছুল বার করা জুতো একেবারে অচল আজকাল। উচিত হচ্ছে সকলের মিলিটারি বুট পায়ে দিয়ে বাসে ওঠা। অন্তত পা ছুটো বাঁচে তাহলে।"

একটু শব্দ করেই হেসে উঠলেন তিনি। বললেন, "তাহলে বাসে না উঠলেও চলবে তথন। মিলিটারি কায়দায় 'কদম কদম বাড়াের যা' করে যাওয়া আসা চলবে।"

মণিকাস্ত বললে, "হাত্মন আজ আমার কথা শুনে। কিছু দিন পরে আইন বানানো হবে—বুট পট্টি না চড়িয়ে কাজের লোক রাস্তায় বেরুতে পারবে না। আপনাদের এই সব শাড়ি-টারিও চলবে না তথন। আমরা জন্মেছি খেটে খেতে আর ছুটোছুটি করতে—ঐসব সৌখিন সাজ্ব পোষাক আমাদের জন্মে নয়।"

এবার মেরেটি মুখ ফিরিয়ে একবার ভাল করে দেখে নিলে মণিকাস্তকে।
আপন মনে গজগজ করে চলেছে সে—"আপনারা আজ আমাদের পাশে এসে
গাঁড়িরেছেন। ছনিয়াকে চালাচ্ছেন পুরুবের সঙ্গে কাঁখে কাঁখ মিলিয়ে।
খরের ভিতর গৃহলন্দ্রী হয়ে না খেকে সকলের সঙ্গে একতালে পা কেলে চলেছেন। সেই রকমের সাজ পোষাকও হওরা চাই আপনাদের। স্বাক্তরা



মাস্থ্য হবে বোল আনা কাজের মাস্থবের মত—এতে হাসবার কথা আছে কোধায়।" রাইটাস বিল্ডিং-এর কোণার স্কুটপাথে উঠল ওরা।

মেয়েটি বললে, "পেটের দায়ে সবই করতে হতে পারে। রোজ এত মেয়ে বাসে, ট্রামে ঠেলাঠেলি করে যাবে আসবে, কিছুদিন আগে কি কেউ ধারণা করতে পেরেছিল ?"

কণাটা বাজল মণিকান্তর কানে। বেদনাহত অভিমানের হর। সে মুখ ফিরিয়ে দেখলে। ছিপপিপে গড়নের সাদাসিধে মাহুদটি। বেশ একটু লখা ধাঁচের মুখ। অপর্যাপ্ত রুক্ষ চূলের অগোচাল-করে-জড়ানো মস্ত বোঝাটা রয়েছে ঘাড়ের ওপর। দেখতে পাওয়া যায না এত সক্ষ একগাছি সোনার হার গলায়। এগারে গলা পর্যন্ত ওধারে হাতের কহুই পর্যন্ত ঢাকা সাদা জামা—পাতলা ফিনফিনে কাপড়ের নয়। এক ইঞ্চি চওড়া পাড়ের সাদা কাপড়। কাপড় জামা খ্বই পরিকার। কাঁধে ঝুলছে একটা সাধারণ চামড়ার ব্যাগ। লখা রোগা হাতে একগাছি করে সক্ষ গোনার চূড়ি, মুখে কোনও কিছু মাজা ঘধার চিহ্ন দেখা যায় না। বয়স কুড়ি একুশের ওপর হবে না নিশ্চরই। নিজের চিন্তার বিভার হয়ে হাঁটছে মাথা নিচু করে।

হঠাৎ জিজ্ঞাসা করলে মণিকান্ত, "কোনু অফিস আপনার ?"

মুখ ভুলে ওর দিকে চেয়ে জবাব দিলে নেয়েটি—"ইরাবতী ব্যাঙ্ক''। এবার ভাল করে দেখলে মুখথানি মণিকাস্ত। ছোট্ট কপাল। চোখ ছ'টি সেই অমুপাতে বেশ বড় আর ভাসা ভাসা। থ্ব সাদাসিখে গোছের মৃক চাহনি।

মণিকান্ত রান্তা পার হবে আবার।

"আছে। আবার দেখা হবে'' বলে ছ'হাত জোড় করলে। তারপর ফুটপান্ত থেকে নেয়ে লম্বা লম্বা পা ফেলতে লাগল।

৩

রাত্তে ঘোষণা করলে মণিকান্ত—"অফিসের কাজে দিল্লী যাচ্ছি এবার।" দিদিমা জিজ্ঞাদা করলেন, "কতদিন থাকবি তুই দেখানে ?" মাণাটা একটু চুলকে নিয়ে মণিকান্ত বললে, "তা' এক মাসও হতে পারে, ছ্'মাসও হতে পারে।''

পরেশবাবু বললেন, "ছেড়ে দিয়ে আয় চাকরি। কাল থেকে আমার সঙ্গে বেরুবি। তথনই বলেছিলাম—আমাদের বাড়ির ছেলের চাকরি-বাকরি করা পোষাবে না। ছকুম করলেই দিল্লী মকা ছুটতে হবে। ওসব হবে টবে না। তিন পুরুষ ব্যবসা করে খাওয়া পরা জুটছে আমাদের। তোরও ছ'বেলা ছ'মুঠো জুটবে—ব্যস।"

ছোট মামা মণিকান্তর চেয়ে বছর ছ্যেকের ছোট। কলেজ ছেড়ে কারবারে ছুকেছে। বিয়ে হয়েছে মাত্র এক বছর। বেলা বারটার আগে শয়ন গৃহ ত্যাগ করে না। জরি পাড় ধূতি পরে সব সময়। তিনি টিপ্লনী কাটলেন—"যাও বংস. যাও। দিল্লী, লগুন, পিকিং, মঙ্কো যেখানে খূশি যাও। চলে যাও একেবারে এক্সিমোদের দেশে। কিন্তু দিদিমাটিকে তোমার সঙ্গে নিয়ে বেও। নয়ত —আমরা কেউ টিকতে পারব না বাড়িতে।"

দিদিমা বঙ্গলেন—"যাব বললেই তো আর যাওয়া হয় না কোথাও। না হয়
যাবি দিল্লী। আমিও যাব তোর সঙ্গে। হরিদার, বৃন্দাবন, অযোধ্যা সব খুরে
আসব। আগে বিয়ে-থা চুকে যাক তোর। আমিও এধারে সব শুছিয়ে নি।"

মণিকান্ত বুঝলে এখানে বাক্য ব্যয় করা অনর্থক। রাত সাড়ে দশটার
সময় সে বড় মামার ঘরের দরজা নিঃশকে ঠেলে ভেতরে চুকল।

চারিদিকের দেওয়ালে বই-ঠাসা আলমারি। মেহগনি কাঠের ভারি টেবিল চেয়ার। ওপাশে একখানি ছোট্ট মাটিতে ঠেকানো চৌকি। তার ওপর কম্বল ঢাকা পাতলা বিছানা। প্রায় অপ্তপ্রহর এই ঘরেই থাকেন স্থরেশবাবৃ। স্ত্রী মারা যাবার পর বড় একটা বার হন না ঘর থেকে। বইয়ের মধ্যে ডুবে আছেন। আগে নিজে ব্যবসা দেখতেন। এখন কোনও সম্পর্ক রাখেন না কিছুর সঙ্গে। ছুই মেয়ের বিয়ে হয়ে গেছে। ভায়েদের ওপর সব ছেড়ে দিরে এখন নিশ্বিস্ত আছেন। একখানি পাঁচ সেরি বইরের খোলা পাতার ওপর ঝুঁকে বসেছিলেন।
টেবিল ল্যাম্পটার আলাে পড়েছে বই-এর পাতার ওপর। সারা ঘরখানি
পাতলা অন্ধকারে ডুবে আছে। ধ্যানে ময় থাকবার উপযুক্ত স্থান। মণিকান্ত
চেয়ারের পিছনে গিয়ে একটু কাশল। বই থেকে নজর না সরিয়ে বললেন
স্থরেশবাবু, "আয়—বােস ঐ চেয়ারে।"

मिनिष्ठे जित्नक পরে মুখ তুলে বললেন, "দে এবার আলোটা জেলে।"

উঠে গিয়ে স্থইচ টিপে দিলে মণিকান্ত। সবুজ নরম আলোয় **আরও** রহস্তমর হয়ে উঠল ঘরখানি। মণিকান্ত বললে, "একনার আমাকে **দিল্লী** যেতে হবে অফিসের কাজে।"

খুব খুশি হয়ে উঠলেন স্থরেশবাবু। "বেশ বেশ, তাহলে এবার ওরা তোর ওপর বড় বড় কাজের ভার দিছে।" তারপর অল্প একটু উপদেশ দিলেন— সংপথে থাকলে, পরিশ্রম করলে উর্লিত হবেই, তা'যে কাজই কর না কেন। ভাঁর বলা শেষ হলে মণিকান্ত বললে, "কিন্ত দিদিমা—"

এবার হ্রনেশবাবু বুঝলেন ব্যাপারটা। হো-হো করে হেনে উঠলেন।

"মা তোর সঙ্গে থেতে চায় তো! আমার প্রথমবার বিলেত যাবার সময়ও ঐ রকম গোলমাল বাধিয়েছিল মা। শেনে কোনও রকমে সে হালামা থামান বাবা।"

ছু' মিনিট কি চিম্ব। করে বললেন, "আছে। খুমোগে যা' ভূই আজ। একটা ব্যবস্থা করছি আমি। করে তোকে যেতে হচ্ছে ?"

মণিকান্ত বললে, "এই সপ্তাহের শেষেই।"

সেই রাত্রেই চিঠি লিখলেন স্থরেশবাবু মেয়ে জামাইকে। জামাই প্রক্ষেসর লক্ষ্ণৌ কলেজে। এখন কলেজ বন্ধ। স্থরেশবাবু লিখলেন, ওরা যেন পত্ত পাঠ দিল্লী চলে যায়। সেখানে বহু লোকের সঙ্গে পরিচয় আছে জামায়ের। স্থতরাং কোন কট যেন না হয় তাঁর ভাগনের।

পরদিন হরেশবাবু ওঁদের খড়দার ঠাকুর বাড়িতে চলে গেলেন মাকে

নিয়ে। সেথানে গুরুদেবও বাস করেন। কাজেই মায়ের আপপ্তি হবে না জেনেই মণিকাস্তকে কথা দিয়েছিলেন তিনি। সাত দিন পরে ছোট মামা দিল্লী মেলে তুলে দিয়ে এল ভাগনেকে হাওড়ায় গিয়ে।

পনরো দিনের ভেতরেই ফিরে এস মণিকান্ত। ব্যাপার সাংঘাতিক।
মামাতো বোন শান্তিমুধা আর তার স্বামী দিল্লী গিয়ে এমন কাণ্ড করে বসেচে
যে, এক সঙ্গে তেরটি ভদ্রমহিলা তাকে জামাই করবার জক্মে হত্যে হয়ে
উঠেছিলন!

ছোট মামা টিপ্লনী কাটলে, "মাকাল ফল সবায়েরই লোভ হয় দেখে।
তার চেয়ে চলে যাও বাছা হাইল সেলাসির দেশে। তোমার রঙ দেখেই
তারা মুখ ফিরিয়ে নেবে। সেধানে শুধু আবলুস জিনিয়া বর্ণের কদর! নির্ভয়ে
ইনসিওর করাওগে তাদের ধরে ধরে।"

8

বড় মামা খড়দা পেকে ফিরে এলেন নতুন একথানা গাড়ি নিয়ে। ভাগনেকে ডেকে বললেন, "কাল থেকে এই গাড়িতে অফিস যাবি, বুঝলি।"

বুঝলে মণিকান্ত। না বুঝে উপায় কোথায়। কারণ ইনি হচ্ছেন বড়মামা এবং এটি তাঁর আদেশ।

গাড়িতে চড়ে যাওয়া আসা করার স্থুখ স্থবিধা আছে বটে কিন্তু কেমন যেন স্বস্তি পাওয়া যায় না। জানা শোনা সকলেই পায়ে হাঁটছে, বাসে দ্রামে যাছে। মণিকান্ত যেন আলাদা হয়ে গেল সবায়ের কাছ থেকে। ওর ক্লাবের বন্ধুবান্ধব, কলেজের সহপাঠি আর পাড়ার যায়া ওকে মণিকান্তদা বলে ভাকে, বিশেষতঃ পাড়ার বয়য় ভত্রলোকেরা, গাঁদের মণিকান্ত কাকা-জেঠা-মামা বলে ডেকে এসেছে এতদিন—সবাই দুরে সরে যাছে তার কাছ থেকে ঐ গাড়ি চড়ার ফলে। যাকে যেদিন দেখতে পায়, গাড়িতে তুলে নেবার চেটা করে, স্মান্থন, আন্থন কাকা, এক সলে যাই। পৌছে দিয়ে যাই আপনাকে।" এড়িয়ে যাবার চেটা করেন অনেকেই। কড়লোকের ভাগনে, নিজে অভ বড়

চাকরি করে। বলছে বলেই কি পাশে উঠে বসা যায় নাকি। আরও অম্বত্তি লাগে মণিকাস্তর। কিছুতেই সে ব্রতে চায় না যে অন্ত সকলের সঙ্গে কোথাও প্রতেদ আছে তার।

মাঝে মাঝে মনে পড়ে যায় সেই মেয়েটির কথা। এর মধ্যে কতবার কতজনে হয়ত তার পা মাড়িয়ে দিয়েছে বাসে। মনে পড়ে যায় সেই চোঝ ছ'টি। মন্ত বড় চুলের নোঝামুদ্ধ ছোট মাথাটি আছড়ে পড়েছিল তার বুকে। তথন নিমেষের জন্তে সে তাকিয়েছিল তার মুখের দিকে। গাড়িয় ভেতর বসে নিজে চোথ বুঁজে সেই মুখথানি আর চোথ ছ'টি দেখতে থাকে সে। বেশ স্পষ্ট দেখতে পায় চোথ বুঁজেলেই। ভারি রোগা মেয়েটি আর কি অস্চায়। এই বয়সেই চাকরি করতে নেমেছে। কি যেন নামটা বলেছিল তার ব্যাক্ষের ?

ইরাবতী ব্যাহ্ব। মনে ননে হাসলে মণিকান্ত—ও ব্যাহ্ব ছ'দিন পরেই পটল ভুলবে ঠিক। কিন্তু তারপর করবে কি ও! সত্যই যদি ওর চাকরিটি যায় তথন! তথনকার ভাবনায় মহা অখান্তিতে পড়ে গেল মণিকান্ত।

একবার যদি দেখা হয়ে যায় রাস্তায় কোথাও। তাহলে অমুরোধ করবে তাকে গাড়িতে উঠতে মণিকান্ত। যদি না রাখে অমুরোধ, যদি অমু কিছু মনে করে।

আদা যাওয়ার সময় রাস্তার ছু'ধারে নজর রাখে মণিকাস্ত। শেবে ঠিক করলে যাবে সে একদিন ওদের ব্যাক্ষে। অস্তত তার জ্ঞানা দরকার যে কি অবস্থায় আছে সে। যে কোনও দিন চলে যেতে পারে চাকরিটুকু।

মণিকাস্তর মাথায় আর একটি চিস্তার উদয় হোল। একবার জেনারেল ম্যানেজার আয়ারকে বলে দেখলে হয় না, কোথাও একটা মেয়েকে নেওয়া যায় কি না। যদি সে টেনো হয়, তবে নিশ্চয়ই তার একটা চাকরি করে দিতে পারবে মণিকাস্ত নিজের অফিসে।

এই ভাবে কোটে গেল আরও একমাস। রান্তার কোণাও দেখা মিলল না ভার। ইরাবতী ব্যাঙ্কে যাবার সময় করে উঠতে পারলে না মণিকান্ত। বিম্ বিম্ করে বৃষ্টি আরম্ভ হরেছে বেলা তিনটে থেকে। সাড়ে পাঁচটায় অফিস থেকে বেরুল মণিকাস্ত। শমুক গতিতে গাড়ির মিছিল চলেছে। ভালহাউসির কোণে পুলিশ দাঁড়িয়ে আছে হাত উচিয়ে। গাড়ির মিছিল শুরু।

বাইরের দিকে চেয়েছিল মণিকাস্ত। ভাবছিল ভিজে বাড়ি ফিরতে কি
মজা। এই রকম হঠাৎ বৃষ্টিতে ভিজে বাড়ি ফিরে কতবার দিদিমার কাছে বকুনি খেরেছে! আজ আর সে উপায় নেই। কাঁচের খাঁচার মধ্যে বসে বাড়ি ফিরতে আজকের মত দিনে তার ভাল লাগছিল না।

হঠাৎ নজরে পডে গেল।

বাঁ দিকের কুটপাথের ওপর দিয়ে পা ঘবে ঘবে চলেছে ছোট ছাতাটি
মাধায় দিয়ে। ওখানে মাকুষের মিছিল, পা ঘবে ঘবে না গিয়ে উপায় নেই।
টুক করে নেমে পড়ল গাড়ির দরজা খুলে। ডাইভারকে বললে, সামনে এগিয়ে
রাখতে গাড়ি। তিন লাফে পোঁছে গেল ফুটপাথের ওপর তার পাশে।

"এই যে, নমস্কার।"

মুখ ফিরিয়ে দেখলে মেয়েটি, কোনও জবাব দিলে না ৷

"চিনতে পারছেন না বোধ হয়, সেই যে সেদিন বাসে-"

অতি সংক্ষিপ্ত উত্তর এল, "পারছি চিনতে, কি বলছেন বলুন।"

গলার আওয়াজে আর কথার ধরনে ভ্যাবাচাকা থেয়ে গেল মণিকান্ত।

"না এমন কিছু নয়। আপনাকে দেখতে পেলাম তাই। চলুন না. পৌছে দিচ্ছি—গাড়ি আছে আমার সঙ্গে।"

"দরকার নেই", এবার অন্ত দিকে চেয়ে উত্তর দিলে মেয়েটি।

মণিকান্তর জিব আটকে যেতে লাগল তোতলার মত। কোনও রকমে বললে, "একটু কথাও ছিল আপনার সঙ্গে আপনার অফিস সম্বন্ধে।"

টপ করে খুরে দাঁড়ালো মেরেটি, ক্টিন দৃষ্টি তার চোখে। বললে— "বনুন"। "এখানে—এই রাস্তার মাঝখানে।"

"আমার শোনার দরকার নেই কোনও কথা", বলেই আবার পা চালালে।

মুখের ওপর যেন চাবুক পডল মণিকান্তর। বৃষ্টি পড়তে লাগল মাথার গায়ে। পা নাড়াবার সামর্থ রইল না তার। অভূত মুখ করে দাঁড়িয়ে রইল সেইখানেই।

শেলিন বাডিম্বন্ধ স্বাই তয়ানক আশ্চর্য হয়ে গেল। মণিকান্তর মাথা পরেছে। সাতাস বছর বয়সে এই জীবনের প্রথম মাথা ধরা। দিদিমা মাথার চুলে আঙ্গুল চালাতে লাগলেন। ছোটমামা সন্ধার পর কোপাও বেরুল না। চুপ করে বসে রইল ওর বিছানার ওপর একথানা বই হাতে করে। মেজমামার বড় ছেলের ম্যাজিক শেখা হোল না সোদন বড়দার কাছে। সে পায়ের কাছে বসে আঙ্গুল টানতে লাগল। পরেশবাবু বাড়ি ফিরে আগুন হয়ে উঠলেন, "যেতে হবে না কাল থেকে অফিসে, ওরা কি এচটুকু পদার্থ পাকতে ছেড়ে দেয় নাকি অফিস থেকে। এবার বেরুবি তুই আমার সঙ্গো। খবরদার বদি আর মুখে আনবি ওই চাকরির কথা।" বড়মামা একটুকরা কাগজে লিখে পাঠালেন নিজের ঘর থেকে—"মন হাল্বা করে ফেল্লে মাথা ধরা থাকে না।"

কেউ জানতে পারলে ন। যে, গভীর রাত্রে স্থরেশবাবু ডেকে পাঠিয়েছিলেন তাঁর প্রনো ডাইভার মঙ্গল সিংকে। যে চুপি চুপি বড়বাবুর ঘরে জানিষে এল যে, খোকাবাবু অফিস পেকে বেরোন খোশমেজাজে। ডালছাউসির মোড়ে হঠাৎ গাড়ি থেকে নেমে ছুটে দাঁড়াল ছাতা মাধায় একটি মেয়ের পাশে। মঙ্গল সিং গাড়ি নিয়ে সামনে এগিয়ে দাঁড়িয়েছিল। পাঁচ সাত মিনিট পরে খোকাবাবু আবার যথন এসে গাড়িতে উঠলেন, তখন তাঁর মুখের অবস্থা দেখে সে ভর পেরে গিয়েছিল। এক বিন্দু রক্ত ছিল না খোকাবাবুর মুখে।

আরও বেশী করে ঘটক-ঘটকীর আসা যাওয়া শুরু হোল বাড়িতে।

দিন পনরো পরে বেলা একটার সময় হঠাৎ চমকে উঠল মণিকান্ত সংবাদ শুনে। ইরাবতী ব্যান্ধ দরজা বন্ধ করেছে।

জেনারেল ম্যানেজার মিঃ আয়ারৈর সঙ্গে ছুপুরে কফি খেতে বসল মণিকান্ত। আয়ার জানতেন যে তার এই সহকর্মীটি অনর্থক সেধে আসেননি তাঁর ঘরে কফি থেতে। অফিসে মণিকান্ত হচ্ছে মিষ্টার প্রবীর চৌধুরী— অর্থনীতির সর্বশেষ পরীক্ষাগুলিতে সমন্মানে উত্তীর্ণ ভয়ানক মূল্যবাদ অফিসার ইনসিওরেজ কোম্পানীর। বুথা নই করবার মত এক মিনিট সময় নেই চৌধুরী সাহেবের। একবারের জন্মেও বেরোয় না নিজের ঘর ছেড়ে। একটির বেশী ছু'টি বাক্য ব্যয় করে না কারুর সঙ্গে। বৃদ্ধ আয়ার প্রস্তুত হলেন চৌধুরীর কাছ থেকে কিছু শুনতে।

কফি শেষ করে মণিকান্ত বললে, "একটি মেয়ে কর্মচারী আর বাড়ান যায় মি: আয়ার আমাদের অফিসে।"

"ও নিশ্চরই নিশ্চরই। খালি তো ররেছে তিনটে জারগা। না হয় মেয়ে দিয়েই ভতি করে নেওয়া যাকৃ।"

"ইরাবতী ব্যাঙ্ক ফেল করল শুনলেন বোধ হয়।"

আয়ার চুপ করে ওর মুখের দিকে চেয়ে চুরুট টানতে লাগলেন। তথন
মণিকাস্ত বললে যে তার প্রস্তাব হচ্ছে ওখানকার একটি মেয়েকে নেওয়া হোক
এখানে। মেয়েটি সত্যই কাজের লোক আর বিশেষ প্রয়োজন তার একটি
চাকরি হওয়ার।

আয়ার ফোন তুললেন কানে। ফোনে বললেন তাঁর অন্ত এক অফিসারকে
—ইরাবতী ব্যাক্ষে তথনই থোজ করতে। কতজন মহিলা কর্মচারী ছিল ওদের
ওখানে। তারা এসে দেখা করুক এখানে। তিনজনকে নিতে হবে এই
অফিসে। ফোন রেখে জিজ্ঞাসা করলেন মণিকাস্তকে—"তোমার কেওিডেটের
নাম কি চৌধুরী ?"

''তা তো জানি না।'

আয়ার বললেন, ''হাউ ট্রেঞ্জ (কি আশ্চর্য)। আছে। দরখান্ত করুক তারা। তুমি লাহিড়ীর কাছ থেকে দরখান্তগুলো নিয়ে বেছে দিও কাকে কাকে নিতে হবে। আমি লাহিড়ীকে সেই রকম বলে দোব।''

মাত্র ছ'জন মহিলা কর্মচারী ছিলেন ইরাবতী ব্যাঙ্কে। ছ'জনেরই কাজ হয়ে গেল সাত দিনের মধ্যে। তাঁদের কাউকে থেতে হোল না চৌধুরী সাহেবের সামনে। লাহিড়ীই নিযুক্ত করে নিলেন কাজে। চৌধুরী সাহেব ফোনে আয়ারকে আন্তরিক ধ্রুবাদ জানালেন।

আয়ার, লাহিড়ী এবং আরও ছ'-একজন জাঁদরেল লোক অনেক কিছু আশা করেছিলেন। কিছুই ঘটল না। একটি দিনের জন্তেও নৃতন মহিলা কর্মচারী ছ'জনের কাউকেই ডেকে পাঠালেন না চৌধুরী সাহেব। ওঁরা ছ'জনেও জানতে পারলেন না কার জন্তে চাকরি হোল এ অফিসে। চোথে তো দেখতেই পেলন না চৌধুরী সাহেবকে। কেউই সহজে পায় না তা'—একমাত্র তাঁর চাপরাসীরা ছাড়া। নিঃশব্দে তারা কাগজ, বই, খাতা নিয়ে যায় নিয়ে আসে চৌধুরী সাহেবের ঘর থেকে। নিঃশব্দে কাজ করে ঘরের ভেতর বসে। ঘরের ভেতর একজন আছে তা' টেরও পায় না কেউ। কিন্তু সকলেই জানে এই ঘরের ভেতর ইনসিওরেল কোল্পানীর সব চেয়ে জটিল কাজগুলো হচ্ছে একটি মাত্র লোকের ঘারা। লোকটির অশেষ সন্মান অফিসে।

একদিন দেখা হয়ে গেল। অফিসারদের লিফট্ খারাপ। সবাই ভিড় করে শাঁড়িয়েছে একটা লিফটের সামনে। লিফট্ ওপরে গেছে। মৃত্ব গুঞ্জন উঠেছে সেখানে। হঠাৎ সব নিস্তব্ধ হয়ে গেল। সকলে সমন্ত্রমে পথ ছেড়ে দিলে তটস্থ হয়ে। লম্বা পা ফেলে এগিয়ে এলেন চৌধুরী সাছেব। স্থ'-পালে সকলের দিকে চেয়ে হাসি মুখে মাধা নাড়লেন। লিফট্ নেমে এল নিচে। দরজা খুলে দিয়ে অনেকটা নিচু হয়ে সেলাম করলে লিফট্ ড্রাইভার। ভেতরে বেতে যেতে বললেন চৌধুরী সাহেব, "আহ্বন কয়েকজন।" মাত্র জনতিনেক ভারিকী চালের বডবাবু গিয়ে উঠলেন তাঁর সঙ্গে। লিফট্ ওপরে চলে গেল।

পাঁচ সাতজন মহিলা দাঁড়িয়েছিলেন এক ধারে। ওঁদের মধ্যে একজন বললেন, 'ইনিই মিঃ প্রবীর চৌধুরী।' ছিপছিপে গড়নের যে মেয়েটি দাঁড়িয়েছিল সকলের পেছনে, তার তেতরটা কেঁপে উঠল। নিচেকার ঠোঁট কামড়ে ধরল গে। অনর্থক ছুই কান লাল হয়ে উঠল। ততক্ষণে চৌধুরী সাহেবের গুণগান শুরু হয়ে গেছে সকলের মধ্যে। অমন লোক নাকি মেলে না সহজে। বিপদে পড়ে যদি কেউ গিয়ে সাহস করে দাঁডাতে পারে সামনে তাহলেই হোল। নিজের কাজ ফেলে রেখে তৎক্ষণাৎ ছোটাছুটি করতে থাকবেন তার সঙ্গে। জেনারেল ম্যানেজার পর্যন্ত গুঁর কণায় ওঠেন বসেন। কিছু সহজে কেউ ঘেঁষতে পারে না কাছে। জেনারেল ম্যানেজার জানতে পারলে আর রক্ষেনেই তার। কড়া হকুম কেউ যেন না বিরক্ত করে চৌধুরী সাহেবকে।

আরও অনেক কথাই ছোল। ইরাবতী ব্যাঙ্কের অরুণা দাশগুপ্তা এক পাশে দাঁড়িয়ে সব শুনলে। নতুন চাকরি হয়েছে তার এই অফিসে। আজ সে ভাল করে জানতে পারলে, কি করে তার চাকরি হোল এখানে। আজ-কালকার দিনে সেখে ডেকে এনে চাকরি দেওয়ার রহস্টি পরিষার হয়ে গেল।

বিখ্যাত ফুটো পরসার লড়াই লাগলো সহরে। বালবের ভেতর নানা জাতের এসিড ভতি করে ছোড়া হতে লাগল বাসের গায়ে। একান্ত নিরাসক্ত ভাবে নিবিচারে ছোড়া হতে লাগল নেপথ্যে দাঁড়িরে। পেটের ছারে বারা বাসে উঠে অফিস যাওয়া আসা কর্রছিলেন, তাঁদের অনেকে চকে

গেলেন হাসপাতালে সর্বাঙ্গ পোড়া হয়ে। দেখা গেল মেয়েদের ওপরেই এসিড ভতি বালব ছোড়ার ঝোঁকটা বেশী। বাধ্য হয়ে মেয়েরা কামাই করতে লাগল।

নতুন চাকরি অরুণার। প্রাণের মায়া ত্যাগ করে সে যাওয়া আসা করে অফিসে। হঠাৎ একদিন চৌধুরী সাহেবের চাপরাসী উপস্থিত তার টেবিলে। সাহেব সেলাম দিয়েছেন।

উঠল অরুণা চেয়ার ছেডে। বুকের ভেতর হাতুড়ির **যা পডতে লাগল।**দরজাটা একটু ফাঁক করে ধরে চাপরাগী সরে দাঁডালো একপাশে। একটু
ইতস্ততঃ করে ঢুকল অরুণা ঘরে।

বেশ বড় ঘর। একেবারে ওধারের কোণায় মন্ত বড কাচ চাকা টেবিকে ঘাড গুঁজে কাজ করছেন। দরজার কাছেই পমকে দাঁড়ালো অরুণা। বেশ ঝাঁজালো কণ্ঠে প্রশ্ন হোল, "আপনার কি প্রাণের মায়াও নেই। এপনও রোজ আসছেন যে অফিসে।"

অরণা চুপ। আরও তেতে উঠলেন চৌধুরী সাহেব। "কি ভেবেছেন আপনি! একটা বিপদ না ঘটিয়ে ছাড়বেন না কিছুতেই।" অরুণা চুপ।

গলা আরও চড়ল, "এমন ভয়ানক লোক আমি জীবনে দেখিনি একটি। যে করে হোক লোককে জ্বালিয়ে আমোদ পান—না ? যান—গবরদার বলছি আর আসবেন না অফিসে গোলমাল না থামলে। ফের যদি জ্বালান এভাবে, ভাল হবে না বলছি।" মাথা হেঁট করে আরও কয়েক সেকেণ্ড দাঁড়িয়ে রইল অরুণা। তারপর পেছন ফিরে পা বাড়ালে।

আবার কানে এল, "গুমুন, আমার ড্রাইভারকে বলে দিছি আপনাকে বাড়ি পৌছে দিয়ে আসবে তিনটের সময়। তখন গোলমালটা একটু কম থাকে। যান।"

ভিনটের সময় চৌধুরী সাহেবের চাপরাসী এসে তাকে ভেকে নিয়ে গিছে গাড়িতে ভূলে দিলে। বাড়ির ঠিকানা বলে দিয়ে চোখ বুঁজে বসে রইল অরুণা এক কোণে। তার ত্ব'চোখের কোণ বেয়ে বড় বড় জ্বলের কোঁটা গড়িয়ে নামতে লাগল। অনর্থক অঞ্চ। অরুণা দাশগুপ্তার চোখের জল ত্বংখের না আনন্দের তা' সে নিজেই বুঝতে পারলে না।

সেদিন অনেক রাত্রে মঙ্গল সিং বড়বাবুর ঘরে গিয়ে জানিয়ে এল যে, কার্তিক বস্থ লেনের এত নম্বর বাড়িতে একটি মেয়েকে নামিয়ে দিয়ে এসেছে বেলা তিনটের সময় মণিবাবুর হকুমে। গাড়িতে বসে মেয়েটি কাঁদছিলো।

তিনদিন পরে ঘটক যত্ব আচার্য এদে জানালেন কার্তিক বস্থ লেনের দেই নম্বরের বাড়িতে থাকেন ডাক্টার নিকৃপ্ধবিহারী দাশগুপ্ত। ডাক্টারের মেয়ে ইনিসিওরেন্স অফিসে চাকরি করে। নিকৃপ্ধ ডাক্টার সিলেটের লোক। জন্তলোক মহা বিপদগ্রস্ত হয়ে পড়েছেন কলকাতায় এসে। এখানে কিছুই করতে পারছেন না। বাধ্য হয়ে মেয়েকে চাকরি করতে পাঠিয়েছেন। নিজের ছঃখের কাহিনী বলতে বলতে কেঁদেই ফেলেছিলেন যত্ব আচায্যির সামনে। মেয়েকে চাকরি করতে দিয়ে এতদ্র ভেঙে পড়েছেন য়ে, বেশী দিন বোধ হয় আর বাঁচবেনও না।

স্থরে শবাবু দেখলেন নিকুঞ্জ ডাক্তারের মেয়ের অফিদের নাম আর জাঁর ভাগনের অফিদের নাম এক।

স্বরেশবাবু মায়ের সজে পরামর্শ করলেন। এ সম্বন্ধ হতে পারে।
সিলেটের ওধারে কায়স্থ বৈতে সম্বন্ধ হয়। কিন্তু মেয়ে চাকরি ছাড়লে
ভাক্তারের চলবে কেমন করে? মেজ ভাই পরেশের সঙ্গে পরামর্শ করা
দরকার।

পরেশবাবু বললেন, "আগে মেয়ে দেখ তোমরা। শিলচরে অনেকগুলো চা বাগান আছে দন্তদের। বিভূতি দন্তকে বলে সেই চা বাগানের ডাক্তার করে দেওয়া যাবে মেয়ের বাপকে। মা বললেন, "না হয় নাই বা হোল তার মেয়ের সঙ্গে মণির সম্বন্ধ। তবু কাজ একটা করে দেনা সেই ডাব্রুর বাবুর। ভদ্রলোক এত বড় বিপদে পড়েছেন।"

মায়ের কথার ওপর তো আর কথা নেই। পরেশবাবু বললেন, "আচ্ছা বেশ কালই বলব বিভৃতির সঙ্গে দেখা করে।"

20

সুটো প্রসার লড়াই থেমে গেল। কোনও প্লেরই এতটুকু ক্ষতি বৃদ্ধি হোল না। মাত্র কলকাতার হাসপাতালগুলোতে অনেকগুলি সর্বাঙ্গ দক্ষ মেরে-পুরুষ দারুণ যন্ত্রণায় কাতরাতে লাগল। তাতে কি যায় আসে, কারণ এরা কোনও পক্লেরই লোক নয়। হতভাগা ভৃতীয় পক্ষ এরা। পেটের দায়ে পথে বেরিয়েছিল লড়ায়ের সময়। তার ফল পেয়েছে হাতে হাতে। স্ক্রোং ওদের জন্তে মাথা ঘানিয়ে কোনও লাভ নেই।

22

অরুণা আবার অফিসে আগতে লাগল। দিন ছুরেকের ভেতরেই বেশ ব্যতে পারলে হঠাৎ তার দাম অনেক নেডে গেছে অফিসে। থাতির করে কথা বলছে সকলেই। জেনারেল ম্যানেজার স্বরং একদিন তলব দিলেন। ছু'চারটি প্রশ্ন করলেন কাজ সম্বন্ধে। বললেন, "বেশ মন দিয়ে কাজকর্ম কর। তোমাকে এবার বড় কাজের ভার দেওয়া হচ্ছে। চমৎকার মেরে তুমি। আই উইস্ইউ ওড লাক।" (তোমার সৌভাগ্য কামনা করি)।

সহজ্ঞে কথনও যা' হয় না, এ অফিসে তাই হোল। মাত্র কয়েক মাস চাকরি করে অরুণার একেবারে পঞ্চাশ টাক। মাইনে বেড়ে গেল। মানে একটি বেশ বড় রকম ঢিল পড়ল ভিমরুলের চাকে।

একটি লোক এত সব ব্যাপারের কিছুই টের পেলে না। পরম নির্বিকার চিত্তে ঘরের ভেতরে বসে কান্ধ করে যেতে লাগল। জেনারেল ম্যানেলার আর অস্তান্ত উচ্চপদস্থ অফিসাররা তাঁকে সম্ভষ্ট করবার জন্তেই যে এমন একটি কাজ করলেন, তা' সে জানতেও পারলে না। অরুণাকে ঘরে ডেকে এনে চেঁচামেচি করে নিজের গাড়িতে বাড়ি পাঠান কর্মটি ডালপালা বিস্তার করে কত বড় মহীরুহে পরিণত হয়েছে, দে খবর তার ঘরের ভেতর পোঁছালই না।

বেচারী অরুণা পড়ে গেল মহা ফাঁপরে। অনেকেই এসে আরম্ভ করলে তার তোষামোদ করতে। চৌধুরী সাহেবকে বলে এটা করে দাও, ওটা করে দাও। আর একদল গজরাতে লাগল, কোন্ আইনে তাদের ডিঙিয়ে একজনের মাইনে বেড়ে যাবে একোরে পঞ্চাশ টাকা। বাইশ বছরের চাকরি ভবতোষ বাবুর। তিনি বহু চেষ্টায় তাঁর জামাই রজত রায়কে চুকিয়েছিলেন অফিসে। হাজার দেড়েক টাকার ক্যাশ এধার-ওধার করে ছোকরা সাসপেগু হয়েছিল, হয়ত জেলও হয়ে যাবে। প্রোচ ভবতোষ বাবু তাঁর মেয়েকে সঙ্গেনিয়ে উঠলেন গিয়ে কাতিক বয়্ধ লেনের নিকৃষ্ণ ডাক্তারের বাড়িতে। ডাক্তারের সামনেই অরুণার ছ'হাত ধরে হাউমাউ করে কেঁদে উঠলেন। বাঁচাতে হবে তাঁর জামাইকে।

"দেখ মা—তুমি একবার মৃথ তুলে দেখ। আমার মেয়ে তোমার চেয়ে বেশী বড় হবে না। যদি জামায়ের জেল হয় তাহলে এই মেয়ে কি আমার বাঁচবে।"

নিকৃপ্ত ডাজার শুন্তিত হয়ে গেলেন। এর মধ্যে কি এমন ক্ষমতা পেলে
অরণা যে একজনের জেল পর্যন্ত বাঁচাতে পারে। রাগে ছঃখে কোভে অপমানে
অরণা কাঠ হয়ে বসে রইল। কোনও রকমে তাড়াতাড়ি ভবতোষ বাবৃকে
বিদেয় করলে। এসব কথা বাবার কানে গেলে কি আর রক্ষে আছে। মিথ্যা
স্তিয় যাচাই করতেও যাবেন না তিনি। মেয়ে একজন অফিসারকে হাতের
মুঠোয় পুরেছে, তার অর্থ যে কি সেইটুকু বুঝে নিয়ে সোজা গলায় দড়ি দিবেন।
অরণা ঠিক করলে—কাল একবার যে করেই হোক দেখা করবে প্রবীর
চৌধুরীর সঙ্গে। তারপর দেবে চাকরি ছেড়ে। না হয় না খেয়ে মরবে

ৰাপ মা ভাইবোন নিম্নে—তবু তার বাপ-মা তার জন্মে অপমানে আছহত্যা তো করবেন না।

25

কোমরে আঁচলটা শব্দ করে ওঁজে অরুণা গিয়ে দাঁড়ালো চৌধুরী সাহেবের ঘরেব সামনে। বুকের মধ্যে ধক্ ধক্ আওয়াজ তার কানে বাজতে লাগলো। চাপরাসী তটস্থ হয়ে দাঁড়িয়ে ঝুঁকে পড়ল সামনের দিকে। পর মুহুর্তেই দরজাটা একটু ফাঁক করে টুপ করে চুকে গেল ঘরের ভেতরে। সঙ্গে সঙ্গে ভেতর থেকে শোনা গেল, "ভেতরে আসুন।"

চাপরাসী বেরিয়ে এসে দরজা ঠেলে ধরলে। অরুণা পা দি**লে ঘরের** ভেতর।

"আরে এই যে! নমস্কার—নমস্কার। বস্থন ঐ চেয়ারটায়। বলুন কি করতে পারি আপনার জন্মে।" একেবারে ভদ্রতার অবভার! কিন্তু অসভ্যের মত অত চেঁচিয়ে কথা বলছে কেন ? রাগে সর্বশরীর জলে গেল অরুণার। কি বেহায়া—এত লোকে এত কথা বলাবলি করছে, একটুকু যদি গায়ে লাগে লোকটার। মোটা মাইনে পায়, সকলের মাথার ওপর বসে আছে—লোকের বলাবলিতে ওর কি যায় আসে।

व्यक्रगा वमन न।। (ह्यादात भिर्व भरत माँ फिर्य तहेन।

"বহন বহন—দাঁড়িরে রইলেন যে।" এবার আরও চেঁচিরে। এটা যে অফিস তাও ভূলে গেল নাকি! ছটো চাপড় মারলেন ঘণ্টার চৌধুরী সাহেব। চাপরাসী মুথ বাড়ালে দরজা দিয়ে। তৎকণাৎ হকুম হয়ে গেল "ছটো কোল্ড ডিক।" অরণা দেখলে বিপদ আরও বাড়ছে। তাড়াভাড়ি বললে, "একটু কথা ছিল।" একেবারে উচ্ছ্ব্দিত হয়ে উঠল চৌধুরী সাহেবের গলা, "নিশ্চরই নিশ্চরই। বসে পড়ুন না ঐ চেরারটার, একটা ঠাঙা কিছু খেতে খেতে কথা বলুন। শুনি কি বলতে এসেছেন।" এবার অফিসহছ লোক শুনিরে ছাড়বে নিশ্চর। অরণা বুবলে আর এক মুহুর্ড দাঁড়ানো নিরাপদ নর। বলুলে,

"এখানে বলা যায় না সে কথা।'' তৎক্ষণাৎ চৌধুরী সাহেব চেয়ার ঠেলে উঠে দাঁভালেন।

"সেই ভাল কথা। বেশ বলেছেন। চলুন বেরিয়ে পড়া যাক। কোন্
ডিপার্টমেন্ট আপনার যেন ?" বলেই ফোনে ছাত দিলেন।

"হালো—মি: সোমকে চাই। ইা, কে সোম! আমি বাইরে যাচছি। আর ভাল কথা—অরুণা দাশগুপ্তা যাচছেন আমার সঙ্গে। ঐ ডিপার্টমেণ্টে কথাটা বলে দিও। না:, তেমন খারাপ খবর কিছু নয়। তবে এখুনই যেতে হচ্ছে বাইরে।" কোন রেখে দিয়ে জামাটা টেনে নিয়ে কাঁধে কেলে বললেন, "চলুন।"

কান মাথা ঝাঁ ঝাঁ করছে তখন অরুণার। দেও মরিয়া হয়ে উঠল। যা' হবার তা'তো হয়েই গেল। এতক্ষণ অফিসস্থদ্ধ সবাই কি করছে তা'দে কল্পনায় দেখতে পেলে। চাকরি তো ছাড়তে হবেই। স্বতরাং একটা চরম বোঝাপাড়া আজ করতেই হবে লোকটির সঙ্গে।

মাথা তুলে একটা দীর্ঘ নিঃখাস চেপে সে বললে, "চলুন।"

20

গাড়িতে উঠে চৌধুরী বললে, "বলুন কোথায় যাওয়া যায়।" সজোরে ঝামটা দিয়ে উঠল অরুণা, "চুলোয়"। "তার মানে! সেটা কি একটা যাবার জায়গা নাকি!" ঘুরে বসল অরুণা, "বলুন তো কি হয়েছে আপনার?"

বিস্পারে ছাই চোধ বিস্ফারিত করে বললে মণিকান্ত, "কই! কিছুই হয়নি তো!"

দাঁতে দাঁত ঘবে বললে অরুণা, "তবে ? তবে এ রকম হিতাহিত জ্ঞান-শৃত্য হলেন কি করে ?" মুখ দিয়ে আর একটিও কথা বেরুল না মণিকান্তর। কি রকম যে হয়ে গেল সে। কোথায় উবে গেল তার উচ্ছ্বাস আনন্দ। চুপ করে চেয়ে রইল ওর মুখের দিকে। এক নিঃখাসে বলে গেল অরুণা, "ভদ্রলোক আপনি। মনে হর বেশ বড় ঘরের ছেলে। অতবড় চাকরি করছেন—এত লেখাপড়া শিখেছেন। কিছ এ রকম মতিভ্রম কেন আপনার ? আমার মত একটা নিঃসহায় ভিথিরীর পেছনে কেন লেগেছেন অমন করে! কে সেবেছিল আপনার অফিসে আমার চাকরি করে দিতে—কে বলেছিল ছ'মাসের মধ্যে আমার পঞ্চাশ টাকা মাইনে বাড়িয়ে দিতে! স্থনাম বদনামের পরোয়া আপনার না থাকতে পারে। কিছ এ সব জানতে পারলে আমার বাবা বিষ খাবেন—মা গলায় দড়ি দেবেন। আমরা গরীব, বাড়ি ঘর সমস্ত খুইয়ে এখানে এসেছি। আমি মেয়ে হয়ে জম্মেছি বলে বাবা উপোস করছিলেন তবু আমায় চাকরি করতে দিতে চাননি। বহু কত্তে তাঁকে রাজী করিয়ে আমি ছ'বেলা ছ' মুঠো দিতে পারছি মা ভাই বোনের মুখে। কি করেছি আমি আপনার ? আমার সর্বনাশ করবার জন্যে উঠে পড়ে লেগেছেন ? কালই আমি ছেড়ে দোব এ চাকরি—"

আর বলতে পারলে না অরুণা। কান্নায় তার গলা বন্ধ হেয়ে গেলে। গাড়ির অভ্য কোণে রক্তশৃত্য মূখে বদে রইল মণিকাস্ত।

ভালহাউদির কোণায় এদে মঙ্গল দিং জিজ্ঞাদা করলে, "কোথায় যেতে হবে ?"

तारिश्त जल मूर्छ अक्षणाहे छ्तूम कत्रल, "अकिरम किरत हल।"

আর একটিও কথা হোল না গাড়িতে। অরুণা নেমে গেল গাড়ি থেকে। মণিকান্ত নামলে না। ছই চোখ বুঁজে গাড়ির কোণায় বদে রইল সে। মুখে শুধু বললে, "বাড়ি চল এবার।"

98

মিনিট সাতেকের মধ্যে ওকে খুরে আসতে দেখে সবাই আশ্চর্ম হরে গেল। আনেকে এসে বিরে ধরলে। তবতোষবাবু হাঁপাতে হাঁপাতে এসে চুপি চুপি কিল্ঞানা করলেন, "বলেছ তো মা চৌধুরী সাহেবকে!" অরুণা চুপ করে রইল।

ভবতোব নিশ্চিত্ত হলেন। "আশীর্বাদ করি তুমি রাজরাজেশ্বরী হও মা"। আরও কি সব বিভবিভ করে বলতে বলতে তিনি সরে পডলেন।

জেনারেল ম্যানেজার আয়ার ডেকে পাঠালেন। "কি হোল চৌধুরীর ? কোথায় গেল সে ?"

যা' মুখে এল তাই বলে দিলে অরুণা, "হঠাৎ শরীর খারাপ বোধ করে নাড়ি চলে গেলেন।"

আয়ার চাইলেন চৌধুরীর বাড়ির নম্বর। ধরলেন ছোট মামা।

"আমি আয়ার, আফিস থেকে ফোন করছি। চৌধুরীর সংবাদ কি?"

আকাশ থেকে পড়ল ছোট মামা। বড় ভাইকে ডেকে দিলে ফোনে।

স্বেশবাবু বুঝলেন জেনারেল ম্যানেজার কথা বলছেন। তিনি বললেন,

"বোধ হয় মাথা ঘুরছে ওর।"

আয়ার বললেন, 'ছুটি নিতে বলুন ওকে কিছুদিন। যে বিশ্রী কাজ করতে হয় তাতে শরীর থারাপ হবেই। চৌধুরী একটু স্থন্থ হলে দয়। করে জানাবেন যে আমি ফোন করেছিলাম। কালই যেন সে ছুটির দর্থান্ত পাঠিয়ে দেয়।"

ফোন রেখে বিপ্রান্ত অবস্থায় বেরুলেন স্থরেশবাবৃ। বারান্দা থেকে নক্ষরে পড়ল মণিকান্তর গাড়ি চুকল গেটের ভেতর। গাড়ি থামতে নামল মণিকান্ত, টলতে টলতে উঠে এল ওপরে। স্থরেশবাবৃই এগিয়ে গিয়ে ওর হাত চেপে ধরলেন! টেনে নিয়ে গেলেন নিজের ঘরে।

দেড় ঘণ্টা পরে স্থরেশবাবুর ঘরের দরজায় কান পাতলে শোনা যেত, স্থূঁপিয়ে কাদতে কাদতে বলছে মণিকাস্ত, "শুধু শুধু—একেবারে শুধু শুধু স্থামাকে একটা নীচ হাংলা যা' তা' ভাবলে সে। ছিঃ-ছিঃ-ছিঃ-ছিঃ।''

স্বেশবাবু ওর মাধার কোঁকড়ান চুলের ভেতর হাত চালাতে চালাতে বললেন, "ভাবুক যা' খুশি, তাতে তোর কি ? ভাবলেই অমনি তুই নীচ ফ্লাংলা হয়ে গেলি নাকি! পাগল কোথাকার।"

ছেলে নেই স্থরেশবাবুর। আছে মণিকান্ত। নিজে পছন্দ মত তাকে মাহ্য করে তুলেছেন। ছনিয়ার সমন্ত লোক যদি একবাকে; বলে যে মণিকান্ত খারাপ, তিনি তা বিখাস করবেন না কিছুতেই। থাটি সোনায় কলছ ধরে কখনও! সেই রাত্রেই স্থরেশবাবুর মা ভবতারিণী দারুণ প্রতিক্তা করে বসলেন, "কি, এত বড় আস্পদ্দা—আমার মণিকে হেনন্তা করেছে সেই মেয়ে। খোকা ঐ মেয়েই আনতে হবে যে করে হোক। আমি আর কোনও কথা ভনতে চাই না।"

26

চৌধুরী সাহেব ছ'-মাস ছটি নিয়েছেন। অরুণা চাকরি ছাডেনি। ভবতোব এখনও জালাচ্ছেন তাকে। আর বেশী দিন জালাতে হবে না ভবতোষকে। অরুণা চাকরি ছেড়ে দেবে এবার। তার বাবা ডাব্রুর হয়ে যাছেন শিলচরের এক চা বাগানে। এত দিনে একটা হিল্লে হোল ওদের সংসারের। শিলচরে গিয়ে অরুণা কুল মাষ্টারি জুটিয়ে নেবে। যতদিত না ছোট ভাই ছ'টি মান্ত্র্য হচ্ছে, মাষ্টারি করবে সে। কিছু টাকা জমানো দরকার। বাবা আর কতদিন চাকরি করতে পারবেন।

কিন্ধ তবু যেন মনের মধ্যে কোপায় পচপচ করতে থাকে অরুণার। কাজ করতে করতে হঠাৎ তার হাতের আঙ্গুল থেমে যায়। চৌধুরী সাচেরের শরের সামনে দিয়ে যেতে আসতে বুকের ভেতরে একটা মোচড দিয়ে ওঠে। কে একজন পাঞ্জাবী এসেছেন নোম্বে অফিস থেকে ঐ যরে। তাডাভাড়ি পার হয়ে যায় ঐ যরের দরজা অরুণা। এক মাথা কোঁকড়া চুলক্ম গোল মুখ একটি তার চোথের সামনে ভেসে ওঠে। কি করুণ, কি অসহায় দেখিয়েছিল সেদিন সেই চোথ ছ'টি। থরথর করে কাঁপছিল পাতলা ঠোঁট ছ'খানি। যেন দম আটকে এসেছিল। অরুণার দিকে চেয়েছিল শৃষ্ক দৃষ্টিতে। জাের করে একটা নিঃখাস চেপে কেলে অরুণা। কি জানি এখন সে কোথায়। বড় লােক তাে—বােধ হয় হাওয়া খেতে চলে গেছে অনেক দুরে।

বাসে উঠে বসে অরুণাও অনেক দ্রে চলে যায়। সমুদ্রবেলায় তার পাশে ইটিতে ইটিতে অনেক দ্রে চলে যায় অরুণা। এক সময় কখন তার মোটা মোটা আঙ্গুলগুলো ছ'-হাতের মধ্যে নিয়ে খেলা করতে শুরু করে। সমূদ্রের হাওয়ায় ওর শাড়ির আঁচল উড়িয়ে নিয়ে তার গায়ে জড়িয়ে যায়। হঠাৎ গায়ে গায়ে ধাঝা লাগে ছ'জনের। অরুণা বলে, "দেখ আবার পা মাড়িয়ে দিও না যেন।" অমনি ভয় পেয়ে যায় বোকা লোকটি, "লাগেনি তো পায়ে, দেখি দেখি কোথায় লাগল।" নিচু হয়ে পা দেখতে যায়। খিল-খিল করে হেসে ওঠে অরুণা।

চীৎকার করে ওঠে বাদের কণ্ডাকটার—হাতিবাগান গ্রে ষ্ট্রাট।

চমক ভাঙে অরুণার। একটি দীর্ঘ্যান চেপে ফেলে নেমে পড়ে বাস থেকে।

29

জল থাবারের থালা সামনে দিয়ে মা বললেন, "কাল রবিবার, কাল বিকেলে তোকে দেখতে আসবে। কথাবার্তা এক রকম ঠিকই হয়ে গেছে। ছেলের দিদিমা একবার চোথের দেখা দেখে আশীর্বাদ করে যাবেন কাল। এত দিনে মা গুভচণ্ডী মুখ তুলে চাইলেন—তোকে উপযুক্ত ছেলের হাতে তুলে দিয়ে আমরা নিশ্চিম্ব হয়ে শিলচর চলে যাব!"

কোনও রকমে অরুণার মুখ দিয়ে বেরুল, "তার মানে ? আগে আমার বলনি কেন তোমরা এই সমস্ত কথা—''

মা বিরক্ত হয়ে জবাব দিলেন, "আগে থাকতে তোকে শুনিয়ে কি লাভ হোত। কতা সব ঠিক ঠাক করে ফেলেছেন, এবার তো তুই জানতেই পারবি।"

থালাখানা ঠেলে দিয়ে অরুণা উঠে চলে গেল এবং যা' কখনও করে না, তাই করলে সে। চটিজোড়া পায়ে গলিয়ে সোজা বাড়ি থেকে বেরিয়ে গেল সন্ধার পর। ছ্'ঘণ্টা পাগলের মত রাস্তায় রাস্তায় খুরে বেড়ালে। কি ভয়ানক কথা—
এক মাস পার হোল না—একি ঘটতে বসেছে তার জীবনে! এই জয়্মই সে
অতবড় আঘাত দিয়েছিল প্রবীর চৌধুরীকে? আজ আর মা বাপের কাছে
কানাকড়ির দাম নেই তার? তার মতামত জানবারও কোন দরকার নেই।
হাত পা বেঁধে যেখানে খুশি, যার হাতে খুশি, ফেলে দিতে পারলেই হোল।
আপদ বিদেয় করে ওঁরা শিলচরে যাবেন নিশ্চিত্ম হয়ে। কি মিথ্যে অহঙ্কার নিয়ে
সে আঘাতের পর আঘাত দিয়েছে সেই নির্দোষ লোকটিকে। বার বার
বুকের ভেতর স্পষ্ট ফুটে উঠল সেই ছবিখানি, একখানি নির্দোষ নিস্পাপ মুখ!
এক মাধা কোঁকডা চুল, থরথর করে কাঁপছে পাতলা ঠোঁট ছ'পানি।

বাহুজ্ঞান শৃত্য হয়ে হাঁটছে অরুণা। পেছন থেকে পারু। প্রের তার চমক ভাঙল। এ কোণায় এল সে! এ রাস্তাটার নাম কি! এখন রাত ক'টা গ

পাশের দোকানের ঘড়িতে দেখলে রাত সাড়ে আটটা। দোকানের সাইন বার্ডে রান্তার নাম দেখে আবার একবার চমকে উঠল সে। এ তো সেই রান্তা। বহুবার শুনেছে এই রান্তায় চৌধুরী সাহেবের বাড়ি। মনে করবার চেটা করলে, কত নম্বর যেন চৌধুরী সাহেবের বাড়ির। মনে করতে পারেলেনা। সামনের দোকানদারকেই জিজ্ঞাসা করে বসল, "আছে। বলতে পারেন অমুক অফিসে চাকরি করেন মিঃ চোধুরীর বাড়ি কোথায় ?"

আঙ্গুল উঁচু করে দেখিয়ে দিলে ছেলেটি, "ওই যে গেট, সোভা চলে যান ভেতরে।"

हलल ।

জেনে আসতেই হবে কোণায় গেছেন চৌধুরী সাহেব। তারপর চলে বাবে সেই দেশে। গিয়ে তার সামনে দাঁড়িয়ে বলবে, "দাও তোমার যে শান্তি ইছে। সব অহকার আমার খুচেছে। যে আঘাত দিয়েছি তোমায়, তার বোলগুণ কিরিরে দাও তুমি আজ।"

"কে, কাকে চান ?"

অরুণা দেখলে সে পৌছে গেছে কখন বারান্দার সামনে ছোট বাগান পার হয়ে। ঢোক গিলে বললে, "মি: চৌধুরী এখন কোথায় তাই জানতে এসেছি।"

ইলেকট্রিকের আলোয় ওর মুখের দিকে কয়েক মূহুর্ত তাকিয়ে থেকে কেমন যেন হয়ে গেল প্রশ্ন কর্তার মুখের অবস্থা। যেন ভূত দেখেছেন। দোক গিলে বলনে, "আম্মন ভেতরে, ডেকে দিছি।"

ভারি পদা সরিয়ে ঘরে চুকে প্রথম যে জিনিসটি নজরে পড়ল অরুণার—তা' হচ্ছে তার নিজের ফটোখানি। যেখানি এখন তাদের ঘরেই দেওয়ালের গায়ে ঝোলানো থাকবার কথা।

"বস্থন তাকে ডেকে আনছি"—বলে ভেতরে চলে গেলেন ভদ্রলোক। বাড়ির ভেতরে শচীন কস্তার রেকর্ড বাজছে। অরুণার কানে গেল—

''আজিও ফাগুনে হাসে বনতল আমার নয়নে বরষা উতল কুটীরে আমার কে জ্বালিবে আর নীপ শিখাটিরে।'' তারপর আর তার কিছু মনে নেই।

26

• ছুটে এলেন ভবতারিণী, স্থরেশবাবু, পরেশবাবু, মেন্দ্র বৌ, ছোট বৌ সবাই। ছোট মামা আর কাউকে জড় করতে বাকি রাখলে না। অরুণার সংজ্ঞাহীন দেছ তুলে নিয়ে যাওয়া হোল বাডির ভেতর।

স্থরেশবাবু তৎক্ষণাৎ লোক পাঠালেন হাতীবাগানে। মা লক্ষী সেধে ভাঁর বাড়িতে এসে উঠেছেন।

সিনেমা থেকে ফিরে মণিকান্ত এমন ভ্যাবাচাকা খেলে, বা' সে আর জীবনে কখনও ধারনি।

वा शिषा जी

लारक वनज-गाका १ इत्र शार्वजी।

বলত যারা, তাদের সঙ্গে আসল হরপার্বতীর চাকুষ আলাপ-পরিচয় কখনও

ঘটেছিল কি না তা' অবশ্য কেউ হলপ করে বলতে পারে না। তবে সকলেই

▶ দেখেছে হরপার্বতীর পট। সেই পটের সঙ্গে ওঁদের রূপ হবহু মিলে যেত
বলেই লোকে বলত।

রাস্তার লোক থমকে দাঁড়িয়ে ওঁদের দিকে চেয়ে থাকত। ওঁরা চলে থেতেন, দৃষ্টির অন্তরাল হয়ে গোলে লোকে বুক থালি করে নিঃখাদ ফেলত। কড়েরাঁড়ী হয়ে থাঁরা তিনকাল কাটিয়ে এককালে পৌছেছেন, ওাঁদের মধ্যে কেউ কেউ নিঃখাদের সঙ্গে নিজবিজ করে নলতেন—"আহা যেন সাক্ষাৎ নিমাই আর বিষ্ণুপ্রিয়া, এমন সোনার কপাল মাহুদ কত পুণ্যে করে আনে গো!" বলে কুঁজো বুড়ীরা লাঠি ঠক্ঠক্ করে নিজের পথে চলে থেতেন।

মিলই বটে, সব দিক দিয়ে .ওঁদের মিল ভিল। এক জাতের মাটি দিয়ে এক ছাঁচে গড়া ছু'টি মৃতি। ছু'জনের অঙ্গ-বর্ণ আর অঙ্গাবরণের বর্ণও এক। কিকে কমলা রঙের মোম দিয়ে গড়া ছু'টি নিখুঁত পুতৃল, ঐ রঙেরই পাড়হীন সিল্লের কাপড় চাদর দিয়ে ঢাকা। তফাতের মধ্যে একজন অপরের চেয়ে হাতখানেক বড়। বড়টির অমরক্ষা কোঁকড়ানো চুল ঘাড় পর্যস্ত নেমেছে, ছোটটির মেঘের মত কেশ পিঠ ছাপিয়ে কোমরের নিচে ছড়িয়ে পড়েছে। ছু'জনেরই মন্দ্রণ মুখে একজোড়া করে কালো ভুক্ত আর কালো চোথের পল্লব ছাড়া অন্ত রঙের চিক্তমাত্র নেই। কাপড় চাদর পরার ধরনও একরকম ছু'জনের। তবু বুঝতে কই হ'ত না যে বড়টি পুক্ষ, ছোটটি পুক্ষ নয়। ওঁদের চলন দেখেই ধরা যেত। বড়টি চলতেন মাথা উচু করে, শিরদাড়া খাড়া রেখে, লম্বা লম্বা পা কেলে। যাকে বলে সিংহের মত চলা, সেই চলনে চলতেন তিনি। ছোটটি চলতেন মাথা নিচু করে পথের দিকে চেয়ে। ভাঁর চলন

দেখে মনে হ'ত, যেন ছম্পবদ্ধ একটি সাকার কবিতা, যেন একটি জীবস্থ স্থরছিম্পোল রাগের ললিতা বা পটমঞ্জরী। বড়টি চলতেন করেক পা সামনে
এগিয়ে, ছায়ার নত তাঁকে অমুগরণ করতেন ছোটটি। চলার সময় আশেপাশে
কোনও দিকে ওঁরা তাকাতেন না। দেখবার মত কিছুই নেই কোখাও বলেই
তাকাতেন না। ছনিয়ার সব কিছুই এত তুচ্ছ এত খেলো যে কোনও দিকে
নজর দেবার ওঁদের প্রয়োজনই হ'ত না।

মানে মাঝে ওঁদের দর্শন পাওয়া যেত কাশীতে। একদিন সকালে দেখা গেল ওঁরা কেদারনাথ দর্শন করে বেরিয়ে আসছেন, আর একদিন সন্ধ্যাবেলা দেখা গেল বটুক ভৈরবের বাড়িতে প্রদক্ষিণ করছেন। আবার হয়ত একরাত্রে বিশ্বনাথের আরতির সময় দেখা গেল—সকলের থেকে একটু তফাতে অন্ধকার কোণে দাঁড়িয়ে তলায় হয়ে আরতি দেখছেন ওঁরা। আর সমবেত দর্শনাথীরা বিশ্বনাথের দিকে না চেয়ে ওঁদের দিকেই চেয়ে আছেন।

ভক্তিমান-ভক্তিমতীরা ঘনিষ্ঠ হবার ক্লান্তে হয়ে ইঠলেন এবং ছঃখ পোলেন। ভক্তি দেখতে গিয়ে যদি ভনতে হয়—নিজের কাজে মন দাওগে যাও, তা' হলে মাহ্ম ক্লেপবে না কেন। কিন্তু ওঁদের নিজন্ম পাঞ্জাবী গুজরাটী মাড়োয়ারী ভক্ত-ভক্তাদের বিপুল বপুগুলির বেইনী ভেদ করে গায়ে আঁচ লাগে না। পরম নিশ্চিন্তে ওঁরা দেবতা দর্শন করে ফেরেন। বড় বড় টুকরি ভতি ক্ল আর ক্ল আর ঘড়া ভতি হ্ম নিয়ে ওঁদের পার্যচররা সঙ্গে যান। দেবতাকে কাঁচা ছ্মে স্থান করিয়ে স্থাপাকার ক্লে চেকে দেন। অঞ্জলি ভরে ফল নিবেদন করেন। টাকা পয়সাও অঞ্জলি ভরে প্রণামী দেন। গোনা-গাঁথা ছিলাব-নিকাশের ধার ওঁরা ধারেন না, অত ছোট কাজে ওঁদের পোষায়ও না।

কাশীতে ওঁদের সংক পরিচয় হবার সৌভাগ্য হ'ল না আমার, জনুস দেখে ওঁদের কাছে ঘেঁসতে সাহস হ'ল না। বছর চারেক পরে সম্পূর্ণ অপ্রত্যাশিত ভাবে সে সৌভাগ্যের উদর হোল। স্বামীজী মহারাজদের স্বর্গ থাস হরিষারে। ওপানকার স্বনামধন্ত শ্রীমং স্বামী অসীমানন্দ ভারতী মহারাজ আর শ্রীশ্রীবাদীশ্বরী মাতাজীর দানিধ্য লাভ করে ধন্ত হলাম। ধন্ত না হরে উপারও ছিল না, এ হেন শোচনীয় অবস্থা আমার তখন।

বিহল বত, অব্দের বত আর কাঠ মৌনব্রত—এই তিনটি নেছাত গোরেচারা বত পিঠে বেঁধে নিয়ে তিন তিনটে বছর হিমালয়ের মধ্যে কাটিয়ে সেদিনই সকালে পদার্পণ করেছি হিমালয়ের সদর দরজা হরিছারে। এইবার নেমে যেতে হবে। সামনে আসমুদ্র ভারত পড়ে রয়েছে, হিমের আলয় নয়, তার চেয়ে চের সাংঘাতিক—মান্থরের আলয়। হিমের দেশেও মান্থর গাকে, কিন্তু সেখানে সব মান্থই পরবাসী। ওখানকার স্থায়ী বাসিন্দা হিম আর কুধা, এদের সঙ্গে আমরণ সংগ্রাম করে টি কৈ থাকতে হয় সেখানকার মান্থ্যকে। সেখানে মান্থরের কাছে মান্থরের দাম আছে। মান্থ্য পেলে দেখানকার মান্থ্য বর্তে যায়। সকলের শক্র হিম আর কুধার সঙ্গে লড়তে সাহায়্য করে। না চাইতে দেখান মাথা গোঁজার স্থান মেলে, দিনান্তে শুকনো রুটি আর স্থন হাতে নিয়ে সেখানকার মান্থ্য মান্থ্যের মুগে তুলে দিতে এগিয়ে আসে।

কিন্ত মহয়-আলয়ে আছে হোটেল বাজার থাবারের লোকান খোলা। দেশময় রেল লাইন আছে পাতা। ট্যাকে রেন্ত থাকলে কোন কিছুরই অভাব নেই। কাজেই হিমালয়ের মাহুষের মত এখানে কেউ কারও সেধে খোঁজ নিতে যাবে না, সে ফুরসতও নেই কারও।

হিমের দেশে তিন বছর কাটাতে যা' রসদ লেগেছে এখানে শুধু সেইটুক্
ক্টলে কিছুতেই চলবে না। সেখানে দিনান্তে 'শুখা রখা' ছ'খানি রুটি আর
হুন ক্টলেই যথেষ্ট। এখানে নাকের ডগার লুচি মোণ্ডা পোলাও কালিয়া
নাচছে, সেই গন্ধ ভঁকতে শুকতে শুকনো রুটি হুন মূখে রুচবে কেন।
সেখানে শরীর আর শালীনতা ঢাকবার জন্মে হিম আর ধুনির কাঠ আছে,
এখানে পায়ে পায়ে দজি বসে আছে কল কোলে নিয়ে। সেখানে ঘণ্টায়
বাট মাইল পার হবার কল্পন। কেউ করতে পায়ে না আর এখানে একটি রাজে
মাহুব হাই ভুলতে ভুলতে কালী থেকে কালী পৌছে বায়। কাজেই মহা চিন্তার

পড়ে গেলাম। অনায়াসে তিন বছর হিমের দেশে কাটিয়ে এসে মাস্থবের আলরে পা দিয়েই ঘাবড়ে গেলাম। সকাল থেকে খুরছি আর ভাবছি। খুরছি বাজারের মধ্যে আর মাঝে মাঝে চায়ের দোকানের সামনে দাঁড়িয়ে দোঁয়া ওঠা গেলাসগুলোর দিকে চেয়ে ঢোক গিলছি।

হঠাৎ পেছন থেকে ছু'কাঁধ ধরে কে টান দিলে। ভয়ানক চমকে উঠে ছুরে
দাঁড়ালাম। দাঁড়িয়ে গাঁর চোথের সঙ্গে চোথ মিলল তাঁর দর্শন পাওয়ার স্বপ্ন
মনের কোণে কথনও উদয় হয়নি। সেই রঙ্, সেই মুখ, সেই টানা টানা ছু'টি
চকু আর কাঁধ প্যস্ত একরাশ কোঁকড়ানো চুল। চোথে মুখে সর্বাঙ্গে খুণির
আলোর ঝলকানি।

ভ্যাবাচাকা খেয়ে চোখের দিকে চেয়ে রইলাম। প্রথমে তিনিই কথা বললেন, কথা নয় যেন সন্ধীত, সপ্তস্মরের সম্পূরণ।

"কি ভাই, এখানে যে ! এ কি অবস্থা তোমার !"

একটি কথাও বার হ'ল না আমার মুপ দিয়ে। মাথা হেঁট করে দাঁড়িয়ে। রইলাম। কেন জানি না, আমার ত্ব'চোথ বেয়ে জল গড়াতে লাগল।

তৎক্ষণাৎ নিজের গা থেকে সিল্লের চাদরখানি খুলে আমার গায়ে জড়িয়ে দিলেন। দিয়ে ডান হাতে আমাকে জড়িয়ে ধরে টেনে নিয়ে চললেন। বাজ্বারের লোক হাঁ করে চেয়ে রইল ওঁর দিকে। হঠাৎ একটা পথের জিকুককে ওভাবে বুকে জড়িয়ে ধরতে দেখে সবাই ঘাবড়ে গেল। কিন্তু কোনও দিকে জক্ষেপ নেই মহারাজজীর। সামনে বড় রাস্তায় পৌছে একখানা. টাঙ্গা থামিয়ে আমাকে নিয়ে চড়ে বসলেন। টাঙ্গা ছুটল।

অকপট আত্মসমর্পণ ব্যাপারট। ঘটে ৰোধ হয় চরম অসহায়তা বোধ থেকে।
তিন বছর হিমালয়ে বাস করে যেদিন মহুন্য-আলয়ের দরজায় ফিরে এসে
দাঁজালাম সেদিনের সেই শোচনীয় অবস্থার বর্ণনা দেওয়া সহজ নয়। খালি
পেট, এমন খালি যে পিঠে পেটে লেগে গেছে। সর্বান্ধ ফাটা, এ হেন ফেটেছে
সে সাদা জলের মত রস বার হচ্ছে মুখ কপাল আর হাতের চেটো থেকে। ছুই

চোখের ওপর নিচের পাতার ঘা, হিমালয়-বাসের জীবস্ত ফল, পিশ্ব পোকার দংশন থেকে যার উৎপত্তি। ঠোঁট ত্ব'খানা ফোলা আর সোনাগোধার মত গারের রঙ্। সেই বিকট মুর্তির আবরণ মাত্র কৌপীন আর এক চিলতে স্থাকড়া। এ হেন চমৎকার অবস্থায় আমায় পাকড়াও করে শ্রীমৎ স্বামী অসীমানন্দজী মহারাজ সেদিন যখন টাঙ্গায় তুললেন তগন আমার হিধা সংশয় বা ভাবনা চিস্তার না ছিল অবকাশ নাছিল সামর্থা। তখন একটি বারের জন্মেও শ্ববশ হ'ল না আর একজনের সাবধান বাণী। সাড়ে ভিন বছর আগে এই স্থান থেকে বিদায় দেবার সময় সেই বাণী শুনিয়ে তিনি আমায় বিদায় দিয়েছিলেন। বলেছিলেন—"সাবধান বেটা, কখনও হরিলারে বা স্থাবিকশে আটকা পড়িস নে। এ বড় ভীষণ দ', এখানের ঘূণিজলে জাল ছেঁড়া বাঘা মাছেরা জন্মের মত আটকা পড়ে ঘায়েল হয়ে যায়। ওজনদরে ধর্ম বস্তুটার কেনাবেচার এত বড় বাজার ভূ ভারতে আর কোপাও নেই।" ভাগ্যের পরিহাসকে সেদিন সৌভাগ্য বলে মনে হয়েছিল। দ'য়ে মজবার জন্মে রওয়ানা হলাম টাঙ্গায় চড়ে। পরম নিশ্চিম্নে ভারে গাংশ বন্ধে রইলাম।

হরিদার স্টেশনের ওধারে উঁচু পাঁচিল দেরা একটা বাগানের সামনে টাঙ্গা থামল। স্থানটি নির্জন, প্রসিদ্ধ তার্থের প্রচণ্ড গোলমাল এতদ্রে পৌছতে পারেনি। স্থানীজী নামলেন, নেমে আমাকেও টেনে নামালেন হাত ধরে। টানতে টানতেই নিয়ে চললেন আমায় গেটের ভেতর।

হিমালয়ের মধ্যে পাহাড়ী ঝর্ণ। যে রকম অনর্গল বকতে বকতে ছুটে চলে সেই ভাবে অনর্গল কথার স্রোত ছুটতে লাগল তাঁর মুধ থেকে।

"কি ভয়ানক কাণ্ড! এই কিস্তুত কিমাকার মুর্তি দেখে কার সাধ্য চিনবে। একেবারে ব্যাস বাল্মীকি বনে গেছে মামুষ্টা। সেই চার পাঁচ বছর আগে দেখেছিলাম কাশীতে। তারপর যতবার কাশী গেছি, খোঁজ করেছি। সবাই বলে পালিয়েছে। কেন পালিয়েছে, তাও কেউ জানে না। বদখত কিছু একটা ঘটিয়ে পালিয়েছে কি না? না তাও নয়। তবে খামকা মামুষ্টা গা ঢাকা দিতে গেল কেন! তথন এই রকমই কিছু একটা ধারণা হয়েছিল আমাদের—
নিশ্চয়ই কোথাও সাধন-ভজন বা তীর্থদর্শন করতে গেছে। একি আমাস্থানিক
কাণ্ড! ভগবান রক্ষা করুন—আমার ভগবান দর্শন পাওয়ার দরকার নেই বাবা।"

হঠাৎ তাঁর কণ্ঠ শুদ্ধ হয়ে গেল, পা যেন গেড়ে বসে গেল মাটির মধ্যে। পাথরের মত দাঁড়িয়ে রইলেন আমার একটা হাত ধরে। চেয়ে দেখলাম তাঁর মুখের দিকে। সর্বেজিয় যোলআনা সজাগ হয়ে উঠেছে। বাহুজ্ঞানশূভ হয়ে কি যেন তিনি শোনবার চেটা করছেন সূর্বেজিয়ে দিয়ে।

একটু পরে আমার কানেও পৌছুল। শুনতে পেলাম স্থরের মূর্ছনা। আরও ভাল করে শোনবার চেষ্টা করলাম। কান ঠিক নেই, অবিরাম পাহাডী নদীর গোঙানি শুনতে শুনতে কানের দফাও রফা হয়ে গেছে।

যেন একটি একান্ত গুহু কথা বলচেন, এইভাবে কানের কাছে মুখ এনে ফিসফিস করে মহারাজ বললেন—"মধু মাধবী, মধু মাধবী সারস্ব।" বলে স্থাবার আমায় টানতে টানতে নিয়ে চললেন।

করেকটা বড় বড় গাছ পার হয়ে চোথে পড়ল একখানি দোতলা বাডি। দোতলায় ছাদের ওপর একখানি মাত্র ছোট ঘর। মনে হ'ল যেন সেখান থেকেই ভেসে আসছে সেই স্কর।

বীড়ির সামনে টানা রোয়াক। রোয়াকে উঠতে স্পষ্ট শোনা গেল—

"দাছর মৌর পাপীহা বোলে কোয়ল শবদ শুনাঈ। মীরাকে প্রভূ গিরধর নাগর চরণকমল চিত লাঈ॥"

নিঃশব্দে পা টিপে টিপে তিনি উঠে গেলেন দোতলার ছাদে। আমার হাত তখনও ধরাই রয়েছে তাঁর হাতে, স্বতরাং আমাকেও যেতে হ'ল সঙ্গে। ছাদে যখন পৌছলাম তখন স্বর থেমে গেছে, মীরা বোধ হয় প্রশতা হয়েছেন প্রস্তুর চরণে। সি ড়ি দিরে উঠেই বাঁ পাশে ঘরের দরজা। দরজাতেও কমলা রঙের পর্দা কুলছে। পর্দার সামনে দাঁড়িয়ে প্রায় চুপি চুপি স্বামীকী ডাক দিলেন—"ন্সা।" সাড়াশক নেই।

আরও চাপা গলায় প্রায় রুদ্ধখানে আবার ডাক দিলেন প্লামীজী—"এ, নেথ এসে, কাকে সঙ্গে এনেছি।"

পর্দা নড়ে উঠল। পরমূহর্তে পর্দার গায়ে ফুটে উঠল একথানি ছবি।
কমলা রঙের পর্দার ওপর এক রাশ তিমিরবরণ কেশের ঠিক মাঝখানে একথানি
মুখ। শুধু ছ'টি আঁখি। মন্ত্রমুগ্রের মত চেয়ে রইলাম আঁখি ছ'টির দিকে।

আঁথিই বটে। চক্ষু নেত্র লোচন নয়ন আঁথি এই জাতের কথাণ্ডলি দর্শনেক্রিয়ের বিভিন্ন নাম—এ মনে করা ভূল। চক্ষু নেত্র নয়ন লোচন এ সব দিয়ে শুধু দেখা যায়, আঁথি দিয়ে দেখা যায়, দেখানোও যায়। যার আঁথি ভার অস্তরের অস্তরতম প্রদেশ পর্যস্ত শুপ্ত দেখা যায়—টলটলে আঁথির অনাবিল স্বচ্ছতার ভেতর দিয়ে। তাই বোধ করি কবি-মাসুদের আঁথি কথাটির ওপর অত বেশী বোঁক।

ধীরে ধীরে আঁথি ছ'টির ভাষা বদলাতে লাগল। বিশারের ছোরলাগা মেঘের বুকে অকমাৎ চমকে উঠল বিহুাতের ঝিলিক। স্পন্দন দেখা দিল ঠোট ছ'খানিতে। অতি মুদ্ধ স্বর শোনা গেল—"কাশীর সেই ব্রন্ধচারী না।"

"চিনেছ—চিনতে পেরেছ তা' হলে ! হাঁ, কাশীর সেই তিনিই, কতবার আমরা গেছি এঁর ঠাকুরবাড়িতে—''

"কিন্তু এ কি অবস্থা!"

"হিমালয়ে গিয়েছিলেন তপস্থা করতে। তপস্থার ফল লাভ করে ফিরে' এলেন। এখন আর মামুষ বলে চেনাই যায় না।''

"কি ভয়ানক! তপস্থা করলে এই রকম অবস্থা হয় মাসুষের!"

"হবে না কেন ? এঁরা তো আনন্দের তপস্তা করেন না। এঁদের যে ছ্ঃখের তপস্তা—ছঃখ নিঙ্জে আনন্দের রস বার করার সাধনা করেন এঁরা। হলাহল মন্থন করেন—অমৃত লাভের আশায়। ফলে একটা সুত্থ সবল মান্ধুষের এই হাল হয়েছে।''

কোথা থেকে জল এসে গেল দেই আঁথি ছু'টিতে। আঁথি ছু'টি ছাপিয়ে সেই জল বড় বড় মুক্তার মত গড়িয়ে নামতে লাগল গাল বেয়ে। কেমন যেন অস্বস্তি বোধ হল সেই দুশু দেখে, মুখ ঘুরিয়ে নিলাম।

হঠাৎ মহারাজজী সচেতন হয়ে উঠলেন আমার সম্বন্ধে। ইাক ভাক শুরু করে দিলেন। আশ্রম-পরিচারকরা ছুটে এল। ছুধ চা গরম জল—সব লে আও এক সকো। আমার হাত ধরে টান দিলেন—''চল ভায়া চল, নিচে চল আবার, আগে ব্রহ্মাগ্লিতে আহুতি দাও কিছু। তারপর অহ্য কথা।"

পর্দার দিকে চেয়ে দেখলাম। ছবিখানি কখন মিলিয়ে গেছে। নিচে নেয়ে গেলাম আশ্রম-অধিপতির সঙ্গে।

ঘণ্টা ছ'রেকের মধ্যে হাল ফিরে গেল: প্রথমে এক হাজম ডেকে তার হাতে আমায় সমর্পণ করা হল। তারপর সাবান গরম জল আর তেল নিয়ে এল ছই জোয়ান। তাদের হাত থেকে যথন পরিত্রাণ পেলাম তথন স্থদীর্ঘ তপস্থার ফল ধুয়ে মুছে সাফ হয়ে গেছে প্রায়। শুধু ঠোঁট ছ'খানা রয়েছে ফুলে। তাতে এমন কিছু অস্থবিধা হ'ল না সিগারেট টানবার। মহারাজজী ইতিমীধ্যে তাঁর হাতের ম্ল্যবান সিগারেট টিনটা জোর করে আমায় গছিয়ে দিয়েছিলেন।

খাওয়ার সময় আবার তাঁর সাক্ষাৎ পেলাম। সেই একই বেশে আছেন তথনও। গলা থেকে পা পর্যস্ত চাদরখানি ঠিক জড়ানো আছে। আমাদের খাওয়ার তদারক করবার জন্তেই বোধ হয় বসে আছেন। কিন্তু বসে আছেন বেশ একটু তফাতে। অবশু কিছুই করবার নেই তাঁর। সয়্যাসীকে সব এক সক্ষে থেতে দেওয়া নিয়ম। সয়্যাসী তো খান না কিছুই, সব ব্রন্ধে অর্পণ করেন। পুরী ভাজি চাটনি দই পোঁড়া সব এক সঙ্গে থালায় সাজিয়ে সামনে নামিয়ে দিয়ে গেল এক বৃদ্ধ বাদ্ধণ। আমরা ব্রশ্ধে অর্পণ করতে বৃদ্ধ হয়ে উঠলাম।

অসীমানস্কজীর অসীম শক্তি। খাওয়া আর বকা ছু' কাজই এক সঙ্গে চালাতে পারেন। বকতেই লাগলেন তিনি।

"দেখ শ্রী, এবার আমরাও যাব তপস্থা করতে। এতদিনে একজন ভালো লোক পাওয়া গেল। সন্থ তপস্থা করে ফিরলেন ইনি, স্বতরাং আমাদের পথ বাতলাতে পারবেন। বেশ শক্ত গোছের একটা তপস্থা-উপস্থা না করে এলে কেউ মানতে চায় না আজকাল। সবাই ভাবে আমরা স্রেফ কাঁকি দিয়ে সাধুগিরি চালাচ্চি। এবার দেখাচ্চি মজা, ভায়ার কাছ থেকে স্কুক-সন্ধানটা ভাল করে জেনেশুনে নি। তারপর সোজা একেবারে হিমালয়ের চূড়ায় উঠে চেপে বসব সেখানে।"

অত্যন্ত ধীরে ধীরে তিনি নললেন—"কিন্ধ অত উঁচুতে উঠলে পড়ে যাবার ভয় যে।" অকপট উদ্বেগ উপলে উঠল তাঁর গলায়।

আশ্চর্য হয়ে মুখ তুলে তাকিয়ে দেখলাম। ছোট্ট কপালখানি কুঁচকে গেছে। গভীর চিস্তায় পড়ে গেছেন যেন। চেয়ে আছেন মাটির দিকে।

দপ্করে জ্লে উঠলেন স্বামীজী মহারাজ।

"ভয়! ভয়টা কিসের শুনি! ছু'জনে এক সঙ্গে আছি কিসের জাত্তে? একজনের যদি পা পেছলায় আর একজন তাকে টেনে তুলতে পারব না ?''

অপর পক্ষ থেকে কোনও জবাব এল না। এক ভাবে তিনি নত মুখে বিশে রইলেন। বেশ কিছুক্ষণ এক মনে থেয়ে গেলেন স্থানীজী। তারপর বোধ হয় ব্যাপারটাকে হালকা করে দেবার জভে হালকা ভাবে বললেন—"ছ্'জন নয়, এখন আমরা তিনজন। পা যদি কারও পেছলায়, হমড়ি খেয়ে যদি কেউ পড়েই খাদে, তখন তার ছ্'হাত ধরে টেনে তোলবার জভে ছ্'জন আরও রয়েছে! এরপর আর ভয়টা কিসের ?"

আরও চাপা গলায় যেন নিজেকেই শোনাচ্ছেন, এই ভাবে তিনি বললেন, শিক দরকার অন্ত সাহস দেখিয়ে. তার চেয়ে যেমন চলছে তেমনিই চলুক।"

তারপর আর কথা চলল না। शास्त्रा **চলল।**

খাওয়ার পর একখানি ঘর পেলাম। বছকাল পরে চার দেয়াল দিয়ে ঘেরা দরজা বন্ধ করে শোবার স্বাধীনতাসহ একখানি ঘর আর একখানি চারপায়া পেয়ে নিজেকেও খানিকটা স্বাধীন বলে মনে হ'ল। পড়লাম স্বাধীনতাবে ঘুমিয়ে। এ রকম নির্মাঞ্চাট হয়ে ঘুমোতে পেলে স্বপ্নও দেখা যায়। স্কতরাং বহুকাল পরে ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্ন দেখলাম। স্বপ্রটা কিন্ত জ্তুসই হ'ল না, দেখলাম একটা ট্রেন ফেল করার স্বপ্ন—স্টেশনে পৌছে দেখি গাড়ি ছাড়ছে। তাড়াতাড়ি টিকিট কিনে ছুটলাম। ট্রেন হেড়ে দিলে। প্রাণপণ দৌড়লাম, মাটফরমের শেষ প্রাস্ত পর্যন্ত ছুটলাম গাড়িটার পিছু পিছু। ধরি ধরি করেও ছুটে পারলাম না গাড়িখানা। কোনও রকমে টাল সামলে বিলীয়মান ট্রেনখানার দিকে চেয়ে হাঁফাচিছ। স্ব্যুম তেঙ্গে গেল।

দ্রেন ফেল করার মন মেজাজ নিয়ে ধড়মড়িয়ে উঠে বদলাম বিছানার ওপর।
একটু সময় লাগল আশ্বন্থ হতে। কোথায় আছি, কি করছি সব মনে পড়ে
গেল। কিন্তু কিছুতেই ঠিক করতে পারলাম না যে তখন দিন না রাত।
বিছানা ছেড়ে নেমে অন্ধানে আন্দাজ করে দরজা খুলে বারান্দায় এসে
দাড়ালাম। ঝিম্ ঝিম্ করে রৃষ্টি পড়ছে। রাত কত তাই বা কে জানে!
দশবার ঘণ্টার ওপর এক ঘুমে পার করে দিয়েছি। একটি প্রাণীও জেগে নেই
কোথাও। দুরে স্টেশনের আলোগুলো শুধু জেগে রক্ষেছে। মাথা উঁচু করে
দাঁড়িয়ে ঠায় ভিজছে। আর কোথায় যেন জেগে রয়েছে একটি স্লর।
অত্যন্ত করুণ স্বরের একটি মাত্র কলি বার বার এক ভাবে বেজে চলেছে।

কিছুক্ষণ পরে সেই স্থারের সঞ্চে কণ্ঠ মিলল। কান পেতে রইলাম, তারপর ক্ষিত্ত পেলাম—

"আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ, পেথলুঁ পিয়া মুখ চন্দা। জীবন যৌবন সফল করি মানলুঁ, দশ দিশ ভেল নিরদন্দা। আজু মঝু গেছ গেছ করি মানলুঁ, আজু মঝু দেছ ভেল দেহা। আজু বিহি মোছে অফুকুল হোয়ল, টুটল সবহুঁ সন্দেহা।" বারান্দায় দাঁড়িয়ে বৃষ্টির ঝাপটায় ভিন্সতে লাগলাম। বৃষ্টি নয়, স্বরের ঝরনা-শারা করে পড়তে লাগল আমার মুখের ওপর। কৃধা, ভৃষা, মাধা গোঁজবার স্থানের চিস্তা আর কায়িক যন্ত্রণাবোধ, এগুলো ছাড়া যে আরও কিছু অন্ত জাতের ব্যথা-বেদনা বোধ থাকতে পারে এ জগতে, এ যে ভূলেই গিয়েছিলাম! দেহাতীত একটা কিছুর আসাদ পেলাম বহুকাল পরে। দেহাতীত একটা কিছুর আসার ভেনতে লাগলাম—

"সোহি কোকিল অব লাখ লাখ ডাকউ, লাখ উদয় করু চন্দা। পাঁচ বাণ অব লাখ বাণ হউ, মলয় পবন বহু মন্দা। অব মঝু যব পিয়া সঙ্গ হোয়ত, তবহু মানব নিজ দেহা। বিভাপতি কহু অলপ ভাগি নহু, ধনি ধনি তুয়া নব লেহা।"

স্বাস্থরের দদ্দে স্থরেরই জয় হয় চিরকাল। স্থরের নেশায় অস্কর মাতাল হয়ে পড়ে। ক্রনে ক্রনে অস্থরের সস্বস্থ পায় লোপ। তথন অস্থরের মধ্যে স্থর জন্মলাভ করে।

এ ক্ষেত্রেও তাই হ'ল। ধারে ধারে স্থরট জন্মলাভ করল আমার মধ্যে। সেই স্থরের মাঝে কখন যে নিজেকে নিজে হারিয়ে ফেলেছি তা' জানভেও পারিনি।

হঠাং তাল কেটে গেল। ঝন্ ঝনাং—এক রাশ বাসন পুড়ল কোথায়। দেই ধাকায় সম্পূর্ণ সজাগ হয়ে উঠলাম। কান পেতে রইলাম। গান বাজনা থেমে গেছে ওপরে। চারিদিক নিঝুম নিতক। ঝিম্ঝিম্ঝিম্ ঝিম্—এক ঘেরে বৃষ্টি পড়ার আওয়াজ হচ্ছে শুধু। মাঝে মাঝে দমকা হাওরার বৃষ্টির ছাট আমাকে স্থান করিয়ে দিছে। আরও কিছু শোনবার আশায় ক্লছ নিঃখাসে অপেকা করতে লাগলাম।

বেশ কিছুক্লণ পরে—দাঁতে দাঁতে চিবিয়ে খুব চাপা গলায় বলা হ'ল—"কৈ, কি করতে পারলে ভোমার গিরিধারীলাল ? মুখ খেঁতলে দিয়েছি এক ঘারে, কিছুই করতে পারলে না। পেতলের পুতৃল, ঐ পুতৃল ভোমায় বাঁচাবে ?

ও তোমার লক্ষা রাধবে ? দ্র করে ওটাকে এবার টেনে ফেলে দোব নিচে. ও আপদটাকে নিদেয় না করতে পারলে—

একটা বুক নিঙ্ডানো স্থরে চাপা পড়ে গেল আক্ষালনটা—

হরি তুম হরো জন কী ভীর।

দ্রৌপদী কো লাজ রাখ্যো তুম বড়ায়ো চীর॥

আবার ঝন্ ঝন্ শব্দে কি একটা আছড়ে পড়ল ওপরে। সঙ্গে শোনা গেল সাপের মত কুক ফোঁসফোঁসানি—"ডোপদীর লক্ষা রেখেছিলো—এবার ও নিজের লক্ষা রাখুক, আজ ওকে জাহান্নামে পাঠিয়ে তবে ছাড়ব i'' কয়েকটি মৃহুর্ত পরেই আমার মুখের এক হাত দ্র দিয়ে কি একটা তার বেগে নেমে গেল নিচে। রোন্নাকের ওপর প্রচণ্ড শক্ষে আছড়ে পড়ল সেটা। সেই সঙ্গে একটা বাজ পড়ল কোথায়। কড় কড় কড়াৎ —কানে তালা লেগে গেল, চোখ ছটোও গেল ঝলসে। বেশ কিছুক্ষণ কিছু শুনতে পেলাম না। তারপর আবার কানে গেল—

ভকত কারণ রূপ নরহরি ধর্যো আপ সরীর। হিরণকস্থপ মারি লীনহো ধর্যো নাহিন ধীর॥ বুড়তে গজরাজ রাখ্যো কিয়ো বহার নীর। দাসী মীরা লালা গিরিধর তুধ জই। তই পীর॥

আবার একটা বাজ পড়ল কোথায়। এবার কাছে নয়, অনেক দ্রে। বাতাসের জোরও বেশ বাড়ল। বাইরের সেই ছুর্যোগের সঙ্গে "তৃথ জহাঁ তই পীর" মিলিয়ে গেল। তারপর বেশ থেমে থেমে বলা হ'ল—"আছা, মীরা দাসীকে যেন তার প্রভু গিরিধারীলাল এবার বাঁচান। আর আমার কিছুই করবার নেই। শুধু এই বেহালাখানা, তোমার জন্মেই এখানা আমি ছুঁই, শেষ করে যাই এখানাকেও।"

এক, ছই, তিন, চার, পাঁচ—পাঁচবার আছড়াবার শব্দ শোনা গেল। কে যেন একটা কি মেঝের ওপর বারবার আছড়ে ভাঙ্লে। তারপর পারের আওয়াজ পেলাম সিঁড়িতে, কে নেমে আসছে। তাড়াতাড়ি পিছু ইেটে ঘরে চুকে দরজা বন্ধ করে দিলাম। পাষের আওয়াজ নিচের তলায় গিয়ে মিলিয়ে গেল। আর বেরোলান না। কি হবে এদের ব্যাপারে নাক গলিয়ে। রাতটা কোনও রকমে কাটলে হয়, ফুর্মোদয়ের সঙ্গে দঙ্গে নিজের পথে পাচলোব। তিজে কাপড চাদর খুলে ফেলে চারপায়ার ওপর শুয়ে পড়লাম এবং আশ্র্ম প্রান্থ পড়লাম আবার নিশ্চিন্ত।

পরদিন ঘুন ভাঙল দরজায় পাকা পড়তে। দরজা খুলে দিতে একটু দেরি হ'ল। কাপড়খানা কোমরে জড়িয়ে চাদরখানা গায়ে দিয়ে দরজা খুলে দিলাম। সামনেই তিনি, সেই এক ভাবে কাপড-চাদর জড়িয়ে আছেন। কিছ কি রকম যেন সব রুক্ষ, সব এলোমেলো। হয়ে গেছে। কেশ বেশ চোখনুথের অবস্থা সবই মেন কেমন বিপ্র্যন্ত গোছের। যেন একটা প্রচণ্ড ঝড়েনাপটার ভেতর দিয়ে উনি এলেন। বোধ হয় বোকারে মত হাঁ করে চেয়ে ছিলাম ওর মুখের দিকে। চেটা করে অল্প কর্বে যে। আহ্বন আমার সঙ্গে, আগে ওয়লো ছেছে কোপড় চাদর পরে পাকলে অথুপ কর্বে যে। আহ্বন আমার সঙ্গে, আগে ওয়লো ছেছে কেল্ন।"

চললাম তাঁরে সঙ্গে। একটা কিছু বলা প্রয়োজন, তাই জিজ্ঞাস। করলাম—
"বামীজী কোথায় ?"

অত্যন্ত সংক্ষিপ্ত উত্তর হ'ল —"বেরিয়েছেন বোধ হয় কোথাও।" এবপর আরু কি কল। যায়। জাই ভারতে ভারতে ভারতে গুঁব পিছ পিছ

এরপর আর কি ৰল। যায়। তাই ভাবতে ভাবতে তাঁর পিছু পিছু নিচে নেমে এলাম।

সিঁড়ি শেষ ছতেই রোরাক। হঠাৎ একটা ধারু। লাগল আমার মাধার মধ্যে। তীক্ষ দৃষ্টিতে চেয়ে রইনাম রোরাকটার মাঝামাঝি একটা জায়গায়। বেশ থানিকটা সিমেণ্ট উঠে গেছে সেথান থেকে। বেশ বোঝা যায় যে সিমেণ্টটা উঠে গেছে সভ্ত সভ্ত, তবে কিছুক্ষণ আংগেই বেশ করে ঝাড়ু দিয়ে ধুয়ে ফেলা হচেছে জারগাটা। কাজেই অভ কিছুর চিহ্মাত্ত নেই সেথানে। না থাকুক, কিন্তু সেই জায়গাটার দিকে চেয়ে আমি ছব্দ হয়ে দাঁড়িয়ে রইলাম। দাঁড়িয়ে গুনতে লাগলাম নিযুতি রাতের আকুল কায়া। চোথ ঝলসানো রোদ উঠে গেছে তখন, কিন্তু আমার চোখের ওপর অন্ধকার ঘনিয়ে উঠল। বুকের ভেতর কে যেন গাইতে লাগল—

দাসী মীরা লালা গিরিধর—ছখ জহাঁ তই পীর ॥

र्हा (পছरन-नगरक, नगरक, नगरक।

চনকে উঠে খুরে দাঁ ড়িয়ে , যাঁদের দর্শন পেলাম তাঁর। মুরারির তিন কুলের কেউ নন। পাগড়ি পাজামা পাঞ্জাবি চড়ানো পঞ্চনদের তীরবাসী জনাতিনেক ভদ্রলোক—তাঁদের স্বউচ্চ শিরগুলি সুইয়ে ভক্তি নিবেদন করছেন।

ভক্তি বস্তুটা ভাল না মন্দ এ নিয়ে কোনও তর্ক চলে না। তক্ত যাঁরা, তাঁরা যে সকলের প্রণম্য, এ কথাও মাথা পেতে স্বীকার না করে উপায় নেই। কিছ এই অতি পবিত্র বস্তুটির যত্রতত্ত্ব বেহিসেবী ব্যবহার সম্বন্ধে ভক্তিমান-ভক্তিমতীদের একটু সাবধান হওয়া একান্ত প্রয়োজন। অনেক সময় দেখা যায় যে অপাত্রে ভক্তি অর্পণের ফলে পাত্রটা তো ফেটে চৌচির হয়ই, উপরস্ক তাঁরা নিজেরা বেকায়দায় পড়ে অপ্রস্তুত হন সব চেয়ে বেলী। ছিনিয়ার ভাল ভাল জিনিসপ্তলোর দোষই এই, ভাল ভাবে ব্যবহার করতে না জানলে ফল হয় মারাশ্বক।

চাওলা চোপরা রমানী মহোদয়গণ পাত্রাপাত্র বিবেচনা না করেই ভক্তি
দেখাতে এসে মহা অপ্রস্তুত হলেন। ওঁদের দিকে আর একটিবারও না
ভাকিয়ে আমি এক রকম ছুটে পালিয়ে গেলাম। স্নানের ঘরে চুকে দিলাম
দরজা বন্ধ করে। কিছুক্ষণ পরে যখন কলের নিচে মাধা পেতে বসেছি, তখন
খেয়াল হ'ল যে কাজটা ভাল করিনি। ওঁরা হয়ত আমায় পাগল ভাবলেন্।
নারায়ণ জানেন, তখন ওঁদের মুখের অবন্ধা কেমন দাঁড়িয়েছিল।

কলের নিচে মাধা পেতে বদে আর কতটা সময় কাটানো যায়, বিশেষতঃ হরিবারের মত স্থানে। কিছুক্রণ পরে উঠে পড়তে হ'ল, মাধার তালু থেকে পায়ের তলা পর্যন্ত হিম হয়ে গেছে। তথন থেয়াল হ'ল—শুকনো কাপড় কই ? একটা ঢাকনার মত কিছু না পেলে চলে না তথন। কাঁপুনি ধরে গেছে শরীরে। দরজা খুলে বেরোতে হ'ল। সামনেই তিনি, একট দ্রে একথানা ছোট বেতের মোডা পেতে বণে আছেন। তাঁর কোলের ওপর কাপড়-চাদর । উঠে দাঁড়ালেন কাপড়-চাদর হাতে নিয়ে। বেশ মিনতি করে বললেন—"তাড়াতাডি কাপড় ছেডে আহ্বন। চা তৈরী রয়েছে, ওধারে ভক্তরা বেশে আছেন অপনার জন্তে।"

কাপড়-চাদর নেবার জক্তে ছাত বাডিয়েছিলাম। ছাতটা টেনে নিরে বললাম—"আমার জক্তে। কেন ?"

আরও নরম গলায় তিনি বললেন—"এখন যে গীতাক্লাস হয় এক **ঘণ্টা,** আপনিই যে বলবেন আজ।"

আঁতকে উঠলাম—"আমি! তার মানে ?''

এবার আর নরম গলায় নয়, অনেকটা হকুমের মত শোনাল তাঁর জবাব।

"আশ্রম পরিচালনা করবার ভার যখন আপনার ওপর, তখন কিছু বলুতে হবে বৈকি গীত। ক্লাসে। অতগুলি ভক্ত এসে বসে আছেন, ওঁলের তো আরে নিরাশ করা যায়না। নিন, আগে কাপড ছাড়ন, চা খান। চা খেতে খেতে কথা হবে।"

বলে কাপড়-চাদর আমার হাতে এক রকম গুঁজে দিয়ে পিছন কিরে চলে গোলেন। কাপড়-চাদর হাতে নিয়ে আকাশ-পাতাল ভাবতে লাগলাম। এ কি ফ্যাসাদ রে বাবা! আমার ওপর আশ্রম পরিচালনার ভার! ভার দিলে কে ? দিলেই যে তা' আমায় নিতে হবে ঘাড় পেতে, তার কি মানে আছে ? এ তো আছে। পাঁয়াচে পড়ে গোলাম দেখছি।

ভাৰতে ভাৰতে কাপড়-চাদর নিম্নে আবার স্নানের ঘরে গিয়ে চুকলাম।

কাপড়-চাদর ছুই-ই মহামূল্য কমলা রঙের সিদ্ধ। কাঁধের ওপর থেকে পিছলে পড়ে। এরা কি সিদ্ধ ছাড়া অন্ত কিছু পরেই না নাকি! দূর ছাই আমার সেই কৌপীন আর ছেঁড়া ন্তাকড়াই ছিল ভাল। সেওলোর খোঁজ পেলে হয়। এক কাঁকে এই রাজবেশ ছেড়ে ফেলে দিয়ে আমার নিজস্ব সাজপোষাক পরে গা ঢাকা দোব। আবার বলে গীতাক্লান করতে হবে। মাথায় থাকুন গীতা, এখন পরিত্রাণ পেলে বাঁচি।

দরজায় করাঘাত পড়ল। এবার আর তিনি নন, আশ্রমের ভোগে বানান যিনি, তিনি। লোকটি বৃদ্ধ, কাল ইনিই পালি ধরে দিয়েছিলেন সামনে। আনেকটা নত হয়ে 'নমস্তে' জানিয়ে তিনি নিবেদন করলেন—"চা দেওয়া হয়ে গোছে আনেককণ এবং মাতাজী বসে আছেন সেখানে।"

অতএব আবার দোতলার উঠতে হ'ল তাঁর পিছু পিছু। চা দেওরা হয়েছে একটা ঘরের মধ্যে। পিঁডি পেতে দস্তরমত আইন নাফিক ব্যবস্থা করে এক পালা কচুরি মেঠাই আর ফলমূল দেওয়া হয়েছে। চায়ের সরঞ্জান নিয়ে তিনি সামনে বসে আছেন।

শাদাসিধে গলায় দপ্তরমত তাড়া দিলেন আমায়—"নম্বন, বহন। বসে প্রুম্ব টপ্করে। চাঠাঙা হয়ে গেল। আপনার জত্তে আমিও চা মুখে দিতে পারছি না।"

তাড়ার চোটে টপ্করে বসেই পড়লাম। থালাখানায় টান দিয়ে জিজ্ঞাস।
করলাম—"কিন্তু আপনার
প্আপনার কই
শূ

মাথা নিচু করে চা ঢালতে ঢালতে বললেন—"সকালে শুধু চা খাই আনি। আপনি আরম্ভ করুন, সেই তো কাল ছুপুরে কিছু পেটে গেছে— ভারপর এই — বিশ ঘণ্টা পার হতে চলল। খিদে-তেইাও জয় করেছেন বুঝি? আছো, 'হিমালয়ে যাঁরা তপস্থা করেন জাঁরা বুঝি কিছুই খান না ?"

কোনও কথা না বলে কচুরি একখানা মুখে পুরলাম । তিনিও বোধ হয় কবাৰ আশা করেননি। বলেই চললেন একভাবে—"উৎকট কট করে মান্ত্র কৈ যে পায় ? কিছুই লাভ হয় না কারও। নিজেকে যতই টিপে মারবার চেষ্টা করুক, মাসুষ মাসুষই থাকে চিরকাল। ছাই চাপা আগুন। একটু হাওয়া পেলেই দপ্করে জলে ওঠে।"

কচুরিখানা গলাধঃকরণ করে বলে ফেললাম—"ফ্যাসাদে না পডলে কিছুই হয় না। এই জ্বন্থে আপদ বালাই এডিয়ে চলতে হয়।"

"সোজা কথায়, নিজেকে নিয়ে পালিয়ে বেডানো।" বলে তিনি অল্প একট হাসলেন। তারপর যেন নিজেকেই জিজ্ঞাসা করলেন—"কিন্তু পালিয়ে বেড়াতে লজ্জা করে না? আশ্চর্য!"

জবাব দিলাম না। আর একখানা কচুরি শেষ করে জিজ্ঞাস। করলাম—
"কিন্তু স্বামীজী পালালেন কোথায় ?"

বেশ বাঁকা স্থর বার হ'ল তাঁর কণ্ঠ দিয়ে—"তপস্থা করতে বোধ হয়। জানৰ কি করে বলুন, আমার সঙ্গে পরামর্শ করে তো যাননি।"

গা জ্বলে উঠল উত্তর শুনে। বোধ হয় একটু ঝাঁজও বার হ'ল আমার গলা দিয়ে। বললাম—"তা' যান তাঁর যেখানে খুনি। কিন্তু আশ্রমের ভারটা আমার মাধায় চাপিয়ে গেলেন কেন ? আর কখনই বা বলতে গেলেন সেক্থা ? এ কি কঞ্চাটে পড়লাম আমি খামকা!"

চারের কাপটা একটু ঠেলে দিয়ে খুব সহজ হালক। হারে বললেন—
"মহাপুরুষদের মনের কথা জানব কেমন করে। এক মহাপুরুষ আর এক
মহাপুরুষকে ভার দিয়ে গেছেন। এতে বোধ হয় সম্মতি অসম্মতির প্রশ্নই ওঠে
না। একখানা চিঠি লিখে রেখে গেছেন আপনাকে, পড়লেই সব বুঝতে
পারবেন। ভাঁর অবর্তমানে আপনিই আশ্রম-স্বামী। এখন আপনি যে ভাবে
চালাবেন সেই ভাবেই চলবে আশ্রম।"

তাঁর কথার মাঝখানেই বললাম—"কই সে চিট্টি—দেখি।"

চাদরের খুঁট থেকে একথানি ছোট কাগজ বার করে আমার বাঁ হাতে দিলেন। দিয়ে নিজের কাপটা মুখে তুললেন। বাঁ হাতেই কাগজখানা মেলে দেখলাম। মাত্র তিন লাইনের চিঠি, বক্তব্য অতি সংক্ষিপ্ত। "ভায়া,

করেক দিন ছুটি নিচ্ছি। আশ্রম রইল, শ্রী রইল, তুমি রইলে।
আমার বিশ্বাদ তোমার হাতে আশ্রম ভালভাবে চলবে। আশ্রম ধরচার জ্ঞান্তে
কিছু রেখে গেলাম।
ইতি

अमीगानस-"

চিঠিখানি পড়ে মুখ তুলে তাকালাম তাঁর মুখের দিকে। এক মনে চা খাচ্ছেন নত চোখে। চা খাওয়া শেষ করে কাপ নামিয়ে রেখে বললেন— "হাজার খানেক টাকা রেখে গেছেন। চা খান আপনি। এনে দিছি আমি টাকা।"

এবার সত্যি সংযম হারালাম। প্রায় চীৎকার করে উঠলাম—"টাকা! টাকা নিয়ে করব কি আমি ? দেখুন এ সমস্ত চালাকি আমি বুঝি, ও সমস্ত চাল চলবে না আমার সঙ্গে।"

ব্রন্থ আঁথি ত্ব'টি বিক্ষারিত করে চেরে রইলেন আমার মুখের দিকে। ধরধর করে কাঁপতে লাগল পাতলা ঠোঁট ত্ব'থানি। নাকের ডগাটি লাল হয়ে উঠল । কাল প্রথম যেমন দেখেছিলাম তেমনি কোথা থেকে জল এসে আঁথি ত্ব'টি ছাপিয়ে গেল। সেই আঁথি ত্ব'টির দিকে চেয়ে কালকের মত অক্ষতি বোধ করলাম। বাধ্য হয়ে মুখ নামাতে হ'ল আমাকে।

তারপর অনেকক্ষণ কাটল নিঃশব্দে। চা ঠাণ্ডা হতে লাগল। বিশ্রী অবস্থা, সামনাসামনি বসে আছি, অথচ তাকাতে পারছি না তাঁর দিকে। একটা কিছু লোগাচ্ছেও না মুখে যে বলে ব্যাপারটাকে হালকা করে ফেলি। কি অক্তি!

তিনিই প্রথম মুখ খুললেন। খুব স্বাভাবিক স্থারে বললেন—"চা-টা ঠাপ্তা হয়ে গেল। বদলে দি।" তাড়াতাড়ি যা মুখে এল তাই বলে ফেললাম ওঁর দিকে চেয়ে।
"আপনার জন্মেও এক কাপ ঢালুন। অভায় ছয়ে গেছে আপনাকে
ধমকানো।"

নত মুখে তিনি শুধু বললেন—"কিছু না, কিছু না, ও আমার অভ্যাস আছে শোনা।" তারপর চা-পর্ব শেষ হ'ল নিঃশব্দে।

নিচের একখানা বেশ বড় ঘরে গীতাক্লাস বসেছে। ঘর জোড়া কার্পেট পাতা। ক্লাশের ছাত্র-ছাত্রিগণ বসে রয়েছেন কার্পেটের ওপর। দশ বার জনার বেশী নন তাঁরা। কিন্ত ওজনে তাঁরা যে কোনও কুলের দশ বার জন ছাত্র-ছাত্রীর চেয়ে অন্তত পাঁচ গুণ বেশী। আর তাঁদের বয়স যোগ করলে ফল যা দাঁছায় তা' যে কোনও কুলের পঞ্চাশ জন চাত্র-চাত্রীর বয়সের যোগফল ছাড়িয়ে যাবে। তাঁদের দিকে একটি বার মাত্র তাকিয়ে সোজা এগিয়ে গেলাম মাস্টার মশায়ের আসনের দিকে। আসন চিনতে কট্ট হ'ল না। ওঁরা যেদিকে মুখ করে বসে আছেন—সেই দিকে দেওয়ালের ধারে এক হাত উঁচু একখানা চৌকির ওপর লাল কার্পেট। তার ওপর বাঘছাল পাতা রয়েছে। ছ' পাশে ছই কুলের তোজান ধুপানান প্র জনতে। কুলের তোজা ছটোর মাঝখানে লাল কাপড় মোড়া একখানি ছোট জলচোকি। তার ওপর রূপার থালায় কুলের মালা জলানো ক্রিকিটি ক্লিকানি।

আসনের সামনে প্রোছে বর্মকে ব্রাছাত ই ল। এবার কি কর্তব্য!
আসনটাকে প্রণাম করে তবে উঠে বস্তে হর নাকি । কানি না ছাই কিছুই।
যা' থাকে বরাতে—আসনের সামনে ইটি গেডে রসে আসনে মাথা ঠেকিরে
করেক মিনিট শুরু হরে রইলাম। তারণর চৌকির ওপর চড়ে আসনে গিরে
বসলাম। বসে নিচু হরে গীতার কপাল ঠেকিরে রইলাম কিছুক্ষণ। ব্যাস—
এবার বোধ করি আদবকারদা মাফিক যাবতীর কর্তব্য স্থাণা হরে সেল। এবার
থানিক গীতা পাঠ।

মাণা ভূলে গীতার দিকে চেয়ে প্রাণ শুকিয়ে গেল। কি স্বানাশ। এ যে দেখছি দেবনাগরী অকর। অজানা অচেনা অক্ষরগুলো আমার চোথের সামনে দাঁত ভেঙ্চে হাসতে লাগল। মুখ শুকিয়ে কাঠ হয়ে বসে রইলাম বইখানার দিকে চেয়ে।

পিড়িং পিড়িং।

মৃথ খুরিয়ে ডান দিকে চেয়ে দেখি সরোদের কান মোচড়াচ্ছেন এক ঝিংজী। তাঁর পাণে আর একজন বাঁয়া তবলা নিয়ে প্রস্তত। তাঁদের ওধারে ডান দিকের দেওয়াল গেঁদে তানপুরা কোলে নিয়ে ঘিনি চোথ বুঁজে বসে আছেন, তাঁকেই মাত্র চিনি আমি এতগুলি লোকের মধ্যে। কিছু উনি এদে পোঁচলেন কখন! এই মাত্র তো আমায় এক রকম জোর করে পাঠিয়ে দিলেন এখানে। তখন চোখে পডল, তিনি মেখানে বসেছেন তার একটু দ্রে একটি দরজা। দরজার যথারীতি পদা ঝুলছে। বুঝলায়, ঐ দরজা দিয়েই ওঁর আবির্ভাব হয়েছে।

এক দৃষ্টে চেয়ে রইলাম নিনীলিত আঁথি মুখগানির দিকে। মনে হ'ল মামুষটি যেন নেই ঐ শরীরের ভেতর, উধাও হয়ে গেছে কোণাও। কিংবা কোথাও তলিয়ে আছে ঐ শরীরটির মধ্যে। ধীরে ধীরে আছুল চলতে লাগল তানপুরার তারের গায়ে। ধীরে ধীরে স্থর উঠল সরোদে। খুব আত্তে আতে ঠোঁট ছ'খানি একটু ফাঁক হ'ল। তারপর শোনা গেল প্রায় চুপি চুপি ছ'টি কথা—

"প্রীত্য প্যারা—"

সঙ্গে যান ন্তৰ হয়ে গেল বাতাস। প্রত্যেকটি মামুরের খাস প্রখাসও যেন বন্ধ হয়ে এল। স্বাইয়ের চকু তাঁর দিকে, স্বাই স্থির নিশ্চল হয়ে বসে আছেন। জেগে আছে শুধু ধূপের ধোঁয়া, কুণ্ডলী পাকিয়ে উঠছে। স্থরটাও ঠিক ধূপের ধোঁয়ার মত কুণ্ডলী পাকিয়ে উঠতে লাগল ধীরে ধীর "প্রীতম প্যারা,

তুম বিন জগ সব খারা।

ম্ইারে ঘর আজ্যো প্রীতম প্যারা॥ তন মন ধন সব ভেঁট করু মৈ, ঔর ভজন করি ধাঁরা। তুম গুণবংত বড়ে গুণসাগর, মৈ হুঁজী ঔরগনহারা॥

প্রীত্য প্যারা,

ম্হাঁরে ঘর আজ্যো প্রীতম প্যারা, তুম বিন জগ সব খারা॥

ভোমার বিহনে সারা জগতটাই আমার কাছে বিষিয়ে উঠেছে। অতএব হে প্রিয়তন, তুমি এস আমার ঘরে।

এ কি ডাক ! কার সাধ্য ধরা না দিয়ে পারে এই ডাকে ! বেদনা না মধু উপলে ওঠে বিরহ পেকে ? এই আদর আকুল হা আবেশ অঞ্চ. এইলো কি তুর্ই মায়া, মিথ্যা আর অভিনয় ? এ যদি অভিনয় হয়, এই ডাক যদি ডাকের মত ডাক না হয়, তা হলে খাঁটি বস্তু কি এই ছনিয়ায় ?

স্থান কাল দৰ ভূলে গিয়ে ই। করে চেয়ে রইলাম স্থাট নিমালিত জাঁথির দিকে। ততক্ষণে আবার আরম্ভ হয়েছে—

> নৈ নিগুণী গুণ একো নাহাঁ, তুম মেঁ জী গুণ সারা। মীরা ক্রে প্রভু কবছি মিলোগে, বিন দরদন ছ্থিয়ারা॥

নীরা যাই বলুন, তাতে কে কান দেয়। কান দেবার অবকাশই বা কোথায়। সুরের নেশায় তথন আছের হয়ে গেছে মন বৃদ্ধি সব। শুধু একটা বোবা বেদনায় টনটন করছে বৃকের ভেতরটা। সত্যি সভ্যিই যেন একজনের বিহনে জগতটা বিধিয়ে উঠল। একান্ত অসহায়ের মত হাত পা ছেড়ে দিয়ে ভাসতে লাগলাম সুরের স্তোতে। কখন অভ্যাতসারে গায়িকার মুখের ওপর থেকে দৃষ্টি সরিয়ে নিয়েছি তাও জানি না। বোধ হয় তখন তয় তয় করে শুঁজছিলাম নিজের বৃকের ভেতরটা, কোনও শুশীতম প্যারা" কোথাও শুকিরে আছে কি না সেই তল্পাসই করছিলাম বোধ হয় সব কিছু ভূলে গিয়ে। কিছ ভূলে গিয়ে। তাঁরা ধরে নিলেন যে আমার ভাবাবেশ হয়েছে। স্বতরাং আর কোনও কথা নয়, গীতাভায় শোনার আর প্রয়োজনই হ'ল না কারও। পাছে—আমার ভাব ভঙ্গ হয় এই ভয়ে পা টিপে টিপে স্বাই সরে পড়লেন।

হঠাৎ কানে গেল উচ্ছুসিত হাসির শব্দ। চমকে উঠে চেয়ে দেখলাম, একটি প্রাণীও নেই সামনে। শুধু তিনি আছেন ডান ধারে বসে। বসে নেই ঠিক, তানপুরার ওপর মুয়ে পড়ে প্রাণপনে হাসি চাপবার চেষ্টা করছেন।

একেবারে তেরিয়া হয়ে উঠলাম—"হাসচেন যে বড় ? হয়েছে কি ? এরা সব গেলেন কোখা ?"

তৎক্ষণাৎ হাসি সামলে ফেলে সোজা হয়ে বসলেন। চোথ মূথ কিন্তু লাল হয়ে উঠেছে।

বললেন—"খুব হয়েছে। এবার নেবে আহ্নন। এমন ব্যাখ্যা করেছেন গীতার, যে ভয়ে স্বাই পালিয়ে গেল।"

मठारे चार्क्य रहा राजाम—"भानिया राज ! भानान रकन ?"

নেহাৎ ভাল মাস্থানের মত উত্তর দিলেন—"কি করবে বলুন ? ধ্যানস্থ মহাপুরুষের ধ্যান ভঙ্গ করে কে পুড়ে মরতে যাবে তাঁর রোষবঙ্গিতে। বাপরে বাপ—এমন ওযুধ যে জানেন আপনি, এ আমি ভাবতেও পারিনি।"

একান্ত লক্ষিত হয়ে গেলাম, অমুভপ্তও হলাম খানিকটা। সেই কথাই বলতে গেলাম তাঁকে।

"দেখুন—সতিয় বলছি, ধ্যান ট্যান কিচ্ছু নয়, একটু অন্তমনস্ক হয়ে। পড়েছিলাম। কিন্তু ওঁরা যে উঠে যাবেন তা' আমি—''

এবার বেশ সংযত কর্প্তে বললেন—"তা'তে কোনও দোষ হয়নি, কাল আবার ঠিক আসবেন ওঁরা। এবার নেমে আহ্মন আপনি ওখান খেকে। ধাওয়া-দাওয়া সেরে ফেলা বাক তাড়াতাড়ি। বিকেলের দিকে হয়ত আবার

ওঁরা আসবেন আপনাকে দর্শন করতে। এতবড মহাপুরুষ হাতের মুঠোয় পেয়ে সহজে কেউ ছাড়বেন বলে মনে হয় না।"

স্থতরাং নেমে গেলাম আদন থেকে। যে দরজা দিয়ে এদেছিলাম দেই দরজা দিয়েই বেরিয়ে গেলাম আমি, তিনি অদৃশ্য হলেন তাঁর পিছনের পদার আড়ালে। তয়ানক ক্লান্তি বোধ হচ্ছিল। দোতলায় উঠে দেই ঘরগানায় চুকে চার পায়ায় তয়ে পড়লাম। কিছুক্ষণ পরেই খাওয়ার ডাক এল। থেতে গিয়ে দেখলাম কেউ নেই সামনে নসা। সেই রুদ্ধ লোকটি থালি এনে নামিয়ে দিলে সামনে। একবার মনে হ'ল জিজ্ঞাদা করি রুদ্ধকে তিনি কোথায। কিছু প্রশ্নটা বেধে গেল মুগে। তাই তো! কেন আমি করতে যাব ঐ অনাবশ্রক প্রশ্না? কি আমার প্রয়োজন তাঁকে ? তাঁর সম্বন্ধ কিছু জানতে চাইবার অধিকারই বা কই আমার ? আর সবচেয়ে বছ কথা, আমার খাওয়ার সময় তাঁকে যে সামনে বসে থাকতে হবেই তারই বা মানে কি ?

মানে কিছু না থাকুক কিন্ত মনের ভেতর কোথায় যেন একটু খচ্খচ্ করতে লাগল। বেশ একটু রেগেও গোলাম—বোধ হয় নিজেরই ওপর। ঠিক করে ফেললাম যে ব্যাপারটার একটা হেন্তনেন্ত করে ফেলতেই হবে। আর একটা রাত কিছুতেই কাটানো যেতে পারে না এখানে। সন্ধার পর যে ট্রেন ছাড়বে হরিদার থেকে তাতেই চড়ে বসব গিয়ে। তারপর বিনা টিকিটে যতদুর মাওয়া যায়। রাত্রে যদি গাড়িতে চেকার না ওঠে তাহলে সারা রাতে কয়েকশ' মাইল পার হয়ে যাব। কাল সকালে যেখানে নামিয়ে দেবে সেখানে নেমে চিন্তা করা যাবে তথনকার কথা। আপাততঃ এখান থেকে পরিত্রাণ পাওয়াই সব চেয়ে বভ কথা।

অভ্যমনস্ক হরে থালাটা খালি করে ফেললাম। বৃদ্ধ ব্রাক্ষণটি সামনে দাঁড়িয়েছিল। সে বেচারা হায় হায় করতে লাগল। নিশ্চয়ই কম পড়ল, পেট ভরল না আমার। কিন্ত দিতীয়বার কিছু দেবারও তো নিষম নেই সন্ন্যাসীর পাতে। কালেই বৃদ্ধের আপসোসের অন্ত রইল না। যত তাকে বলি যে কম পড়েনি মোটেই ততই সে ঘাড় নাড়তে থাকে। তার সব থেকে বড় ছংখ যে সে আর আমাকে খাওয়াতে পারবে না। কারণ আর ঘন্টা ছু'রেক পরেই সে তার দেশে অর্থাৎ গোরখ্পুরে রওয়ানা হচ্ছে। তার ছুটি হয়ে গেছে কাজ পেকে।

আশ্চর্য ছারে জিজ্ঞাসা করলাম—"হঠাৎ ছুটি হয়ে গেল কেন ? এখানে ভোজন নানাবে কে ?"

কেউই বানাবে না। মহারাজ্ঞজী তো চলেই গেছেন তীর্থ করাত।
মাতাজীও যাচ্ছেন কাল সকালো। আ≛ন বন্ধ থাকবে এখন। আজ সকালে
নাতাজী তার টাকা কডি সব মিটিয়ে দিয়েছেন। তাঁর দয়ার শরীর তাই
গোরখ্পুরের টিকিটও একখানি কিনে আনিয়ে দিয়েছেন। স্কুতরাং সে
ছ'ঘণ্টা পরেই গাড়িতে চেপে বসছে।

বেশ একটি ধাকা। খেলাম বুকের মধ্যে। ভাহলে উনিও চললেন।
বাবস্থা বন্দোবন্ত সবই হয়ে গেছে দেখছি এবং আমাকে এ সমস্ত ব্যাপার
ঘূণাক্ষরে জানাবার প্রয়োজন বোধ করেননি। অথচ এই কিছুক্ষণ আগেই
ভানিয়েছেন—ভাঁর অবর্তমানে আমিই আশ্রম-স্বামী। এখন আমি যেভাবে চালাব
সেই ভাবেই চলবে আশ্রম। হাঁ—একেই বলে স্ত্রীলোক। এ দের মুখে এক,
মনে এক। সাধে কি আর মহাপুরুষেরা বলেছেন যে ওঁদের অন্ত পাওয়া ভার।

হাত-মুখ ধুয়ে ওপরে উঠে গেলাম আবার। কয়েক ঘণ্টা তথনও দেরি আছে সন্ধা হতে। একটু গডিয়ে নেওয়া যাক। ভরা পেট নিয়ে এখন কোথার ছুরে মরতে যাব। আর প্রবৃত্তিও নেই হরিদারে ঘোরবার। শেষে আবার কোনও ভক্তকর সঙ্গে নেখা হয়ে যাক, আর আবার কোনও ফ্যাসাদে পিড। মনে পড়ে গেল, হরিদার বড় বিষম দ'। এখানের ঘুণিজলে জাল কেঁডা বাঘা মাহেরা জন্মের মৃত আটকা পড়ে ঘায়েল হয়ে যায়।

পাকুক হরিবারের দ' হরিবারে পড়ে। আমি রেহাই পেয়ে গেলাম সেইটেই আসল কথা। বাধা-বিপত্তির আর বিন্দুষাত্র স্থাবনা নেই h থেদিকে ত্ব' চক্ষু যায় চলে যাব। ত্বগা বলে আজ রাতের গাড়িতেই চড়েবদ। তারপর যা'পাকে কপালে।

কিন্তু আমার কপালে যাই থাকুক ওঁর কপালে এবার কি আছে ? রাত্রে যেটুকু কানে গেছে তাতে এটুকু স্পষ্ট বুরেছি যে মহারাজজা আর সহজে ফিরছেন না। কেরবার হলে নিজের হাতের বেহালাখানিও আছড়ে ভেলে যেতেন না। কিন্তু কি এমন ভয়ানক কাও ঘটে গেল ওঁদের জীবনে, যার জল্পে এভাবে সমস্ত লগুভগু হয়ে গেল। মনে পড়ে গেল হরপাবতীর কথা। কাশীতে এ দের লোকে হরপাবতী বলত। বলে নিঃখাস ফেলত। বলত—'আহা, এমন সোনার কপাল মাহুল কত পুণ্ডে করে আলে গো।' হাসি পেরে গেল—সোনার কপালই বটে। সোনার বলেই এ ভাবে ভেঙে গেল কপাল। অন্ত কিছুর হলে হয়ত আরও কিছুলিন খোণে টিকভ।

কিছ এবার ইনি করবেন কি ? যাচ্ছেন কোথায় ? কার কাছেই বা চলেছেন ? কে জানে আল্লায়-স্বন্ধন কেউ কোথাও আছে কি না! থাকলেও তাঁদের কাছে গিয়ে দাঁ ভাবার মুখ আছে কিনা, তাই বা কে বলতে পারে। হরের সঙ্গে পার্বতীর কোনও লৌকিক সম্বন্ধ আছে কি না, তাও তো ছাই জানি না! রহস্ত্রময় এঁদের জীবন। রহস্ত্রময় বলেই হরিশ্বারের রহস্ত-জগতে এসে আশ্রয় নিয়েছেন। দূর হোগ গে ছাই—কেন মিছে মাথা ঘামিয়ে মরছি ওঁলের নিয়ে ? যেখানেই যান, যা'ইছে ক্রুন আ্যার কি তাতে ?

বিষম বিরক্ত হয়ে পাশ ফিরে শুলাম। এবং নোধ হয় পেট-ভরা থাকার দরুনই তক্সা এসে গোল। দরজাটা খোলাই রইল। তা' পাকুক, খুমছি না তো আর আমি। শুধু একটু গড়িয়ে নোব। সন্ধ্যা হলেই চলে যাব দেটশনে। তারপর যে ট্রেনধানা প্রথমে ছাড়বে তাতেই উঠে পড়ব কোনও রকমে।

চলেই গেলাম শেষ পর্যন্ত। ট্রেনে চড়ে নর, অন্ত এক জাতের যানে চড়ে। সেখানে চড়ে যত্রতত্ত উধাও হরে যাওরা যায়। টিকিট কাটড়ে হর না, চেকার উঠে নামিয়ে দেবার ভর নেই, নেই গ্রুড়া খাবার ভয়। সে বানে

ভিড় হয় না মোটেই, আরামে গুরে নাক ডাকিয়ে চলে যাওয়া যায়। গুধু-পেটটা ভর্তি থাকলে আর মশায় না কামড়ালে সহজে সে যাত্রায় ছেদ পড়েনা। তবে বিপদ হচ্ছে এই যে সে যান কোপায় গিয়ে পৌছবে তা' জানবার উপায় নেই। নিমেষের মধ্যে নাম-না-জানা আজগুরী রাজছে নিয়ে যদি নামায় তাতেও আশ্বর্য হবার কিছু নেই।

আমার ভাগ্যেও তাই ঘটে গেল। হঠাৎ দেখি এমন এক দেশে পৌছে গৈছি যেখানে না আছে শোক-ছঃখ না আছে আনন্দ-উচ্ছ্যুস। আছে শুধু স্থর। স্থরে স্থরে সেখানের আকাশ-বাতাগ পরিপূর্ণ। সপ্ত স্থরের সপ্ত ডিঙা ভাসিয়ে সে দেশের স্থরেখরীতে ভেগে চলেছেন স্থরলোকের মেয়েরা। তাঁদের মধ্যে একজনের আঁথি ছাটর দিকে চেয়ে বুকের ভেতরটা ভয়ানক মৃচড়ে উঠল। কি জানি কেন মনে হ'ল যে সেই স্থরলোকেও উনি বড় একা, বড় অসহায়।

সেই মোচডেই আবার ফিরে এলাম যেখানকার মাত্র্য সেখানে। মনে

হ'ল মাথার কাছে দাঁড়িয়ে কে যেন হাঁফাচ্ছে। তাড়াতাড়ি উঠে বসে হু' হাতে

চোথ কচলে ভাল করে চেয়ে দেখলাম।

হাঁপাতে হাঁপাতে তিনি বললেন—"সন্ধ্যা হয়ে গেল যে। আপনি যাকেন কথন ?"

ভয়ানক আশ্চর্য হয়ে জিজ্ঞানা করলাম—"কোণায় ?"

একটা ঢোঁক গিলে বেশ বাঁজিয়ে উঠলেন—"তা' আমি কি জানি।" বলে আবার একটা ঢোঁক গিলে পাশের দেওরালটা ধরে কেললেন। ততক্ষণে 'উঠে দাঁড়িষেছি আমি। তীক্ষ দৃষ্টিতে চেয়ে রয়েছি তাঁর দিকে। হয়েছে কি! ওরকম করছে কেন?

মাথাটা সামনের দিকে ঝুঁকে পড়েছিল। এক হেঁচকায় মুখ তুলে বেশ জড়িয়ে জড়িয়ে বললেন—যান—বেরিয়ে যান শিগ্গির ঘর থেকে। আমি একলা মেয়েমাছ্ম, আর কেউ নেই বাড়িতে, যান। অতি স্পষ্ট ইন্ধিত। কান মাথা ঝাঁ ঝাঁ করে উঠল। চোখেও জলে উঠল আগুন। জলন্ত চোখে একবার তাঁর দিকে তাকিয়ে দরজার দিকে পা বাড়ালাম। নিশ্চরই কিছু টেনেছে। কিছুই অসম্ভব নয় এঁদের পক্ষে। ভোগ ঐশর্য গান বাজনার মধ্যে ভাগবার জন্মে ঘর ছেড়ে এ পথে নেমেছে যে, তার পক্ষে ও জিনিগ অচল নয়। একটু ফুতি-টুতি করবার জন্মেই বাম্নটাকে পর্যন্ত বিদের দিয়েছে। বোধ হয় এবার মনের মাহ্যুব কেউ আসবে। শুধু শুধু কি আর মহারাজজী সরে পড়েছেন!

দরজার বাইরে পা দিয়েছি হঠাৎ কানে গেল হিক্কার শব্দ। পর পর ক্ষেকটা হিক্কা উঠল। তার সঙ্গে একটু যেন চাপা গোঙানিও শোনা গেল। একবার—পেছন দিকে তাকিয়ে দেখলাম। দেওয়ালে পিঠ দিয়ে দাঁড়িয়েছে। ঘরের বাইরে তখনও যেটুকু আলো ছিল তা' গিয়ে পড়েছে মুখের ওপর। কিছ ও কি। ও কি রকম চাহনি। ও রকমই বা করছে কেন লোকটা।

তাড়াতাড়ি আবার ঘরের মধ্যে পা দিলাম। তংক্ষণাৎ একটা আর্জনাদ করে উঠল <u>প্রাণপ্রণে—"যান, যান, যান বলছি</u> শিগ্গির এ বাড়ি থেকে। যদি ্ বাঁচতে চান—পালান।"

আর বলতে পারলে না, মাথাটাও খাড়া করে রাখতে পারলে না। লিটকে পড়ল মাথাটা বুকের ওপর।

যাব কি, ব্যাপার দেখে কেমন যেন ছুলিরে গেল আমার মাধার মধ্যে।
আরও একটু কাছে এগিরে বললীম—"দেখুন—তন্তেন

সাড়া নেই।

এক প। সামনে এগিয়ে আবার ডাক দিলাম—"দেখুন—শুনছেন।"

আবার উঠল গোটা ছুই হিন্ধা। ছু' হাতে নিজের বুক চেপে ধরে **অভি** কটে মাথা ভুললে। ভুলে বিআন্ত দৃষ্টিতে চাইতে লাগল চভুদিকে। হঠাৎ নজর পড়ল আমার ওপর। সঙ্গে সঙ্গে চিৎকার করে উঠল—"ভূমি কে? কে ভূমি?" আমিও কেম্ন যেন বিপ্রান্ত হয়ে গেলাম। আরও এক পা কাছে এগিয়ে বললাম—"আমি—আমি—আমাকে চিনতে পারছেন না ?"

আবার চিংকার করে উঠল প্রাণপণে—"না, পারছি না। চিনি না তোমাকে। যাও, যাও বলছি ঘর থেকে বেরিয়ে—"

শেষ করতে পারলে না। টলে পড়ল মেঝের ওপর। পড়ে মুখ রগড়াতে লাগল মেঝেয়।

কি করব, কি না করব বুঝতে না পেরে পাধরের মত দাঁড়িয়ে রইলাম।
এমন কেউ নেই বাড়িতে যাকে ডাকতে পারি। গায়ে হাত দোব, না দোব
না তাও ঠিক করতে পারলাম না। হঠাৎ দেখি, ছ' হাতে ভর দিয়ে উঠে
বসবার চেটা করছে। আর থাকতে পারলাম না। ছ'হাতে ছ' কাঁধ ধরে
বসাবার চেটা করলাম। কানে গেল কি যেন বলছে বিজ বিজ করে।
দেওয়ালের গামে ঠেসান দিয়ে বসিয়ে মুখটা সোজা করে রাখবার চেটা
করলাম। তখন বেশ বুঝতে পারলাম কি বলছে জড়িয়ে জড়িয়ে জড়িয়ে

"এলে, ফিরে এলে, জানি তুমি থাকতে পারবে না আমায় ছেড়ে। আর একটু আগে এলে আমি এ জিনিস খেতাম না গো—কিছুতেই খেতাম না।"

আমার মুখ দিয়ে বেরিয়ে গেল—"কি খেয়েছ, কি খেয়েছ তুমি !"

কোনও উত্তর নেই। মাথাটা সোজা রাথারও উপায় নেই। ঘাড়টা ভেঙে গেছে যেন, ছেডে দিলেই মাথাটা বুকের ওপর এসে পড়ছে।

হঠাৎ আমার মাধার যেন হাতুড়ির যা পড়ল। বিষ খারনি তো! নিচু হয়ে মুখ তঁকে দেখলাম। হাঁ—এই তো, কিসের যেন গন্ধ বার হচ্ছে! এ কি মদের গন্ধ! না, কিছুতেই নয়। মালিশের ওষ্ধের গন্ধের মত বলে মনে হকে, এখন কি করা যায়!

কাছাকাছি মাস্থজন নেই বে ডাকব। ছুটে একবার ঘর থেকে বেরিরে বারান্দার দাঁড়িরে দেখে নিলাম। না একটা প্রাণীও আসছে না এদিকে। আবার দৌড়ে গিরে চুকলাম ঘরের মধ্যে। ওকে ডুলে নিরেই নিচে নেমে বাব। নিচের রোয়াকে শুইরে লোক ডাকব। না হয় নিজেই বরে নিরে যাব— যতক্ষণ না একটা গাড়ি-টাড়ি দেখতে পাই। আর এক মৃহূর্ত দেরি করা নয়। যতক্ষণ শাস ততক্ষণ আশ।

হাঁটুর নিচে এক হাত আর ঘাড়ের নিচে এক হাত দিয়ে তুলে নিলাম বুকের কাছে। তারপর সাবধানে নামতে লাগলাম সিঁড়ি দিয়ে। আমার হাতের ওপরেই জ্ঞান ফিরে এল। শক্ত হয়ে উঠল শরীরটা। মাথাটা পিছন দিকে ঝুলছিল। ঘাড় সোজা করে ঘোলাটে চোখে আমার মুখের দিকে চেয়ে দেখলে। তারপর জাের করতে লাগল নামিয়ে দেবার জল্যে। আর সামলাতে পারলাম না, সিঁড়ির ওপরই নামাতে হ'ল।

নামাতেই ছ্' হাতে চেপে ধরলে আমার গলা। তারপর দাঁতে দাঁতে চেপে বললে—"শেষ করে দোব আজ তোমায়। শক্ত, তুই আমার সর্বনাশ করেছিস। আমার পেটে যে এসেছে তাকে আমি কিছুতেই মারতে দোব না। কিছুতেই না। কেন তুই তাকে আনলি? কেন আনলি—কেন ?"

আমার খাস বন্ধ হয়ে এল। প্রাণপণে হাত ছাড়াতে চেটা করলাম। সহজ নয় মরণ-কামড় ছাড়ানো। চোখ ছটো তখন আমার ঠেলে বেরিয়েছে। আর সহু করতে না পেরে মরিয়া হয়ে মারলাম এক ধারু। হাত ছুটে গেল আমার গলা থেকে। আর হড়মুড় করে সে গিয়ে পড়ল একবারে নিচে।

ত্ব' মিনিট দেওয়ালে হেলান দিয়ে দাঁড়িয়ে খাস নিলাম। তারপর ছুটে নেমে গেলাম নিচে। উপুড় হয়ে পড়ে আছে। তাড়াতাড়ি চিত করে লায়ালাম। নাক দিয়ে রক্ত গড়াছে।

সামনেই স্নানের ঘর। এক বালতি জল এনে মাধায় মূখে ঝাপটা দিতে লাগলাম। অনেককণ পরে একটা দীর্ঘনি:খাস ফেলে পাল ফিরে শুল। আর এক বালতি জল এনে চালতে লাগলাম মাধায়।

ধীরে ধীরে জ্ঞান ফিরে এল। বোলাটে ফাঁকা দৃষ্টিতে চেরে দেখলে
ক্তুদিকে। তারপর—ছ' চোখ বুঁজে প্রায় চুপি বুলতে লাগল—

"ডাক, একবারটি ডাক গো আমায় সেই নামটি ধরে। একটি বার ডাকলেই আমি গান গাইব। শ্রী বলে না ডাকলে বাগেশ্রী গাইব না আমি কিছুতে—ডাক।" বলে আতুরে মেয়ের মত ফুপিয়ে কাঁদতে লাগল।

আর চোথ থুললে না। একটু পরে গুনগুনিয়ে উঠল গলা। প্রথমে ভ্যানক কড়িয়ে গেল কথার সঙ্গে স্থর। তারপর স্পষ্ট হয়ে উঠল কথা।

"হথের গৃহ শ্মশান করে বেড়াস না তুই আগুন জ্বালি।

আমায় তুঃখ দেওয়ার ছলে মা তোর ভুবন-ভরা রূপ দেখালি।

আর লুকাবি তুই কোথায় কালা।"

হঠাৎ ঘড় ঘড় করে উঠল গলার মধ্যে। কানের কাছে মুখ নিয়ে প্রাণপণে ডাক দিলাম—"শ্রী, শ্রী, শ্রী।"

बारमञ्जी मिनिएम रमन ।

তারপর অন্ধকার। কে জালাবে সদ্ধ্যা আশ্রমে! অন্ধকারেই চুপ করে বদে রইলাম সিঁড়ির শেষ ধাপটার ওপর। সামনে অন্ধকারের মধ্যে ছুমিয়ে আছে বাগেশ্রী হুর। আর জাগবে না।

অনেক রাতে অন্ধকারেই আঁচলখানি মুখের ওপর টেনে দিয়ে চোরের মত চূপি চুপি বেরিয়ে এলাম বাড়ি থেকে। হরিন্বারের দ' থেকে উদ্ধার পেলাম

নির্ধারিত শিল্পীর অন্তপস্থিতিতে

চিঠি পেলাম।

বন্ধু লিখেছেন, বিয়েয় না গেলে তিনি আর কখনও আমার মুখ দশন করবেন না।

শেষ রাত থেকে বৃষ্টি নেমেছে। যাকে বলে অনোর ঝরা। অনেক সাধ্য সাধনার বৃষ্টি। আকাশ বাতাস আলো, মন মেন্ডাঞ্জ বিম্বিম্ করছে। এমন দিনে ঘরের কোণ ছেড়ে বেরুতে কার প্রাণ চায়! কিন্তু উপায় কি! নিশুরই আর একবার বন্ধু বিয়ে করতে সাহস করবে না। যা' দিনকাশ পড়েছে, লোকে একবারই ও কর্মটি করবার সাহস পায় না। স্কুতরাং রওমা হলাম।

এক কাঁড়ি টাকা দণ্ড দিতে হ'ল। স্ব-শ্রেণীতে ঠাঁই নেই। দেশস্থন্ধ স্বাই আজিমগঞ্জ চলেছে। ইন্টার ক্লাশ নেই এট্রেন। মরিয়া হয়ে টাকা শুণে দিয়ে টিকিট পাল্টাতে হ'ল। বেলা সাড়ে বারটায় গাড়ি ছাড়ল।

নাত্র সাড়ে চারজন এই কামরায়। ওপাশের আসনে বসেছেন রাজস্থানের এক দম্পতি আর তাঁদের চার বছরের কঞা। গাড়িতে উঠেই ওরা চর্বণ করতে আরম্ভ করেছেন। মস্ত বড় বেতের টুকরি ভরে এনেছেন তার রসদ। এপাশের আসনে আমার সঙ্গে যিনি বসেছেন, তাঁর কোলের ওপর খোলা একখানি আড়াই সেরি কেতাব। ভদ্রলোক ডুবে গেছেন তার পাতার। ক্বরিবাসী রামায়ণ নিশ্চয়ই। উঁকি দিয়ে দেখলাম, কি নাম বইটির। ফ্রেমে পড়বার মত বই-ই বটে। কিছুতেই ফুরবে না জীবন ভোর গাড়ি চেপে চললেও। বইখানি চেখার্য ভিক্সনারী।

আমার সম্বল এক টিন সিগারেট। না যার চিবানো, না যার পড়া। পোড়ান যার। তাই করতে করতে অভিনিবেশ সহকারে ডিক্সনারী পাঠক ভদ্রলোকটিকে পর্ববেশপ করতে লাগলাম।

নেহাৎ গোবেচারা গোছের রোগা মাত্রুষটি। কত্নই কাটা সাদা সার্ট আর ধৃতি পরে আছেন। বয়স তিশ থেকে পঁরত্তিশের মধ্যে। সাধারণ বাঙালীর মত গায়ের রঙ. গোঁফ দাড়ি চাঁচা, মাথার মাঝখানে সিঁথি। বেশ একটু লম্বঃ ছাঁদের নির্বিকার মুখ। বই থেকে চোখ তুলে ছু' একবার আমার দিকে চাইলেন। মুখের অমুপাতে বেশ বড় আর ভাষা চোথ। চোখের দৃষ্টি কিন্ত বোবা नम्न बतः वला চলে খুব বেশী ইঙ্গিতময় আর মুখর সেই চাহনি। আধঘণ্টা সমানে ছুটে গাড়ি গিয়ে দাঁড়াল শ্রীরামপুর স্টেশনে। দাঁড়াল তো দাঁড়ালই। নড়বার আর নামটি নেই। নামবার যারা, তারা নেমে গেল— যারা ওঠবার, তারা উঠে এল। চা গরম আর গরম চা ছই মিলিয়ে এল। পাঞ্জাবের হাতকাটা বাসন্তী ভাস্কর, রামপ্রসাদী গান বার পাঁচ ছয় জানালার সামনে চেঁচিয়ে গেল। ওপাশের কর্তা লোটা হাতে নেমে গিয়ে পানি নিয়ে ফিরলেন। এপাশের ইনি একটি বিভি ধরালেন। গাড়ি কিন্তু ঘুমিয়েই त्रहेम । वाहेरत **এक**हें। शानमान फेठन । जानानात कांट्र क्लान ट्रिक्स দেখি ভিড় জনেছে সিঁড়ির নিচে। বাঁ হাতের চেটোয় মাটির প্লাস বোঝাই এলুমিনিয়মের থালা মাথার ওপর উঁচু করে ধরে, ডান হাতে সাদা কেটলি ঝুলিয়ে খাকী কোর্ডা পরা 'চা গরম' ভেইয়ারা ঘিরে রয়েছে জারগাটা। অপ্রাব্য গালাগালি আর পটাপট মারের আওয়াজ আসতে সেখান থেকে।

আড়াই সেরি কেতাবখানি ফেলে আমার সহযাত্রী দরজা খুলে নেযে গেলেন। তিন লাফে সেই জটলার কাছে পৌছে অভুত কায়দায় সকলকে ভাতিয়ে চুকে গেলেন ভেতরে। সঙ্গে সঙ্গের বেরিয়েও এলেন একটা মেয়েকে নিয়ে। টানতে টানতে এনে তুলে ফেল্লেন আমটেদের কামরায়। তারপর দরজায় দাঁড়িয়ে হাত পা নেড়ে গলার শিরা ফুলিয়ে বিকট অভতলী করে গালাগাল। সে ভাষা ভনে চোখ বুঁজে কালে আছুল দেওয়া ছাড়া উপায় নেই। ওথারে হাসির রোল উঠেছে। ভিড় করে বারা মলা দেখছিল, ভারা বাঙালী বাবুর কাণ্ড দেখে ছেলে অস্থির। তাদের ভিতর খেকে বেরিয়ে এলে একটি চোয়াড় ছোকরা, ফ্যালফ্যাল করে চেয়ে আছে গাড়ির দিকে। তার হাতে একপাটি সৌখিন স্থাণ্ডেল। আর এগোতে সাহস হছে না তার। ছোকরার পোষাক আর চুলের বাহার যথেই। গোলাপী রঙের সার্ট, সবুজ রঙের পাজামা, গলায় একখানি রামধহ রঙের ক্যাল বাঁধা। ছ্'চোখের কোলে কালি পড়েছে। গলার হাড় ঠেলে বেরিয়ে আছে। বেশ বোঝা গেল ছোকরার প্রাণে ক্র্তি আছে, বর্ষার দিনে দে একটু উড়ছে।

সেই হটগোলের জন্মেই বোধ হয় গাডির নিদ্রা ভঙ্গ হ'ল। ট্রেনখানা প্রাটফরম ছাড়িয়ে বেরিয়ে এলে মুখ চালানে। বন্ধ করে গজীর হয়ে এলে বসলেন নিজের জায়গায় আমার সহযাত্রী। তাঁকে দেখে তথন কে বসবে এই মাহ্রুষটি এইমাত্র নেহাৎ বেলেল্লার ভাষায় মুখ ছোটাচ্ছিলেন। ছ'হাতে মুখ ঢেকে গাড়ির দেওয়াল সেস দিয়ে দাড়িয়ে আছে মেয়েটা। পোবাকের বাহার তারও কম নয়। লাল সবুজ কালো গোলাপী সব রকম রঙের কাপড় জামা পরেছে সে। সবুজ রঙের জামা, তার নিচে স্পষ্ট দেখা যাছেছ লাল রঙের কাঁচুলি। কালো রঙের কাপড়ের ভেতর গোলাপী সায়া। এত পাতলা কাপড়খানা, মনে হয় শুধু যেন সায়া পরেই আছে। রোগা হাত ছ'টিতে অনেকগুলো করে কাঁচের চুড়ি। কানে ঝুলছে কাঁধ পর্যন্ত ঠেকানো ছুল। ছ'টি হাতের দশটি আফুলের নথে লাল রঙ মাগানো।

সেওড়াঙ্গুলি থেকে গাড়ি ছাড়ল। পকেট থেকে ছু'টি টাকা আর একধানি টিকিট বার করে সহযাত্রী সদয় কণ্ঠে ডাক দিলেন মেয়েটকে।

"শোন—কোণায় পালাচ্ছিলে ভূমি ?"

মুখ থেকে হাত নামালে সে। বাঁ দিকের চোখ আর গলাটা ফুলে উঠেছে। ঐখানেই পড়েছে নিশ্চয়ই জুতোর বাড়ি। চোখের জলের সঙ্গে লাজল আর গালের রঙ মিশে কিছুত কিমাকার দেখাছে মুখখানা মেয়েটার। ভীতিবিজ্ঞল চোখে সে প্রশ্নকর্তার মুখের দিকে চেয়ে রইল। তিনি টিকিটখানা আর টাকা ছটে। ছুড়ে দিলেন ওর পায়ের কাছে বললেন, "ব্যাণ্ডেল পর্যন্ত যেতে পারবে এই টিকিটে। পরের ট্রেনে সে ছোঁড়া আসতে পারে। আবার যেন তার হাতে ধরা পোড় না।"

গাড়ি দাঁড়াল চন্দননগর ফেশনে। ডিক্সনারী বগলে চেপে নেমে গেলেন তিনি। মেয়েটি সেইখানেই মেঝের উপর বসে পড়ল।

ব্যাণ্ডেলে গাড়ি থামতে সে নেমে গেল। বাঁচা গেল। একটা সিগারেট্ ধরিয়ে আরাম করে বসলাম। থোঁ যার সঙ্গে উড়িয়ে দিতে চাইলাম এই নোংরা ব্যাপারটা মন থেকে। কিন্তু যিনি চন্দননগরে নেমে গেলেন তাঁর নির্বিকার মুখখানা মন থেকে মুছে যেতে চাইলে না অত সহজে।

মাস তিনেক পরে।

বিজয়া সন্মিলনী হচ্ছে আমাদের ক্লাবে। নামকরা গাইয়ে বাজিয়ে যোগাড় করা হয়েছে। ভিড়ও হয়েছে তেমনি। প্রসিদ্ধ হাস্যরসিক পরাশর বোস আসছেন। আমি কখনও দেখিনি তাঁর ক্যারিকেচার। যাঁরা দেখেছেন তাঁরা বিনা নিমন্ত্রণে এসে ভিড় করেছেন। বাইরে দাঁড়াবার স্থান নেই। স্টেক্তে পর্দার আড়ালে দাঁড়িয়ে আছি। পরাশর বোসকে নিয়ে সেক্রেটারি ভাস্কর রায় চুকলেন। আমার পাশেই একখানা টিনের চেয়ার দিয়ে বললেন, "এখানেই বস্থন পরাশরবার। কি খাবেন? চা না সরবং?

চমকে উঠলাম। কখনও ভূল হবে না এ মুখ। সামলাতে পারলাম না. বলে ফেল্লাম, "নমস্কার, চিনতে পারছেন ?"

হেলে জবাব দিলেন, "খুব পারছি। সে মেয়েটা নেমে গিয়েছিল তো ব্যাত্রেলে ?"

ৰললাম, "গেল বৈ কি।" বলে বোকার মত প্রশ্ন করে কেললাম—"ও কি আপনার চেনা লোক নাকি ?"

"क्रमां! क्रमा इत्व कि करत ?"

"ভবে বে ওকে ধরে এনে গাড়িতে তুললেন হঠাৎ।"

"তা' না হলে আরও জুতো খেয়ে মরত যে। ছোঁড়ার হাত থেকে ছিনিরে নিরে মারটা থেকে তো বাঁচিয়ে দিলাম, ব্যাস।"

এমন হান্ধা ভাবে কথাটা বললেন যেন ওরকম কান্ধ করাটা একেবারে কিছুই নয়। এক গাড়ি লোকের চোখের ওপর সেই রকম একটা মেরের হাত ধরে টেনে এনে গাড়িতে তুলতে যে সে পারে! তারপর সেই মুখখিন্তি আর ক্ষর্মের আহ্বান করা ছোডাটাকে—"আয় না েখি শালা—দে আয় একবার হাত ওর গায়ে, তাগলে—" তাহলে যে তার কি দশা করে ছাড়বেন, তার জলজ্যান্ত কাঁচা কাঁচা ফিরিন্তি দেওয়া এ সমস্ত কর্ম সকলের পক্ষেই জলের মত সহজ্ঞার সোজা! কে কি ভাবছে সেদিকে ক্রক্ষেপ করবার বিদ্মাত্র প্রয়োজন নেই। ই। করে চেয়ে রইলাম ভদ্রলাকের মুখের দিকে। তিনি তথন আরামে সরবতে চুমুক চালাচ্ছেন।

তারপর তিন বছর কেটে গেল। যেখানে পরাশর সেখানেই আমি। কবে যে আমাদের সম্বন্ধটা তুই পর্যন্ত নেমে গেল তা'টেরও পেলাম না। হাজার হাজার জোড়া চোখের সামনে দাঁড়িয়ে নিতান্ত গোবেচারা পরাশর যখন মাহবের হাকামি আর হামবড়াপনার হবহ নকল করে উন্তট বস্কৃতা দিতে থাকে প্রোতাদের—তখন হাসির চোটে দম বন্ধ হবার উপক্রম হয়। আর নেপথ্যে বলে হাজার হাজার জোড়া হাততালির তালে আমিও সুলে উঠি বন্ধুগর্বে। সিনেমার ইড়িও, সেজ, রেডিও আর এখানে ওখানে জলসা, সর্বত্র ঘুরহি ওর সঙ্গে। চপ কাটলেট লুচি পোলাও থাছি। এক পরসা খরচা নেই। কেউ না কেউ খাওয়াছেই। বাড়ির খাওয়া এক রকম ছেড়েই দিয়েছি। পরাশরের বাড়ি ঘর আল্লীরম্মনের হাজামা নেই। থাকলে এতদিনে জানতে পারতাম। একটা নামজাদা হোটেলের একখানা সাজানো মরে সে থাকে। তারও ভাড়া লাগে না। হোটেলের মালিক বিজ্ঞাপন দেন

কাগজে—এই হোটেলের রুচি এতই উচ্চন্তরের যে বিখ্যাত পরাশর বোস এখানে স্বায়ীভাবে বাদ করেন।

ভাবি এত খেটে ওর লাভ কি ! কে খাবে ওর টাকা। বিয়ে থা করেনি, করবেও না কখনও। বলে, লোক হাসিয়ে পেট চালাই। কার এমন গরজ পড়েছে এই হতচ্ছাড়াকে বিয়ে করবে? নেশার মধ্যে নিজে কিনে খায় বিড়ি। পরের পয়সায় ফোঁকে সিগারেট। অন্ত কিছু পরের নিজের কারও পয়সাতেই ছোঁয় না। তবে আছে বটে আর একটি নেশা। সেটি হচ্ছে খামকা পরের ব্যাপারে জড়িয়ে পড়া। তখন অনর্থক বহু টাকা বেরিয়ে যায়। সেবার একটা কুকুরের জন্তে কি কাণ্ড করে বসল।

খুব ভোরে ছ'জনে ফিরছি স্টুডিও থেকে। টালিগঞ্জের রাস্তায় তথনও লোক চলাচল শুক হয়নি। দ্রাম ডিপো পর্যস্ত গেলে ট্যাক্সিরিক্সা যাহোক একটা পাব এই আশায় হাঁটছি। আমাদের উন্টা দিক থেকে সাক্ষাৎ যমদ্ত সদৃশ সাড়ে তিনমন ওজনের এক দেশী সাহেব আসছেন কাঁধে দোনলা বন্দুক ঝুলিয়ে। আরও কাছাকাছি হতে দেখা গেল একটি বড় লোমওলা বিলিতি ক্কুরের গলায় দড়ি বেঁধে তিনি টেনে নিয়ে আসছেন। কুকুরটার জিভ বেরিয়ে গেছে আধ হাত, প্রাণপণে চেটা করছে দড়ির ফাঁস থেকে গলাটা খোলবার জন্তে। সাহেবও প্রাণপনে টানছেন দড়ি ধরে। কুকুরটা শুয়ে পডল। তাতে কি, সেই অবস্থায় তাকে হিঁচড়ে নিয়ে চললেন সাহেব।

পরাশর সামনে গিয়ে বিনীত ভাবে জানতে চাইলে—"কি হয়েছে? অমন করছে কেন কুকুর ? কোথায় নিয়ে যাচ্ছেন তিনি কুকুরটাকে ?"

দাঁতে পাইপ কামড়ানো সেই ত্শমন-মূথ থেকে গোঁ গোঁ। করে জবাব এল, "এটা থেপেছে। কাঁকা মাঠে গুলি করে মারতে নিয়ে যাছি। জবাব দিয়েই এক লাকে কুকুরটার পিছনে এসে সজোরে দিলেন এক সব্ট লাখি কুকুরের শীব্দরার। মর্মন্তদ আর্তনাদ করে কুকুরটা নিধর হয়ে গেল। তার ছুটো চোথ যেন ঠেলে বেরিয়ে আসছে।

চীৎকার করে ঝাঁপিয়ে পড়ল পরাশর কুকুরের ওপর।

সাহেব তেড়ে এসে পরাশরের কাঁধ খামছে ধরলেন। "বেলিক বেয়াদব, ছাড় আমার কুকুর। যা' খুশি করব আমার কুকুরকে। ভুই বাধঃ
দেবার কে ?"

পরশের উঠে দাঁড়াল। দাঁড়িয়েই লাগালে এক ঘুনি সাহেবের প্যাবড়া নাকে। তিনি ঘুরে পডলেন, বন্দুকটা ছিটকে পডল এক ধারে। চন্দের নিমেষে সেটার নল ধরে ভূলে নিয়ে মাথার ওপর ঘুরিয়ে ছেড়ে দিলে পরাশর। রাস্তার বাঁ পাশে একটা পুকুরের মধ্যে পড়ল সেটা ঝপাং করে। ততক্ষণে কুকুরের গলার দড়িটা আমি খুলে দিয়েছি।

তারপর দৌড়। খানিক পরে দেখি কুকুরও ছুটে আসতে আমাদের সঙ্গে। পাওয়া গেল একখানা খালি রিক্সা। কুকুরকে রিক্সায় চাপিয়ে যথাস্থানে পৌছে গেলাম আমরা।

পরামর্শ দিলাম পরাশরকে — "কুকুরট। সরিয়ে ফেলি। নিশ্চয়ই **প্লিশ** স্থাসবে কুকুরের খোঁজে।"

ও গ্রাহাই করল না। হোটেলের মালিকের ওপর হকুম হয়ে গেল**ং রোজ** আধ দের মাংস আর আধ দের হুধ চাই কুকুরের জন্মে। কুকুর শুয়ে রই**ল** খাটের তলায়।

যথাসময়ে ত্'জন গ্রেপ্তার হলাম। লাইসেন্স করা বন্দুক ছিনিয়ে এনেছি আমরা। পুলিশের বড় কর্তারা পরাশরকে চিনতেন। সব ব্যাপার তাঁদের বলা হ'ল। তথন টাকার শ্রাদ্ধ করে অত বড় পুকুরটা ছেঁচে কেলা হ'ল। পুকুরের মালিকও বেশ কিছু টাকা নিলেন তাঁর মাছের জন্তে। শীকের ভেতর পাওরা গেল বন্দুক। গেল তাই রক্ষে। নরত সে যাত্রা নির্বাত শ্রীষর বাস করতে হ'ত।

কিছুতেই কুকুর দেওয়া হ'ল না সাহেবকে। পুলিশ সাহেবের সামনে এক গোছা নোট তার মূখের ওপর ছুঁড়ে মারলে পরাশর। জানতে পারা গোল লোকটারই মাথা খারাপ, কুকুরের নয়। সে ভাল ভাল বিলিতি কুকুর পোষে আর কিছুদিন পরে গুলি করে মেরে ফেলে।

হাসি ঠাট্ট। নিয়ে যার কারবার সেই লোক সামান্ত ব্যাপার নিয়ে এমন মেতে ওঠে তথন ওকে ফেরায় কার সাধ্য। চূড়াস্ত নিস্পত্তি না করে কিছুত্তই ছাড়বে না পরাশুর বোস।

মকঃস্বল থেকে একটা বছ টাকার ডাক এল। মহামহোৎসব লাগিয়েছেন এক কুমার বাহাত্ব। তাঁর মা মন্দির প্রতিষ্ঠা করছেন গুরুদেবের নামে। সারা দেশের গুণী লোক জমা হচ্ছেন দেখানে। এক পক্ষ ধরে উৎসব চলবে। এক সপ্তাহ ওঁর। রাখতে চেয়েছিলেন পরাশরকে। কিন্তু তা' সন্তব নয়। সিনেমার ছবি তোলা বন্ধ করা যায় না। দিন ছয়েক পরে রেডিওর প্রোগ্রাম রয়েছে। তিন দিনের জন্মে বায়না নেওয়া হ'ল।

তল্পিতল্পা বেঁধে সেখানে পৌছে দেখা গেল সে এক ইলাহী কাণ্ড। যাত্রা থিয়েটার কবিগান ম্যাজিক। বড় বড় ওপ্তাদ এগেছেন কাশী লক্ষ্ণো নোম্বাই থেকে। নাম করা আধুনিক আধুনিকারা তো আছেনই। বিরাট এক মেলা বসে গেছে। লোকও জমেছে তেমনি। ছই বাঁধা গরুর গাড়িতে সংসার চাপিরে এসেছে দূর গ্রাম থেকে। আর এসেছেন কয়েক হাজার সাধু সন্ন্যাসী বৈক্ষব বৈক্ষবী। রোজ কত হাজার লোককে এঁরা খাওয়াছেন কে তার ছিসেব দেয়।

বহু টাকা খরচা করে হাজার পাঁচেক লোক বসতে পারে এতবড় প্যাণ্ডেল বানানো হরেছে। সাজানোও হয়েছে তেমনি ভাবে, চোধ ধাঁধিয়ে যায় আলো আর রঙের থেলায়। প্রথম রাতেই পরাশর একেবারে পাগল করে ভূলত্বে লোককে। তার পরদিন আর প্যাণ্ডেলের ভেতর পরাশরের ছান হ'ল না। খোলা জায়গার হাজার-হাজার লোকের সামনে উঁচু মাচার ওপর দাঁড়িরে দে চালালে তার বক্তৃতা। অর্থেক কথা কারও কানেই চুকল না এমন উৎকট হাসির রোল উঠণ। খোদ মালিক আর তাঁর অন্তঃপুরবাসিনীর। মেতে উঠলেন। আমাকে পর্যন্ত খোশামোদ, যত টাকা লাগে লাগুক আরও কয়েকটা দিন পরাশরকে আটকে রাখতে হবে।

পরদিন খুব সকালে বাইরে থেকে খবর এল এক বৈষ্ণুব বাবাজী পরাশরের দর্শন প্রাথী। পরাশরের স্কুম নিয়ে বাবাজীকে ভেতরে আনা হ'ল। সাধারণ লোকের চেয়ে লোকটি বেশ লম্বা। চুল দাড়ি সমস্ত সাদা, ছুধের মত সাদা। মাধার মাঝখানে চুড়ো বাঁধা। পা প্যস্ত লম্বা সাদা আলখাল্লা। ছু'টি চোখে যেন প্রসন্মতা উপছে পড়ছে। পরাশরের সামনে এগে তিনি এক দুটে কিছুক্ষণ তার মুখের দিকে চেয়ে কি যেন মিলিয়ে নিলেন মনে মনে। তারপর প্রায় ফিসফিস করে বললেন, "তোমার নাম প্রজ্ঞাদ নয় গ বিলোনিয়ার প্রহ্লাদ বোস তুমি, কেমন কি না ?"

পরাশর ততক্ষণে চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়েছে। দেও এক দৃষ্টে চেয়ে আছে বাবাজীর দিকে। কোনও কথা বেরুল না তার মুখ দিয়ে। তথু একবার মাথা দোলালে। বাবাজী কাঁধের ঝোলার তেতর খেকে একটি ছোট পোঁটলা বার করে পরাশরের দিকে এগিয়ে ধরলেন। মুখে তথু বললেন, "ধর তোমার জিনিস।" পরাশর হাত বাড়িয়ে ধরলে জিনিসটা। তৎক্ষণাৎ পিচন কিরে একরকম ছটে ঘর থেকে বেরিয়ে গেলেন বাবাজী।

অনেককণ আকর্য হয়ে চেয়ে রইল পরাশর কাপড়ে জড়ানো পোঁটলাটার দিকে, আমিও। তারপর খুলতে আরম্ভ করা হ'ল পোঁটলাটা। সেও বড় সহজ ব্যাপার নয়। সাতপুরু কাপড় জড়ানো। খুলছি আর আকর্য হয়ে ভাবছি কি বেরুবে এর ভেতর থেকে! পরাশর নিচু হয়ে রুদ্ধ নিঃখাসে দেখছে। বেরুল একটা বালির কোটো, কোটোর ঢাকনা খুলে টেবিলের ওপর উপুড় করে ঝাকানি দিকাম। লাল কাপড়ে বাঁধা ছোট্ট একটি পুঁটলি ঠক্ করে উঠল। সেটা খুলে কেললাম। করেকটা ছোট বড় সিন্মুর মাথানো কড়ি,

কিছু শুকনা ফুল আর ছোট্ট ছ'গাছি সোনার বালা। বালা ছ'গাছি হাতে তুলে নিয়ে পরাশর কি দেখলে ঘ্রিয়ে ছ্রিয়ে। তারপর একটা চাপা আর্জনাদ করে উঠল। তার ম্থের দিকে চেয়ে দেখি, ম্থে এক বিন্দু রক্ত নেই, আর সে ঠক্ঠকৃ করে কাঁপছে।

আধ ঘণ্টার মধ্যে হৈ চৈ পড়ে গেল চারিদিকে। স্বয়ং কুমার বাহাছ্র
ছুটে এলেন। তন্ন তন্ন করে খোঁজা হ'ল সমস্ত মেলা। কোথাও বাবাজীর
চিক্ত মাত্র নেই। তথন কুমার বাহাছ্র আমাদের তাঁর গাড়িতে তুলে নিয়ে
ছুটলেন স্টেশনে। এখনই একখানা ট্রেন ছাড়বে।

স্টেশনে পৌছালাম যথন আমরা, তথন ট্রেন এসে গেছে। গাড়ি থেকে লাফিয়ে পড়ে ছুটল পরাশর প্লাটফরনের দিকে। তাড়াতাড়ি আমরাও এলাম। কুমার বাছাত্বকে দেখে স্টেশন মাষ্টারও ছুটে এলেন। একটা কামরার সামনে ভিড় জমে গেছে। সেখান থেকে মার মার আওয়াজ উঠছে। সহজ ব্যাপার নয়, প্রকাশ্য দিনের বেলা এক ওওা একটা আট ন বছরের মেয়েকে গাড়ি থেকে জার করে নামিয়ে নিয়ে যাজে।

পুলিশ স্টেশন মাষ্টার গার্ড জোর করে লোক সরিয়ে কামরার সামনে গিয়ে পৌছলেন। তাঁদের পেছন পেছন আমরাও।

পরাশর ছ্'হাতে একটা আট ন বছরের মেরেকে আঁকড়ে ধরে ভেউ ভেউ করে কাঁদছে। গাড়ির দরজার ওপর দাঁড়িয়ে আছেন সেই বাবাজী। তাঁর পাশে দাঁড়িয়ে এক বৃদ্ধা মাতাজীও হাউমাউ করে কাঁদছেন।

পুলিশ স্টেশন মান্তার গার্ড কৈ দেখে গোলমালটা একটু থামল। তখন শোনা
প্রেল বাবাজীর ধীর গন্ধীর কণ্ঠ হব। "তোমার মেরে তুমি নিরে যাচ্ছ, এর
প্রেল আনন্দের কথা আর কি আছে প্রহলাদ। আট বছর আমরা ওকে বুকে
করে রকা করেছি, ওর মারের শেব কথাটিও রাধতে পেরেছি আমি।
ভোষাদের বিরের কড়ি আর কুল তোমার হাতে দিতে পেরেছি। কিছু ঐ
ধবরে তুমি বাঁচাতে পারবে না। ও কিছুতেই তোমার বহু করতে পারবে না।

নলোক হাসিরে পেট চালাও তুমি। ও মেরে আমাদের সঙ্গে বৃন্ধাবনে মাধুকরী করে আর ক্লফ্ত নাম গায়। ওকে আপনার করে পেতে হলে তোমাকেও লোক হাসানো ছেড়ে মেয়ের সঙ্গে এই পথে আসতে হবে। নয়ত ওকে নিয়ে শান্তি পাবে না।"

মাধার চূড়া বাঁধা, নাকে তেলক কাটা, গলায় কণ্টি পরা, বৃন্দাবনী চঙ়ে ছাপান শাড়িখানা গলায় গিট দিয়ে বাঁধা ফুটফুটে মেয়েটি পরাশরের ছাত ছাড়াবার জভ্যে আপ্রাণ চেষ্টা করে চেঁচাতে লাগল। পরাশর আরও জোরে তাকে বুকে আঁকড়ে গরে রইল।

হাতের ঘড়ির দিকে চেয়ে গার্ড সাহেব হুইসিল মুখে পুরলেন। কুমার বাছাত্বরের সঙ্গে স্টেশন মাষ্টারের ইসারায় কি কপা হ'ল। স্টেশন মাষ্টার গার্ড সাহেবের দিকে চেয়ে হাত নাডলেন। সবুজ নিশান ছলে উঠল গার্ড সাহেবের মাধার ওপর।

ওধারে চেয়ে দেখি, তু'হাতে গাভির দরজা ধরে বাবাজী রুখছেন মাডাজীকে। তিনি ঝাঁপিয়ে পড়বেনই গাড়ি থেকে। ইঞ্জিনের বাঁশী ককিয়ে উঠল লখা টানে। নিচে মেয়েটি পরাশরের হাত খেকে, ওপরে মাডাজী বাবাজীর হাত থেকে ছাডা পাবার জয়ে আপ্রাণ চেষ্টা করতে লাগল।

পরাশর আর কিছুতে ফিরলে না স্টেশন থেকে। কুমার বাহাছর সমন্তই
ব্বলেন। বাস্তবিকই এখন পরশারের পক্ষে ক্যারিকেচার করা সম্ভব নর।
তিনি গিয়ে আমাদের জিনিসপত্র পাঠিয়ে দিলেন। এক ঘণ্টা পরে আমরা
কলকাতার গাড়িতে চাপলাম। পরাশরের মেয়ের কারা থেমেছে বটে।
কিছু লে একভাবে জানালার বাইরে আকাশের দিকে চেয়ে বলে রইল।
কিছুতেই মুখও ফেগালে না, একটি কথাও বললে না আমাদের সজে। এমন
কি এক বিশু অলও বাওয়ান গেল না অভটুকু মেয়েকে।

গাড়িতেই ছ্'-কথার বন্দলে পরাশর ব্যাপারটা। আট বছর আ্থাগে মন্ত বড় অভিনেতা হবার আশা বুকে নিয়ে যেদিন সে গ্রাম ছাড়ে, তথন এই মেয়ে তার সাত আট মাসের ছিল। ঐ বালা ছ্'-গাছা মেয়ের অরপ্রাশনে গড়ান হয়। তারপর দেড় বছর পরে আবার যেদিন সে গাঁয়ে ফিরে গেল সেদিন পেল শুধু ছাই। বাড়িঘর যেখানে ছিল সেখানে পড়ে আছে তম। একটি লোকও গ্রামে নেই। মেয়ে বউয়ের সন্ধান দেবে কে ?

আবার কলকাতায় ফিরে এল পরাশর। এবার দে অন্থ মাছ্য। নিষ্ঠুর প্রতিশোধ নেবার ছুর্জয় সয়য় তার বুকের মধ্যে। প্রতিশোধ নেবে সেই দেবতাটির ওপর, যিনি নেপথ্যে বসে অজস্র কায়া ঢেলে দিচ্ছেন এই ছ্নিয়ার ওপর। হাসি, শুধু হাসি বিলোবে সে। হাসি বিলিয়ে ক্ষণিকের জন্মে হলেও লোকের চোখের জল শুকিয়ে ফেলবে। তাহলেই সেই নিষ্ঠুর দেবতা জন্ম হবেন যিনি শুধু কায়া ঢেলে দিয়ে আনন্দ পান!

সে প্রতিশোধ সার্থক ভাবে নিচ্ছিল পরাশর। কিন্তু মেয়ে ফিরে পেয়ে সে শক্তিটুকু সে খোয়ালে। দিবারাত্র এক চিন্তা এক ভাবনা, কি করে মেয়ের মুখে হাসি ফোটান যায়। সাজ পোষাক জিনিসপত্র দোকান উজাড় করে কিনতে লাগল। অন্তপ্রহর মেয়ের কাছ ছাড়া হয় না। সিনেমা থিয়েটার চিড়িয়াখানা সর্বত্র নিয়ে যুরতে লাগল মেয়েকে। আলাদা বাড়ি ভাড়া করলে। সারা দিনরাতের জন্মে শিক্ষিত্রা রাখলে। কিছুতেই কিছু হ'ল না। বিশ্ব-সংসারকে যে হাসিয়ে বেড়ায়, সে একটা আট ন বছরের মেয়ের মুখে একটি বারের জন্মেও হাসি ফোটাতে পারলে না। মেয়ে দিন দিন ক্ষিক্রে যেতে লাগল।

আমিও পরাশরের কাছে যাওয়া কমিয়ে দিলাম। গিয়ে কি করব ? স্টুডিও স্টেজ জলসা সব ছেড়েছে পরাশর। একটি সন্ধ্যায়ও সে জলসায় যায় না। শুধু মেয়ে, মেয়ে আর মেয়ে।

শেষে একদিন তার চিঠি পেলাম। বেলা দশটা পাঁরতারিশ মিনিটে হাওড়া থেকে ভূফান এক্সপ্রেস ছাড়বে। আমি যেন সেই গাড়িতে তার সঙ্গে শেষ দেখা করি—এই তার অস্থুরোধ। চিঠি পেলাম সাড়ে নরটার সময়। তৎক্ষণাৎ ছুটলাম।

খুঁজেই পাই না পরাশরকে। গাড়ি ছাড়বার সময় হরেছে। শেবে ভার নাম ধরে চেঁচাতে চেঁচাতে ছুটতে লাগলাম গাড়ির এ-মাথা থেকে ও-মাথা।

একখানা থার্ড ক্লাস কামরা থেকে পরাশর নেমে এল । মাধা কামানো, গলা থেকে পা পর্যন্ত সাদা আলখালা পরা। গলায় কন্তি, নাকে তেলক। সহজ এক ফালি হাসি তাঁর মূখে। আমার ত্ব'হাত ধরে বল্লে, "এতদিনে শান্তির পথ খুঁজে পেলাম ভাই। মেয়ের মূখে এতদিনে হাসি ফোটাতে পেরেছি। এবার বুন্দাবন যাচিছ, সেখানে মেয়ের সঙ্গে মাধুকরী করে জীবনটা কাটাবো। আর আমারও লোক হাসিয়ে পেট চালাতে হবে না।

ব্যাকুল হয়ে জিজ্ঞাস৷ করলাম, "কেন ভিক্লে করবি পরাশর ? অত টাকা তোর কি হোল ?"

তাচ্ছিল্যের সঙ্গে উত্তর দিলে, "তার পাই প্রসা পর্যন্ত দিয়ে দিয়েছি বন্ধা হাসপাতালে। ও টাকার আমার কোনও উপকার হবে না। যদি একটা মৃত্যু পথযাত্তীর মুখেও হাসি কোটে, তবেই ও টাকা সার্থক। লোক হাসিয়ে টাকা জমিয়েছি, ও দিয়ে লোকের মুখেই হাসি ফুটুক।"

আর একটি কথাও হয়নি তার সঙ্গে। কার সঙ্গে কথা কইব ? এ তো পরাশর বোস নয়। এ ছচ্ছে বাবাজী প্রহলাদ দাস। জ্বলস্ত চোখে চেয়ে রইলাম গাড়ির ভেডর ওর মেয়ের দিকে। চুড়ো বেঁধে তেলক কেটে কটি পরে গাড়ির ভেতর হাসি মুখে বসে আছে প্রহলাদ দাসের মেয়ে।

করেকদিন পরে রেডিওর প্রোগ্রামে দেখি রাত সাড়ে আটটার পরাশর বোস হাসির নক্সা শোনাবেন। হাজার হাজার মেরে পুরুষ নিশ্চরই সেদিন রাত সাড়ে আটটার রেডিও খুলে কান পেতে বসেছিল পরাশরের গলার আওরাজ শোনবার জন্তে। আমিও বসেছিলার রেডিওর সামনে। সাড়ে আটটা বাজালা ।

"আকাশবাণী, কলিকাতা। নির্বারিত শিল্পীর অমুপন্থিতিতে এর্থন"—বটি করে চাবি খুরিয়ে দিলাম।

त्रः कि उ प्रभा का रिवी

মনন্তির করে ফেললাম।

তবু আৰু যাই কাল যাই করে আরও মাসথানেক কেটে গেল। বন্ধুবান্ধবরা মুখ বাঁকাতে লাগলেন। একদিন গারা শতমুখে বলতেন, "তোমার
মত অমন গল্প কেউ কখনও লেখেনি। পাঠিয়ে দিয়ে দেখ—একেবারে লুফে
নেবে" তাঁরাই যখন প্রতি সন্ধ্যায় এসে কোনও চিঠি আসেনি শুনে নিরাশ
হতে লাগলেন, তখন আর ছেড়ে কথা কইলেন না। যাবার সময় শুনিয়ে
গেলেন, "ছাপবে কেন বল? অমুকের অমুকের অত সব ভাল ভাল গল্প
পেলে তোমার লেখা আগে ছাপবে কেন ক"

শুনতে শুনতে মরিয়া হয়ে উঠলাম।

নাঃ, আর দেরি করা কোনও কাজের কথা নয়। একবার যেতেই হচ্ছে কলকাতায়। সবস্থন্ধ সাতাশটা গল্প সাতাশথানা মাসিক সাপ্তাহিক পত্রিকায় পাঠিয়েছি। উত্তর দেওয়ার জন্মে ডাক টিকিট দিয়ে দিয়ে চিঠির পর চিঠি দিছে। একথানারও যদি জ্বাব আসে। এবার একবার নিজে গিয়ে সম্পাদক মহাশ্রদের কাছে তদবির তদারক করতেই হবে।

কৈন্ত যাব বললেই তো আর হট করে যাওয়া যায় না। তোড়জোড় করতে হবে তো। পঞ্চতীর্থ মশায়ের কাছে একটি দিন দেখাতে গেলাম। শ্রেখম ছটো দিন দরজার বার হয়েও আর এগুনো হোল না। কলকাতায় শৌছে যখন তাদের সামনে গিয়ে দাঁডাব তখন।

সেই তথনকার কথা ভাবতে গিয়ে বুকের ভেতর চিপ্ চিপ্ করতে লাগল। ফিরে গিয়ে বিছানায় শুয়ে পড়লাম।

শেবে ভৃতীয়বার পঞ্চতীর্থ মশায়ের শরণাপন্ন হরে যে শুভদিনটি পাওয়া গেল সেটি আর ফসকাতে দিলাম না। পনেরোই ফাস্কুন বুধবার সকাল সাভটা জিপান্ন মিনিটের পর আটটা সাত মিনিটের মধ্যে যাত্রা। একসকে জ্যমৃতবোগ এবং বামে যোগিনী। ফল স্বার্থসিদ্ধি। মঙ্গলবার রাত্রে ভাল করে খুম হোল না। চেয়ারে বসা সম্পাদক মশায়দের মুর্তি চোখের উপর ভেলে উঠতে লাগল। বুকের রক্ত হিম হয়ে গেলে চোখে খুম আসবে কি করে।

তবু বেন্ধতে হোল সেই আমৃতযোগে। একান্ত বান্ধব গারা ভাঁদের মধ্যে ছ'চারজন সেই সাত সকালেই যাত্রা করাতে এলেন।

"ভাথ অহকুল, অত মুখচোরা হলে চলবে না বুঝলে। আরে থারা কাগজ ছাপান তাঁরা তো আর বাঘ ভালুক নন যে খেয়ে ফেলবেন। সেখানে গিমে তাঁদের সামনে যেন ঘাবড়ে যেও না। বেশ গুছিয়ে বলবে—মানে তাঁদের মনে একটা ছাপ ধরাতে পারলেই বুঝলে কি না।"

বুঝছি সবই। সকলের কথাই কানে চুকছে। উত্তর দিলাম না। তথু মনে মনে ইট নাম জপ করতে করতে বেরিয়ে পড়লাম।

मकाल न'हो शैंहिन।

শেয়ালদা ফেশনের তিন নম্বর প্লাটফরমে ট্রেন চুকছে। আমি জানালা দিয়ে মুখ বাড়িয়ে বসে আছি।

দ্রেন প্লাটফরমে চুকছে আর ঝর্ ঝর্ করে রাশি রাশি মাহুষ সেই চলস্থ ট্রেন থেকেই থসে পড়তে লাগল প্লাটফরমের ওপর। ভূমি স্পর্ণ পাওয়ামাত্রই ছুট। তারপর গাড়ি থামল। নিমেষে প্লাটফরমের এ-মাথ। থেকে ও-মাথা গুরু মাহুম—আর মাহুম। সবায়ের মুখ এক দিকে। ভূল করে একজনও পিছন দিকে মুখ ফেরালে না। কে কাকে ফেলে এগিয়ে যেতে পারে। ভূমূল প্রতিযোগিতা লেগে গেল। ইন্তিরি করা প্যাণ্টকোট পরা বারা উচ্চ শ্রেশী থেকে নামলেন তাঁরাও লম্বা লম্বা পা কেলে হেঁকে চললেন। চিমে তেতালায় চললে মার্ট দেখাবে না যে। কাজের লোক তাঁরা। সময়ই বা কই তাঁদের হাভে-বাঁধা ঘড়িতে। যে করে হোক স্বাইকে পিছনে ফেলে প্লাটফরম থেকে বেরিয়ে যাবার গেটটা পার হতে পারলে তবে ছতি।

মোবাইল কোর্ট।

অর্থাৎ মৃড়ি মিছরির একদর সেদিন।

মাস্থলি বলে ঘাড় বেঁকিয়ে বা শুধু একটু মাথা হেলিয়ে রোজ যাঁরা বেরিয়ে যান তাঁদেরও পকেটে হাত ঢোকাবার দিক্দারি সহ্থ করতে হোল। ছন্দপতন হোল তাঁদের গতির। কেউ বললেন 'ডিসগাষ্টিং'। কেউ বললেন 'ফুইসেন্স'। মহামূল্য সময় নষ্ট হচ্চে। টিকিট-কেটে আসা সাধারণ যাত্রীদের মত বাধা পেয়ে মেজাজ চডে যাচেছ। কিন্তু উপায় কি ? কইটুকু আজ সহ্থ করতে হবেই—ললাটের লিখন।

সবায়ের শেষে গাড়ি থেকে নেমে সকলের পিছনে পা ঘসে ঘসে এগুচ্ছি গেটের দিকে। টিকিটখানা ইতিমধ্যে হাতের মুঠায় টিপে ধরেছি আর ভাবছি। ভাবছি কথাটা কি ভাবে পাড়তে পারলে সম্পাদক মহাশয়রা একেবারে ভিছে গিয়ে আমার সেখাগুলো এ মাসেই ছাপিয়ে ফেলবেন।

কানে এল, "মাস্থলিখানা জামার পকেটেই রয়ে গেছে। দেখছেন তো—
জামাকাপড় পালটে এসেছি আজ। ট্রেন ধরবার তাড়াহড়োয় সবই নিতে
ভূলে গেছি: এমন কি টাকা প্যসা পর্যন্ত একটিও সঙ্গে নেই। রানাঘাট থেকে
সেই সকাল আটটার আগে গাড়ি ধরতে হয়। হতভাগা মেয়েটা যদি একট্ট
খেরাল করে সব দেখে শুনে দিত। দেখুন শুনছেন—" অসহায় কাকুতি মিনতি।

ভারিক্কী ভদ্রলোকের গলার আওয়াজ শুনে মুখ ফিরিয়ে দেখি কখন গেটের কাছে পৌছে গেছি।

বয়দ পঞ্চাশের ওপর নিশ্চয়ই। ওই বয়দের ভদ্রলোকের যেমন হওয়া উচিত তেমনি ভারী দেহ। গোল মুখ, বড় বড় ছুই চোখ, মাধার মাঝখান পর্যস্তু টাক, আর প্রায় দাদা খোচা খোঁচা এক মুখ গোঁফ।

জামা কাপড় আজ পালটেই এসেছেন বটে। ঘরে সাবান দিয়ে কাচা ইন্তিরি-না-করা সাদা কাপড়ের চিলে হাতা পাঞ্চাবি। এক কাঁণে রয়েছে একখানি ময়লা চাদর, বোধ হয় মটকাই হবে, সেখানির কিন্তু অবস্থা অত্যক্ত শোচনীয়। প্রায় হাঁটুর কাছ পর্যন্ত গুটিয়ে পরা কাপডখানিও সাবান দিয়ে কাচা। পায়ে অগতির গতি সেই বাটার জুতা—কাপড় আর রবারের তৈরী। জুতোও শেষ অবস্থায় পৌছেছে।

ভদ্রলোক আবার আরম্ভ করলেন—"দেখুন—শুনছেন—আজ আমার বাড়িতে একটা বিশেষ—দেখুন শুনছেন—আপনি না হয় আমার অফিসের নামটা—দেখুন—শুনছেন।"

যাঁকে দেখাবার এবং শোনাবার জন্মে এই আকুল আবেদন তিনি মুখও ফোরালেন না। প্রায় প্রটি দশ এগার মাছ পড়েছে তাঁর জালো। সব ক'টিকে সামলে নিয়ে গিয়ে যণাস্থানে জমা করে দিয়ে ভিনি আজ তাঁর ক্লভিছ্ব দেখাতে একান্ত উদ্গ্রীব। পাশেই দাঁডিয়েছিল ছ্'জন পুলিশ হ শিয়ার হযে। তাদের ইসারা করে তিনি অগ্রসর হলেন সামনে।

ভত্রলোক আর নিজেকে সামলাতে পারলে না। খপ্করে রেল কোম্পা-নির ইন্তিরি করা কোটের হাতটা চেপে ধরলেন।

"বাবা তুমি আমার ছেলের মত—" কথাটা আর শেষ করতে ছোল না। চটাস করে একটা চড় পড়ল ভাঁর গালে।

"লোফার ভ্যাগাবও জোচ্চর—ভাকামী করতে এবেছে। রোজ রোজ কাঁকিবাজি। আর ধরা পড়লেই বাবা ভূমি আমার—"

গটু গট্ করে সামনের দিকে এগিয়ে গেলেন তিনি। পুলিশ **ছ'লন নির্বিকার** ভাবে সকলকে ঠেলতে ঠেলতে নিয়ে চলল।

পিছন পিছন আমিও চললুম।

কেন যে গিরেছিলুম তা' বলতে পারব না। বোধ হয় চড়টা সেই তদ্র-লোকের গালে পড়লেও তার অলুনিটা আমার গালেও বেশ মালুম হচ্ছিল। কিংবা সেই আকমিক চড় থেয়ে তাঁর চোখে মুখে যে নিরব ভাষা ফুটে উঠেছিল সেই ভাষাই আমাকে টেনে নিয়ে গিয়েছিল ওদের পিছন পিছন।

বিচার হয়ে গেল।

বিচারকর্তার প্রশ্নের উন্তরে আসামী শুরু ডান হাতে গাল ঘবে আর বিজ্ঞী রকমের তিক্ ভিক্ আওরাজ করে হাসে। সাব্যস্ত হোল লোকটা আশু ধড়িবাজ। পাগলামীর ভান করছে। ছু'মিনিটেই বিচার শেষ। দশ টাকা জরিমানা নয় তো দশদিন জেল।

টাকা দাও। উন্তরে দেই এক হাসি। হাসি খেন ভেতরে চাপা থাকতে না পেরে চোথ মুখ দিয়ে গোঁফের ভেতর থেকে উপ্চে উপ্চে বৈষ্ণছে। শুধু বিদখুটে রকমের আওয়াজ হচ্ছে ভিক্ ভিক্ করে। আবার ঠেলতে ঠেলতে নিয়ে চলল তাঁকে।

আর থাকতে পারলাম না। এগিয়ে গিয়ে দশটি টাকা তাঁর হাতে গুঁজে দেবার চেষ্টা করলাম। ''এই নিন টাকা—ফাইনটা দিয়ে আসুন।''

কার হাতে টাক। দিচ্ছি, আমার দিকে নজরই দিলেন না। সোজা সামনের দিকে চেয়ে সেই হাসি হাসতে লাগলেন। একটা হাত চেপে ধরলাম, "শুনছেন মশাই—এই টাকা দশটা ধরুন। দিয়ে আস্থন গিয়ে।"

এতক্ষণে আমার দিকে মুখ ফেরালেন। কিন্তু হাগি থামল না। দেখলাম সেই হাসির সঙ্গে ছুই চোখের জল গড়িয়ে নামছে গোঁফের ওপর। নোটখানা হাত থেকে পড়ে গেল। তাড়াতাডি সেথানা কুড়িয়ে নিয়ে ছুটলাম ওঁদের কাছে। জমা দিয়ে ভদ্রলোককে ছাড়িয়ে নিলাম। পুলিশ ছু'জনের একজন চাপা গলায় বললে, 'আমাদেরটা'। বলে হাত পাতলে। জিজ্ঞাসা করলুম, "আবার কি ?"

''আমরাও পেমে থাকি।''

:1

ওদের আর কোন উন্তর দিলাম না। তাঁর হাত ধরে টানতে টানতে নিয়ে বেরিয়ে গেলাম।

হাত ধরে দাঁড়িয়ে আছি। এবার কি করা যার? যত কথা জিজ্ঞাসা করি—উন্তরে সেই এক হাসি। আমার দিকে একবার তাকাচ্ছেনও না। কি মুস্কিলেই পড়া গেল। এধারে সাড়ে দশটা বাজতে চলেছে। আর তো দেরি করা চলে না আমার। ওধারে ওঁরা যদি বেরিয়ে যান অফিস থেকে। ব্যোমকেশদা বার বার করে বলে দিয়েছেন, "বেলা বারটার আগেই ছ্'চার জনের সঙ্গে দেখা করে ফেলবে। বেলা বারটার পর ওঁরা ছয়ত বাড়ি যান খাওয়া দাওয়া করতে। আবার বিকেলের দিকে আসেন।"

ব্যোমকেশদার কবিতা কাগজে বেরোয়। তাঁর পরামর্শের দাম আছে।

চারধারে ভিড় জমতে লাগল। নানা রকম প্রশ্ন হরেক রকমের মন্তব্য চলেছে চতুর্দিকে। বেনে উঠলাম। একটু আড়াল পেলে হোত। এত জোডা চোথের সামনে থেকে ভদ্রলোককে একটু সরিয়ে নিয়ে গিয়ে কোথাও একটু বসতাম। তারপর স্কুম্ব হলে এর বাডি কোথায় জেনে নিয়ে একখানা টিকিট কিনে গাডিতে উঠিয়ে দেওয়া। তারপরই আমার ছটি।

কোথার যাওয়া যায় ?

ইতিমধ্যে আর একপানা ট্রেন এসে গেছে। পিল পিল করে লোক বেরুচ্ছে। আমাদের ছু'ধার দিয়ে হস্তদ্স্ত হয়ে রাশি রাশি মাহুষ চলে মাছে।

"আরে স্নিকেশবাবু যে। এখানে দাঁডিয়ে আছেন—অফিসে যাননি ?"
চমকে উঠে মুখ ফিরিয়ে দেখি কোট প্যাণ্ট পরা এক ভদ্রলোক পাশে এলে
দাঁডিয়েছেন। একেবারে আকাশ হাতে পেলান। সংক্ষেপে বাাপারটা তাঁকে
ভানিয়ে অন্থ্রোধ করলাম, "যাক্—আপনার সঙ্গে দেখা হয়ে গেল, বাঁচলাম
আমি। এবার এঁর একটা ব্যবস্থা কর্মন।"

আমাকে থামিরে দিরে তিনি তাড়াতাড়ি বলে উঠলেন, "দে কি করে হয়— আমার ছ-ছটো কেশ। আমি এঁকে নিয়ে এখন কোণায় খুরব।" তিনি পাশ কাটাতে গেলেন।

পথ আগলে তাঁর বহুমূল্য সময়ের আরও একটু নই করে জেনে নিলাম আমার পাশের অসহায় লোকটির নাম ঠিকানা। নাম হবিকেশ হালদার। বাড়ি রানাঘাটের অমুক রাস্তায়। কলকাতায় ক্রাকমূলার কোম্পানীর অফিসে চাকরি করেন।

তাঁকে আর আটকে রাখা সম্ভব হোল না। বোঁ বোঁ করে দৌড়ে গিয়ে ভালহাউসির বাসে লাফিয়ে উঠলেন তিনি।

বললুম, "চলুন, এবার বাড়ি ফেরা যাক্।"

কাকেই বা বলছি, কেই বা শুনছে। একটা জলজ্যান্ত স্বস্থ মাত্মৰ্য একটি মাত্র চড খেরে কি করে এমন বদ্ধ পাগল হয়ে যেতে পারে, দেখে একেবারে ঘাবড়ে গেলাম। আমাদের এই দেহের মধ্যে মন নামক যে যন্ত্রটি অষ্টপ্রহর চলছে, চলতে চলতে হঠাৎ যদি সেটি বিগড়ে বদে তখন তার শোচনীয় পরিণাম যে কতদ্রে গিয়ে দাঁড়াতে পারে তার চাক্ষ্য প্রমাণ পেয়ে শিউরে উঠলাম। কিন্তু এঁকে এখন ছেড়েই বা দিই কি করে। আবার ফিরে চললাম। হাত্য ধরে টানতে তানতে ভাঁকে সঙ্গে নিয়ে।

ত্ব'ধানা রানাঘাটের টিকিট কিনে আবার যখন গাড়িতে উঠে বসলাম তথন আর আমার আপনোসের সীমা রইল না। আজও কাজের কাজ হোল না কিছু। ত্ব'চারটে পত্রিকা অফিসে ত্বরে আসতে পারলেও কিছু না কিছু ফল হোড। একটা গল্পও যদি ছাপা না হয় তবে পাড়ায় মুখ দেখাব কেমন করে। ত্ব'হাতে মাথার চুল ছিড়তে ইচ্ছে হোল। কিছু তখন আর করবার কিছু ছিল না। গাড়ি ছেড়ে দিয়েছে।

রাতার নাম বলতে রিক্সাওলা আধঘণ্টার উপর খুরে ঘুরে বাড়ির সামনে গিরে যখন থামল তখন বেলা প্রায় ছটো। দরজায় কড়া নেড়ে ডাকাডাকি করতে দরজা খুলে দিলে একটি উনিশ কুড়ি বছরের মেয়ে। দরজা খুলে ভার বাবাকে সামনে দেখে হাঁ করলে কি বলবার জ্ঞে। কিন্তু কোনও শ্বর বেকল না। অকুতভাবে শুধু চেরে রইল বাণের মুখের দিকে।

মেয়ের পিছনে এসে দাঁড়ালেন মেয়ের মা। হাড়ের ওপর তথু একখানি সাদা চামড়া ঢাকা তাঁর শরীর। শরীরখানি ঢাকা মাত্র একখানি ময়লা ছেঁড়া শাড়ি দিয়ে। মোটা মোটা শির বেরুনে। ছ্-হাতে ছ্-গাছি শাঁখা, কপালে ডগডগে সিঁহুর, চুল উঠে উঠে কপালটা অনেক পিছিয়ে গিয়েছে।

মেয়েকে একধারে ঠেলে দিয়ে সামনে এসে খপ্করে তিনি স্থাকিশবাবুর একটা হাত ধরে ফেললেন। তারপর নিজেই থরথর করে কাঁপতে কাঁপতে বসে পড়লেন স্বামীর পায়ের কাছে। একটি কথাও স্বামাকে বলতে হোল না।

স্থবিকেশবাবু সমান নিবিকার। ক্যাল ফ্যাল করে চেয়ে আছেন সামনের দিকে। আর থেকে থেকে সেই হাসি চলেছে।

আর একজন বুদ্ধা বেরিয়ে এলেন ভেতর পেকে। এসে একেবারে হাউ-মাউ করে কাল্লা জুড়ে দিলেন। ছোট ছোট ছেলেমেয়ে কয়েকটি এসে তাঁর সঙ্গে যোগ দিলে। বুদ্ধা কপাল চাপড়াতে লাগলেন। পাডার মেয়েরা ভেলে পড়ল। পুরুষ মান্থ্য স্বাই এ সময় বাইরে। ছ্-চারঞ্জন বয়স্থ ভন্তলাক থারা এলেন তাঁদের ব্যাপারটা বুঝিয়ে বললাম।

এবার হুবিকেশবাবুকে বাড়ির ভেতর নিয়ে যাবার পালা। কি আশ্রুব !

এক পাও তিনি যাবেন না আমাকে ছেড়ে। শব্দ করে ধরে রইলেন আমার
হাতখানা। এদের কাউকেই তিনি চিনতে পারছেন না। চেনেন একমাত্র
শুধু আমাকে। অবুঝ একগুরে ছেলের মত আঁকড়ে ধরে রইলেন আমার
হাত। এত অমুনর বিনর করছে সকলে, সে সব ভার কানেও যাছে না।
একটা কপারও উত্তর দিছেন না। শুধু সেই ভিক্ ভিক্ করে হাসি।

নানারকমে তাঁকে বোঝাবার চেষ্টা করছে সকলে, উচ্চৈ: স্বরে কাঁদছেন তাঁর বৃদ্ধা পিনিমা। ছেলে মেরেণ্ডলোও প্রাণপণে চেঁচাছে। এতবড় একটা কাশুকারখানার মাঝে পড়তে হবে বৃঝলে কখনোই আসতাম না এখানে। এখন একবার হাতখানা ছাড়াতে পারলে হয়। এক দৌড়ে ফেলন। ঘাড় হেঁট করে দাঁড়িয়ে তাই তাবছি। আমার আর একখানা হাতও ধরা পড়ল। হাত ধরলেন শ্ববিকেশবাবুর বী। তাঁর সেই কোটরে বসা চোখের দৃষ্টি আমার মুখের উপর। পাতলা ঠোট ছ'খানি ধরণর করে কাঁপছে। কি যে তিনি বললেন শুনতেই পেলাম না। হয়ত বলেননি তিনি কিছুই। তাঁর সেই চোখ হ'টির দিকে চেয়ে আমার যেন কি রকম হয়ে গেল। ছ্বিকেশবাবুকে টানতে টানতে কাড়ির ভেতর চুকলাম।

আমার কথা অহ্যায়ী শাস্ত চেলের মত তিনি জামা খুলে বিছানায় গিয়ে তবে চোখ বুঁজলেন। হৈ চৈ একটু কমল। আশী বছরের এক বুদ্ধ নাম অম্বিকা কবিরাজ লাঠি হাতে উপস্থিত হলেন এবং তৎক্ষণাৎ চলেও গেলেন একজনকে সঙ্গে নিয়ে। বড়ি আর তেল পাঠাবেন। বডিটা খাইয়ে দিয়ে মাধার তেল মালিশ করতে হবে। তা' হলেই ঘুমিয়ে পড়বেন হুষিকেশবাবু। কবিরাজ মশায়ের মতে ঘণ্টা কতক ঘুমালেই আর কোন গোলমাল পাকবে না।

বাড়ি নিস্তর। বেলা প্রায়ু চারটে বাজে। হৃষিকেশবাবু ঘুমোচছেন, আমি ঠায় বদে আছি তাঁর পাশে। একটা হাতল-ভালা কাপে চা আর একবাটি হালুয়া নিয়ে ঘরে চুকলেন হৃষিকেশবাবুর স্ত্রী। ময়লা কাপড়খানা ছেড়ে একখানা ধোয়া কাপড় পরে এসেছেন। তাঁর মুখের দিকে চেয়ে দেখলাম। কি অপরিসাম চেষ্টায় নিজেকে সামলে রেখেছেন তিনি তাঁর চোখের দৃষ্টিতে স্পষ্ট ফুটে উঠেছে। পাছে কোনও কথা উঠে পড়ে এই ভয়ে বিনাবাক্যব্যের চা হালুয়া তাঁর হাত থেকে নিলাম।

অতি সামান্য একটি মর্মান্তিক হাসি হাসলেন তিনি। হেসে বললেন—
"বড় বিদ্যুটে এক হাঙ্গামায় পড়েছেন বলে মনে হচ্ছে আপনার। নয় কি ?
এবার আপনাকে ছেড়ে দেবো। অনর্থক আর আপনাকে কট দিয়ে কি
লাভ। যা' আপনি করেছেন আমাদের জন্মে!"

তাঁকে থামিয়ে দিয়ে বললাম, "এখন বলুন ডে৷ আগে কখনও এই রক্ষের মাধার গোলমাল এঁর হয়েছে কি না ?" তথন একে একে তিনি শোনালেন তাঁর সংসারে অবস্থা আর আজ সকালের কাহিনী।

না—মাথায় গোলমাল হৃষিকেশবাবুর কখনো ছিল না। এই বাজির এগারজনের মুখে অন্ন যোগাবার যন্ত্র এই হৃষিকেশ হালদার। রোজ সকাল সাতটায় একমুঠো নিজের মুখে দিয়ে এই আডাই মাইল পথ হেঁটে গিয়ে ট্রেন ধরেন। ট্রেন ফেল করলে ওগারে চাকরি নিয়ে টানাটানি। ঘরে অতবড় মেয়ে। মেয়ের দিকে চেয়ে গলা দিয়ে আর ওঁদের ভাত জল নামে না। আজই সন্ধ্যার আগে ঐ হতভাগীকে কারা দেখতে আগবে। তাদের আদর অভ্যর্থনা জলখাওয়ানোর ব্যবস্থার কথা চিস্তা করতে করতে অক্সমনস্ক হয়ে হৃষিকেশবাবু তাডাতাডি বেরিয়ে যান। না খেয়েই আজ তাঁকে বেরুতে হয়। কাল রাতে ঐ মেয়েই বাপের কাপড জামা সাবান দিয়ে ধুয়ে দেয়। জামার পকেটের কাগজ্ঞপত্র মাছলি টিকিট সমস্ত ঐ মেয়েরই পকেটে দিয়ে দেবার কথা। হতচ্ছাড়ী মেয়েটার ভূলেব দক্ষন সর্বনাশ হয়ে গেল।

আঁচল দিয়ে চোথ মুছে ফেললেন তিন। কি বলব, মুগ বুঁজে রইলাম। হঠাৎ তিনি এগিয়ে এসে আমার ডান কাঁণের উপর তাঁর হাত রাখ**লেন।** মুখ ভুলে চাইলাম তাঁর মুখের দিকে। ফিস্ ফিস্ করে তিনি বলতে লাগলেন যেন খুবই গোপনীয় একটি কথা।

"ভাই, তোমার মত একটি ভাই ছিল আমার। কিন্তু সে যে এখন কোথায় তাও আমি জানি না। এতদিন পরে যেন মনে হচ্ছে আমি সেই ভাইকেই ফিরে পেলাম। ভাই বলছি—ভূমি এতে রাগ করছ না তে। ভাই ?"

কি যে ছিল তাঁর গলার স্বরে আর চোখের চাহনিতে। প্রমৃহুর্তেই আমি কেঁট হয়ে তাঁর পায়ের ধূলা নিলাম। বললাম, "আমিও সেই কথাই তাবছি দিনি। আমারও এক দিনি ছিলেন। এখন যে তিনি কোথায় তাও আমি জানি না। আজু আমি আমার সেই দিনিকে কিরে পোলাম।"

দিদি তখন দিদির মত করে আমাকে সন্ধ্যের পর পর্বন্ত থেকে যেতে

ৰশলেন। মেরে দেখতে যারা আসবে তাদের সামনে যেন ছবিকেশবাবু কিছু লা করে বসেন। বাপ পাগল জানতে পারলে কেউ বিয়ে করতে রাজী হবে না। এ সংসারে সবই তো শেষ হতে বসেছে। ওরা পছন্দ করে মেরেটাকে যদি নেয় তা' হলে একটা বিপদের হাত থেকে অন্তত উদ্ধার পাওয়া যায়।

রাজী হলাম ছোট ভাইরের মত। নৈহাটীতে যদি রাত সাড়ে নটার পৌছতে পারি তাহলেও গঙ্গা পার হবার ফেরী মিলবে। না হয় শেষ নৌকাতেই পার হব। তবু আমার দিদির মুখে একটু হাসি স্কুটুক। কথা পেয়ে অনেকটা নিশ্চিস্ত হয়ে তিনি চলে গেলেন। বসে রইলাম ঘুমস্ত হমিকেশ-বাবুর পাশে। কিছু পরে হামিকেশ-বাবুর দূর সম্পর্কের এক ভাই এসে পৌছলেন। এ ঘরে এসে তিনি আমার সঙ্গে দেখা করে গেলেন। থাবার দাবার আনবার ব্যবস্থা করলেন। যারা নেয়ে দেখতে আসবে তাদের অভ্যর্থনার তোডজোড় শুক্র হোল। পাশের ঘরেই মেয়ে দেখান হবে। ওই ঘরের জিনিসপত্র টানাটানি করে সতরঞ্চি চাদর বিছানো হোল।

বেলা তখন প্রায় সাড়ে পাঁচটা, তাঁরা এসে গেলেন মেয়ে দেখতে। পাশের ষরেই তাঁদের বসানো হোল। এ ঘরে বসে বসেই সব বুঝতে পারলাম আমি।

কিছু পরে মেয়েকেও সেই ঘরে নিয়ে যাওয়া হোল। নানা রকমের প্রশ্ন । জিজ্ঞাসা করতে লাগলেন। গান বাজনা জানে কি না, হাতের লেখা কেমন, রায়াবায়া কতদ্র কি পারে, তাঙ্কো ডি গামার বাবার নাম কি, এখন আমাদের রেলওয়ে মন্ত্রী কে, এত গরু ভারতবর্ষে জন্মায় কেন এই সমস্ত। এ ঘরে বসে ওঁদের প্রশ্ন শুনতে পাচ্ছি, মেয়েটি কি উত্তর দিছে তা' শুনতে পাচ্ছি না। একটা কথা ভেবে মেয়েটিকে সাবাস না দিয়ে পাচ্ছি না। কত বড় পাকা অভিনেত্রী হলে তবে আজকের অভিনয়ে ও নিজের মুখ রক্ষা করতে পারেবে। বাপের এই অবস্থা আর ওর ভূলের জক্তেই বাপের এই অবস্থা। কি যে হচ্ছে ওর বুকের মধ্যে এখন! কিছ তবুও পরীক্ষা দিতে নেমেছে স্থুবে রঙ্ মেখে। এই পরীক্ষা দেওয়া আজকে ওর পক্ষে সম্ভব কি না কেউ

সে কথা ভেবেও দেখেনি। এখন ওর মনের অবস্থা যা তাতে উপার থাকলেও কিছুতেই সেজে গুজে অভিনয় করতে আচ্চ রাজী হোত না। কিছু নারাজ হলে লাঞ্ছনার সীমা কোথায় গিয়ে পৌছত তাও বলা যায় না। আপদের সামিল কি না মেয়েটি, কাজেই ওর মতামত শোনে কে গ

ও ঘরে তথন ওঁদের মধ্যে একজনকৈ অন্থেরা বার বার পীড়াপীডি করছেন পাত্রীকৈ কিছু জিজাগা করবার জন্মে। বুঝলাম স্বয়ং পাত্রও এগেছেন পাত্রী পছন্দ করতে। অন্থামনস্ক হয়ে ওঁদের কথাবার্তা গুনছি। হঠাং ও ঘরে যেন বজ্ঞাঘাত হোল। বিকট চীংকার শুনলাম ও ঘর থেকে। লাফিষে উঠে দেখি ক্ষিকেশবাবু বিছানায় নেই।

ছুটে বারান্দায় বেরিয়ে পাশের ঘরে চুকে দেখি হৃষিকেশবাবু একজনকৈ চিৎ করে ফেলে তার বুকের ওপর চেপে বংস আছেন। স্বাই প্রাণপণে চেঁচাচ্ছে আর তাঁকে টেনে আনবার চেষ্টা করছে। ঝাঁপিয়ে পড়ে হৃষিকেশবাবুকে এক হেঁচকায় টেনে তুললাম। যে লোকটি তাঁর নিচে পড়েছিল সেও উঠে দাঁড়াল।

পাত্রপক্ষ তথন ঠেলাঠেলি করে ঘর থেকে পালাতে পারলে বাঁচেন। ঘর থেকে বেরিয়ে গিয়ে ওঁর। তথন মা তা' বলে শাসাতে লাগলেন। যে ছোকরার গলা টিপে ধরেছিলেন ফমিকেশবাবু সেই হচ্ছে পাত্র। ভ্রমিকেশবাবুর ভাই ওঁনের হাত ধরে কাকুতি মিনতি করতে লাগলেন। ওঁরা তাতে থামবেন কেন ? ডেকে নিয়ে এসে এ কেন অপমান করা। ওঁরা দেখে নেবেন। এর শোধ তুলে তবে ছাডবেন। কালই খবরের কাগজে তুলে দেবেম আগাগোড। সমস্ত। তথন দেখা যাবে কেমন করে এ মেয়ের আর বিয়ে হয়।

পাত্র তথন অনেকটা সামলে নিয়েছে। সে বললে, "চল এখনট থানায় যাই!" ওঁরা পিছন ফিরলেন।

এক ঝটকায় আমার হাত থেকে হাত ছাড়িয়ে নিয়ে ছিটকে গেলেন ল্বি-কেশরাবু। দৌড়ে গিয়ে সেই পাত্রের পিছনে এক লাখি। হমড়ি খেয়ে পড়তে পড়তে কোনও রক্মে ছোকরা সামলে নিলে। তারপর ওঁরা ছুটে বেরিয়ে গেলেন বাড়ি থেকে। গিয়ে বাড়ির সামনে দাঁড়িয়ে চেঁচিয়ে লোক ক্ষমাতে লাগলেন।

হা-হা করে হেসে উঠলেন ছবিকেশবাবু। আমি বাড়ি থেকে বেরিয়ে গেলাম।
তথন বহুলোক জমে গেছে। যা' মুখে আসছে তাই বলছেন পাত্রপক।
আমি পাত্রকে মিনতি করে একপাশে ডেকে নিয়ে গিয়ে কানে কানে ছ্'টি কথা
বললাম। পাত্রের মেজাজ জল হয়ে গেল। সে তার দলের সকলকে ডেকে
কি বললে। সজে সক্ষে ওঁরা সকলে রিক্সায় চড়ে সরে পড়লেন।

বাড়ির ভেতরে চুকে দেখি আমার দিদির মুখের অবস্থা সাংঘাতিক।

निकास অপমানে ক্লোভে তিনি যেন এখনই দম আটকে মারা যাবেন। তাঁর

সামনে গিয়ে বললাম, "দিদি, এবার তবে আমি আসি। ওরা বিদেয় হয়েছে।"

দিনি চোথ তুলে চাইলেন আমার দিকে। সকলেই আশ্চর্য হয়ে চেয়ে রইল। কোনও কেলেকারি থানা পুলিশ না করে ওরা যে চলে গেল ? কি এমন কথা বলে আমি বিদায় করলাম তাদের ?

আন্দাজ করে দেখলাম এতক্ষণে তারা প্রায় স্টেশনের কাছে পৌছেছে। এখন আর এ পাড়ার ছেলেরা ওদের নাগাল পাবে না। তখন আসল কথাটি বলে ফেললাম। এই পাত্রটিই আজ সকালে রেল কোম্পানির প্যাণ্ট কোর্টের মধ্যে চুকে এক চড় মেরেছিলেন ছ্যিকেশবাবুর গালে।

সবাই চুপ। যে ছ্-একজন ছোকরা বাড়ির ভেতর এসে দাঁড়িয়েছিল তারা তো আমার উপর মহাধাপ্প। কেন এতক্ষণ সে কথা আমি ৰলিনি— আজ ওদের কাপড় জামা পরে ফিরতে হোত না তা' হলে।

আমি বিদায় নিলাম। স্বাধিকেশবাবু ঘন গলার জিজ্ঞাস। করলেন— আবার কবে দেখা হচ্ছে। দিনি মাধায় হাত রেখে আশীর্বাদ করলেন।

আমার তথন মনের অবস্থা শোচনীয়। এমন দিনই দেখে দিলেন পঞ্চতীর্থ নশাই বে সম্পাদক মণায়দের কাছে পর্যন্ত পৌছতে পার্লাম না। ফিরে বিরে বুজোর সঙ্গে বেশ করে বোঝাপড়া করতে হবে।

٠<u>.</u>

ल श ९ ना म इ

কলেজ স্ট্রিট স্থারিসন রোডের মোড়ে এলে বন্ধু বললেন—"এই হচ্চে সেই জারগা।"

বলেই টুপ করে বাঁ-হাতি রাস্তায় চুকে পড়লেন।

বেলা তথন তিনটে। শেষালদা সেঁশন থেকে বেরিয়ে প্রায় আধ্যণটা বন্ধুর পাশে পাশে হারিসন রোডের বাঁ ধারের ফুটপাথ দিয়ে ইাটিছি। আমার এই বন্ধুটি বিশুর জানেন। জানেন বই সম্বন্ধে, থারা বই লেখেন তাঁদের সম্বন্ধে আর থারা বই ছাপান তাঁদের সম্বন্ধেও। নাড়া নক্ষত্রের সংবাদ রাখেন বাঙ্কণা সাহিত্যের। কি করে যে এত সব জানলেন তা' কথনও জানতে চাইনি তাঁর কাছে। চাইলে তিনি শুধু একটু উঁচু দরের হাস্ত করেছেন ঠোঁট বেঁকিয়ে। তার ফলে একেবারে মরমে মরে গেছি। গাঁরা বই লেখেন, থারা বই ছাপান, থারা বইথের মলাটে চবি আঁকেন তাঁদের সম্বন্ধে কিছু জানতে চাওয়াটা যে কন্ত বড় মুর্ধামি সেটুকু শুধু বুকেছি বন্ধুর ঠোঁট বাঁকানো হাসি দেখে। জানতে চাওয়ার লক্ষ্ণটাই জানার পথে বিরাট বাধা হয়ে দাঁডিয়েছে।

বন্ধু একদিন নিচ্ছেই ক্বপা করলেন। বললেন, "লিখে ফেল না ছ্-চারটে গল্প। এই পুজোর সময় আমি ছাপিয়ে দোব কাগজে।"

হাঁ হয়ে গেলাম। গল্প লিখৰ আমি! মানে আমি লিখৰ গল্প তার মানে হচ্ছে তারাশহর বনফুল প্রেমেন্দ্র প্রবাধ অচিন্তা যা' করেন আমি করব তাই! অর্থাৎ কিনা ছাপান অক্ষরে ঝক্ ঝক্ করবে নাকের ডগার আমার নামটি শ্রীবাকা রার ঘোদ, আর তার নিচে ঝাড়া আট দশ পাতা ঠালা একটি ভালরবিদারক কান্তকারখানা। বাপস্—

"কি রে একেবারে দম আটকে গেল বে তোর! কেন ? গল্প লেখাটা কি অমন শক্ত ব্যাপার ? একটু তেবে চিক্তে, একটু খুরিয়ে কিরিয়ে, একটু আবেগ আর দরদ লাগিরে আর তার সংক্ মিশিরে দিতে হবে একটু ঐ 'কি হবে কি হবে' গোছের পাঁচাচ, ব্যাস—এ আর এমন কি শক্ত কাজ ? বসে বসে পাড়াস্তব্ধ বিষের কবিতা লিখতে পার আর ছ-একটা গল্প লিখতে পার না ? চেষ্টা কর, ও হয়ে যাবে ! ছটো প্রসার মুখও দেখতে পাবি।"

বলে বন্ধু গুটিকতক টিপস্বলে দিয়ে গেলেন।

"ব্যাপারটা কি রকম জানিস—মনে কর তোর মাণাটা একটি খালি খোল। একেবারে কোঁপরা মানে কিছু নেই ঐ মাণার ভেতর। এইবার ঐ খালি মাণায় পুরে ফেল তিনজোড়া মেয়ে পুরুষ। ধর প্রথম জোড়ার মেয়েট হবে কালো কুছিতে কিন্তু তার বাবা হবে বড়লোক আর ছেলেটি হবে স্থপুরুষ, কিন্তু গরীব একেবারে হাড়হাবাতে গোছের। দিতীয় জোড়ার মেয়েটি হবে হয় অফিসের কেরানী নয় তো স্কুলের দিদিমণি কিংবা হাসপাতালের নাস বা রিলিফ ডিপার্টমেন্টের মেয়ে স্থপারেন্টেণ্ডেণ্ট আর পুরুষটিকে করে দে ফলাগ্রন্ত কবি বা কয়্যুনিন্ট। তারপর তৃতীয় জোড়ার মেয়েটিকে বানাতে হবে চা-বাগানের পাতা তোলা মেয়ে বা কয়লা-খাদের কয়লা-তোলা মেয়ে বা পানউলি বা একেবারে তাদের একজন যারা মুথে রঙ নেখে রান্ডায় দাঁড়ায় আর পুরুষটিকে চোর জোচেচার পকেটমার কিংবা রিক্সাওয়ালা বিড়িওয়ালা যা' খুশি করতে পার।' এইবার ঐ তিনটি মেয়ে আর পুরুষ তো তোর মাথার মধ্যেই রইল। মাথাটা মাঝে মাঝে বার কতক ঝাঁকাবি. ওরা সব মাথার ভেতর তালগোল পাকিয়ে যাবে, তখন হড় হড় করে গল্প বেরিয়ে আসবে।"

শুনে আরও বড় হাঁ হয়ে গেল আমার। বদ্ধু বলতে লাগলেন, "ত্রোকে করতে হবে কি জানিস—তোর মাথার ঐ মেয়ে পুরুষ ছ'টিকে ঘোরাতে হবে। কথনও নিয়ে যাবি সমুদ্রের ধারে, কথনও প্রাহাড়ের মাথায়, কথনও বনে জনলে, কথনও সহরের বস্তিতে। কথনও দেখাবি এ ওকে চাচ্ছে কিছু পাচ্ছে না, কথনও দেখাবি ও একে পাচ্ছে কিছু চাচ্ছে না। কিংবা দেখাবি এ ওকে চাচ্ছেও না, পাচ্ছেও না, —তার বদলে যাকে যার চাওয়ার কথা নয় তাকে

পাছে আর যাকে যার পাওয়ার কথা নয় তাকে চাছে, এরই নাম হছে গাল্লের প্লট, যাকে বলে রোমান্দ। কি রে এইবার একটু একটু বৃঞ্ছিদ তো ?"

বুঝাব কি, বন্ধুর বক্তৃতা শুনতে শুনতে মাথাটা যেন সতিট্ই কোঁপরা হয়ে গেছে মনে হোল। সেদিনের মত তিনি বিদায় হলেন। চলে যাবার আগে রাশ্লানের বসে পরোটা হালুয়া থেয়ে গেলেন। তা'খান, এলেই খান এ বাড়িতে। তাতে কারও কিছু বলবার নেই। কিন্তু ঐ পরোটা হালুয়া থেতে খেতে বাধিয়ে গেলেন এক ফ্যাসাদ। মা বৌদি আর আমার ছবিনাতা বোনটিকে জানিয়ে গেলেন যে, আমি গল্প লেখা শুক্ত করেছি। সেই গল্পগুলি তিনি—বন্ধু স্বয়ং কলকাতার সব নামজাদা মাসিক সাপ্তাহিক পত্রিকায় ছাপিয়ে দিচ্ছেন। জ্বার তাতে পুলোর সময় বেশ কিছু টাকা পাছিছ আমি।

কেন যে তাঁর এই কুমতি হতে গেল তা' জানি না। কিন্তু তার ফল ফলল অচিরাং। হঠাং ঘাড়ের কাছে শুনতে পেলাম, "কৈ দেখি দাদা কতটা লিখলে। ওমা এ যে ইংরেজি । ইংরেজিতে গল্প লিখছ না কি ?"

আধ ঘণ্টা পরে না চাইতে এক কাপ চা নিয়ে বৌদি দেখা দিলেন। চায়ের বাটিটা টেবিলের ওপর নামিয়ে আঁচলে কপালের ঘাম মৃছে মেজের ওপর বসে পড়লেন, "কৈ, এবার শোনাও তোমার গল্প ঠাকুরপো। বাব্বাঃ, একটু বে ক্রেপ করে আগব তার কি উপায় আছে না কি ?" বলে সশকে একটি দীর্ঘাস কৈললেন।

খেতে বদেছি মা এদে সামনে বদে বললেন, "ঐ যাঃ তোর জ্বন্থে আজ্ব একটু দই রেখেছিলুম রে দিতে ভূলে গেছি। তা' পূজায় কথানা কাগজে গল্প বেরুছে এবার তোর ? এবার তোর গল্প লেখার টাকা থেকেই ত্রিশ টাকা গ্রন্থ-দেবের আশ্রমে পাঠাব কি বল ?"

বিকেলে কোর্ট থেকে ফিরে চা খেতে বলে দাদা মারলেন টেবিলের ওপর এক চাপড। "আরে হবে হবে। আমারই তো ভাই। ও কিছু করছে না বলে তোমাদের তো মাথা থারাপ হয়ে গেল। ও কি একটা কেরানী না স্কুল মাস্টার হতে যাবে? এইবার দেখে নিও—এক বছরের ভেতর দশটা সংস্করণ বেরুবে ওর বইয়ের। বাবা, আমরা হচ্ছি খাস ঘোলসাপুরের ঘোষ বংশ। আমরা মারি তো হাতি লুটি তো ভাণ্ডার।"

শন্ধ্যার পর গেছি ক্লাবে—দেখানেও ঐ চলছে। ক্লাবের দাছ মানে হর্ষ দাছ গর্জন করে উঠলেন—"খবরদার প্রেম ফ্রেম যদি চালাবি বাঁকু তোর গল্লে—"

ব্যাস আর কিছু বলতে হোল না তাঁকে। মারমুখো হয়ে তেড়ে উঠল স্বাই। প্রেম না থাকলে আবার গল্প কিসের ? আমার ভবিশ্বৎ গল্পের প্লট, তার নায়ক নাগ্নিকা, তাদের বয়স এই সব নিয়ে হলুস্থুল লেগে গেল।

রখুদার খণ্ডরবাড়ি টালিগঞ্জে, পাঁচ পাঁচটা সিনেমার ষ্টুড়িওর দরজার সামনে দিয়ে যেতে হয়। বলতে গেলে সিনেমা-জগতের সব কিছু জানা রথুদার। আমাকে একপাশে টেনে নিয়ে চাপা গলায় বললেন, "কুচ্ পরোয়া নেই, চালিয়ে যা লেখা। ওধারে একটা ব্যবস্থা করছি আমি। গুধু মনে রাখবি এমন এক জোড়া নায়ক নায়িকা থাকা চাই তোর যাতে শ্রেষ্ঠনাথ আর চিত্রা-দেবীকে বেমালুম ফিট করে! তাহলেই—" বলে ডান হাতের চারটি আঙ্গুল আমার নাকের সামনে তুলে ধরে বললেন, "নগদ চার হাজার।"

রাত্রে ঘূমিয়েও স্বপ্ন দেখতে লাগলায় যলাট। জ্বলজ্বলে আর ফ্যাকাশে মলাট। ধর্মতলা, হাওড়া আর শেরালদা দৌশনের খবরের কাগজের দোকানে ধরে ধরে পালানো রয়েছে রঙ বেরঙের পালিকাগুলি। বস্থমতী, ভারতবর্ষ, প্রবাসী, শনিবারের চিঠি, কথা-সাহিত্য, তঙ্গুণের স্থপ্ন, সচিত্র ভারত, আমার জীবন, তোযার জীবন, পাড়াপ্রতিবেশীর জীবন আর মরণ। তারণের সিনেমা তারকার হাসি হাসি মুখওরালা সিনেমা কাগজগুলির মলাট। সুমিরে সুমিরে

ৰণ্ণ দেখলান, যে কাগজ খুলছি তাতেই জনজন করছে আমার নাম জীবাঁক। রায় ঘোষ।

খুব ভোরে ডাকাডাকিতে দরক্ষা খুলতে হোল। এত ভোরে চা হাতে বৌদি।

"আঃ কি ঘুম তোমার ঠাকুরপো, ডাকতে ডাকতে আমার গলা ভেঙে গেল !"

"তা' এত ভোরে চা !"

♣ "সারা রাত জেগে গল্প লিখেছ। তাই ভাবলাম সকালেই একটু চা
দিই তোমায়। আমারও তো ভাই সারা দিনে মরবার ফুসরং নেই। এই ফাঁকে
শোনাও তোমার গল্প একটি। এখুনিই আবার খোকা উঠে চেঁচাতে
থাকবে।"

রোজ বাজার যেতে হোত তাও বন্ধ হোল। মক্কেল ফেলে রেখে দাদা ছুটলেন বাজারে। লেগক ভাইকে বাজারে পাঠালে তার মনের ভারসাম্য নষ্ট হবে যে।

কি যে করব ভেবে পাচ্ছিনা। কি করে এদের বোঝাই যে গল্প আমি
লিখিনা। ও আমার কিছুতে আদে না, আসবেও না। বনফুল বনে পাকুন,
কৈলাসে যান তারাশহর, প্রেমেন প্রবোধ অচিন্তা যাযাবরের সঙ্গে মিশে যেখানে
খুশি ভেসে পড়ন, আমার তাতে কোনও ছুঃখ নেই। এখন গল্প লেখার হাত
থেকে বাঁচি কি করে। নাঃ এবার একটি পঞ্চাল্ল টাকা মাইনের সফঃস্বল
মান্টারি জুটিয়ে পালাতে হবে দেখছি বাড়ি থেকে!

ছুপুর বেলা যথা নিয়মে দরজা বন্ধ করে নিত্র। দিছিছে। বেকার জীবনে ঐ একটি মাত্র জিনিসই নিজেকে নিজে যথন তথন দান করতে পারি দরাজ জ্বদরে। ছুম দাম করে দরজায় বা পড়তে উঠে দরজা থুল্লাম। "নাম না জানা" একখানি মাসিক পত্রিক। হাতে আমার দক্ষাল বোনটি।

"এতবড় ছোট নজর কেন তোমার দানা ? গল্প লেখা হয়েছে, কাগজে ছাপিয়েছ, ঘুণাক্ষরে আমরা কিচ্ছু শুনতে পাইনি এতদিন। কেন আমরা তোমার আজ শক্র, না ?'' বলে তার ছোট ছোট চক্ষু ছ'টি আরও ছোট করে অগ্নিবর্ষণ করতে লাগল।

আকাশ থেকে পড়লাম, "আমার লেখ। কাগজে উঠেছে! কৈ দেখি—"
বোনের পেছন থেকে কে খিল্ খিল্ করে ছেদে উঠল। শুধু তাই নয়, চাপা
গলায় বলা ছোল, "যেখন ধড়িবাজ তেমনি মিথুকে।"

গলার শব্দে বুঝলান লোকটি কে। ভয়ানক আশ্চয হয়ে গেলাম। আমার সম্বন্ধে কোন কথা ভূলেও উনি উচ্চারণ করেন বলে তো জানতাম না। একদিন সকলের নজর এড়িয়ে ছু' প্যাকেট চানাচুর গুঁজে দিতে গিয়েছিলাম ওঁর হাতে। ফলে কেঁদেই ফেলেছিলেন একেবারে। তিনিই কি না আজ প্রকাশ্য ভাবে মতামত প্রকাশ করছেন খিলু থিলু করে ছেনে।

আমার বোনটি ফোঁদ করে উঠল—"ঠিক বলেছিয় ভাই, চিরকাল পেটে পেটে পাঁচ। আমি ওঁর একমাত্র বোন আমি হলাম শক্ত। কাল জানতে পেরে পর্যন্ত খোশামোদ করছি, দাও না দাদা একটি গল্প পড়তে। হাড় মিপুকে, নেকা সাজছেন—কৈ লিখিনি তো এখনও কিছু। এই কাগজখানা তুই যদি না আনতিস তো আমরা টের পেতাম না ওঁর কাতি। বলি আর কথানা কাগজে ক'ট গল্প এ পর্যন্ত বেরিয়েছে মশাই ?" কাগজখানা আমার নাকের ডগায় সজোরে নাডতে লাগল।

ওঁরা চলে গেলে বেমিয়ে পড়লাম পাড়ায়। খোঁজ করতে করতে মিজিরদের বাড়িতে পেলাম দেই পত্রিকাখানি। পাড়া উন্টে দেখি সত্যিই স্পাষ্ট করে লেখা রয়েছ আমার নাম শ্রীবাঁকা রায়। তার নিচে গল্প—''প্রেমের সমাধিতলে।' ছ-ছ করে পড়ে ফেললাম। ছ্'বার বিষ খাওয়। আর তিনবার গলায় দড়ি দেওয়া পর্যন্ত রয়েছে কেই গল্পে। সর্বনাশ, এই সক লিখতে হলে ভয়েই আমি শাঁতকে মরে যাব।

কোপাও নিস্তার নেই। বাড়িতে টেকবার উপায় নেই। ক্লাবে চায়ের দোকানে পাড়ায় মুখ দেখান অসাধ্য। সেই 'প্রেমের সমাধিতলে' সর্বত্ত আমার সমাধি রচনা করেছে। চেনা জ্ঞানা সবাই শক্র হয়ে দাঁড়াল। ''এত বড় দেমাক কেন আমরা জ্ঞানতে পারলে কি ওর গল্প সব গিলে থেয়ে ফেলব না কি ?''

পাড়ার ফাংশানগুলোতে মাত্র আট আনা করে চাঁদা দিয়ে রেছাই পেতাম।
তা' ডবল হোয়ে গেল। "আবার আট আনা দিতে আসছ। মুখে আনছ
কি করে বাঁকাদা ? ছেলে পড়াতে বলে আট আনা দিতে। এখন গল্প লিখে মুঠো মুঠো টাকা মারছ, এখনও তোমার ছোট নজর গেল না।"

নেপাল হচ্ছে আমার জ্লের ক্লাস ফেণ্ড। আমাদের পাড়ায় বিখ্যাত বিডি সিগ্রেট লজেল বিস্কৃট তেল স্বানের দোকান্টির মালিক সে। স্কল ছেডে নেপাল দোকান করে সসল ওদের বাইরের ঘরে। তাপা আমার সত্যিকারের বন্ধু, তার কাভ থেকে প্রায়ই ছ্-একটা সিগ্রেট চেযে নিয়ে টানতাম। ও সহাহ্ছভূতির হারে উপদেশ দিত, "একটা কিছু জোটাতে পারলি রে বাঁকা? আর কতদিন এ ভাবে চলবে? খামকা একগাদা পাশ করে মরতে গেলি। তার চেয়ে স্কুল ছেডেই যদি একখানা কয়লার দোকান দিভিস—" এ ছেন সমব্যথী বন্ধুর কাছ থেকে ছ্-একটা সিগ্রেট খাওয়া অভ্যায় নয়, আর তার বদলে দাম দিতে যাওয়াও অপমান করার স্যামিল।

একদিন স্থাপ। আন্ত একথানি স্কুলস্কেপ কাগজে কি লিখে স্থামার হাতে দিয়ে বেশ কাঁচুমাচু হয়ে বললে—"একট় সময় করে একবার এটা দেখে। ভাই।" এইবার সেরেছে! নিশ্চয়ই স্থাপাও গল্প লিখেছে। ওটি ছাপিয়ে দেবার জন্মে আমায় অন্ধরাধ করবে নিশ্চয়ই। কাগজখানি নিলাম। ছটো সিগ্রেটও চেয়ে নিলাম। বিষম ছ্র্ভাবনা মাধায়, কি করে এখন বিশ্বাস করাই বন্ধুকে যে এখনও পর্যন্ত একটি গল্পও লিখিনি আমি। আর ভার লেখাটি অন্ততঃ আমার দ্বারা কোথাও ছাপান সম্ভব নয়। কাগজ-বানি পকেটে করে ভাবতে ভাবতে বাড়ি এলাম।

বাড়ি এসে কাগজাখানি খুলে দেখি—আরে একি! এ যে ফর্দ। গত সাড়ে তিন বছর ধরে কবে ক'টি সিগ্রেট খেয়েছি তার নিখুঁত হিসেব। মোট সতেরো টাকা এগার আনা তিন পয়স।।

সঙ্গে একখান চিঠিও রয়েছে। স্থাপা লিখেছে— "ভাই বাঁকু—

তোমাকে 'ভাই' লিখছি বলে মনে কিছু কোর না। তুমি এখন একজন নামজাদা সাহিত্যিক। আমার মত মুখ লোক তোমার বন্ধু হতেই পারে না। কিন্তু ভাই তুমি আমার চিরকালের বন্ধু, আমি জানতাম যে একদিন তুমি একজন বিখ্যাত লোক হবেই। শ্রীশ্রীকালীমাতা ঠাকুরাণীর শ্রীচরণ প্রাদাদাৎ আজ ভোমার নাম লোকের মুখে মুখে। গত সাড়ে তিন বছর তোমার নিকট কোনও কথা উথাপন করি নাই। এখন তোমার স্থাদন, দয়া করে এই দীন বন্ধুর হিসাবটা—''

প্রায় কেপে যাবার মত অবস্থা হয়ে উঠল আমার—। ইতিমধ্যে আরও ছ'খানি পত্তিকায় শ্রীবাঁকা রায় ঘোষের লেখা ছ টি গল্প বেরুল। কাগজে ঘোষ কথাটি বাদ দিয়ে শুধু বাঁকা রায় থাকে। কিন্তু তাতে কি ? ও এক কথাই। সাহিত্যিক হয়েছি বলে আমিই নাকি পদবীটি বাদ দিয়েছি। মানে আমার ভেত্তরে একটি আটিষ্টিক চেটা জন্মেছে কি না।

বন্ধু থাদেন মাঝে মাঝে, চা হলুয়া খান রান্নাঘরে বদে আর শোনান। শোনান শ্যামাচরণ দে স্ট্রিটের প্রকাশকরা আর বিখ্যাত ওঁনারা কে কি বলেছেন। তার উপর বনস্থুল তারাশহর সজনীকান্ত আর ওধারে আশাপূর্ণ। বাণী রায় তারপর এলবার্ট হলের গোরীশহর আর রূপদর্শী, এরা কে কি বলেছেন বাঁকা রায়ের গল্প পড়ে। নিখুত অভিনয় করে রসিয়ে রসিয়ে বলেন বন্ধু চা হালুয়া খেতে খেতে। ফলে আমার মধুভাষিণী বোনটি হাঁ হয়ে যায়। তবে সেই হাঁ হওয়া কার জয়ে তা' ঠিক বলতে পারি না। দাদার লেখার গরে, না যে লোকটির গলা জড়িয়ে ধরে অত বড় বড় সাহিত্যিক আর

প্রকাশকেরা মনের কথা খুলে বলেন সেই লোকটির গর্বে গরিত। হরে বোনটি আমার ভূক কুঁচকে হাঁ করে কথা গিলতে থাকে! আমি সভরে অস্ত চিম্বা করি। বিয়ে হবার পর ওরা ছ'জনে একসঙ্গে যথন বাক্যালাপ জুড়ে দেবে তথন পাড়ায় যে কাক চিল বসতে পাবে না।

শেষে সাহস করে একদিন বন্ধুকে ধরে বসলাম। ওদের একবার চোথের দেখা দেখতে হবে। বাঁরা মনের আকাশে সদা সর্বক্ষণ দাউ দাউ করে জ্বলছেন তাঁদের চোথের দেখা দেখব। সাক্ষাৎ তারাশঙ্কর, বনস্কুল, সজনীকান্ত, প্রেমেন, প্রবোধ, অচিন্তা, গজেন, স্থমণ, প্রমণ সকলকে চোথে দেখা এও কি চাটিখানি কথা না কি।

একটি উচ্চশ্রেণীর হাসি হেসে বন্ধু রাজা হলেন, "আছা তাই হবে। যাব তোকে নিয়ে একেবারে খাস আড্ডায়। দেখবি খালি বই বই আর বই। স্ব-নির্বাচিত, পর-নির্বাচিত, অনির্বাচিত, শ্রেষ্ঠ, নিরুষ্ট, অপরুষ্ট সন গল্পের বই। দেওয়াল জুড়ে আলমারি ভরতি হয়ে দাঁড়িয়ে আছে, শুরু বই। তাঁদের দেখবি যাঁরা ও সব লিখেছেন। লিখে বাভি গাভি পর্যন্ত করে ফেলেছেন। কাল বেলা আড়াইটের সময় শেয়ালদা স্টেশনের মেন গেটে দাঁডিয়ে থাকিস। আমি এসে সঙ্গে নিয়ে যাব।"

আড়াইটের সময় বন্ধু দেখা দিলেন। বললেন, "চল হেঁটেই একটু মেরে দিই। আধ ঘণ্টা হ্বারিসন রোডের বাঁ ধারের ফুটপাথ দিয়ে হেঁটে বন্ধু বাঁ হাতি রাস্তায় টুপ্ করে চুকে পড়লেন। মুথ ভূলে দেখি দেওয়ালের গায়ে লেখা রয়েছে, শ্রামাচরণ দে ফ্রিট।

বই বই আর বই। কি সব মলাট, দেখে মাথা ঘূরে যায়। লিওসে স্ট্রিটে চুকে খেলনার দোকানের সামনে ছোট ছেলেকে দাঁড় করিয়ে দিলে যা' হয় তাই। মলাট তো নয় চোখ ধাঁখানো রঙের খেলা। ছবি আর রঙ দেখলে মনে হয় কোন্ধানি আগে কিনি! ইচ্ছে করে সব ক'খানি কিনে নিয়ে যাই এক

সঙ্গে। বাড়িতে নিয়ে ঠিক ওদের মত মলাটখানি সামনে করে ঘরের দেওয়াল জুড়ে সাজিয়ে রাখি। কিন্তু মলাট সামনে করে সাজিয়ে রাখলে লোকে কি ভাববে!

ছ' পাশে নজর রেখে এগোচিছ। আচমকা বন্ধু আমার কাঁধে হাত দিয়ে টানলেন আর সেই সন্ধে নিজের জিভ তালুর সঙ্গে ঠেকিয়ে একটি বিচিত্র শক্ষরলেন, "ইস্—।" যেন সামনে গোখরো সাপ পডেছে। আঙ্ল তুলে দ্র থেকে দেখালেন বন্ধু, "ঐ দেখ, উনি তারাশঙ্কর আর ওঁর সামনে ঐ যে মোটা মত বন্ধ ভদ্রলোকটি উনি হচ্ছেন কবিশেখর কালিদাস রায়।"

করেক মুহূর্ত্ত চেয়ে দেখলাম, তারপর সন্ধোরে প্রতিবাদ করলাম, ধ্যাৎ.—
তা' কথনো হতে পারে না ।''

বন্ধু আকাশ থেকে পড়লেন, "ভার মানে !"

"মানে তুই ভুল করছিদ কিংবা আমাদের ইয়ে পেয়ে ঠকাচ্ছিদ্। ঐ বৃদ্ধ মোটা ভদ্রলোকটি হচ্ছেন তারাশঙ্কর আর ঐ ছিমছাম পাঞ্জাবি পরা গলায় চওড়া-পাড চাদর ঝোলান চমৎকার লম্বা লোকটি হচ্ছেন কবিশেখর।"

আরও উত্তেজিত হয়ে উঠলেন বন্ধু, "বাজি রাখনি ?"

ঠিক সেই সময় একখানি মোটর এসে থামল একটি দোকানের সামনে।
সেই,গাড়ি থেকে এক মহিলা নেমে গেলেন। বন্ধু বললেন, "উনি হচ্ছেন
শ্রীমতী—" এমন একটি নাম উচ্চারণ করলেন যে আমার পাষের নথ থেকে
মাথার চুল পর্যন্ত বিছাৎ খেলে গেল। ঐ নাম হাঁর তাঁর লেথা কবিতা যে
আমার কণ্ঠন্থ, তাঁর গল্পভলি যে আমি গোগ্রাসে গিলি। গিলে চোথ বুঁজে ব্দ হয়ে থাকি। সেই তিনি হচ্ছেন ঐ উনি! দেখলে মনে হয় যেন বাতে
ধরেছে। ঐ বপুথানির ভেতর থেকে কখনো সেই কবিতা বেকতে পারে!

"হাসনা-হানা হাসনা-হানা---

কইতে মানা চাইতে মানা বাতায়নের কপাট খোলা
তাইতো আমার পরান মাঝে দিচ্ছে দোলা
নিবিড় বুকের তপ্ত নরম ছলছলানি
বাঁকা ভরুর উদাস ভাষার কলকলানি।"

রেগে গিয়ে হন্ হন্ করে কয়েক পা এগিয়ে গেলাম। ওধার থেকে একখানি কালো রঙের ছোট মোটর গাচি এগে থামল ঠিক আমার সামনেই। বন্ধু কানের কাছে মুখ নিয়ে বললেন, "ঐ দেখ সজনীকান্ত নামছেন।"

শাস্ত সমাহিত ঈনং ভারিকী গোছের শরীর গোল মৃথ প্রায় বৃদ্ধ শুল্ল খদর-মণ্ডিত একজন আদর্শ বাঙালী ভদুলোককে দেখিয়ে বলে কিনা ইনিই সঙ্গনী-কাস্ত। মুখ দেখেই বলা যায় এমন নিরীহ ভদুলোক ছনিয়ায় আর ছ'টি নেই।

ইচ্ছে ছচ্ছিল বন্ধুন গণ্ডে ঠাস করে একটি চড কথাতে। আমাকে ছাইকোর্ট দেখাছে। সজনাকান্ত নামটি মনে করলে মনে কি রকম ছবি ভেসে ওঠে? স্পষ্ট ভেসে ওঠে বাঁকা ইসপাছানা তলোয়ারের মত একখানি দীর্ঘ দেছ যার চোখ বাল্যানো জ্লোয় প্রাণ কেঁপে উঠনে। যে শরীরখানির তাপে বিশ ছাতের ভেতর যা' কিছু পড়ে তা' ভৎক্ষণাৎ দপ্ করে জ্ঞালে না উঠলেও কুঁকডে এতটকু হয়ে যাবে। গাঁর মুখের দিকে চাওয়া অসাধ্য, চোখের ওপর চোখ পডলেই মাথা নত হয়ে যাবে। সেই সজনীকান্ত উনি! মানে ঐ আদর্শ ভদ্লোকটি কথা কইতে গেলে হয়ত পত্মত খানেন এখনই। ভাতখেকো বাঙালীর একটি আদর্শ সংস্করণ। আর চেয়েও দেখলাম না ভদ্লোকের দিকে, মুখ ফিরিয়ে নিলাম।

এরপর যতই এগোতে লাগলাম শ্রামাচরণ দে স্ট্রিটের মধ্যে ততই তেঙ্গে চুরমার হতে লাগল আমার মন-আকাশের তথা বাঙলা সাহিত্যাকাশের উজ্জ্বল নক্ষত্রগুলি। বন্ধুর ভাষায় এই শ্রামাচরণ দে স্ট্রিট হচ্ছে স্মৃহিত্যিকদের স্বর্গ। হায়, কেন মরতে আমি সেই স্বর্গে থামকা চুকে পড়লাম! আমার প্রবোধ সাল্লাল—যে প্রবোধ সদা সর্বদা পরে থাকবেন গেরুয়া পাগড়ি আর দামী গরম

কাপড়ের লংকোট, যে প্রবোধ বিন্দুমাত্র জ্রুক্লেপ করেন না গা থেকে সেই দামী কোট খুলে ফেলে দিতে—আমার অন্তরের অন্তরতম গুরুস্থানে যে প্রবোধ চিরনবীন চিরকাঁচা, বাঁকে আমি মানসচক্ষে দেখেছি একথানি ছুধে গরদ পরা, গারে জ্ঞরির কাজ করা মূলতানি সিন্ধের মেরজাই আর রামধত্ম রঙের বেনারসী চাদর কাঁধে, পায়ে সোনালা জরির ফুল আঁকা শুড়তোলা ইরানী নাগরা, সেই প্রবোধ সামনে দিয়ে চলে গেলেন মথায় মন্ত এক টাক নিয়ে! একটি বাদামী রঙের খদরের পাঞ্জাবি পরে এক প্রোঢ় ভদ্রলোক সেজে! হায়, দথ্ম অদুষ্ট আমার—

সবচেয়ে ক্কাচ আঘাতটি পাওয়া তথনও বাকি ছিল আমার কপালে। একটা বইরের দোকানের ভেতর দাঁড়িয়ে ছেলেমাস্থ্যের মত খোদাস্থদ্ধ আপেলে কামড় দিচ্ছেন্ একজন রোগা খাটো ভন্তলোক। বন্ধু বললেন, "উনিই স্থবে বাঙলার এক এবং অন্বিতীয় প্রমণনাথ। যিনি মহামতি রাম ফাঁসুডের জীবনের ও সাধনার সংক্ষিপ্ত ইতিহাদ লিখে নিজে ইতিহাদের পাতায় অমর হয়ে গেছেন।" এই দেই প্রমণনাথ! দারা বোশেখ মাস গাঁর কণ্ঠস্বর বাঙলা বিহার উডিয়ার আকাশে বাতাদে গ্যম গ্যম করে বাজতে থাকে, বোশেখের খরতাপ স্থূ পিয়ে কেঁদে ওঠে গাঁর বক্তৃতার তেজে! এই দেই প্রমণনাথ যিনি তাঁর গুরুলেবের "হে ক্ষন্ত বৈশাখ" মাদকে বৃদ্ধাস্থূন্ত দেখিয়ে ঢক্কা পিঠে বেঁধে অক্লান্ত অবিশ্রান্ত ছুটে বেড়ান দেশ হতে দেশান্তরে তাঁর গুরুর জন্মতিথির ঢাক বাজিয়ে!

এতদিন কি তয়াবহ রূপই আমার বুকের মধ্যে আঁকা ছিল তাঁর ! কোমর ছাড়িয়ে নেমেছে তিব্বতী চামরের মত সাদা দাড়ি, হাত পায়ের নথগুলি দেড় ইঞ্চি করে লখা । খিদিরপুরের পুলের নিচের পঞ্চানন্দ ঠাকুরের মত মাধার চুলগুলি খাড়া হয়ে রয়েছে । রক্তবর্ণ বিঘুর্ণিত লোচন, ঝাড়া সাড়ে পাঁচ হাত লখা মহামানব । যার গলার আওয়াজ আকাশের উড়স্ত কাক চিল নামিয়ে আনবে । ধিনি দিবারাত্র গায়ে জড়িয়ে থাকেন বাঘছালের ছাপ দেওয়া কাশ্রিরী শাল বা জোববা ।

বাঁর তীক্ষ থড়োর মত নাকটির দিকে চাইলে মনে হবে ঐ নাক নেড়ে তিনি সব সমর সকলকে একেবারে নস্তাৎ করে দিতে পারেন। হার, সেই প্রমধনাথকে আমার চোখের সামনে দেখছি। দেখছি শিশুর মত সদানন্দ একটি ছোটখাট মাসুধ—বাঁকে দেখলেই ভালবাসতে ইচ্ছে করে।

একটি দীর্ঘদাস ফেলে বললাম, "থাক ভাই, আজ আর নয়। এবারে পালাই চল এখান থেকে।"

"এই যে পাকড়াশী যে।"

বিরাট এক নরপূস্ব। হেলতে ত্লতে এগিয়ে এসে বন্ধুর কাঁণে হাত রাখলেন। বন্ধু নিজের বিত্রশাট দাঁত বিকশিত করে পরিচয় দিলেন, "ইনি হচ্ছেন গজেন্দ্র মিত্র।" একেবারে চোখ জুড়িয়ে গেল। এতক্ষণ পরে নামে রূপে চলনে চমৎকার মিল খুঁজে পেলাম। পেয়ে মনটা খুশি হয়ে উঠল। কিন্তু আমি আর দস্ত বিকশিত করবার স্থযোগ পেলাম না। মিত্র মশায় বেডালে যেমন ইত্র ধরে নিয়ে যায় তেমনি ভাবে বন্ধুকে নিয়ে এক দোকানে চুকে পড়লেন। বন্ধুর শেষ কথা ক'টি কানে বাজল, "আজকের মত তুই বাডি যা বাকা।"

ফিরলাম।

স্থারিসন রোডে পা দোব, পেছন থেকে কানে এল, "ও মশাই শুনছেন — ও দাছ—"

ফিরে তাকালাম। কাকে ডাকে ! হন্ হন্ করে এগিয়ে এলেন এক ভদলোক। পায়ে বৃট জ্তো আর থাকী রঙের মিলিটারি মোজা, কাপড হাঁটুর ওপর পর্যন্ত গুটিয়ে পরা, থাকী সার্ট তার ওপর ডোরাকাটা ছিটের কোট গায়ে। আবার একথানা সবৃজ রঙের থদরের শাল জড়ানো রয়েছে কোমরে। ভদলোক বােধ হয় তিন সপ্তাহ দাড়ি কামাননি। চুল ছেঁটেছেন বােধ হয় গভ বছর এই সময়। লাল টকটকে চারখানি দাঁত বেরিয়ে রয়েছে। বগলে য়য়েছে কাথা জড়ানো বেশ বড় গোছের একটি প্টাল। প্টালর ভারে তিনি বাঁ দিকে একট্ হেলে পড়েছেন।

"দাত্ব, আপনি কি এই শ্রামাস্কর রোডেই থাকেন ?'' বললাম, "তা' না থাকলেও বলুন না আপনি কাকে খুঁজছেন।''

এক গাল হেদে ভদ্রলোক বাঁ হাতের মুঠে। আমার সামনে মেলে ধরলেন। বামে ভেজা একথানি চিরকুট। বললেন, "দেখুন তো পচে কি লেখা আছে।"

পড়ে দেখলাম। "এ যে দেখছি ঠিকানা একশ তিয়ান্তর নম্বর শ্রামাচরণ দে স্টিট, চটকদার এণ্ড কোম্পানা পুস্তক প্রকাশক।"

ভদ্রলোক তারিফ করলেন আমার বিছের। বললেন, ''যাক তা' হলে ঠিকই পড়তে পেরেছেন। এখন বলুন তো ঐ চটকনার এণ্ড কোম্পানীর বইয়ের দোকানখানি কোথায় ?''

"এই তো নম্বর রয়েছে, নম্বর দেখে খুঁজে নিন না—"

''আছে, সকাল সাডে নটা থেকে এই নেলা পাঁচটা পর্যস্ত কতবার এগো-লাম আর পিছিয়ে এলাম তা' গুণে রাখিনি। ও নম্বরের কোনও কিছু নেই এই রাস্তায়। একশ নম্বরে না পোঁছতেই এ রাস্তা খতম।"

"তা' হলে এ ঠিকানা আপনি পেলেন কোথা থেকে ?"

"আর বলবেন না দাদা, এক হাড বজ্জাত ডাকাত শালা আমায় হাড়ে হাড়ে ঠিকিয়েছে। আমার সর্বনাশ করেছে, আমার পথে বসিয়েছে একেবারে।"

তিনি ভেউ ভেউ করে কেঁদে উঠলেন।

খপ্করে তাঁর হাতখানা ধরে টেনে নিয়ে চ্কলাম চায়ের এক কেবিনে। রাস্তায় ভিড জমিয়ে ফেলনে যে।

ভদ্রলোকের প্রাণ আছে। চা চিংড়ির কাটলেট খাওয়ালেন এবং নিজেও খেলেন পেট ভরে। সেই সঙ্গে শোনালেন তাঁর শোচনীয় ছুঃখের কাহিনী। তাঁর নাম নরহরি হাই। বাঁকুড়া জেলায় বাড়ি। তেজারতি কারবার করেন। ছোট বেলা থেকে গল্প লেখার শখ। লিখেছেনও প্রচুর গল্প উপন্থাস। সব স্থাদ্ধ দশখানি খেরো বাঁধানো প্রমাণ সাইজের খাতা বোঝাই লেখা আছে গল্প আর উপস্থাস। এ পর্যস্ত গোলমাল হয়নি। ঘরে বসে যত খুশি গল্প উপস্থাস লিখলে গোলমাল বাধবার কথাও নয়। ফ্যাসাদ বেধেছে শেষ বার দারপরি-গ্রহ করে। আগের স্থা ছু'টি একে একে গত হওয়ায় সম্প্রতি ভৃতীয় বার বিবাহ করে বাঁকে ঘরে এনেছেন তিনি বিছ্মী মহিলা, একেবারে গল্প উপস্থাসের পোকা। তাঁর একটি তৃথড় ভাই আছে। কলিকাতার যাবতীয় প্রকাশকরা আর পত্রিকাওয়ালারা নাকি তার হাতের মুঠোয়। ভৃতীয় পক্ষের গৃহিণী চান যে সেই গল্প উপস্থাস ছাপা হোক অর্থাৎ উপযুক্ত স্বামীর নাম বেরুক একটু। কি করেন ভদ্রলোক, গৃহিণীর পেডাপীড়িতে বাধ্য হয়ে একথানি পাত। দিলেন শালার হাতে। শালা ডুব মারলে। শেষে যখন তিনি ভয় দেখালেন যে থাতা ফেরৎ না দিলে শালার ভল্লীকে ভাগে কর্বনেন, তখন এই একশ তিয়াত্তর নম্বর চটকদার কোম্পানীর ঠিকানা দিলে। সে খাতাখানি নাকি সে ঐ চটকদার প্রকাশকদের দিয়েছে।

তারপর তিনি সমত্রে কাঁথা খুলে বার করলেন নখানি খেরো বাঁধানো খাতা। প্রতিখানির ওজন অন্তত আডাই সের। বিনীত ভাবে বললেন, "একটু পাঁডা উলটে দেখন।"

পাতা ওলটাতেই প্রথম যা'নজরে পড়ল তা' হচ্ছে সেই 'প্রেমের সমাধি তলে।' চমকে উঠে বললাম, "এ গল্পটি তো মশাই ছাপা হয়ে গেছে নিখনপণ প্রকায়।''

"জানি সব জানি দাদা। আরও সাতটি গল্প ছাপিয়েছে শালা নিজের নামে। এক কুড়ি ছোট গল্প নিজ হাতে টুকে দিয়েছি ঐ থাতা থেকে। যাক গে চুলোয় এক কুড়ি ছোট গল্প, এখনও আমার থাতায় বাহাল্প কুড়ি রয়ে গেছে। কিন্ত ছ্-থানি আন্ত উপভাস আছে যে মশাই থাতাখানিতে। আমার কাছে কোন কপিও নেই। শালা বললে, শতকরা সাড়ে সতেরো টাকায় কথাবার্তা পাকা হয়েছে চটকদারদের সঙ্গে। চিঠিও দেখালে। তাই দিলাম বিশ্বাস্করে।

এই পর্যন্ত বলে স্থার সামলাতে পারলেন না নিজেকে। স্থাবার তেউ তেউ করে কেনে উঠলেন।

জিজ্ঞাসা করলাম, "এখন যাবেন কোথার ?" কোটের হাতার চোখ মুছে বললেন—"হুগলী।"

"হগলী! হগলীতে কার বাড়ি যাবেন ?"

"আমার ভাগ্নী জামাই থাকে সেখানে। তার মেয়ের—মানে, আমার নাতনীর জন্মে একটি পাত্রের সন্ধান নিয়ে যাচ্ছি।"

"কি নাম আপনার ভাগ্নী-জামায়ের ?"

"গোবর্ধন বোস। আর মশাই বলবেন না সে ছুংখের কথা। আমার ভালীর ঐ একমাত্র মেয়ে। মেয়েকে লেখাপড়া শিখিয়েছে, গান বাজনাও জানে। আর সে কি মেয়ে। আমার নাতিনা বলে বলছি না—অমন মেয়ে সহজে খুঁজে পাবেন না। এতদিন এক হতছাড়া এম, এ, পাশ ছোকারার দিকে চেয়ে চেয়ে ওরা কাটিয়েছে। সে ব্যাটা কোনও কর্মের নয়। তথু পাশ করতেই জানে। একটা চাকরিবাকরি জুটল না কোথাও তার। শেবে তার আশা ছেড়ে দিয়ে আমি একটি স্থপাত্র দেখেছি আমার গ্রামে। উঁচু বংশ, ঘরে মা লক্ষী বাঁধা। তবে বয়সটা একটু বেশী হয়ে গেছে। ছু'টি উপযুক্ত ছেলে আছে দেই ভদ্রলোকের। তা' থাকুক, মানে—নাতনীর আমার খাওয়া-পরা আদর-যত্নের অভাব হবে না।''

দাউ দাউ করে আগুন জ্বলে উঠল আমার মাথার মধ্যে। কানের ভেতর ঝাঁ ঝাঁ করতে লাগল। দেলখোদ থেকে বেরিয়ে ছু'জনে হাওড়ার বাসে উঠলাম।

সাতটা পনেরো মিনিটে ব্যাণ্ডেল লোকাল ছাড়ল। গাড়িতে বেজায় ভিড়। দূরে দাঁড়িয়ে লক্ষ্য রাথলাম, ভদ্রলোক কাঁথা জড়ানো পোঁটলা নিয়ে একখানি থার্ড কেলাসে উঠলেন। গাড়ি চলতে আরম্ভ করলে ঠিক তার পাশের কামরায় লাফিয়ে উঠে পড়লাম[®] শেওড়াঙ্গুলি পৌছলে গাড়ি প্রায় খালি হয়ে গেল। নেমে গিয়ে জানালা দিয়ে উঁকি মেরে দেখলাম, ভক্রলোক একটি ছোট্ট কৌটা খুলে একটি বেশ মাঝারি গোছের কালো বড়ি মুখে ফেলে এক ভাঁড় চা কিনলেন।

গাড়ি মানকুষ্ঠু স্টেশনে থামবার আগে রুমালথামা পকেট থেকে বার করে মাথায় বেঁধে নিলাম। প্রায় ভুক্ত পর্যস্ত ঢাকা পড়ে গেল। চন্দননগর স্টেশনে থামলে নেমে গিয়ে পাশের গাড়িতে উঠলাম।

আমার ভাগ্য স্থপ্রসন্ন। একমাত্র তিনি ছাড়া আর কেউ নেই গাড়িতে। তিনি গাড়ির কোণে মাথা রেখে হাঁ করে খুমুচ্ছেন। কাথা জড়ানো পোঁটলাটি পাশে রয়েছে।

চুঁচুড়া আদছে। গাড়ির গতি কমে এল। প্লাটফর্মের উলটো দিকের দরজা খুলে দাঁড়ালাম। আরও কমে এল গাড়ির স্পীড। পেছনে ফিরে দেখলাম বিচিত্র স্থারে তাঁর নাক ডাকছে।

বুকের মধ্যে তখন আমার হাতুড়ির আওয়াজ হচ্ছে। দম বন্ধ করে দাঁতে দাঁত টিপে দাঁডিয়ে আছি।

আরও কমল গাড়ির স্পীড। তুলে নিলাম পুঁটলিটা। তারপর এক হাতে হাপ্তেল ধরে ঝুলে পড়লাম।

সেই রাত্রেই ব্লেড দিয়ে কেটে ফেললাম সব ক'খানি খাতার মলাট। থাতা ক'খানি বিছানার নিচে পেতে রেপে মলাট ক'খানি গলায় বিসর্জন দিয়ে এলাম। রাত্রে খাতা-পাতা বিছানার শুয়ে চোথে খুম এল না। যতই মনকে বোঝাতে চাই, যা' হোক গে যাক্, ছ'টি উপযুক্ত ছেলে আছে যার তার সলে হুগলীর গোবর্ধন ঘোষের একমাত্র মেয়ের বিয়ে তাতে আমার কি, ততই মন হু-ছু করে ওঠে। আগামী বিশ বছরের রসদ আমার বিছানার নিচে, এই বার গরের পর গরু, উপস্থানের পর উপস্থান বেঙ্গতে থাকবে বাঙলা দেশের সব ক'টি মাসিক সাপ্তাহিকে, সিনেমার ছবি বারা বানান তাঁদের গাড়ি এসে দাঁড়াবে আমার দরজায়। ঐ শ্রামাচরণ দে সিটুটেই চওড়া পাড় মাছ্রার চাদর কাঁথে

শুলিয়ে আমি শ্বয়ং একদিন নামব কালো রঙের ছোট মোটর থেকে। সভায়হব সভাপতি, খবরের কাগজে বেরুবে ছবি। আবার মরব যেদিন, সেদিন আমার
এই দেহটা নিয়ে শোক্যাত্রা বেরুবে। ভবিশ্বতের সম্ভাব্য অসম্ভাব্য সমস্ত
ছবিগুলি মনের সামনে খুলে ধরি, তবু মন ডুকরে ডুকরে কেঁদে ওঠে। বার
বার অহ্য একখানি ছবি সামনে এসে দাঁড়ায়, যার বাঁ-গালে টোল পড়ে হায়লে,
যার চুল কোমরের নিচে পর্যন্ত পৌঁছয়, যার ভীরু চোখের চাহনি বড্ড বেশি
মুখর, যার হাতে লুকিয়ে চানাচুর ভাঁজে দিতে গেলে কেঁদে ফেলে আর
সেদিন যে খিল-খিল করে হেসে দরজার আডালে দাঁড়িয়ে আমায় বলেছিল—
যেমন ধড়িবাজ তেমনি মিথাক। কথা ছ'টে একশবার নেহাত অপমানস্চক।
কিন্ত সেই বিশেষ মুখের প্রথম সম্ভাষণ বলেই বোধ হয় আমার কানে সেদিন
মধুবর্বণ করেছিল।

কিন্ত-

আর শুরে থাকতে পারলাম না। 'নাতনী আমার আদর যত্ন ভাত কাপড়ের কট পাবে না।' উঃ, কেন তৎক্ষণাৎ নরহার হাই-এর মুখে একটি চড় বসিয়ে দিইনি। বেটা লোফার ভ্যাগাবণ্ড জোচ্চর-স্কাউণ্ডেল গণ্ডার-গোত্র গাধা। নিজে বুড়ো বয়সে বিয়ে করেছে আবার—

र्ठक् रुक् रुक् रुक् ।

ভড়াক করে উঠে বদলাম বিছানার ওপর। কান পেতে রইলাম। ঠকু ঠকু ঠকু ঠকু।

না, ঠিকই কে দরজা ঠেলছে আমার। দরজার থিলে হাত রেখে থমকে দাঁড়ালাম। চোর ছ্যাচড় নয় তো!

আবার ঠক্ ঠক্ ঠক্ ১ ক্। বিছানার তলা থেকে ছোরাখানা বার করে এক ছাতে বাগিয়ে ধরে আন্তে আন্তে খিল খুলে দিয়ে দরজার পাশে সট করে সরে. দাঁড়ালাম। ঘরে চুকল আমার বোন—

"আঃ, জোর কচ্ছিদ কেন, আয় না ভেতরে।"

আর একজনকে টেনে আনলে হাত ধরে।

ভোরের আলোও ঘরে এদে চুকল ওদের দকে।

বোনের চোথে জন। প্রায় রুদ্ধ কঠে বোন বললে—"দাদা, তুমি কি পাষাণ ?"

একেবারে হতভন্ত, আজ বাদে কাল যার বিয়ে তার চোখে জল! আর এই সাত সকালে আর একজনকেই বা জোটালে কোথা থেকে? আর আমিই বা পাষাণ হতে গেলাম কেন?

তথন শুনলাম বোনের মৃথ থেকে। আমার একমাত্র বোনের একমাত্র বান্ধবী এই ভারবেল। বিদায় নিতে এসেছে। বিদায় মানে চিরবিদায়— দড়ি আফিম সমস্ত প্রস্তুত, কেরোসিন তেলও বাড়িতে মঙ্কুদ। এখন যে কোনও একটার সাহায্যে—

আঁতকে উঠলাম।

"কিন্তু ভাই, আমার যে এখনও চাকরি জোটেনি।"

বোনের পাশে যিনি নত মুথে দাঁড়িয়ে ছিলেন তিনি অক্র ভেজানো কর্প্তে বললেন, ''কেন—যার। বই লেখে তারা কি বিয়ে করে না ? আসল কথা আমার মত মেয়েকে''—আর কিছু বেরুল না কণ্ঠ দিয়ে।

বেরুবার প্রয়োজনও ছিল না। চন্ চন্ করে পারের রক্ত মাধার উঠতে লাগল আমার। মাধা খুরিয়ে বিছানাটার দিকে চেয়ে দেখলাম ওর নিচে বিশ বছরের রসদ মজুদ।

হয়ত লোকে বলবে যে, আমার বিবেক বলতে কিচ্ছু নেই। সত্যি বলছি, এখনও গভীর রাত্রে কোনও কোনও দিন খুম ভেঙে গেলে একটু যেন কি রকম অস্বস্তি বোধ করি। মনের ভেতরে বেশ ব্যথাও বোধ করি বেচারা নরহরি হাইদ্রের জন্মে। গায়ে ছোট ছোট কাল পিপড়ে ইটিলে যেমন বোধ হয় তেমনি বোধ হয় মাঝে মাঝে আমার বিবেকের গায়ে।

क्डि विरत्न करत राष्ट्रिक या' भात्र जा' कि लाक् व्यवहात्र करत ना ?

নরহরি হাই-এর খাতা ক'খানি আমি আমার বিবাহের বৌতুক হিসেবে গ্রহণ করেছি, এতে কার কি বলবার আছে ?

বিদ্ধান বিবেকের দংশন অস্থতব করি তথন স্ত্রীর কাছে ঘেষে শুই।
সত্যি বলছি নেহাত নাচার না হলে ও কর্ম সেদিন করতাম না।
সেদিন এই দেশের আরও একটি কুমারী মেয়ে যদি গলায় দড়ি দিত বা
বিষ খেত বা কেরোসিন গায়ে ঢালত তাতে কার কি লাভ হোত ?

যাক্ মনকে একরকম করে ব্ঝিয়েছি যে, যা' সেদিন করেছিলাম, যার ফলে আজ আমার বাড়ি গাড়ি আর এই প্রচণ্ড সাহিত্যিক বলে নামটি হয়েছে—তা' করেছিলাম নেহাত নাচার হয়েই। আমার মত নেহাত নাচার হলে আনেকেই এ রকম কাণ্ড করে বসতেন।

বি দ্ৰ ম

মহা বিজ্ঞান পড়ে গেলেন সঞ্জীবন চাটুজ্যে মশাই। আট ঘাট বেঁধে চতুর্দিকে সামলে-স্থালে তিনি কান্ধে হাত দিয়েছিলেন। তবুও এভাবে সমস্ত চাল তপুল হয়ে যাবে, এ তাঁর কল্পনাতেও আসেনি। কিন্তু করলে কে এ কাজ ?

গড়গড়ার নলে একটা ছোট্ট টান দিয়ে তিনি তাকিয়া কোলে নিয়ে ঠায়
একতাবে চেয়ে বসে রইলেন। চেয়ে রইলেন সামনের দেওয়ালে টাঙ্গানো
তাঁর প্রপিতামহ রায় দেওয়ান ত্রিনয়ন চাটুজ্যে বাহাছ্রের অয়েল পেন্টিংখানার
দিকে। রায় বাহাছ্র একটা চেয়ারের পেছনে হাত দিয়ে দাঁড়িয়ে আছেন।
হাতে একখানা জাঁদরেল বই ধরা। মোটা সোনার চেন ঝুলছে তাঁর বুকে।
চাপকান শামলা মোটা গোঁকে চমৎকার মানিয়েছে তাঁকে। শোনা যায় তাঁর
নামে এ তল্পাটে বাবে গরুতে এক সঙ্গে জল থেতো।

বাঘ অবশ্য বর্তমানে একশ ক্রোশের মধ্যে একটিও খুঁজে পাওরা যাবে না।
কিন্তু গরু ? গরু তো যথেইই রয়েছে। তু'পেয়ে আর চারপেয়ে ছুই-ই। তাদের
ছু-একটিকে ঘাস জল খাওয়াতে গিরে সেই খনামধ্য রায় দেওয়ান ব্রিনয়ন
চাটুজ্যে বাহাছরের প্রপৌত্র সঞ্জীবন চাটুজ্যে মশাইকে হিম্-সিম্ খেতে হচ্ছে।
গড়গড়ার নলটা মুখে করে ধরে একলা বসে বসে ভাবতে লাগলেন চাটুজ্যে
মশাই যে তাঁর ঠাকুরদাদার বাবার তিনটে চোখ ছিল, তাই তিনি ছিলেন
বিনয়ন চাটুজ্যে। ঐ তিন নহরের চকুটি তাঁর কপালের উপর না থাকার
দক্ষনই তাঁর এ ছুরবছা কি না।

হরি বন্ধী দরজা ঠেলে সম্বর্গণে ঘরে চুকল। বন্ধী দিনে রাতে কোনও
সময় ছটো চোষ সম্পূর্ণ থোলে না। দেড় চোষে সে চেয়ে থাকে। তা'
খাকুক, কিছ কোন্ দিকে যে সে চেয়ে রয়েছে তা' বোনা শিবেরও অসাধ্য।
ভাইনের যারা তারা মনে করবে বন্ধী মশায় বাঁ পাশের ওদের দিকে চেয়ে

আছেন। বাঁদিকের যারা তারা ঠিক উন্টোটি ভাববে। বক্সী কিন্ত কোনও দিকেই চায় না। শ্রেফ নিজের দিকেই সে চেয়ে থাকে।

আর তা' না থাকলে ঘরবাড়ি জমিজমা বাগান পুকুর কন্মিনকালেও হোড না বন্ধীর। বার বছর আগে যখন সে এই দেওয়ান বাড়িতে বাজার সরকার হয়ে বার টাকা মাহিনা আর খোরাকিতে চাকরি নিয়ে ঢোকে তখন জল খাবার একটা ঘটিও ছিল না বন্ধীর। কিন্তু এই বার বছরে সে এমন গোছান গুছিয়ে নিয়েছে যে এখন খুশি হলে সে জালায় চুমুক দিয়ে জল থেতে পারে। তবে তা' সে খায় না।

বার বছর আগে যে ছাতাটি বগলে চেপে এ বাড়িতে ঢোকে বক্সী, সেটি আজও তার বগলের মধ্যে সদা সর্বদা বিরাজ করছে। জুতো তার সেদিনও ছিল না, আজও নেই। ফতুয়ার উপর এখনও সে কোমরে গামছা বাঁধে । বেশির মধ্যে বেড়েছে, বেশ দর্শনীয় ভাবেই বেড়েছে মাথার উপরের টাকটি। বার বছর আগে যা'ছিল চওড়া একথানি কপাল মাত্র, এখন তার সীমানা বাডতে বাডতে ঘাডের কাছে এসে পৌছেছে।

বন্ধী হেঁট হয়ে হাত জ্বোড় করে প্রণামট। সারলে। সকাল থেকে এবার নিয়ে, এই এগারবার তাকে হজুরের সামনে আসতে হোল। আর এই এগার-বারই এক মাপের নিচু হয়ে হাত জোড় করে এগার ছগুণে বাইশটি প্রণাম হজুরকে নিবেদন করলে বন্ধী।

চাটুজ্যে মশাই সোজ। হয়ে বসলেন। বসে বললেন, "হু—এসেছে বেটারা ?"

বক্সী মহা ছু:খের সহিত একটা দীর্ঘখাস ফেলে বললে—"আজ্ঞে কই, কাকেও দেখছি না তো এখনও।"

বাবু চাপা গর্জন করে উঠলেন—"হারামজাদাদের চাবকাতে চাবকাতে ধরে আনা দরকার।"

वन्त्री भात थ कथात छेउत एमत्व कि १ घाए हिंह करत माँ फिरम तरेना

বাবুও জানেন বক্সীও জানে যে বাড়িতে একগাছা চাবুকও নেই। থাকতও যদি এক আব গাছা ও জিনিস চালাবার হাত কোথার ? এবং সবচেয়ে বড় কথা চাবুক পড়বে যে পিঠে সে পিঠগুলি একেবারে নাগালের বাইরে। রুদ্ধ আক্রোশে চাট্টেজ্য মশাই হাঁফাতে লাগলেন। শেষে হকুম হোল, "সদ্ধ্যের আগে পর্যস্ত ভূমি দেখবে। তারপর—ভূমি নিজে গিয়ে ওদের বলে আসবে যে আজ রাতের মধ্যেই কাজ হাসিল হওয়া চাই। নয়ত—নয়ত—'' এই পর্যস্ত বলে এমনভাবে চাইলেন তিনি বক্সার দিকে যেন বক্সীকেই তিনি একেবারে খতম করে দেবেন যদি তাঁর ইচ্ছা পূর্ণ না হয়।

বক্সী আবার একবার নিচু হয়ে প্রণামটা সেরে ফেলে নিচু হয়েই ঘর থেকে বেরিয়ে গেল।

সন্ধ্যার সাথে সাথেই ঝিম্ ঝিম্ করে বৃষ্টি শুরু হোল। লিচু বাগানের ওপাশের পথটি একে দারুণ অন্ধকার তার ওপর অসম্ভব রকমের পিছল। সাবধানে পা না ফেললে একটানে নেমে যেতে হবে ডান ধারের বউ দীঘিতে। দিঘীর ওপারেই দেওয়ান বাড়ির পিছন দিক।

সাবধানেই এগুচ্ছিলে। বক্সী ছাতাটি মাথায় দিয়ে। আর কয়েক পা এগুলেই লিচু বাগান শেষ। তথন অপেক্ষাকৃত চওড়া রাস্তা মিলবে। বাগানটার বেখানে শেষ সেই কোণাটা খুরলেই শ্রীনাথ বাউরীর আখড়া। বাউরী 'ভেক নিয়ে বাবাজী হয়েছে। আগে লাঠালাঠি করত। সবদিন থাকে না আখড়ায়। বেদিন থাকে সেদিন তার একতারাটায় ঝংকার ওঠে। বাউরীর গলা আছে, সে গায়—"ওরে মন, মনরে আমার, একলা হাটে বেচবি কি তুই বল।"

সেদিন শ্রীনাথ ছিল কিন্ত একতারায় ঝংকার উঠছিল না। ঘরের দাওরার অন্ধকারে চুপ করে বসেছিল শ্রীনাথ। সাড়া দিলে, "কে যার ?"

व**ञ्जी উত্তর দিলে, "আমি ছরিরাম**।"

"আহ্ন আহ্ন উঠে আহ্ন দাওয়ায় নায়েব নশাই। একটু ভাষাক সেবা করে বান।" "গমর নেই বাবাজী, একটুও সমর নেই। এখনই এই বর্ষার দেড় ক্রোশ মাটি ভাঙ্গতে হবে আমাকে" বলতে বলতে বল্পী দাওয়ায় উঠে এল। একহাতে উঁচু একখানি কাঠের টুল এগিয়ে দিলে শ্রীনাথ—"বসতে আজ্ঞা হোক নায়েব মশাই, বহুন। আলো আলি, আগুন করি। একটু তামাক দেবা করুন। একটু চা মুখে দিন।"

বাবাজীর গলায় উল্লাস ফুটে উঠল।

বসল বক্সী, সত্যই তার ভাল লাগছিল না। এ কাজে একটি পয়সা নেই তবু তাকে এই ভূতের ব্যাগার খাটতে হচ্ছে। অবশ্য দব কাজেই যে পয়দার মুখ দেখা যাবে এমন কোনও মাধার দিব্যি দেয়নি কেউ। মনিবকৈ হাতে রাখতে হলে এই জাতের ছ'-একটা ফালতু কাজে ব্যাগার দিতেই হয়। উপায় কি ? কিন্তু আজ যে উদ্দেশ্য নিয়ে সে রওনা হয়েছে সে উদ্দেশ্য कचिनकात्म । मृत्रमानता । पूर्विक । पूर्विक । पूर्विक । पूर्विक । ভনবে কেন? কংগ্রেস সরকার ওদের হাতের মুঠোয় পুরেছে। ওরা খুন জখম লাঠালাঠি সব ছেড়েছে। কেন ছাড়বে না ? মাহুষ যতই নিশ্চিম্ব নিরুপদ্রব জীবন যাপনের স্থযোগ পাবে ততই তার স্বভাব বদলাবে। ঘরে যদি ভাত থাকে আর জান মান বাঁচাবার দায়িত্ব যদি নের দেশের শাসনকর্তারা তখন কার স্থ হয় খামকা মাণা নিতে আর মাণা দিতে। বউ ছেলে নিয়ে শান্তিতে ঘর সংগার করবার জন্মই মাহুষের প্রাণ আঁকুপাঁকু করে। কেন তারা পরের কথায় নেচে আগুনে হাত দিতে . यात ? बन्नी এकि नीर्घश्वाम रकतन । मःमात्त मवारे अथी-मवारे श्वाशीन। তথু সে হরি বক্সী, তার জীবনে স্থুখশান্তি বলতে কিছুই নেই। এক একবার সে মনে করে—দেবে এবার চাকরিটা ছেড়ে। দিয়ে চলে যাবে তার পাঁরে। জমিজ্বমা ধানপান যা' যেটুকু সে করেছে তা' ঘরে বলে নেড়ে চেড়ে খেলে ৰাকী দিন কটা একরকম করে কেটে যাবে তার। আর পোষার না এ দিকদারি আর হচ্ছে। কিন্তু চাকরি তো ছাড়ব বললেই ছাড়া হর না শোজা কথা তো নর, বাজার সরকার থেকে নায়েব। দি জি ক'টা উপকে উঠে আসতে কম বুকের রক্ত জল করতে হয়নি বক্সীর। ফস্ করে ছাজি বললেই কি ছাজা যায় এ ছর্লভ পদ। গাঁয়ে ফিরে গেলে তাকে নায়েববাবু বলে ডাকবে কে? কে তাকে এত খাতির করে বসিয়ে তামাক খাওয়াবে, চা দেবে? গাঁয়ে তো দে স্রেফ মধু নাপতের ব্যাটা হরে নাপতে। এখানে এসেই না দে বক্সীবাবু পদবীটি বুকের রক্ত দিয়ে লাভ করেছে।

তামাক এল। একটা ছোট কেরোসিনের ডিবে জ্বালানো হয়েছে। সেটা থেকে আলোর চেয়ে ধোয়া বেরুচ্ছে বেশি। ঘরের ওপাশে শ্রীনাথ উন্থনে নাড়া শুঁজে দিয়ে 'হা ফুঁ—হা ফুঁ' করছে। চা খাওয়াবে নায়েববাবুকে।

তামাক খেতে খেতে হঠাৎ বক্সী চেঁচিয়ে উঠল, "কে, কে যায়? কে ওখানে?" কোনও সাডা নেই। বাবান্ধ্রী উঠে এল ওধার থেকে। "কে— কে নায়েববাবু? কাকে দেখলেন কোথায়?"

বক্সী আঙুল দিয়ে দেখিয়ে দিলে—"ঐ গাছটার পিছনে। ঐথানেই লুকিয়ে পড়ল কে।" গলাটা তার কেঁপে উঠল।

শ্রীনাথ নেমে গেল দাওয়। পেকে। গিয়ে সামনের পারে চলা প্রথার এধার পেরে ফিবে এল। "কই, কেউ তো নেই নায়েববাবু। আপনার ভুল হয়েছে, কি দেখতে কি দেখেছেন।"

বক্সী কোনও উত্তর দিলে না। একভাবে সেই দিকে চেয়ে বসে রইল। ভুল তার হয়নি। ভুল হতে পারে না হরিরাম বক্সীর দেড় চোখের দৃষ্টির। লোকে বলে তার চোখ রাতে বিড়ালের মত জ্বলে। নিক্ষয়ই কেউ আসছিল এই দিকে। সাড়া পেয়ে সট্ করে গা ঢাকা দিলে। কিন্তু কে লোকটি?

কালো পাধরের বাটিতে চা আর শালপাতার করে ছ'ট নারকেল নাজু এনে হাতে দিলে শ্রীনাথ। বন্ধী একটি নাজু তুলে নিয়ে বাটিতে চুমুক দিলে। বেওয়ান বাড়ির দেউড়ির পেটা ঘড়িতে বাজতে লাগল চং চং চং চং । বন্ধী মনে মনে শুণলে আট।

তামাক সেবা করে দাওয়া থেকে নেমে এল বক্সী। আর বসে থাকা যায় না। বা উরী ব্যাটা ভাববে নায়েববাবু তয় পেয়েছে।

এ তন্নাটের ইছর বিড়ালটি পর্যস্ত জানে তন্ন পাবার পাত্র নয় বক্সী।
ছাতাটি খুলে দে এগিরে গেল। ঝিম্ ঝিম্ করে বৃষ্টি পড়ছেই। একভাবে ছাতা
মাধার গোজা এগিরে চলল বক্সী। যেতে যেতে চট করে একটা বড় গাংছের
আড়ালে সরে দাঁড়ালো। দাঁড়িরে দম বন্ধ করে অপেকা করতে লাগল।

এক একটি মুহুর্ত গড়িয়ে যেতে লাগল, গাছের গায়ে মিশে বক্সী দাঁড়িয়ে আছে । দাঁড়িয়ে আছে দম বন্ধ করে আর কান খাড়া করে। শেষে শোনা গেল। শোনা গেল । শোনা গেল স্পষ্ট পায়ের শব্দ। ভিজে মাটির উপর দিয়ে চললে সামান্ত একটু ছপ্ছপ্শব্দ ছবেই। বক্সী স্পষ্ট দেখলে ছ'জন সম্বর্পণে এগিয়ে গেল সামনে অর্ধাৎ যে পথে সে যাচ্ছিল সেই পথে। বক্সী নড়ল না, পাধরের মত দাঁড়িয়ে রইল।

কিছুক্ষণ অপেক্ষা করবার পর আবার পায়ের শব্দ কানে এল। এবার ওরা ক্ষিরছে। বক্সীর সামনে দিয়ে যাবার সময় ফিস্ ফিস্ করে বলতে বলতে গেল—''যাক না ব্যাটা, একবার গিয়ে পৌছুলে হয়।" আর একজন দাঁতে দাঁত চেপে বললে—"যাও বাছাধন যাও, আর ইহজাবনে এ পথে ফিরতে হবে না।" ওরা এগিয়ে গেল। বক্সীর টাক বেয়ে তখন দর্বর করে ঘাম ঝরছে।

আরও মিনিট দশেক নডল না বক্সী। তারপর বেরিয়ে এল গাছের পিছন থেকে। এনে সোঁ করে সরু রাস্তাটা পার হয়ে ও পাশের লিচু বাগানে গিয়ে চুকল। তারপর সম্ভর্পণে এগিয়ে গেল শ্রীনাথের আখড়ার দিকে বিড়ালের মত নিঃশব্দে পা ফেলে।

শ্রীনাথের আখড়ার কেরোসিনের ডিবা আবার নিভেছে। বাগানের ভিতর দিয়ে শ্রীনাথের ঘরের পিছনে এসে দাঁড়াল বক্সী। তারপর হামাগুড়ি দিয়ে ঘরটার ভান পাশ ঘুরে এগিয়ে চলল। ঘরের সামনে দাওয়া। একটু আগে যেখানে বসে বক্সী চা তামাক খেয়ে গেছে। সেই দাওয়ার ভানপাশের বেড়ার গায়ে সে কান পেতে দাঁড়াল। ফিস্ ফিস্ করে কথা হচ্ছে। প্রথমে কিছুই বুঝতে পার্রলে না। তারপর স্পষ্ট শুনতে লাগল সব কিছু।

"শালার নায়েবটাকে এখানেই শেষ করে দিলে হোত। কি দরকার, যাক না শালা আন্তানায়। টুটি মুচড়ে তাকে পুঁতে রাখবে চাচা। কাকে বকে টের পাবে না। ও ব্যাটা তো লুকিয়ে চলেছে সেখানে। যদি কখনও না কেরে তাতেই বা কার কি ? ওখানে যে গেছে একথা বলছে কে ওর হয়ে।"

''বলবার জন্মে কেউ বেঁচে থাকলে তো।''

"বাবুর ঘরের বন্দুকট। এসে গেছে বাবাজী ?"

"সন্ধার আগেই এল। বোষ্ট্রনী তেমন মেয়ে নয়। আজ হ-মাস হাড় ভাঙ্গা খাটুনি খাটছে ঝি হয়ে। গুলির বাক্সও এসেছে একটা—দেউড়ির বন্দুকটা আমরা গিয়েই হাতে পাব। চৌবে শালার। এতক্ষণে ভেগেছে দেউড়ি ছেড়ে।"

''কতবড় আম্পদা দেখ শালার! উনি অন্দরমহলে শুয়ে থাকবেন আর আমরা জান দিতে যাব ওঁর কথায় চৌধুরী বাড়ি। কেন চৌধুরীরা আমাদের সাথে কি ছশমনি করেছে ?''

"নেবার বাঁচালে কে আমাদের ধান চাল দিয়ে। এই শালার দেওয়ান বাড়ি তথন বলেছিল, মূ্সলমানের এক একটা মাথা এক একশ টাকায় কিনব, কি, মনে আছে চাচা ?"

''সবই মনে আছে, আজ তার শোধ।''

"কেউ আমাদের সন্দেহই করবে না! তাছাড়া কংগ্রেসী বাবুরা আমাদের হয়ে লড়বে। পানার দারোগা তো কংগ্রেসী বাবুদের হাতের মুঠোয়।"

"দেওয়ান বাড়ির কথার চৌধুরী বাবুদের গদিতে হাত দিলে রক্ষে থাকভ না কি ? গুষ্টিকে গুষ্টি শেষ করত কংগ্রেসী বাবুরা। ওঁনারাই তো আজকাল কংগ্রেসে টাকা ঢালেন।"

''রাত কতটা হোল চাচা।''

"কান পেতে থাক। পেটা ঘড়ি বাঞ্চলে বুকবি।"

"বাজাবে কে ? যারা বাজাবে তারা তো সরেছে দেউড়ি ছেড়ে।"
বক্সী আর দাঁডাল না। হামাগুড়ি দিয়ে ফিরল।
রাস্তায় পা দেবার উপায় নেই। কে জানে পাহারা বসে গেছে কি না।
কোনও রকমে বৃক পিছলে রাস্তাটা পার হয়ে সেই তাবেই বউ দীঘিতে
গিয়ে নামল। বড় বড় পদ্মপাতা তাসছে। এখন আর তাকে পায়
কিছুক্ষণ পরেই ওপারে গিয়ে উঠল বক্সী। সামনেই দেওয়ান বাডির বিড্রিক।

খিঙ্গকি দবজার ভিতর দিকে গোয়াল। গোয়ালের চালের বাঁশ এধারে অনেকটা নেমে এগেছে দেওয়ালের বাহিরে। বক্সী লাফ দিয়ে ধরলে সেই বাঁশ। ধরে অভ্ত কায়দায় পাঁচিলের উপর উঠে গেল। তারপর ভিতরে নামতে কতক্ষণ। বাভির ভিতরে অন্দরের পুকুর। সে পুকুরের ওপাশে অন্দর মহল। চলেছে বক্সী। মরিয়া হয়ে চলেছে। যেতাবে হোক তাকে যে পাঁছতেই হবে দেউভিতে, সেখানকার ছনলা বন্দুকটা আর টোটাগুলো যে তার হাতে পভা চাই-ই।

ভিতর থেকে বন্ধ। কি করে ? খুরে সামনে যাবার সাহস হোল না। যদি

কেই ওত পেতে বলে থাকে কোথাও।

তথন অন্দর মহলের দোতলায় নিজের থাস কামরায় একলা বসে আছেন সঞ্জীবনবাবু। সামনে মদের বোতল গেলাস। দেওয়ালের গায়ের ঘড়িতে বিচিত্র স্থারে বারটা বাজল।

চাটুজ্যে মশার ভাবছেন—"বেইমানী করবে না তো ব্যাটারা। ওরা জাত বেইমান। আজ্ঞকাল আবার সব ভদরলোক হয়েছে। কংগ্রেসওয়ালাদের পাল্লার পড়ে সব ধরাকে সরা জ্ঞান করছে। বেড়ে উঠেছে ঐ চৌধুরী শালাদের উন্ধানীতে। কাঁটা দিয়ে কাঁটা ভূলে ছটো কাঁটাই ফেলে দাও। এই ছোল আসল চাল। যাদের খেয়ে হারামজাদারা বেড়ে উঠেছে, আজ তাদেরই ঘাড় মটকাবে।"

"দেওরান বাড়ির খেরে সাত পুরুষ মাছ্য হলি। সাতপুরুষ এই বাড়ির

কথার মাথা দিয়েছে—মাথা নিয়েছে, আর আজ ? আজ ডেকে পাঠালেও আবে না এক শালা। কল খুলে দিয়েছে চৌধুরীবাবুরা। ধানকল, করাতকল, চটকল। সবাই কলে যাচ্ছে পাঁচ মাইল দ্রে। কাঁচা পরসার মুখ দেখেছে। দেওয়ান বাড়ি আর কিছু নয়—কেমন ?"

সঞ্জীবনবাবু আবার ঢাললেন। গাঢ় রক্তবর্ণ টলটলে আগুন। কিছু না মিশিয়েই ঢক করে গলায় ঢেলে দিলেন স্বটুকু।

আবার ঢাললেন গেলাসে। গেলাসটা হাতে তুলে নিয়ে ঘরের মিঠে আলোর গেলাসটা দেখতে লাগলেন। তাঁর মনে তখন আগুন জ্বলে উঠেছে। বিজ বাড় বেড়েছে চৌধুরী গুষ্টি'। টাকার জোরে কিনেছে কংগ্রেসী নেতাদের মাথা। আজ নিজেদের মাথা বাঁচাক। টাকা দিয়ে বাঁচিয়েছিল নেড়ে বেটাদের। আজ ওরাই চিবুবে ওদের মাথা। আবার গেলাস মুখে উঠল।

"কিন্তু একজনও আজ এসে দেখা করে গেল না কেন ? আলতাব আলি পুরনো লোক। কম নয়, করকরে দশখানা একশ টাকার নোট কোমরে বেঁধে নিয়ে গেল পরভা। যাবার সময় বলে গেল আজ একবার দেখা করে যাবেই। এল না কেন কেউ ?"

আবার গেলাসে খানিকটা ঢেলে গেলাসটা হাতে ভূলে নিম্নে কপাল কুঁচকে গেলাসটার দিকে চেয়ে রইলেন তিনি।

"বক্সী তো কই এখনও ফিরল না। রাত তো বারটা বাজে।" মহা বিজ্ঞমে পড়ে গেলেন সঞ্জীবন চাটুজ্যে মশাই।

"इम् इम् इम् इम्।"

হাত থেকে তাঁর গেলাসট। পড়ে গেল। আবার আওরাজ—"ত্ম্ ভ্র্ ভূম্ ভূম্"—দেউড়িতে রে রে রে রে চীংকার।

চাট্রক্ষ্যে মশাই উঠে দাঁড়ালেন। তাঁর পা টলছে। ঘরের কোণে দাঁড় করানো আছে জামা-পরানো তাঁর ছ'নলা বন্দুক। টলতে টলুড়ে সেধানে গিরে হাতড়ে দেখলেন। দেখলেন কিছু নেই। তথন তাঁর নেশা ছুটে গেছে। দেউড়ি থেকে অবিরাম আওরাজ আসচে "হুম্ ছুম্ ছুম্"। পাগলের মত খরমর ছুটাছুটি করতে লাগলে চাটুজ্যে নশাই। কোথায় গেল, তাঁর বন্দুক!

কিলে একটা ঠোকর খেয়ে মুখ থুবড়ে পড়লেন সঞ্জীবনবাবু। তারপর আর কিছুই তিনি জানতে পারলেন না।

পরদিন বেলা দশটা।

দারোগা এসেছেন, দেশের লোক ভেঙ্গে পড়েছে। চৌধুরীবাবুদের সম্থ কেনা ঢাউস মোটর গাড়িটা এসে থামল। খদ্দরের কাপড়-চাদর মোড়া নন্দ চৌধুরী গাড়ি থেকে নামলেন। নেমে হস্তদস্ত হয়ে ছুটে এসে সঞ্জীবনবাবুর হাত ছটো জাপটে ধরনেন।

"দেউড়িতে সারি সারি সাতটা লাস শোয়ান হয়েছে। নন্দ চৌধুরীর চট কলের লোক সব।"

কিন্ত কে মারলে এদের ? কে বাঁচালে দেওয়ান বাড়ির মান সম্মান ? কে চালালো গুলি ?

পাতি পাতি করে খুঁজছে পুলিশের লোক।

সঞ্জীবনবাবু ভাবছেন। জ্যান্ত কুকুর দিয়ে খাওয়াবেন বেটা নিমকহারাম বক্সীকে। একবার হাতে পেলে হয়। এই বেইমানী তারই কান্ধ।

অবশেষে ঠাকুর দালানের থামের পাশে পাওয়া গেল। দেউড়ির বন্দুকটা ছ'হাতে আঁকড়ে ধরে মুথ থুবড়ে পড়ে আছে। চতুর্দিকে অনেকগুলি খালি কার্তুজের পোল ছড়ানো। বাঁ-কব দিয়ে সামান্ত রক্ত গড়িয়ে শুকিয়ে গেছে। দৃশরোগা সাহেব বললেন—"হার্টফেল করেছে শেব রক্ষা করে," সঞ্জীবনবাবুকে নিয়ে যাওয়া হোল। আত্তে আত্তে তিনি পাশে বলে পড়লেন।

"বন্ধী! হরি বন্ধী শেষ পর্যন্ত প্রাণ দিলে তাঁকে বাঁচাতে!" জীবনের ক্ষ চেয়ে বড় বিভ্রমে পড়ে গেলেন তিনি।

रे ख उ

বাব্দার থেকে ফিরে দাড়ি কামাচ্ছিলাম। পাশের ঘরে কে গান গেন্ধে উঠল সকাল বেলাতেই।

> "বাঁকা ভুক্ন মাঝে আঁকা টিপখানি আঁখি হিল্লোলে আহা মবি মবি।"

গলার আওয়াজ শুনে বুঝতে পারলাম হারাণদার মেজ ছেলে। ক্লাস নাইনে আটকে আছে তিন বছর শ্রীমান। কিন্তু, ভবিন্তুৎ উচ্ছলে ছোকরার। এখনই সে একজন চাঁই পাড়ার। মল্লিকদের রোয়াকের ওপর আশ্রের নিমেছে। তা'না নিম্নে করবেই বা কি। আমার মত একখানি মাত্র শ্বর নিমেছেন হারাণদা। দক্ষিণা ত্রিশ আর পাঁচ। পাঁচ হচ্ছে পাঁচতলার হাদে ছ' হাত চওড়া পাঁচ হাত লহা রায়া ঘরখানির জন্তা। ত্রিশ টাকার ঘরখানিতে ফি সংসারের সব ক'জন লোকেই অন্ত প্রহর চুকে বসে থাকব বলে প্রেক্তিজ্ঞা করে তাহলে চলে কি করে। কাজেই আমাদের পাড়ার সব ছেলেমেরেরাই রোয়াকে আর রাজ্যার কাটার বেশীর ভাগ সমর।

ছেলের। রোয়াকের জীবন যত দিন খুশি চালাতে পারে। কিন্তু মেরেগুলোও তা' পারে না। ওদের জীবনের একটা সন্ধিক্ষণ আছে। ফ্রাক ছেড়ে শাড়ি ধরবার সময়টা হচ্ছে সেই সন্ধিক্ষণ। তখন আচন্ধিতে সন্ধাগ হয়ে ওঠেন মেরের মা।

"খ্বরদার খুকী যখন তখন ধেই ধেই করে যদি বেরুবি রাভার তো ঠাং খোঁড়া করে দোব।"

আমার মেরে সবে মাত্র সেই সন্ধিকণ পার হরেছে। শাড়ি কিনে এনেছি। ওর মা ওপরের ভেতরের জামা বানিরে দিয়েছেন নিজে সেলাই করে। আরও একটা কাক করতে হরেছে। একখানি মাত্র ঘরের মধ্যে কাঠে আর চটে দেওয়াল বানিয়ে নিতে হয়েছে । এপাশে রয়েছে তিন ভাগ ও পাশে এক ভাগ । ওই ভাগটা খুকীর । পড়বে শুনবে রাত্রে ছোট্ট মশারি খাটিয়ে ছোট ভাইটিকে নিয়ে শোবে । মেয়ের সন্ধিক্ষণ পার হবার সময় নগদ পাঁয়তালিশ টাকা বেরিয়ে গেছে । এখন অফিস খেকে ফেরবার সময় হেঁটে বাড়ি ফিরি । এক বাণ্ডিল বিড়িতে ছাদিন চালাই । অফিস খেকে ফিরে একেবারো ভাত খেতে বিস । অর্থাৎ সন্ধ্যা বেলায় চা রুটির হাঙ্গামাটা ভূলে দিতে হয়েছে । আর মেয়ের মা হঠাৎ নিজের দন্ত সম্বন্ধে সজাগ হয়ে উঠে পান স্থপারি কেনা বন্ধ করে দিয়েছেন ।

সাবান বুরুশ ধূয়ে মুছে তোলা হয়ে গেল আমার। দেওয়ালের গায়ে ঝোলান সাটের পকেট থেকে ঘড়িটা বার করে এক নজর দেখে নিলাম। আটটা পনেরো। হাতে রইল ত্রিশ। খুব হয়ে যাবে। বাকি আছে শুধু মাধায় ছৢ' ঘটি জল ঢালা ভাত সাওয়া আর জামাটা গলানো। গামছাখানা টেনে নিয়ে একরকম ছুটে বেরুলাম ঘর থেকে। যদি কলতলাটা খালি পাওয়া যায় তবে কলের নিচে বদে সারা গাটা ভিজিয়ে নোব।

. ঘর থেকে বেরুবার সময় কানে গেল—'কাজল মাখানো স্থনীল নয়ন'।

মাথা মুহতে মুছতে এক বলে ছটো তিনটে বিঁডি পার হয়ে ওপরে উঠে এলাম। ছ' হাত চওড়া রালাঘরের দরজায় বসে তাত থেতে হবে। ছোঁক করে শব্দ হোল। কড়ায় ছটো লবা পৃড়িয়ে তার ওপর ডালটা ঢেলে দিলেন কৃষিশী। এইবার ঐ কড়া থেকেই ছ' হাতা তুলে দেবেন আমার পাতে। নাকে আঁচল চাপা দিয়ে গোটা ছ' তিন হাঁচি সামলে বিক্বত হ্মরে বললেন—''আর কি কোণাও বাড়ি জোটে না এই কলকাতা সহরে। বাড়ু মারি এই বাড়িয় কপালে। এখানে থাকলে আর ইক্ষত থাকবে না তা' বলে দিছিছ।''

উদ্ধে ভাতে দিয়ে প্রথম ভাত গরাসটা মূখে তুলতে যাক্ষিণাম। ছাতটা মূখের কাছে গিয়ে খেমে গেল।

েঃ চাপা গলায় বলেই বাছেন কড়ায় হাতা নাড়তে নাড়তে, যে লোক চোৰ

থাকতে কানা তাকে কি কিছু দেখানো যায়। এ বাড়িতে আমার পোবাৰে
না, দাক বলে দিলাম। অন্ততঃ একটা নিজন্ম বাধক্রম থাকে এই রকমের বাড়ি
বোজন। নয় তো যেদিকে ছ'চকু যায় চলে যাব একদিন ছেলে মেয়ের হাত
ধরে।

ভাত গরাসটা ম্থে ঠেলে দিয়ে এক ঢোক জল গিলে গল। থেকে নামিয়ে নিলাম। পঁয়ত্রিশ টাকা ভাড়ায় নিজস্ব বাথকম পর্যস্ত চাই। আর একটি কামধেছ চাইলেই বা কে বাধা দিছে। পঁয়ত্তিশ টাকা বাড়ি ভাড়া দিয়ে যে ক'টি টাকা আর হাতে থাকে তাতে নিজেদের ছ'খানা জামা কাপড় ধোপার বাড়ি পাঠান যায় না। জামা কাপড় ধোপার বাড়ি পাঠাত হলে অন্তঃ আর এক প্রস্থ দরকার। তাও থাদের নেই তাদের আবার ইজ্জত।

গলাটা সাফ করে নিয়ে জবাব দিলাম, "ইব্জ ত বাঁচাতে হলে আগে. ইস্ত্রিকরা জামা কাপড় পরা দরকার। দাঁড়াও, আগে গেই সংস্থান হোক। তারপর বাধরুম ডুইংরুমওয়ালা বাড়ি খুঁজব।"

জামাটা গলিয়ে ঘর থেকে বেরুলাম ঝড়ের বেগে। গান্ধ। লাগল আমারই
শ্রীমানের সঙ্গে। থমকে দাঁড়িয়ে মুহুর্তের জন্মে চাইলাম ওর দিকে। ময়লা হাফ
প্যাণ্ট পরা কাঁধ কাটা এক চিলতে গেঞ্জি গায়ে দরকার বাইরে দেওয়াল ছেঁকে
দাঁড়িয়ে আছে শ্রীমান। ছেলে তো নয় মাত্র ক'থানি হাড পাঁজরা। বিশ্রী
রক্ষ বড় হয়েছে মাথার চুলগুলো। তিন মাস আগে ছই বাপ বেটার চুল ছেঁটেছিলাম আট গণ্ডা পয়সা খরচ করে। আর হয়নি মাথায় কাঁচি ছোঁয়ালো।

निष्ठ् फिक क्टा नढ वलाल किन् किन् करत, "नैष्ठ व्यान। भन्ना।"

বপ করে ওর হাতটা ধরে টানতে টানতে নেমে এলাম নিচে, "কি করবি রে নত্ত পরসা নিয়ে ?"

ছেলে চুপ করে রইল। রান্তার বেরিরে বললায়, "চল ঐ যোড়ের চুল কাটার দোকানে। চুলটা কেটে আসবি। আর এই নে আট জালা শহলার কি ছবি দেখতে ধাবি রে আজ ?" নন্ধ উদ্ভর দেয় না। তখন বললাম ছেলেকে, এমনভাবে বললাম যেন ও আমার বন্ধু, ওর বয়স মাত্র দশ বছর নয়। ও আমি সমবয়সী। বললাম, "নন্ধ আমরা খুব গরীব নারে? লোকেরা ভাল মাছ খায়, ছ্ব খায়, আমরা খাই না। আমি একলা রোজগার করি তো। তুই যদি তাড়াতাড়ি বড় ছয়ে উঠে টাকা পয়সা রোজগার করতে পারতিস তবে আমরা সবাই সিনেমা দেখতে পারতাম। ভাল ভাল জিনিস খেতে পারতাম। তুই খ্তদিন নাবড় ছয়ে উঠছিস আমাদের কষ্ট যাবে না।"

নম্ভ একটি কথারও জ্বাব দেয় না। মোড়ের চুল ছাঁটার দোকানে ওকে বসিয়ে চার আনা পয়সা দোকানদারকে দিয়ে তাড়াতাড়ি পা চালালাম।

সেদিন রাত্রে পাতে পড়ল ডিমের ঝোল। নস্ক আট আনার ডিম কিনে এনেছে। গিন্নি একটু গজ গজ করলেন, ''আবার খামকা'ডিম আনতে পরসাদিতে গেলে কেন নস্ককে। পরশুদিন তো মাছ খাওয়া হয়েছে।''

ভিমের ঝোল দিয়ে ভাত মেখে মুখে তুলতে অকারণ ছ' চোখ ঝাপসা হয়ে এল। মনে পড়ে গেল আমি বাবার পাশে বসে ভাত না খেলে আমার বাবার ভাত খাওয়া হোত না। লক্ষ্য রাখতেন মাংস, ডিম, মাছ, ছখ তাঁর ছেলের পাতে অপর্যাপ্ত দেওয়া হচ্ছে কি না! গৃহিণীর কথার জবাব দিতে প্রযুদ্ধি হোল না। নন্তর ছখ খাওয়া বন্ধ হয়েছে ঠিক তিন বছর বয়সে।

রাত্তে আবার বাড়ি বদলানোর কথা উঠলো। আলাদা বাথরুমওরালা বাড়ি চাই। এ বাড়িতে বাস করলে ইচ্ছত থাকবে না। উঠনের মাঝখানে কলতলা। মেয়েদের স্নান করবার জায়গাও নেই। মানে আলাদা খেরা জারগানেই

"আমি ছেলেপ্লের মা। ভোর না হতেই মাধার ছ' ঘটি জল ঢেলে চলে আসি। তা' তথনও কি রেহাই আছে। একতলা থেকে চারতলা পর্বন্ত চার-দিকের বারান্দার দাঁড়িয়ে দাঁতে বৃক্তশ ঘবছেন সব জন্তলোকেরা। চ্যাংজা ক্লোক্টরা থেকে ঘাটের মরা বৃড়োটা পর্যন্ত হাংলা নজ্জারের বেহদ এই বাড়িতে। এখন মেরে বড় হয়েছে। বাড়িতে রয়েছে ওর সমবয়সী আরও
বিশটা মেরে। সারাদিন বেলেলাপনা চলেছে। আমার মেরেকে আমি ওরকম
হতে দোব না। কিন্তু করবই বা কি এ বাড়িতে। কতক্ষণ চোঝে চোঝে
রাখব। নিজে বালতি করে জল তুলেদি পাঁচতলায় রায়া ঘরের সামনে।
খুকী সেখানে স্নান করে। তাই নিয়ে কত হাসি ঠাটা গা টেপাটেপি।
হাড় বেহায়া না হলে এ বাড়িতে টকতে পারা যাবে না। ঘর দেখ যেখানে
পাও।

আরও অনেক কিছুই হয়ত বলে গিয়েছিলেন গৃহিণী। কিন্তু আমি ঘুমিয়ে পড়েছিলাম। তাই সবটুকু আর শোনা যায়নি।

তারপর ঘর দেখা আরম্ভ হোল।

আরম্ভ হলেই তো আর ঘর পাওরা যায় না। স্কুচরাং এক মাস ছু'মাস করে পাঁচমাস কটল। ওধারে বাডি বদলানোর ঝোঁকটাও বেশ মিরিয়ে এল। শুধু তাই নয়, মাঝে মাঝে জানতে পাবছাম আমার স্ত্রী কন্তাও আজকাল বেশ সামাজিক হয়ে উঠেছে। পাঁচজনের সঙ্গে মিশছে। বাড়িতেও পাড়ার লোকের পায়ের ধুলা পড়ছে। কিন্তু তাই নয়। আমাদের পাড়ায় মেনাচের স্থলটি হয়েছে তাতে বিনা বছনে আমার মেয়েকে নেওয়া হয়েছে। কারণ নাচে আমার মেয়ের বিশেষ প্রতিভা আছে না কি। ওঁরাই শরেছেন সে প্রতিভাটুকু। একদিন সন্ধ্যার সময় নাচের স্থলের মাষ্টার মলার চষ্টার রাজার সামঝানেই। ছেলেটিকে চিনি। ওর বাবা রেলের গার্ড। ম্যাট্রক পরীকা দেবার আগেই এই ছেলেটি বাড়ি থেকে পালিয়ে যায়। তথন ওর নাম ছিল মকর। কারণ ও নাকি জন্মেছিল মকর সংক্রান্তির দিন। কেই মকর চার বছর বাদে ফিরে এল মলার হয়ে। বছে দিল্লী লাজী মাঝাজ মুরে নাচ শিথেছে। বড় বড় লোকের কাছ থেকে সাটিকিকেট পেরেছে নাচ শিথেছে। বড় বড় লোকের কাছ থেকে সাটিকিকেট পেরেছে নাচ

শাড়ার লোক থেতে উঠল। স্বাষ্টেরই থেরে আছে। কাজেই মন্ত্রারকে আর ছেড়ে দিলে না কেউ। নাচের ক্ল বসল পাড়াতেই। রোরাকে যারা পাড়েছিল তারা হোল মল্লারের গোঁড়া ভক্ত, চাঁদা উঠতে লাগল। ফাংশন ছতে লাগল। অবস্থা এমনই হয়ে দাঁড়ালো কিছুদিনের মাধ্য যে কার সাধ্য একটি কথা উত্থাপন করে মল্লার আর তার দলের বিক্লছে।

সেই বিশ্ববিখ্যাত মল্লার শ্বয়ং রাস্তার ওপর আমার ছেঁড়া কেডস্ স্পর্ক করে হাতটা যখন তার অতি যত্নে কোঁকড়ানো চুলে মুছে পাশে পাশে অতি বিনিত-ভাবে হাঁটতে লাগল তখন একটু পুলকের শিহরণ যে বোধ করিনি এ কথা বললে মিথ্যে কথা বলা হবে। তারপর যখন সে আমায় মেসোমশাই বলে ডেকে আমার মেয়ের নাচে যে কতখানি প্রতিভা আছে তার ব্যাখ্যা শুরু করলে তখন কন্থার গর্বে বুকটা একটু ফুলে উঠল বৈকি।

ভবু একবার বললাম, "কিন্ত এখন থেকে নাচ গান নিয়ে থাকলে ওর পড়া ভনার ক্ষতি হবে যে। আমার ইচ্ছে ছিল ম্যাট্রিকটা পাশ করলে—"

মল্লার আর শেষ করতে দিলে না আমার কথাটা। বললে. "সে বিষয়ে আপনি ভাববেন না মেসোমশাই। ফুল থেকে ওকে পরীকা দিতে পাঠাবেই। কারণ সবাই জানে ও মল্লার চট্টরাজের শিয়া। তা' ছাড়া ওধারের ব্যবস্থাও কি না করব ভেবেছেন। এর সবাই আমার হাতে রয়েছেন।" বলে এমন করেকটি লোকের নাম করলে যে মেমে কিছু না লিখে এলেও যে ম্যাট্রক পাশ করবে এ সম্বন্ধে আমি নিশ্চিত্ত হলাম।

বিচিত্রবর্ণের সব কাপড় জামা জুডোর ঘর ভরে উঠতে লাগল দিন দিন।
সবই মেরে নেচে জার অভিনর করে পুরস্কার পার। সংসারের শ্রী একটু
কিরল। কারণ মলার আমার জ্টিরে দিলে একটি টিউশানি। অফিসের পর
টিউশানি করে রাত দশটার বাড়ি কিরি আজকাল। এ বাড়ি এ পাড়া ছাড়বার
কমা বী আর উচ্চারণ করেন না। লোক বল, বন্ধু বল সবই এই পাড়ার।
কিশেষতঃ এ পাড়ার আমাকে চাঁলা দিতে হর না এক পরসা। কারণ আমি

হচ্ছি পুরিয়া দেবীর বাবা। মেরের নাম রেখেছিলাম পুর্ণিমা এখন ভা' বদলে হয়েছে পুরিয়া। নাম ডাক এখন যথেষ্ট আমার। সেদিন বন্ধু বাড়ুজ্যে ট্রাবে পিঠ চাপড়ে দিয়ে বললেন, "হাঁ৷ মেরে বটে আপনার—খাসা মেয়ে। স্বেমন গলা তেমনি নাচ। শনিবার 'নটার বিয়েতে' নটার পার্ট করে একেবারে মজিয়ে ফেললে সকলকে। আমি আজ বলে রাখছি আপনাকে দেখবেন ঐ মেরের জন্তে একদিন আপনার নাম লোকের মুখে মুখে ফিরবে।"

সে আর বেশী কথা কি। এখনই আমার পিছৃদন্ত নামটি লোকে ভূলতে বসেছে। রাস্তা দিয়ে গেলে ছ' পাশের রোয়াকের ছেলেরা বলাবলি করে—
"ঐ দেখ মাইরি—পুরিয়া দেবীর বাবা যাছে।"

আতে আতে ইচ্ছত বাড়ছিল সব দিকে। গুধু নস্কটা দিন দিন বেয়াড়া হয়ে উঠতে লাগল। কি যে তার মাথায় চুকল সে একেবারে আগুন হয়ে উঠলো মল্লার আর তার দলবলের ওপর। স্থযোগ পেলেই ওদের নাকাল করবে। বিশেষতঃ তার দিদিকে। পুরস্কার পাওয়া জামা কাপড জুতো পাউডার রঙ সাবান সব তছনছ করে দেয়। শাসন করতে গেলে অত্যাচারের মাত্রা বাড়িয়ে দেয়। অথচ মুখ ফুটে কিছুতেই স্পষ্ট করে কিছু বলবে না—কি সে চায়, কেন সে ওরকম করছে। প্রথমে ধারণা করেছিলাম গুধুছিংসা—তার দিদিকে সকলে ভালবাসে, জিনিসপত্র দেয়, দিদি কত ফাংশানে যায়, কত লোকের সঙ্গে সিনেমা থিয়েটার দেখে এই হিংসায় সে অলে পুড়ে মরছে। কিছু শেষ পর্যন্ত দেখলাম তাও নয়। অন্ত কিছু ব্যাপার আছে। মহা বিপদে পড়ে গেলাম ছেলেকে নিয়ে। ওর জন্তে এবার পাড়া ছাড়তে হয় বুঝি।

শেষে আমরা ওকে ওর মামারবাড়ি ক্লঞ্চনগরে পাঠিয়ে দেবো ঠিক করলাম। আর মাস তুই পরে পরীকা। এবার ক্লাশ সেভেনে উঠবে। তারপরই ক্লঞ্চনগরে গিয়ে ভতি হবে স্থলে।

কিছ নছর আর কৃষ্ণনগরে বেতে হোল না। তার আগেই ঘটে গেল সাংমাতিক কাণ্ড। বেলা তথন তিনটে। মাথা গুঁজে কাজ করছি। তলব এল একেবারে খোদ বড় সাহেবের। ছুটলাম। ব্যাপার কি! আমার মত খুদে কেরানীকে খোদ কর্তা কেন তলব দিলেন? ছক্ষ ছক্ষ বুকে চুকলাম ঘরে। সাহেবের সামনে বসে আছেন একজন হোমরা-চোমরা পুলিশ সাহেব। আমি যেতেই সাহেব বললেন, এখুনিই চলে যাও এঁর সঙ্গে। তোমার ছেলের জ্ঞান্তে ত্রি গর্ব করতে পার। তার জ্ঞাে একটা বদমায়েসের দল ধরা পড়েছে। এতক্ষণ আমি সমস্ত শুনছিলাম। কাল তোমার ছেলেকে নিয়ে আসবে। আমার দেখিয়ে নিয়ে যাবে। আমি তার পড়ার থরচ দোব এর পর থেকে। আক্রই অর্ডার দিছি তোমার ত্রিশ টাকা মাইনে বাছল এ মাস থেকে।

মাথা খুরে গেল। অনেকটা নিচু হয়ে সেলাম করে পুলিশ সাহবের সঙ্গে বেরিয়ে গেলাম।

গাড়িতে উঠে তিনি বললেন সব কথা।

আমাদের পাড়ায় মল্লিকদের বাড়ির পেছনে যে লিচু বাগানটা আছে তার ভেতর মালীর একপানা ঘর আছে। সেই ঘরের ভেতর তক্তপোশের নিচে কুকিয়েছিল নন্ত। বেলা প্রায় বারটার সময় মল্লার আসে সেই ঘরে তার এক শাগরেদকে সঙ্গে করে। ওরা কি পরামর্শ করে। তারপর সেই শাগরেদ বেরিয়ে যায়। কিছুক্ষণ পরে ফিরে আসে একটি মেয়েকে সঙ্গে নিয়ে। মেয়েটি হচ্ছে আমাদের নবকিশোরবাবুর মেয়ে। বয়স মাত্র তের বছর। মেয়েটিকে ঘরের ভেতর আনলে সে চেঁচিয়ে ওঠে, "এখানে কেন আমায় নিয়ে এলে মল্লারদা।" মল্লার তথন উঠে তার মুখ চেপে ধরে। শাগরেদটি বাইরে গিয়ে দরজা বন্ধ করে পাহারা দিতে থাকে।

মেরেটির সঙ্গে ধন্তাধন্তি শুরু হরে যায় মলারের। সেই সময় নম্ভ তব্জ-পোশের নিচে থেকে বেরিয়ে এসে লাফিয়ে পড়ে মলারের ওপর। কিছ ঐটুকু ছেলে পারবে কেন গায়ের জোরে। মলার তাকে আছড়ে ফেলে মেঝের ওপর। কিছ ততক্ষণে মলারের অমন স্করে নাকটি নদ্ধর মুখের ভেতর এসে গেছে। বিকট চীৎকার করে ওঠে মল্লার, সেই চীৎকার শুনে তার বৃদ্ধটি দরজা খুলে ঘরের ভেতর যায়। সে কিছু বোঝবার আগেই তার ওপর আবার লাফিয়ে পড়ে নন্ত। সঙ্গে তার ছ'টি চকু খামছে ধরে। তখন দেও চীৎকার করতে করতে ছুটে বেরোয় ঘর থেকে। একজনের নেই নাক আর একজনের নেই ছুই চোখ। ওরাই লোক জমিয়ে ফেলে। ততক্ষণে নন্ত ছুটে থানায় গিয়ে উপস্থিত। মুখময় রক্ত আর হাতে মল্লারের নাক।

থানায় গিয়ে পৌছলাম। থানা-অফিগার শচীনবাবু আমায় চিনতেন।
তিনি বললেন, "গাবাদ ছেলে মশাই আপনার। বাছাত্ব ছেলে বটে। ওদের
দলের কীতি কলাপ আমরা দবই জানতাম। তদুলোকের মেয়েদের সর্বনাশ
করছিল। হাতে নাতে ধরতে পারভিলাম না আমরা। এবার দলকে দল
সাক হয়ে যাবে।"

জিজ্ঞাস। করে জানলাম নস্ক ওপরে শচানবাবুর বাসায় আছে। একটু পরে নেমে এল শচীনবাবুর ছেলের সঙ্গে। নত্ন দামী প্যাণ্ট সার্ট আর জুতো পরা।

এসিষ্ট্যান্ট কমিশনার সাহেব বললেন, ''কোনও ভয় নেই আপনার। আপনাকে আর আপনার বাসা পাহারা দেবার ব্যবস্থা করেছি। আপনার ছেলেকে সরকার ভালভাবে পুরস্কৃত করবেন।''

নস্তর জন্মে আমার ইচ্ছাত অনেক বেড়ে গেল। মাইনে বেড়ে গেল ত্রিশ টাকা। নস্ত টাকা পেলে, মেডেল পেলে, সার্টিফিকেট পেলে। কিছ আমার মেয়ের গা ময় বিশ্রী ঘা দেখা দিলে। তখন আর মুখ দেখাবার উপায় রইল না কোথাও।

আরও তিন মাস পরে ধরা পড়ল আমার মেরে ছ' মাস গর্ভবতী। তারপর— আমরা পাড়া ছাড়লাম। আর আমার নম্ভ সেই যে পর ছেড়ে কোপায় চলে গেছে আজও তার পাড়া নেই।

जवार्य कव छ

মোহিনীমোহন কামিনীকুমার অবলারঞ্জন এই রকমের একটি নাম হলেই বানাতো ভাল। তা' নয় একেবারে বগলাপ্রসাদ ঘোষ দন্তিদার। শান্তিপুরে জরিপাড় ধৃতি সিল্লের পাঞ্জাবি কোঁচানো উড়ানি দিয়ে দেহ-যষ্টিখানি মণ্ডিত। ভয় হয় ঠোকাঠুকি লাগলে এখনই হয়ত ওখানি ভেঙে ও ড়িয়ে পড়বে কিংবা বড় উঠলে উড়িয়ে নিয়ে যাবে অসীম শুন্তে।

ভান হাতথানি সামনে পেতে দিয়ে একাস্ত লচ্ছিত কঠে বললেন—"সময়টা ভয়ানক থারাপ যাচ্ছে স্থার।"

হাতথানি টেনে নিয়ে উল্টে পাল্টে দেখলাম। দেখলাম কনিষ্ঠা আর জনামিকার ছ'টি আংটি। কনিষ্ঠার আংটিতে একখানি লাল টকটকে পাণর বসানো, জনামিকার আংটির ওপর এক ইঞ্চি চওড়া আধ ইঞ্চি লম্বা একখানি পাত। তার ওপর সবুজ রঙে মিনা করা রয়েছে 'মধুমালতী'। মিনিট তিনেক পরে হাতথানি ছেড়ে দিয়ে কড়িকাঠের দিকে চেয়ে চুপ করে বসে রইলাম।

কিছুক্রণ পরে চাপা গলায় জিজ্ঞাসা করলেন ঘোষ দন্তিদারবাবু, "কি রক্ষ দেখলেন স্থার ?"

বেন তন্ত্রা ছুটে গেল আমার। বললাম, ''এ্যা—কি দেখলাম ?'' বলে আবার হাতথানি টেনে নিলাম। তারপর হাতের রেখাঞ্চলির ওপর নজর রেখে একখানা কাগজে গোটা কতক সংখ্যা লিখে যোগ বিয়োগ গুণ তাগ ক্ষলাম কিছুক্ষণ একমনে। শেষে মুখ তুলে বললাম—''আপনার অষ্টমন্থিত রাহ বাদশন্থিত শনির সঙ্গে গৃহ পরিবর্তন করায় আশাভঙ্গ মনস্তাপ এই যোগ প্রবল হয়ে উঠেছে, আর পঞ্চমন্থিত কেতু সপ্তমন্থিত মঙ্গলের ওপর পূর্ণ দৃষ্টি দেওয়ায় এ সময় বদনাম বিবাদ অর্থক্ষতি হওয়া সপ্তব। আর দৈত্যগুরু গুলোচার্য চল্লের ওপর পূর্ণ প্রভাব বিস্তার করার দর্শন আপনার প্রোণের চেয়ে বা' ব্রিম তা' হাতে পেরেও হরত হারাতে হতে পারে। আর—''

আর কিছু বলতে হোল না। ভত্রলোক ফুপিয়ে কেঁলে উঠলেন। অর্থাৎ আমার পূর্ন। নিভূলি—রাহ মঙ্গল শনি কেতু ঠিক জারগার ঘা দিরেছে। ঘা দিরেছে জাঁর বুকের ভেতরের দগদগে ঘা-খানার ওপর। মনে তিনি অসহ রকমের প্রেমে পড়ে গেছেন। গল্প-উপস্থাসে যেমন লেখা হয় হবক সেই রকম দাঁড়িয়ে গেছে ব্যাপারটা। তাঁর প্রেমের পাত্রীটি যথানিয়মে অস্থ একজনের প্রেমে পড়েছেন।

বুঝিয়ে বললাম তাঁকে—"এর জন্তে মন খারাপ করার কোনও মানে হয় না। প্রেমে পড়বার মত উপযুক্ত পাত্রীর অভাব নেই দেশে। দেখে ভনে অত একজনের প্রেমে ফের পড়ে যান, তাহলেই লেঠা চুকে যাবে।"

আমার সত্বপদেশ তাঁর কানে চুকল না। পা চেপে ধরতে এলেন। একটা উপায় করে দিতেই হবে—নয়ত—নয়ত—তিনি আল্লহত্যা কর্বেন।

অতএব শাস্ত্রীয় ক্রিয়াকর্ম করবার জন্মে ফর্দ করতে হোল। সবস্থন্ধ উনত্রিশ টাকা চোদ আনা খরচ হবে। তার ওপর দক্ষিণা আছে। বগলা-প্রাদানার শান্ত হলেন। নগদ প্রত্রেশটি টাকা গুণে দিলেন। সাত দিন পরে এসে আমার অতি বিগ্যাত মহাপুরশ্চরণ সিদ্ধ প্রাণ-মোহিনী কবচটি নিয়ে যেতে বললাম। কবচ ধারণের পর তিন দিনের ভেতর প্রত্যক্ষ কল পাবেন এ বিষয়ে নিশ্তিস্ত হয়ে হাসিমূখে বিদায় নিলেন তিনি।

সকালেই দমকা রোজগার। উঠে গেলাম বাড়ির ভেতর। গৃ**হিণীর** হাতে টাকাণ্ডলি দিয়ে বললাম, "এখনই একবার বাজারে পাঠাও স্থরেনকে। দশটা বাজেনি এখনও। বড় বড় বাগদা চিংড়ি আর দই আমুক। চিংড়ির মালাইকারি বানাও আর তার সঙ্গে—"

ঝছার দিয়ে উঠলেন তিনি—''আর তার সঙ্গে তৃটে। হাতির মুঞ্চে বিদ্রে মুড়িবণ্ট। ও টাকা নেওরা চলবে না। কালই ফিরিয়ে দিয়ে আস্ব মালতী-দিকে। সভ্বাবুর মাথা খারাপ হয়ে গেছে। ছু' হাতে টাকা উড়োজ্ফেন:। তা' বলে সব জেনে তুনে আর্রা ও টাকা খাই ফি করে।''

''তার মানে! ঐ ভদ্রলোককে চেন নাকি ভূমি ?''

চেনেন। বেশ ভাল করেই চেনেন বগলাপ্রসাদ ঘোষ দন্তিদারকে আমার গৃহিণী। ওঁর বাপের বাড়ির তিনধানা বাড়ির পরের বাড়িতে থাকেন মালতীদিরা। অর্থাৎ সেই বাড়ির মেয়ে তিনি। তাঁরই স্বামী হচ্ছেন শ্রীবগলাপ্রসাদ ঘোষ দন্তিদার। পদ্মপুকুরে মস্ত বাড়ি আচে তাঁর। ভাল চাকরিও করেন কোথায়। কিন্তু মাথায় আছে ছিট। নিজের স্বীর সঙ্গে প্রেম কর্বনে। বউ লুকিয়ে চিঠি লিখবে, পরস্বীর মত লুকিয়ে দেখা করেব তাঁর সঙ্গে রাজার সিনেমায় লেকে মাঠে ময়দানে। লুকিয়ে ওর সঙ্গে পালিয়ে যাবে। এই সমস্ত করতে রাজী না হলেই গগুগোল। নিশ্চয়ই বউ অপর কারও সঙ্গে প্রেম করেছে। তথন আত্মহত্যা করতে ছুটবেন ভদ্রলোক।

বললাম—"কিন্ত উনি যে বললেন—অন্ত কার সঙ্গে প্রেমে পড়েছেন। কি নামটা যেন বেশ—মধু—মধু।" ঠোঁট উল্টে গৃহিণী জবাব দিলেন—"যত সব আদিখ্যেতা। নাম ছিল শুধু মালতী। সন্তবাবু মধু লাগিয়ে নিয়েছেন। নিম্নে থাকেবারে বিষ করে তুলেছেন। মাধা খারাপ বলছি না ভন্তলোকের!"

মাত্র মাস ছ্রেক সাইনবোর্ড টাঙিয়ে রাজজ্যোতিবী হয়ে বসেছি। সকাল বেলার প্রথম থদ্দেরের টাকাটা ফিরিয়ে দিতে হবে শুনে মন থারাপ হয়ে গেল। কিন্তু,নিজের ঘরে তো আর মহাপুর শ্বন সিদ্ধ রাজবশীকরণ কবচ টাঙিয়ে রাখিনি। মুখ বুঁজে ফিরে গিয়ে বসলাম তাকিয়া ঠেস দিয়ে তক্তপোশের ওপর নতুন খদ্দেরের আশায়। সম্ভবাবু না বগলাপ্রসাদ সকালবেলার বউনিটাই খারাপ করে দিয়ে গেলেন সেদিন।

দিন ভিনেক পরে। তুপুর বেলা ঘুমচ্ছি। গৃহিণী ঠেলে ভূললেন। ভাঁর মালতীদি এসেছেন।

চোখে মুখে জল দিয়ে চাদরধানা গায়ে জড়িয়ে নিচে নেমে গেলাম। বেশ স্বাস্থ্যবন্তী এক ভদ্রমহিলা ছু'হাত কপালে ঠেকিয়ে নমস্কার করলেন। বয়স অিশের ভেতর, মাজাঘবা গায়ের রঙ, গাজ-পোবাক স্কুক্তর পরিচর দেয়। শুনলাম তাঁর স্বামী বগলাপ্রসাদ ঘোষ দন্তিদারের বাতিকের ইতিহাস!
সাত বছর বিরে হরেছে ওঁদের। প্রথম দিকে কিছুতেই স্ত্রীকে নিজের কাছে
আনতে চাননি বগলাপ্রসাদ। তথন বাতিক ছিল সাংঘাতিক ধরনের।
অর্জেক রাত্রে পুকিয়ে খণ্ডরবাড়ি যেতেন। পাঁচিল টপকে বা ছাতের জলপড়া
নল বেয়ে বাডিতে চুকতেন। নিজের স্ত্রীকে ফুসলিয়ে বাডির বার করে আনতে
চাইতেন। লুকিয়ে চিঠি পাঠাতেন। তাতে লেখা থাকত রাত হুটোর পর যেন
অমুক জারগায় সাদা চাদরে আপাদমশুক আবৃত করে দাঁডিয়ে থাকে তাঁর
মধুমালতী। আরপ্ত হরেক রক্ষের ফ্যাসাদ। এক্ষ্যার শেষ রাত্রের দিকে খর্পন
তিনি খণ্ডরবাড়ির পাঁচিল টপকাচ্ছিলেন—তথন পাড়ার ছেলের। ধরে ঠেডিয়ে
প্রায় ঠাণ্ডা করে ফেলেছিল। শেমে তাঁর খণ্ডর জাের করে মেয়ে পাঠিয়ে দেন।
স্বামীর কাছে এসেপ্ত মালতীদি শান্তি পেলেন না। বগলাপ্রসাদের বাভিক
আরপ্ত বেডে গেল।

শামীর মাথা ঠাণ্ডা রাথবার জন্মে কিছুই করতে বাকী রাখেননি মালতীদি।
মাথার সিঁছর মুছে ফেলে কলেজের মেয়ে সেজে রাত নটার সময় লেকের ধারে
গিয়ে লুকিয়ে থেকেছেন। হাসপাতালের নাস সেজে দিনেমায় গিয়ে বসেছেন
বগলাবাবুর পাশে। একলা পুরী পালিয়ে গেছেন যাতে ছ'দিন পরে বগলাবাবু
সেখানে গিয়ে সমুদ্রের ধারে তাঁকে হঠাৎ ধরে ফেলবার স্থযোগ পান। এক
বাড়িতে থেকেও দশ-পনেরো দিন লুকিয়ে কাটিয়েছেন যাতে বগলাবাবু তাঁকে
খুঁজে না পাবার ছংখটা চেখে চেখে ভোগ করতে পারেন। কিছুতিকিমাকার
সব প্রেমপত্তের জবাব দিয়েছেন, মান অভিমান ঝগড়াঝাটি যে কত করেছেন
ভার ইয়ন্তা নেই।

কিছুভেই বাতিক কমছে না, যত দিন যাচ্ছে তত বাড়ছে। আজকাল নতুৰ এক থেয়াল চেপেছে মাথার। শিলং যেতে হবে। সেখানে মালতীদি হবেন লাবণ্য। নিজে অমিত রার হরে নতুন রকমের প্রেম করে আসবেন কিছুদিন বগলাবারু।

নালন্তীদি লোগ মূহতে লাগলেন। প্রাণ অতিষ্ঠ হরে উঠেছে তাঁর। বাত্তবিক কোমও থেয়ে কথনও এই রকমের বিপদে পড়েছে বলে গুনিনি।

ওঁকে শান্ত করে ফেরত পাঠালাম। বলে দিলাম আমার কাছে তিনি এসেছেন একথা যেন কিছুতেই টের না পান তাঁর স্বামী। কিছু একটা উপায় করবই আমি যাতে তাঁর অশান্তি দূর হয়।

বগলাবাবু যথাসময়ে কবচ নিতে এলেন। কবচ দেবার আগে তাঁকে দিয়ে করেকটা প্রতিজ্ঞা করিয়ে নিলাম। তিনি যাকে চান তাকে যদি হাতের মুঠোঁয় পান তা' হলে কোনও মতেই তার কথার অবাধ্য হওয়া চলবে না। তাকে নিমে স্বামী স্বার মত ঘর সংসার করতে হবে। কখনও আর তার সঙ্গে কোনও রকম প্রেমের খেলা খেলবেন না। তাকে কোনও রকম সন্দেহ করতে পারবেন না।

এমনি ধরনের আরও গোটাকয়েক প্রতিজ্ঞা করিয়ে নিয়ে তারপর ঝাডা
আধঘন্টা দাম্পত্য জীবন সম্বন্ধে বক্তৃতা দিলাম। তাঁকে বোঝালাম, প্রেম
জিনিসটা বিয়ের পরে একেবারে অচল। বিয়ের পরে স্ত্রীর সঙ্গে প্রেম চালালে
স্ত্রীর মাথা বিগড়ে যায়। যতক্ষণ নিজের জিনিস না হচ্ছে ততক্ষণই প্রেম খোশামুদি
মান অভিমান চালাতে হয়। বিয়ে কুরালে ছাঁদনাতলার সক্ষে কি সম্পর্ক ?
স্কভরাং বার বার সাবধান করে দিলাম আমার কবচ ধারণ করবার পর তিনি
বেন আর প্রেম-ট্রেম না করেন। কারণ কবচ আমার অব্যর্থ। কবচের শুণেই
সব কল পাবেন। যাকে ভালবাসেন তাকে নিজের স্তীক্ষপেই পাবেন নির্বাত।

আবার দশটি টাকা প্রণামী দিয়ে তিনি খুশি মনে কবচ পরে বিদায় হলেন।
মাস ছই পরে আমার গৃহিণীই একদিন বললেন যে বগলাবাবু একেবারে
বদলে গেছেন। যেমন চলা উচিত তেমনি চলছে ওঁদের সংসার। মালতীদি
শাভি পেরেছেন এতদিন পরে। কৃতজ্ঞতা বরুপ এক ভরির এক ছড়া সোনার
হারও পাঠালেন ভিনি আমার ক্যার অন্তপ্রাশনে। স্তীকে বললাম—দেখলে
ভো, আমার কবচ অব্যর্থ কিনা। হাতে হাতে কল পেলেন তোমার মালতীদি।

হাতে হাতে ফল পাবার আরও কিছু বাকি ছিল তখনও।

একদিন ছপুরে ধাকাধান্ধিতে খুম ভেঙে গেল। গৃহিণী প্রবল উত্তেজিত হরে । উঠে বললেন—শিগ্গির নিচে চল, মালতীদি এসেছেন। সর্বনাশ হরে গেছে।

ছুটলাম নিচে। মালতীদি দাঁড়িয়ে আছেন। তর পেয়ে গেলাম তাঁর চেহারার অবস্থা দেখে। চোখের কোলে কালি পড়েছে, চূল উস্কণ্স, মুখ শুকিয়ে গেছে। নিশ্চয়ই কয়েকদিন ওঁর গলা দিয়ে জল নামোন।

আমাকে দেখে তিনি আকুল হয়ে উঠলেন।

"বলতে পারেন কোথায় গেছে ওরা ?"

"কে ? কাদের কথা বলছেন ?"

বগলাবাবুর স্ত্রী ভুকরে কেনে উঠলেন—"বলুন, দয়া করে বলে দিন আমার —কোপার গেছে সে। আমি নিজে গিয়ে তাকে ফিরিয়ে আনবো। সে বা' চায় আমি তাই হব। যা' করলে সে খুশি আমি তাই করব। শুধুসে ফিরে আহক। আর আমি পারি না লোকের গঞ্জনা সইতে—"

আর তিনি বলতেই পারলেন না। বললেন আমার পৃহিণী। পাঁচদিন বগলাবাবু নিরুদ্দেশ হয়েছেন। কিন্তু সেই সঙ্গে আর একজনকেও খুঁজে পাওরা বাছে না। সে লোকটি মালতাদির ছোট বোন হেনা। মেয়েট কলেজে পড়ছিল। অনেকদিন চলছিল ব্যাপারটা। মালতীদিকে সাবধানও করছিলেন অনেকে। তিনি বিখাস করেননি। ইদানীং বাড়িতে বগলাবাবু স্ত্রীর সঙ্গে যে ব্যবহার চালাছিলেন তা' শুধু আদর্শ পত্নীগত প্রাণ স্বামার পক্ষেই সম্ভব। এত টুকু খুঁত ধরবার মত কোনও কিছুই ছিল না তাতে। বিশেষতঃ হেনা তো সেদিনের মেয়ে। শেষ পর্যন্ত হেনাকে নিয়ে উষাও হবেন এ ভিনি স্বশ্বেও ভাবতে পারেননি। কিন্তু এখন তিনি লক্ষায় যে আর মুখ দেখাতে পারছেন না। তাঁর বাপের বাড়ির স্বাই আর শ্বেরবাড়ির এঁরা তাঁকেই দায়ী করেছেন এই কুৎসিত ব্যাপারটার জন্তে।

আমি তথন ভাবছি কোথার আমার মুখট। সুকোব। কবচের অব্যর্থ ফল কলেছে কিছ নিজের গৃহিণীর কাছে মুখ দেখাব তারও উপায় কেই।

র সো তী র্ণ

নাম করা সাহিত্যিক অনিমেব বহু আমার বন্ধু। তাঁর মতে জীবনটা হোল কতকগুলো ছোট গল্পের সমষ্টি। তিনি বলেন, হর চমক লাগা, নর চ্মুক লাগানো—এই নিয়ে জীবন। তা' বলে চমক লাগালেই তা' সাহিত্য হবে ন। বা চুমুক লাগালেই তা' ছোট গল্প হয়ে উঠবে না। কিন্তু দৈবাৎ খিদি চুমুক লাগাতে গিয়ে চমক লাগে তথনই আরম্ভ হয় একটি ছোট গল্পের। আর্বার সে গল্পটি সার্থক রসোভীর্গ হয়ে ওঠে ঠিক উল্টোটি ঘটলে। চমক লাগাবার মত অসাধারণ পরিস্থিতির মধ্যে পড়েও যথন সেই পরিস্থিতির সফেন পাত্রটিতে আরামসে চুমুক লাগানো চলে তথনই গল্পটি দাঁড়িয়ে যায়। অর্থাৎ কি না একটি চমক লাগানো সার্থক ছোট গল্প হয়ে ওঠে।

বন্ধুর বক্তব্য যোল আনা মগজে চুকত না। নাম করা সাহিত্যিক মাহুষ, যা' বলে তা' হেঁয়ালির মত শোনায়। চুপ করে থাকতাম। সহজ কথা সোজাভাবে বললে সাহিত্য হয় না, একটু বোঝার মত বুদ্ধি আমার মগজে আছে।

আছে বলেই আজ শোনাতে বগেছি আমার জীবনের ছ'টি ঘটনা। চুমুক লাগাতে গিয়ে চমক লাগা ঠিক ছ'টিবার ঘটেছে আমার জীবনে। পর পর ছ'টি কাহিনীই শোনাচ্ছি। তবে সহজ কথা আমি সহজভাবেই বলব। কাজেই সাহিত্য হবে না নিশ্চয়ই, সার্থক ছোক গল্প হয়ে দাঁড়াবে কি না সে বিচার পাঠকের, আমার নয়।

প্রথম কাহিনীটি একেবারে ছোটস্ত ছোট অর্থাৎ ক্ষুদ্রাতিকৃত্ত ব্যাপার। ক্রেফ 'ফুললো আর মল' গোছের আধ্যান।

কবিদের ভাষার 'চৈতী ছুপুরের উদাস করা' হাওয়া বইছে। ব্যারাকপুর থেকে বাসে চড়ে পৌনে একশ জন সহযাত্রীর সলে পৌছলাম ভামবাজারের মোড়ে। বাসের গর্ভ থেকে ভূমিট হরেই দৌড়ে গিরে চুকলাম এক সরবতের দোকানে। ঠাঙা গেলাসটি হাতে পেরে আরেসে ছ' চোখ বুঁলে এল। 'দিলাম একটি চুমুক। সলে সংক্ষ করের উঠস মুখের মধ্যে। পরবর্তী ক্রিরাটিও ঘটল টেবিলের উপরেই। একটা উচ্চিংড়ে এক লাফে উধাও হরে সেল। বরফ পেটা-মুগুর হাতে নিয়ে তেড়ে এল দোকানদার। পরসা ক'টি গুণে দিয়ে স্কুত্ করে সরে পড়লাম।

এইখানেই প্রথম কাহিনীর পূর্ণচ্ছেদ। এ যদি গল্প হয় তবে এর চেল্লে ছোট গল্প যে আর হতেই পারে না, এ বিষয়ে আমি নিশ্চিন্ত। কিন্তু রুর্জাবনা। অযথা প্রাণী হত্যাটা হোল না এই স্থা একমাত্র রসের ব্যাপার এর মধ্যে। উচ্চিপ্টেটা নিরাপদে সরবতের টক-মিট্টি রস থেকে উদ্ভীর্ণ হয়ে গেল। এটি অবশ্য একটি রসোন্তীর্ণ ঘটনা।

এবার দিতীষটি বলছি। এটি কিন্তু মাপে ঠিক অতটা ছোট নয়।

ঠিক আটটা বেজে পঁয়তাল্লিশ তথন। শান্তিপুর এগে চুকছে নৈহাটী প্লাটফরমে। ত্বর ত্বর করে কাঠের সিঁড়ি বেয়ে নামছি। আরও অনেকে এইভাবে নামছেন। ধাকাধাকি একটু হয়ই। সভ টিকিট কিনে দশ টাকার নোট 'ভাঙানো টাকা-পয়সা-টিকিট ছিল মুঠোর মধ্যে। নামতে নামতেই মনিব্যাগ বার করে সেগুলে। পুরে ফেললাম। ব্যাগটা পকেটে ফেলে দৌড়ে গিয়ে ধরলাম একটা হাতল। পিছনে 'চা গরম' হাঁক দিলে। ঘাড় ফিরিয়ে এক ভাঁড় দিতে বলে ঠেলে উঠলাম গাড়িতে। ততক্ষণে ভাঁড় বাড়িয়ে থকেলাকের ডগায়। এক হাতে ভাঁড় ধরেই লাগালাম একটি চুমুক। লাগাতেই হবে, নয়ত চল্কে পড়বে যে নির্ছের গায়েই। আর এক হাত ঢোকালাম পকেটে। পরমূহর্ভেই এ-পকেট ও-পকেট সবকটা পকেট টিপে দেখলাম। একটা বিদ্যুৎপ্রবাহ ছুটে গেল মাধার তালু থেকে পায়ের নথ পর্যন্ত। ক্ষেকটি মুহুর্জ বোধ হয় হ'ল হারিয়েছিলাম। তার পরই টের পেলাম শান্তিপুর চলতে শুকু করেছে। চাওয়ালা মুলছে হাতল ধরে।

সঙ্গে সজে থোলা দরকা দিয়ে এক লাফ। টাল সামলে দাঁড়াভেই নজর লাড়ল চাওরালার মুখের ওপর।

্ আর একবার হুই হাত ঢোকালাম সব ক'টা পকেটে। চাওরালা ভেট্রা: অতি সংক্ষিপ্ত প্রশ্ন করলে—"লে গিয়া" ?

জবাব আমার দিতে হোল না। বিলীয়মান শান্তিপুরের দিকে চেয়ে বললে—"শালা···বাচ্চা"। বলে আবার পূর্ণ করলে আর একটি ভাঁড়। বাড়িয়ে ধরলে আমার দিকে। "লিক্সিয়ে।"

তথন থেরাল হোল, প্রায় পূর্ণ ভাঁড়টা টেনে ফেলে দিয়েছি একটু ঝাগে — দিয়ে পাফিয়ে পড়েছিলাম প্লাটফরমের ওপর। কিন্তু আবার চা! দাম দোব কি করে।

"চা গরম" ভেইয়া হকুম করলে—"ধর, কাল দিও পয়সা, কুছ ফিকির নেই।"
ফিকির যথন কুছ নেই তথন আবার চুমুক লাগালাম ভাঁড়ে। মগজটা
সাফ হয়ে গেল। কপর্দকশ্রু অবস্থায় নৈহাটী প্লাটফরমের ওপর দাঁড়িয়ে চুমুক
লাগাছি। অতএব আমার ছোট গল্প দাঁড়িয়ে গেল। অসাধারণ পরিস্থিতির
মধ্যে পড়েও আরামসে চুমুক লাগানো চলতে লাগল আর ভাবতে লাগলাম।

প্রথম যে কথাটি মনে উদয় হোল তা' হচ্ছে কে নিল, কখন নিল এবং কিভাবে নিল।

তারপর যে চিন্তাটি মাধায় এল তা' হচ্ছে কত নিল, কি নিল এবং নিল কেন।

তারপরই একেবারে ক্ষেপে গেলাম।

সর্বনাশ হয়ে গেছে আমার। যা' গেছে তা' হারাবার—হারিয়ে বেঁচে থাকার, বেঁচে থেকে হুর্বহ জীবনটা বয়ে বেড়াবার কোনও মানে হয় না। টাকাকড়ি সোনাদানা এমন কিছু যায়নি। গোটা এগারো বারর বেশী ছিলই না ব্যাগে। কিছ—আর ভাৰতে পারলাম না। ভাড়টাকে ছুঁড়ে ফেলে দিয়ে টলতে গিয়ে একটা বেঞ্চিতে বলে পড়লাম।

সব মনে পড়ে গেল। হ-ছ করে ছ'চোখ থেকে জল বেরিয়ে এল। পাঁচটি বছর—হাঁ ঠিক পাঁচ বছরই বয়ে বেডাচ্ছি আমি ব্যাগটি বুক পক্রেটে ১ টিক চিনতে পারব বদি পোরা মাইল দ্র থেকেও ব্যাগটি দেখতে পাই।
শঙ্খপদ্ম মার্কা চামড়ার ব্যাগ, হাডের দাগ লেগে লেগে ওপরটা কালো হকে
গেছে। এগার কেন, একশ এগার, এক হাজার এগার গেলেও সামলাতে
পারতাম। কিছ ঐ ব্যাগটি—

ছ'হাতে বুক চেপে ধরে মাথা হেঁট করে বসে রইলাম।

তারপর দিন পনেরে। কেটে গেল। ব্যাগ কিনিনি। পরসা-কড়ি টাঁরেক গুজে যাওয়া আসা করি। জীরনে আর কিনবও না কখনও মনি ব্যাগ। যা গৈছে আমার, তা আর কখনও ফিরে পাব না।

কিন্ত ব্যাগ আমি ফিরে পেয়েছিলাম। মোল দিনের দিন শেরালদা ফৌশনে ঘটল সেই ঘটনাটি। বিকেল পাঁচটা পর্যত্তিশ। শান্তিপুর ছাড়ছে।

দৌডে গিয়ে চুকলাম পাঁচ নম্বরে। পাঁচ থেকে ছয়ে যাবার পথে বিরাট গোলমাল। "মার, মার, লাগাও শালাকো, জুতিয়ে ছিড়ে দাও শালার মুখ।'" পিছনের ধাকার চোটে চুকে পড়লাম গোলমালের মধ্যে। পাঁছে গেলাম একেবারে অকুস্থলে।

লক্কা পাম্বরার মত একটা ছোকরা ত্থেত মাথার ওপর তুলে চেঁচাচ্ছে।

"হাতে হাতে ধরেছি মশাই। এই ব্যাগ, এই দেখুন এই ব্যাগটি—ইনি
তুলে নিয়েছিলেন আমার পকেট থেকে। হাতস্কল চেপে ধরেছি।"

তরুণীর চেরে কিছুবড় এক ভত্তমহিলা মাথা হেঁট করে দাঁডিয়ে আছেন তার সামনে।

হঠাৎ আমার নজর গিয়ে পড়ল ব্যাগটির ওপর। সঙ্গে সজে বাঁপিরে পড়ে কেড়ে নিলাম ছোকরার ছাত থেকে। ছোকরা আমার মূখের দিকে চাইলে, হাঁ করলে কিছু বলবার জন্তে। পরমূহুর্তেই মূখ মার্গ রুইরে চ্কে পড়ল তিড়ের মধ্যে। প্রাণপণে ভিড়ের মধ্যে রাফা করে অন্তর্গন ক্ষিণে।

বাৰতীয় মাতুৰ হা। পুলিশ এল, দেটশদের কর্ডাদের ছ'একজন এলেন।

বললাম তাঁদের যে, ব্যাগটি আমার। ঠিক পনেরো দিন আগে এই শান্তিপুরে উঠতে গিয়েই খ্ইয়েছিলাম। বললাম প্রমাণ আছে যে ব্যাগটি আমার। খুলে কেল্ন ভেতরের এই পাতলা চামড়াটা। সেলাই করা আছে। আমিই সেলাই করিয়েছি। ওর ভেতরে আছে একখানি ফটো। খুব ছোট্ট ফটো একখানি আছে ওর ভেতর। তাতে নাম সই করা আছে।

"কি লেখা আছে ? কি নাম ?"

একটা ঢোক গিলে বললাম—'কনক'।

অতএব ব্যাগের মধ্যে পাতলা চামড়া কেটে ওঁরা দেখলেন এবং ব্যাগ আমার হাতে দিয়ে ছেড়ে দিলেন।

তারপরের ট্রেন ক্বঞ্চনগর। ছ'টা চারে পাঁচ নম্বর থেকে ছাড়ে। স্থতরাং ছারানো ধন ফিরে পেয়ে লমা লমা পা ফেলে ছুটলাম পাঁচ নম্বরের মুগের দিকে। কে তথন অফা দিকে নজর দেঁয়া।

পেছন থেকে ডাক।

"গুনছেন—শুসুন।"

পেছন ফিরতে হোল। একি ! এখনও যে ওরা ঘিরে রয়েছে তাঁকে ! তৎক্ষণাৎ কর্তব্যবোধ চনচনিয়ে উঠল। আমার ব্যাগ যিনি উদ্ধার করেছেন তাঁকে উদ্ধার করতে ঘুরে দাঁড়ালাম।

অনেক বাগ্বিততা খোশামুদি ইত্যাদির পর উদ্ধারও করলাম তাঁকে।
একে পকেটমার, তার মেরেমান্থর, সহজে ছাড়বে কেন মান্থরে। যাকৃ ছাড়া
যখন পেলাম ছ'জনে, তখন কৃষ্ণনগরও চলে গেছে। তারপর আর কোনও
ট্রেন পাঁচ, ছয়, সাতে নেই। স্থতরাং তাঁকে সঙ্গে নিয়েই বেরিয়ে এলাম
প্লাটফরম থেকে। এক ছই তিন চারে যেতে হবে।

এ পাশের স্টেশনের সামনে পর্যস্ত ঠিক পাশে পাশে এল। একটা কিছু না বৃদ্ধদে নেহান্ত খারাপ দেখার। বলনাম—"বাড়ি বাও এবার।" আর একটু কাছে শরে এসে প্রায় চুপি চুপি বললে—"কিন্ত ওরা যে এখনও সঙ্গে আসছে।" তরে আর উৎকণ্ঠার গলাট। কেঁপে উঠল। এবার আমারও নজরে পড়ল। দতিট্ট কয়েকজন ওর পিছু নিরেছে। হাসি পেল। তা' হলে এদেরও ভর্মন আছে। পকেট মারতে লজ্জা করে না, কিন্তু কয়েকটা গুণ্ডাকে পেছনে আসতে দেখলে ভর করে। তবু কি করা যায়। বাধ্য হয়ে বলতে হোল—"চল, কোথায় তোমার বাসা, পৌছে দিছিছ।"

गाथा निष्ट् करत निः भरक विशिष्ठ हलल। शार्म शार्म श्रामि ।

তেত্রিশ নম্বর বাদ থেকে যেখানে নামলাম ত্'জনে দেখানটা ঠিক কুলীনপাড়া নয়। নেমে বললাম—"এবার ভূমি একলা যেতে পারবে। আর 'কেউ
আসছে না তোমার সঙ্গে। আমি চলি।" উন্টোদিকের বাদ ধরবার জ্ঞান্তে পা বাড়ালাম। আবার একটি অমুরোধ। পকেটমারের গলায়
ওতাবে অমুরোধ মুটে ওঠা অসম্ভব।

বললে— "ঐ সামনেই আমাদের বাসা। একটিবার আত্মন, এক কাপ চা খেয়ে যাবেন।"

বললাম—"তার মানে তোমার আপনজনের। মেরে কেড়ে নেবে আমার কাছে যা'-কিছু আছে।"

थूব ছোট্ট একটি কথা বললে—"তা' বটে।" বলে মাথা ছেঁট করে দাঁড়িরে রইল।

ছেট্র 'তা' বটে' আমার বুকের অনেকটা ভেতরে গিরে পৌছল। তারপর ছ'জনেই দিয়ে দাঁড়ালাম একটা বাড়ির সামনে। টিনের দোতলা। মাছ্য গিজগিজ করছে। অলছে অসংখ্য কেরোসিনের কুপি। অলছে উত্নন, অলছে মাস্থবের মূখে বিড়ি। ধেঁারার দম বন্ধ হরে এল। কাঠের সিঁড়ি দিরে দোতলার উঠতে উঠতে হঠাৎ একটি প্রশ্ন করে বসলাম আমার অপ্রবর্তিনীকে।

"পকেটমারা ব্যবসায় নামলে কেন ?"

এবারও একটি ছোট্ট উন্তর পেলাম—"চলুন না, স্বচক্ষেই দেখবেন।" স্বতএব স্বচক্ষে দেখবার জন্মে একহাত চওড়া বারান্দা দিয়ে সব শেবের স্বর্থানির দরজায় পৌছলাম।

"দিদি—ও দিদি—দরজা খোল।" কপাটের ওপর ঘা দিলেন আমার সন্ধিনী। ভেতর থেকে এল মাতালের হঙ্কার।

"ফিরেছে শালী এতক্ষণে।"

দরজাটা খুলে গেল। খুম উন্দািরণকারী একটা কুপি হাতে একজন টলতে টলতে বেরিয়ে এল।

"আরে—এ যে মাল সঙ্গে নিয়ে ফিরেছে একেবারে ! এস বাবা, চুকে পড় ঘরে । আমি বাবা প্রাণখোলা মাহুষ, আর তুমি হলে গিয়ে আমার ভায়রা-ভাই। মানে ইনি আমার সাক্ষাৎ শুলী। আরে—এই কনকি, উঠে আয় না, বেরিয়ে এসে দেখ তোর বোনাইকে, সঙ্গে নিয়ে ফিরেছে তোর বোন। আহা, সতীলক্ষী রে আমার—এতদিন কত খোশাম্দি করেছি, কত বড় লোকের ছেলেকে পটিয়ে এনেছি—তা' শুলী আমার মাহুষের নামে আগুন হয়ে ওঠেন। হা-হা-হা-হা।"

श्रुत श्रुल विकरे हानि हानए नागन।

ঘরের ভেতর থেকে ক্ষীণকর্প্তে ডাক এল—"ভেতরে আয় কৃষ্ণা, আজ আর উঠতে পারহি না।"

এক ধাকায় মাতালটাকে একপাশে সরিয়ে দিয়ে ক্লঞা বললে—"আত্মন ভেতরে।"

ইতন্ততঃ করছি চুকব কি না। হঠাৎ পেছন থেকে এক ধারা।

"যাও বাবা, চুকে পড়। কিস্চ্ছু বলব না আমি। সে রকম মানুষ নই বাবা। আমার নাম হরবিলাস সান্তাল। সব শালা জানে আমার মত প্রাণ-খোলা মানুষ আর নেই।"

ধান্ধার চোটে হমড়ি থেয়ে পড়তে পড়তে সামলে নিলাম ক্বঞার কাঁধ ধরে। পেছন থেকে দরজাটা টেনে দিয়ে মাতালটা বকতে লাগল। "এই বসলাম বাবা পাছারা দিতে। কোন শালা বাগড়া দিতে পারবে না। কিন্তু যাবার সময় একটি পাঁটের দাম ঝেড়ে যেতে হবে বাবা, তা' আগেই বলে রাখছি। আমি হলাম বাবা এককথার মান্ত্ব, আমার নাম—" আর কানে গেল না মাতালের প্রলাপ। সামনের অন্ধকার কোণ থেকে কে বললে—"কে এসেছে রে তোর সঙ্গে ক্ষঞা ?"

"এক ভদ্রলোক এসেছেন দিদি। গুণ্ডারা আমার পেছনে লেগেছিল। তাই দয়া করে পৌছে দিতে এসেছেন।"

"কিন্তু আলো নেই যে। আলোটা তো নিয়ে গেল। একটা কিছু জ্বালা।"
"দেশলাই কোণায় দিদি, একটুখানি বাতি আছে আমার বালিশের তলায়।" তাড়াতাডি পকেট থেকে দেশলাই বার করে একটা কাঠি জ্বালালাম। তাতে যা' আলো হোল, কিছুই দেখা গেল না। ক্লঞা মোমবাতি নিয়ে এলো। আর একটা কাঠি জ্বালিয়ে মোমবাতি ধরালাম।

তথন দেখা গেল সব। ঘরের এককোণে একটা ময়লা বিছানা। তার ওপর বিছানার সঙ্গে মিশে পড়ে আছে একজন।

বাতি হাতে ক্ষা এগিয়ে গেল বিছানার কাছে। আমিও গেলাম সঙ্গে সঙ্গে।
শয্যাশায়িনী অতি ক্ষীণকণ্ঠে বললেন—"বসতে দে। বসা কোপ্লাও
ভদ্রলোককে।" বলতে বলতে এ পাশে ফিরলেন। বাতির আলো পড়ল
মুখের ওপর।

তারপর এই কথাগুলি হোল ছ'বোনের মধ্যে।

"তোর নাকি একমাস কাজ নেই রে ক্বন্ধ। ? আজ বোসেদের বাড়ির ঝি এসেছিল। সে বলে গেল যে একমাস আগে বোসেদের গিল্লী কানী চলে গৈছে। ভূই তো কিছু বলিসনি আমায়। তা' রোজ কোণায় যাস কাজ করতে ? টাকাই বা আনছিস কোণা থেকে ?"

ক্বঞা বলে গেল—"এই যে দিদি, তাই তো এঁকে সংক্ এনেছি। এঁর স্ত্রীর ছেলে হবার পর থেকে ভয়ানক অহুখ। এঁর বাড়িতেই কান্স পেয়েছি। **৬৩। করেকটা** রোজ জ্বালাতন করে আমাকে। বাবুকে বলতে নিজেই পৌছে দিতে এসেছেন।"

দিদি ছোট্ট একটি 'ও' বলে ছুর্বল হাতখানি তুলে আঁচল দিয়ে নিজের মুখ চাপা দিলে।

দিলেও সে মুখ চিনতে আমার কষ্ট হয়নি।

কনক আর ক্ষণ ছ'বোনই বটে। এই কৃষণ তখন ক্লাশ এইটে পছত। রাসবিহারীবাবু কনকের বিয়ে দিলেন শহুরে ছেলের সঙ্গে। পাত্র মিলে কাজ করে। মোটা রোজগার করে। হাঁ, বেশ মনে পড়ল, পাত্রের নাম ছিল হরবিলাস। হরবিলাস আর কনক এই ছুই নামে কনকের ছোট মামা কবিতা ছাপিয়ে বিলোয় বিয়ের রাতে।

পকেট থেকে আবার বার করলাম মনিব্যাগটা। হাতড়ে দেখলাম কি আছে। বেশ কিছু আছে দেখলাম।

যাকৃ—সেই লক্ক। পায়রা মার্ক। ছোকরাটির রোজগার তা' হলে তালোই হয়। মনিব্যাগটা ক্রফার গায়ে ফেলে দিয়ে বললাম—"এটা তুমিই রাখ। এখন আমায় বার করে দাও ঘর থেকে।"

পাঁটের দাম আদার হয়েছে বললে ক্লকা। তার ভগিনীপতি তথন দরজা খুলে দিলে।

রান্তায় বেরিয়ে এসে হাঁফ ছেড়ে বাঁচলাম।

মনিব্যাগ, মনিব্যাগের মধ্যে য়ে ফটোখানি লুকনো আছে, সব রেখে এলাম যার ফটো তার কাছে।

মনিব্যাগের জন্মে আর আমার মনে কোনও আক্ষেপ নেই।

মৃ क्षि ल

একটা মুক্ষিল লেগেই আছে।

কোপাও কিছু নেই, দরজায় হাতের আঙ্গুল চিমটে ভ্যা এ্যা করতে করতে উপস্থিত হোল।

"দেখ দেখ আবার কি হোল দেখ।"

হাতের কাজ কেলে ছুটল সবাই। সবার আগে ছুটল ছোড়দি। ছোড়দির চেয়ে এ বাড়িতে ছুটতে পারেই বা কে?

"চিমটেছে হাত। ওমা দেখেছ, একেবারে লাল হয়ে উঠেছে আছুল।
চুপ কর বদমাস বাঁদর, হাত চিমটে এসে আবার বাঁড়ের মতন চেঁচান
হচ্ছে।"

ভ্যা এ্যা এ্যা—টানটা আরও বেড়ে গেল।

"দাঁড়া চুপ করে। স্থাকড়া নিয়ে আসি। জলে ভিজ্ঞিয়ে বেঁধে দোব," ছুটল ছোড়দি দোতলায়। পুতুলের বাক্সে স্থাকড়া আছে।

ছোড়দা বেরিয়ে এল ব।ইরের ঘর থেকে লাট্রুতে লেন্ডি জড়াতে জড়াতে ।
বেন কিছুই হয়নি এইভাবে আড়চোথে একবার দেখে নিলে হাতের অবস্থাটা।
তারপর বাঁ হাতে হাফ প্যান্টের পকেট থেকে একটি পেয়ারা বার করে প্যান্টের
গায়েই রগড়ে মুছে বাড়িয়ে ধরলে—"নে ধর্। কিছু হয়নি। চল বাইয়ে
লাট্র ঘোরাবি।"

চিমটে যাওয়া হাতখানা বাড়িয়ে খপ্ করে পেয়ারাটা ধরলে। বাঁ। হাতে চোখের জল মূছতে মূছতে ছোড়দার পিছন পিছন টলতে টলতে বৈরিয়ে গেল।

পুত্লের বাক্স থেকে ফ্লাকড়। নিষে নিচে নেমে ছোড়দি দেখলে ভোঁ ভোঁ।
রাগ্নামর থেকে ঠাকুমা ভাক দিলেন: "মোচাগুলো জ্বেলে রেখে আবার
কোধার নাচতে গেলি সাবি। এক মিনিট যদি এক ভারগার ছির হয়ে বলে

মেরে। কাজ শিখবে কে ? অতবড় মেরে অষ্টপ্রহর ছুটে বেড়ালে কাকে কাজ শেখাব আমি।"

আবার তিন লাফে রায়াঘরে পৌছে গেল ছোড়দি, "ছুটে বেড়াচ্ছি বৃঝি আমি ? শুনতে পাও না বৃঝি কানে ? ওধারে হাত চিমটে যে এক কাশু বাধিয়ে বসেছিল ছেলে। তাকড়া আনতে গেছি, জল দিয়ে বেঁধে দোব—ওমা, এসে দেখি সরে পড়েছে। একেবারে ডাকাত হয়ে উঠছে দিন দিন।" বলে ছোড়দি চোখছটো বড় বড় করে আবার বঁটিতে গিয়ে বসল।

ছোড়দির বয়সটা অবশ্র অত বড়ই বটে। সাত পেরিয়ে আটে উঠেছে এই ফাল্পনে। জন্মতিথিতে বায়না ধরে বসল শাড়ি কিনে দিতে হবে।

মা বললেন, "চুপ কর, শাড়ি পরবার বয়স হোক আগে।" মায়ের কাছে স্থবিধা হোল না। বাবার পানের কোটাটা দিতে গিয়ে বললে, "নিচু হও তো। নিচু হও না খপ্করে। কানে কানে একটা কথা বলে দি।"

উবানাথ নিচু হয়ে মাথাটা মেয়ের মুখের কাছে আনলেন। মেয়ের জেদকে তিনি ভয় করতেন। "টপ্করে বল কি বলবি। অফিসের দেরি হয়ে গেল।"

নেয়ে বাপের গলা ধরে কানে কানে কি বললে। বাপ তৎক্ষণাৎ রাজী—
"আচ্ছা আচ্ছা, আক্তই নিয়ে আসবো।"

সৃদ্ধ্যার পরই শাড়ি এল। একখানি কমলা রঙ-এর ডুরে আর একখানি অকুত ছাপকাটা পাতলা কাপড়। বাড়িতে হাসাহাসি পড়ে গেল। উষানাথ চা খাচ্ছেন। মা বললেন, ''উষা, এবার মেয়ের একটি জামাইও খুঁজে পেতে আন। অতবড় মেয়ে শাড়ি পরে খুরে বেড়াবে। 'আর তো ঘরে রাখা যায় না।''

বাপের কোলে মুখ লুকিরে মেয়ের সে কি হাসি। বাড়িছা দ্ব জব্দ, দেখলে তো শাড়ি এল কি না !

সেই খেকে সকার্ক্তবিকেল ফ্রকের উপর শাড়ি সেঁটে ছুরে বেড়াচ্ছে ছোড়দি। স্কালে মাস্টার মশাই আসেন সে সময় ক্রক ভিন্ন উপায় নেই। মাস্টার মশাই গেলেই ফ্রাকের উপর শাড়ি উঠবে। তারপর রাল্লাঘরের দরজাল্প এসে দাঁড়িয়ে বলবে, "ঠাকুমা, দাও কি কি কাজকম আছে। ঝট করে সেরে ফেলি, আবার স্কুলের বেলা হয়ে যাবে ভো।"

স্থলে শাড়ি অচল। স্বতরাং কতট্কু সময়ই বা বেচারা শাড়ি পরে ঘরকল্প। করতে পায় ?

কিন্তু মুস্থিল বাড়িতে পদে পদে। সন্ধ্যায় গানের মাস্টার আসেন সপ্তাহে তিন দিন। সে সময় যেখানেই থাকুক না কেন ঠিক উপস্থিত হবে। এসে ছোড়দির কোল খেঁষে বসে কপালের উপর নেমে আশা এক রাশ ঝাঁকড়া চুলের ভিতর দিয়ে জল জলে চোখে ছোড়দির আঙ্গুলগুলির দিকে চেয়ে থাকবে। হারমোনিয়ামের এক একটা রিড এক একটা আঙ্গুল দিয়ে টিপ্ছে ছোড়দি আর নানান রকমের আওয়াজ বেরুছে। একদিন হঠাৎ খপ্করে গোল গোল হাত ছ'খানি দিয়ে সজোরে চেপে ধরলে একসকে ছ'টা রিড। হারমোনিয়াম থেকে উৎকট আওয়াজ বেরুতে লাগল।

হৈ চৈ কাণ্ড বেধে গেল, "ছাড্ছাড়্। ছাড়্শিগ্গির পাজী।" মাস্টার মশাই হো হো করে হেসে উঠলেন। "বাঙ্লার ভবিশ্বৎ ফৈরাজ ধাঁ।"—হাত বাড়িয়ে তিনি কোলের উপর তুলে নিয়ে বসালেন।

"আছে। এবার গাও তো মনিবাবু। ধর তো একখানা খামাজ।" কুছ পরোয়া নেই। মাস্টার মশাইয়ের কোলে বসে ঘাড় উন্টে তাঁর মুখের দিয়ে চেয়ে জিজ্ঞাসা করে, "কোন তা ?"

মাস্টার মশাই বলেন, "ধর না, ধর একখানা। যেখানা তোমার খুশি।" ধরবে ? মুখ নিচু করে তৎক্ষণাৎ আরম্ভ করবে, "বল্লে দবা বলু।"

বাড়িছছে হাসাহাসির খুম পড়ে যায়। দরজার পাশে দাঁড়িয়ে মা হয়ত হাসবেন নিঃশব্দে। দালানে বসে ঠাকুমা সলতে পাকাতে পাকাতে হা হা করে হেসে উঠবেন। শেবে ছোড়দা উঠে আসবে পড়ার ঘর খেছে। এসেই এক ধমকু, উঠে আয় বলছি ই পিড়, কালোয়াতী করতে বসলো।"

কে ওঠে ? কোনদিন আরও চেপে বসে মাস্টার মশাইকে জিজ্ঞাসা করবে
— "আলু একতা ?"

ছোড়দা তথন বার করবে একটা কাগজে মোড়া টফি পকেট থেকে।
"দরকার নেই আর একটায়। উঠে আয়, এই ছাখ্।"

একান্ত অনিচ্ছায় উঠে যাবে টলতে টলতে। লাল কাগজে যোড়া টফিটা সঙ্গীতের চেয়ে কম মিষ্টি নয়।

স্থুল খেকে প্রাইজ নিয়ে এসেছে কুমারী সাবিত্রী মুখোপাধ্যায় : বই, বোনার সাজ-সরঞ্জামের একটা বাক্স, ছবির একখানা এলবাম, আরও কত কি । ক্লাশে উঠেছে ছিতীয় স্থান অধিকার করে । ছবি আঁকার জন্ত প্রাইজ পেয়েছে, আবুস্তির জন্ত পেয়েছে । বইগুলি সব ছ'হাতে বুকে চেপে ধরে এনে ফেললে ঘরের মেঝেতে ঠাকুমার সামনে স্তুপাকার করে ।

"দেখ ঠাকুমা দেখ, ছবিগুলো সব দেখ। কি রকম সব স্থন্দর স্থন্দর ছবি।"
মা ঠাকুমা সবাই ঝুঁকে পড়লেন।

চুপ করে চুকল একটা ফাঁক দিয়ে। চুকে ধপ্ করে বসে পড়ল বইটইগুলোর ওপর। ছাহা করে উঠল স্বাই।

কিছ ছোড়দির কোনও বিকার নেই সব নপ্ত হোল বলে। জড়িয়ে ধরে কোলে তুলে নিলে ভাইকে। কাদায় ধূলোয় ভাল ফ্রকটা যা' তা' হয়ে গেল। সে দিকেও জক্ষেপ নেই। ভাইকে আদর হছে, "সব মনিবাবুর, সব আমাদের মনিবাবুর। জানলে মা, বড় হয়ে মনিবাবু কত সব প্রাইজ আনবে গান গেয়ে গেয়ে। ছুইু আমার লক্ষী আমার" বলে মুখের উপর চুমার পর চুমা। নাচতে নাচতে চলে গেল কাদা ধূলো মাখা ভাইকে কোলে তুলে নিয়ে। ঠাকুমা চেঁচিয়ে উঠলেন, "ছ্ধটা খেয়ে যা সাবি।' কে শোনে কার কথা, ততক্ষণে ভাইবোন সামনের পার্কে পৌছে গেছে।

এতকাল বাইনের ঘরের এক কোণে দাঁড় করান থাকত সাইকেলখানা।
গুটাতে এখন আর বড় একটা কেউ চড়ে না। কে চড়বে ? থার্ড ইরারে উঠে

এ বাড়ির বড় ছেলে স্থামাধব চিন্তরশ্বনে গিয়ে চ্কল। সাইকেলখানা তার কলেজে যাবার জন্ম কেনা হয়েছিল। এখন পড়ে আছে। যিনি এ বাড়ির ছোড়দা তাঁর এখনও সিটে বসে প্যাডেলে পা পৌছার না। তা' না পৌছাক, তব্ কাত হয়ে দাঁড়িয়ে প্যাডেল করতে করতে হিল্লী দিল্লী মেরে আসে বেণীমাধব। কিন্তু বাড়ির ছোটবাব্ অর্থাৎ মনিবাব্র ভয়ে এখন সাইকেলখানা চেনে বেঁণে কড়িকাঠের সঙ্গে টাঙিয়ে রাখতে হয়েছে। সকলের অলক্ষ্যে দেওয়াল ধরে ধরে গিয়ে ঘরে চ্কে থেবড়ে বসে বন্ বন্ করে প্যাডেল ঘোরাতে লাগল। ক্যারর ক্যারর শব্দ হবে তাই শুনে কুজি দেখে কে। হা হা করে হেসে হাততালি দিয়ে উঠবে। একদিন তো সাইকেলখানা ঘাড়ে পড়েছিল আর একট্ হলে! ভাগ্যি পাশের একখানা চেয়ারে ঠেকে গিয়ে আটকে যায়। নয়ত কি যে হোত সেদিন। সেই থেকেই সাইকেল চেনে বেঁধে ঝুলিয়ে রাখতে হয়েছে।

এমনই সব ব্যাপার চলছে সারাদিন বাড়িতে। গে**ল গেল শব্দ** চারিদিকে। যতক্ষণ না খুমাবে ছেলে।

ছোড়দি নাম দিয়েছে রঘুডাকাত, ছোড়দা ডাকে এই ষুপিড বলে। ঠাকুমা নাম রেখেছেন মনি, মা ডাকেন খোকন। বাবা বলেন এই পাব্দী।

ঝাঁকড়া ঝাঁকড়া এক মাথা চুল। এই মাত্র আঁচড়ে পাট করে দেওরা হোল, চক্ষ্ না পালটাতে যে কে সেই। সমস্ত চুল এসে কপাল ছাপিয়ে মুখের উপর চেউ খেলছে, দৃক্পাং করবার ফুরদং নেই সেদিকে।

ভোর হোতে না হোতেই পিছু হেঁটে চার হাতে পায়ে সিঁড়ি বেয়ে নেবে আসবে নিচে। এসে ঠাকুমার ঘরের দরজার সামনে দাঁড়িয়ে চেঁচাতে শুরু করবে, "থাকু-মা, ও থাকু-মা।"

গাবিত্রী ঠাকুমার কাছে শোর। ঘুম ভাঙলেও কান খাড়া করে পড়ে থাকরে বিছানার যতক্ষণ না ছোট ভাইটি এসে ডাকছে 'থাক্ মা ও থাক্ মা' তারপর 'থোলদি থোলদি' বলতে বলতে ছোট হাত ছ্'থানি চাবড়াতে থাকবে বন্ধ দরকার গারে।

লাফ মেরে ছোড়দি নেমে পড়বে বিছানা থেকে। দরজা খুলেই সামনের রম্বুড়াকাত। কোলে তুলে নিয়ে ছুটবে বাড়ির পিছনের বাগানে। সকালে সর্বাগ্রে বাগানে যাওয়া চাই। ফুলগাছগুলির মাঝে খুরতে খুরতে ভাইকে গান শোনাবে—

"শরৎ তোমার অরুণ আলোর অঞ্চলি।"

শ্রীমান মনিমাধবের দিনের কাজ আরম্ভ হয়ে যাবে ছোড়দির কোলে চড়েই। কি ? না ঐ পাথিটাকে ধরে দাও এখুনি। ঐ যে সজনে গাছের ডাঙ্গে লম্বা লেজ ঝুলিয়ে বসে আছে রামধন্থ রঙ-এর বড় পাথিটা, ঐটাই চাই। জ্যোর জুলুম লাগাবে কোল থেকে নামবার জন্তে। কিন্ত ছোড়দি অত কাঁচা মেয়ে নয়। নামিয়ে দিক, আর এই সকালের ঠাওাটা লাগুক থালি পায়ে। ভূলিয়ে ভালিয়ে বাড়ি নিয়ে আসবে।

"চল বাড়ি যাই লক্ষীটি, তোমায় এখুনি একটা পাখি তৈরী করে দোব। কুন্দর সাদা তুলোর এই এতবড পাখি।"

"ন। ঐ তে দাও।" কোলে বসে ছ-প। সজোরে চালাতে লাগল ছোড়দির সামনে পেছনে কিন্ত তা' বলে এখন ছাড়লে চলবে না। চোখ মুখ ধুইয়ে ছং খাইয়ে তবে ছাড়তে হবে। নয়ত পাজীকে আর ধরাই বাবে না।

কিন্ত মুস্কিলের কি আর শেষ আছে নাকি।

আজকাল কথাবার্ডা এ বাড়িতে সামলে ত্বমলে বলতে হয়। যা' শুনবে তাই' বলে বলবে যার তার সামনে একরাশ 'প' আর 'ল' বদিয়ে বদিয়ে।

পাঁচকড়ি ডাক্তারের ওষুধে ঠাকুমার বাতের ব্যথার বিন্দুমাত্র উপশম হয়নি। ডাক্তার আবার বলছে ইনজেক্সন দেবে। সেই কথাই হচ্ছিল। ঠাকুমা বললেন, "দেখ বোমা ঐ হাবাতে ডাক্তারটা এলে বোল যে কাজ নেই তার আমার চিকিৎসা করে। শিশি শিশি তেতো বিষ গেলালে। রোগী তেঞ

যে কে সেই বরং টন্টনানিটা আরও বিশগুণ বেড়ে গেছে। আবার বলে কি না ইনজেক্সন দেবে। ঝাড়ু মার ওর ইনজেক্সনের মাধার।"

ডান হাতের সব ক'টা আঙ্গুল মুখে পুরে বসেছিল ঠাকুমার কোলে মনিবাবু। মাপা খুরিয়ে ঠাকুমার মুখের দিকে চেয়ে শুনে রাখলে সব কথা।

ছ'ঘণ্টা পরে ডাব্রুনার এল। ঠাকুমা বললেন, "ছেডে দাও ডাব্রুনার আমার। তোমার ওর্ধ ইনজেক্সন সব মাধার থাক। আমার আর চিকিৎসা করে কাজ নেই।"

কোথায় ছিল, কখন চুপি চুপি এসে ডাক্তারের পিছনে দাঁডিয়েছে, স**ন্ধোরে** বলে উঠল, 'জালু মালি ওল মাতায়' ইনজেক্সন কথাটি বাছলা বোধে ক্রেফ বাদ দিলে।

ঠাকুমা হাত বাডিষে পরে মুথ চেপে ধরলেন। মা এদে গালে ছোষ্ট একটি চড় বসিয়ে দিলেন, "হতভাগা পাফী, যা' মুখে আগে তাই বলে।"

ভাক্তার অবশ্য কিছুই বুঝলেন না। ইনজেক্যনের বাক্স গুছিয়ে নিরে চলে গেলেন।

সন্ধ্যার পর উমানাথ চা খেতে বসেছেন। বসে আছে ঠিক —বাপের কোলের উপর চেপে। প্রতি চামচ হালুয়া নিজের মুথে তুলে সঙ্গে সামাল একটু চামচে করে মনিবাবুর মুখেও দেওয়া হচ্ছে। ঠাকুমা ডাব্রুনার কথা সবিস্তারে বলতে বলতে হাসতে লাগলেন। হঠাৎ কি মনে উদয় হওয়ায় বাপের কোল থেকে মনিবাবু বলে উঠল, 'জালু মালি ওল মাতায়' হো-হো শব্রু হাসির ধুম পড়ে গেল। তাতে অপ্রস্তুত হবার পাত্র নন মনিবাবু। ততক্ষণে থেবড়ে বসে ডিস্থানা সামনে টেনে নিয়েছে। অল্প একটু চা চেলে দিতেই হবে।

সবচেয়ে বড় মৃষ্টিল বাধল বাড়িতে। স্কুল থেকে সাঁতার শেখানো হচ্চে। সাবিত্রী সাঁতার শিখছে। সেদিন সন্ধ্যাবেলা বাড়ি ফিরে বললে: "শীত করছে।" গারে হাত দিয়ে দেখলেন ঠাকুমা, তাঁর মুখ গন্তীর হয়ে গেল। রান্নাঘর থেকে বেড়িয়ে এসে মা মেয়ের কপালে হাত দিয়ে দেখলেন, তাঁর মুখ শুকিয়ে গেল। দৌড়ে এসে জাপটে ধরলে সাবিত্রীর রঘুডাকাত কিন্তু পোলদির মুখের দিকে চেয়ে ভ্যাবাচাকা খেয়ে গেল। ছোড়দা ফুলগাছে জল দিছিল। সেখান থেকেই বললে, "চট্ করে শুয়ে পড় গিয়ে লেপের ভেতর চুকে। পিল আনছি এখনই ছটো ডাক্ডারখানা থেকে। ছ' মিনিটে সব ঠিক হো জায়েগা।"

ছ্' মিনিটে নয়, ছ' দিনে নয়, ছ' সপ্তাহ পার হতে চলল, উষানাথ অফিসের
ছুটি নিলেন। অধামাধন চিন্তরঞ্জন থেকে চলে এসে সাইকেল নিয়ে খুরতে
লাগল, ডাক্রার বরফ ইনজেক্সন ওয়ুধ। বেণীমাধন আইসন্যাগ ধরে ঠায়
বসে রইল বোনটির মাথার কাছে। ঠাকুমা উপোস দিতে লাগলেন। রাত
জেগে জেগে মায়ের চোখের কোলে কালি পড়ে গেল। জ্বর চার পর্যন্ত
ওঠে কিন্তু নামৰার বেলা ছুইয়ের নিচে কিছুতেই নামে না।

জ্বরের ঘোরে সাবিত্রী বিড় বিড় করে বকতে থাকে, "কি ডাকাত ছেলে রে বাবা, এখনই এক কাণ্ড বাধিয়েছিল আর কি।" কখনও বা চোখ বুঁজে চেঁচিয়ে ওঠে. "গেল গেল, ধর্ ধর্, পড়ল রে" আবার কখনও আন্তে আন্তে বলতে থাকে, "পাখি নিবি ভাই। আচ্ছা চল দিচ্ছি—এখুনি ভোকে একটা পাখি ধানিয়ে।"

ডাক্তারের নিষেধ। জ্বরটা খারাপ জাতের, অতটুকু ছেলেকে যেন এ ঘরে আসতে দেওয়া না হয়।

না আসতে দিয়ে রাখাও ছংসাধ্য। সাথা খুঁড়ে মুঠো মুঠো চুল ছিঁড়ে চেঁটিয়ে কঁকিয়ে হাত পা ছুঁড়ে অন্থির কাণ্ড বাধাচ্ছে। চুকবেই সেই ঘরে। নমত দরজার সামানে দাঁড়িয়ে ডাক ছেড়ে কাল্লা জুড়ে দেবে, "পোলদি ও-খোলদি খোলদি লো।"

আজ বাইশ দিন। রাত্রে জর ছেড়ে গেছে সাবিত্রীর। অঘোরে খুমাচ্ছে সে। মুখধানি শুকিয়ে এতটুকু হয়ে গেছে, কাত হয়ে পড়ে আছে বিছানার সাথে মিশে। বেণীমাধব একবার সকালে এসে দেখে গেছে। না আজ আর আইসব্যাগ দিতে হবে না। সে বেরিয়েছে ক্লাশের ছেলেদের কাছ থেকে স্কুলের খোঁজ খবর নিতে। আজ পনেরো দিনের বেণী স্কুল কামাই হয়েছে।

স্থামাধ্য ডাক্তারের বাড়ি গেছে রিপোর্ট দিতে। মা কলতলায় কাপড-চোপড়গুলোয় সাবান দিচ্ছেন। ঠাকুমা কালীবাড়ি গেছেন চরণামৃত আনতে। উমানাথ উপরে দাড়ি কামাচ্ছেন আজ অফিসে বেরুবেন।

চুপি চুপি পা টিগে টিপে এসে ভেজান দরজাটা ঠেলে ঠাকুমার ঘরে **ঢুকক** মনি। ভিতরটা অন্ধকার। ভয় পেয়ে গেছে। চাপ। গ**লা**য় ডাকল, "পোলাদি ও-পোলাদি।"

চমকে উঠল সাবিত্রা। ঘাড ফিরিয়ে দেখল, হাঁ —এসে দাঁডিয়েছে খরের মাঝখানে। ছোড়দি যে কোণায় আছে ঠিক করতে পারছে না। কাউকে দেখতে না পেয়ে ঘাবড়ে গেছে।

বহুকটে একথানা হাত বাডিয়ে ছোড়নি কাণকণ্ঠে বললে, "আয়।" খাটের পাশে এসে দাঁড়িয়ে ছোট্ট ছ'হাতের মৃষ্টিতে চেপে ধরলে। খাটের পাশে ছিল একথানা জলচৌকি পাতা। তার উপর উঠে দাঁডাল। তারপর বহুকটে ঝুলতে ঝুলতে উঠল খাটের উপর।

ছোড়দি চুপি চুপি বললে, "এ পাশে এসে শুয়ে পড়।" ছোড়দির পায়ের উপর দিয়ে ওপাশে গিয়ে কাথার তলায় লুকিয়ে শুয়ে পড়ল ছোড়দির বৃক্ত ঘেঁষে। ছোড়দি আবার চোখ বৃক্তলে এবং ঘুমিয়েও পড়ল সঙ্গে সংজ।

সমস্ত বাডি থম্ থম্ করছে। পাতি পাতি করে খোঁজা হচ্ছে ঘর, রাল্লাঘর, বাথক্লম, ঠাকুমার ঠাকুর ঘর, ছাদ, বাগান এমন কি বাড়ির সব কটা খাট চৌকির নিচে পর্যন্ত।

পাছে সাবিত্রীর খুম ভেঙ্গে যার এজন্তে চুপি চুপি সব হচ্ছে। উয়ানাথের অফিস যাওয়া মাথায় উঠল। স্থামাধবের কপালের শির থাড়া হয়ে উঠল। বেণীমাধব ছ্'পাশের সব বাড়িতে গিয়ে জিজ্ঞাসা করছে, "আমাদের মনি এসেছে ?"

নিঃশব্দে মাথা খুঁড়ছেন মা, কপালটা ফুলে উঠেছে। থানায় সংবাদ দিতে যাবার জন্ম স্থামাধ্ব তৈরী।

ঠাকুমা পূজা দিয়ে ফিরলেন। সাহস করে কেউ তাঁর সামনে গেল না। উষানাথ মার সামনে থেমে গেলেন। গলা দিয়ে তাঁর শব্দ বেরুল না।

"কি গো বাড়িম্বদ্ধ সব অমন চুপচাপ কেন ?" বলতে বলতে তিনি তাড়াতাড়ি পা চালিয়ে নিজের ঘরে গিয়ে চুকলেন। তাঁর হাতে স্কুল চরণামৃত। সাবিত্রী তাঁর বিছানাতেই শুয়ে আছে কি না। ঘর অন্ধকার। খাটের কাছে এগিয়ে গিয়ে তিনি নিচু হয়ে সাবিত্রীর কপালে স্কুল বেলপাতা ছোঁয়ালেন। ষ্টুইয়ে কাঁথার ভিতর হাত চুকিয়ে সাবিত্রীর বুকে স্কুল বেলপাতা ছোঁয়াতে গিয়ে চমকে উঠলেন: "এ কি ? কে এখানে ?"

ততক্ষণে সবাই দরজার সামনে এসে দাঁড়িয়েছে।

"বৌমা ও-বৌমা শিগ্গির এস এধারে। এ পাজীটাকে এখানে এনে শুইয়েছ কেন? অতবড় অহখ, তোমাদের একটু আজেল নেই ?''

হৃ দৃষ্ড করে সবাই দরের ভেতর চুকল। আত্তে আত্তে কাঁথাখানা সরাতে দেখা গেল, ছোড়দির গলা জড়িয়ে ধরে শুয়ে এই অসময়ে অগাধে ঘুমাচ্ছে ছোড়দির রঘুড়াকাত। তিন সপ্তাহের জ্বরে সাবিত্রীর শুকনো মুখখানি পরম ভৃপ্তিতে উজ্জ্বল। সেও অংঘারে ঘুমাচ্ছে।

षा गा व

বেধে গেল হলস্থল কাও।

অর্থেক রাতে বাড়িম্বদ্ধ মামুষ বিছানা ছেড়ে উঠে চেঁচাতে শুরু করে দিলে। আলাও আলো, লে আও টর্চ, আন্ শিগ্ গির লাঠি ছড়ি-ছাতা জুতো যা' পাস্ হাতের কাছে। তেতলার চিলে কোঠা যেগানে পিসিমার নাড়ু-গোপাল শুরে যুমচ্ছেন এতটুকু একটু মশারির মধ্যে, সেগান থেকে শুরু করে একতলার সিঁড়ির তলার ঘুপসিকোণটুকু পর্যন্ত খোঁজা আরম্ভ ছোল! নিশ্চয়ই আছে কোথাও, না থেকে যাবে কোথায় বেটা। স্পষ্ট শোনা গেছে —কেঁউ কেঁউ—কুঁই কুঁই—কাঁই কাঁই—কাগ্না। একবার নয়, ছবার নয়, অনেকবার শোনা গেছে। এক জায়গায় নয়, বাড়িময় শোনা গেছে। ভুডুড়ে কুকুর বাচ্চা, কেউ দেখতে পাছে না, অপচ ঠিক কেঁদে চলেছে। বাড়িম্বদ্ধ নাম্বেকে নাকানিচোবানি খাইয়ে ছাড়লে একেবারে।

সর্বপ্রথম শুনতে পান মা তাঁর শোবার ঘরের মধ্যে। সে ঘরের খাটে ভিনি শোন ছোট ছেলে নিমু আর তার বড় বোন শাস্তাকে নিয়ে। বাড়ির কর্জা শোন একলা আলাদা ঘরে। কারণ অনেক রাত পর্যন্ত তিনি পড়াশোনা করেন। বড় ছেলে স্ক্রত শোয় নিচে বাইরের ঘরে। আর পিসিমা শোন ছই মেয়ে আরতি আর আরাধনাকে নিয়ে। কুঁই কুঁই কালা শুনে মার ছুম ভেঙে যায়। তাঁর মনে হয় যে ঘরের ভেতরেই হচ্ছে আপ্তরাজ্ঞটা। বিছানা থেকে উঠে তিনি আলো আলেন। কিন্তু ইলেক্ ফিকের আলোয় খাট আলমারির তলার কিছুই দেখবার উপায় নেই। অগত্যা দরজা গুলে তাঁকে নিচে যেতে হয়। টেটটা থাকে স্ক্রত্রর কাছে। সে বেচারা সারা দিন খেটেখুটে এসে নিশ্চিন্তে ঘুমাছিল। মা'র ডাক শুনে উঠে সেও টর্চ নিয়ে লেগে যায় মার সঙ্গে কুকুর বাচ্চা গুলতে। কিন্তু তখন আরম্ভ হয় তাজ্ঞাব কাণ্ড, একবার শোনা গেল বাচ্চাটা ডাকছে নিচের তলায়, তারপরই শোনা

গেল দোতলার বারান্দায়, তারপর—তারপর তেতলার ছাদে। মা ছেলে ছ'জনে নিঃশব্দে কারও ঘুম না ভাঙিয়ে একতলা দোতলা তেতলা ঘুরতে থাকেন। শেবে লাগল এক বিষম ধাঁধা, স্থবতর মনে ছোল কেউ কেউ শক্টা আসছে যেন পিসিমার ঘরের ভেতর থেকে। দরজার গায়ে কান পেতে স্থবত শুনল—হাঁ ঠিকই—ঐ তো কেউ কেউ—কাই কাই—কুই কুই। আর দেরি না করে স্থবত ধাকা। দিতে লাগল পিসিমার দরজায়।

"দরজা খোল পিসিমা, শিগ্গির খোল দরজা, তোমার ঘরে কুকুর বাচ্চ। চুকেছে।"

ঘরের ভেতর থেকে পিসিমার খুমে জড়ানো গলা শোনা গেল—"এঁটা কি বললি ?" দরজায় আরও ছটো ধারু। দিয়ে স্থবত বললে—"কুকুর— কুকুর চুকেছে তোমার ঘরে।"

"जा। कि वननि ? वननि कि (त ?"

আঁতকে উঠলেন পিসিমা। ধড়াস করে ঘরের ভেতর খিলটা আছড়ে পড়ল। টর্চ হাতে ঘরে চুকল স্থত, পেছনে মা, হাতে এক গাছা ছড়ি। ওরা ছ'বোন আরতি আর আরাধনা মশারি থেকে বেরিয়ে বিছানার কিনারায় বসে রইল। নিচে পা দিতে সাহস হোল না ওদের। পিসিমার গলা চড়ল গিয়ে একেবারে সপ্তমে।

"কুকুর বাচ্চা, ই্যারে কুকুর বাচচা কি রে ? শোবার ঘরে কুকুর বাচচা ? আমার সর্বনাশ হরে যাবে যে রে ! বড়ির টিন কটা আচারের হাঁড়ি সব যে ছাই মেঝের নামানো রয়েছে আজ । সদ্ধ্যের সময় ছাদ থেকে নামিয়ে এনে আর তোলবার সময় পাইনি। কে এমন সর্বনাশ করলে রে আমার ঘরে কুকুর বাচচা চুকিয়ে দিয়ে।"

পিসিমার হায় হায়ের চোটে বাবার খুম ভেঙে গেল। দরকা খুলে বেরিয়ে এলেন মোটা বেতের লাটিটা হাতে নিয়ে। এ দরকার বাইরে থেকেই জিক্সাসা করলেন—

"কি ওখানে? কি পুঁজছ তোমরা? চোর না সাপ।"

পিসিমাই আগে জবাব দিলেন—"চোর সাপ হলে তো বাঁচাই যেত রে ভাই. আমার মাধা খেতে ঘরে চুকেছে একটা কুকুর।"

যামিনীবাবু চশমা খুলে রেখে ঘ্মাচ্ছিলেন। চশমা চাড়াই উঠে এসেছেন। কাজেই তাঁর পক্ষে চার হাত তফাতেও কিছু দেখা সম্ভব নয়। দরজার বাইরে থেকেই তিনি তাঁর লাঠিগাছটা বাড়িয়ে দিলেন। দিয়ে ধমক দিলেন মেয়েদের।

"এই আরতি, কোথা গেলি তোরা, ধর না লাঠিখানা। খুব সাবধান, কামডায় না যেন তোদের।"

ঠিক সেই সময় আবার ডাকটা শোনা গেল বারান্দার ওধারে। সঙ্গে সঙ্গে লাফিয়ে উঠলেন যামিনীবাবু।

"এই আরাধনা, কোথা গেলি তুই। নিয়ে আয় শিগ্গির আমার চশমাটা। আমিই বার করভি কুকুরটাকে। নিশ্চয়ই নেহাত বাচচা একটা, ওটা কখনও কামডাতে পারবে না। কোন ভয় নেই, আগে নিয়ে আয় আমার চশমাটা।"

কিন্ত চশমা আর আনতে হোল না। স্থাতই দৌড়ে বেরিয়ে গেল ঘর থেকে। স্নানের ঘরের ওপাশের বারান্দার কোণে একখানা ছেঁড়া ছোবড়ার গলি ভড় করা ছিল। তার নিচে পেকে বার হোল বাচ্চাটা। কালো কুচকুচে এতটুকু একটা কুকুর ছানা। কাঁই কাঁই—কুঁই কুঁই করে বাড়ি মাধার করে ভুললে। একটা কানে ধরে সেটাকে ঝুলিয়ে নিয়ে স্থাত নিচে নেমে গেল।

পিসিমা চেঁচাতে লাগলেন—"ফেলে দিয়ে আয়, দ্ব করে দিয়ে আয়, এত রাতে কোথা থেকে জালাতে এল আপদ।"

সদর দরজা খুলে ছুঁড়ে সেটাকে ফেলে দিলে স্কুত্রত রাস্তায়। করুণ একটা চীৎকার করে উঠল বাচ্চাটা। সদর দরজায় খিল এঁটে স্কুত্রত চলে গেল কল ঘরে হাত খুতে।

আরও কিছুক্দণ হৈ হৈ চলল। কি করে ওটা চুকল বাড়িতে ? নিশ্চমই নরদমা দিরে চুকে পড়েছে, আরতি আর আরাধনার ধারণা, ওটা নেমে এলেছে

ছাদের ওপর থেকে। অতটুকু বাচনা নিশ্চয়ই বাজে ছোঁ দিয়ে নিয়ে যাচ্ছিল, তার থাবা ফসকে পড়েছে ছাদের ওপর, তারপর কখন নেমে এসেছে সিঁড়ি দিয়ে। পিসিমা বললেন—"পই পই করে বলি সন্ধ্যের পর সদরটা বন্ধ রাখতে। তা নয়, রাত দশটা পর্যস্ত দরজা হাঁ হাঁ করছে। একজন না একজন আসছে আর যাচ্ছেই। ও চুকেছে সদর দোর দিয়েই যেখান দিয়ে সবাই ঢোকে। এখন হোল তো, রায়া ভাঁড়ার সব যজিয়ে গেল নর্দমার কুকুরে। কর কি করবে এর বাছ বিচার।"

মা বললেন—"কাল সকালে টাটকা গঙ্গাজল আনিয়ে সব ছিটিয়ে দিলেই হবে।"

বড় মেয়ে আরতি ক্লাস ফাইতে উঠেছে। মৃথ বেঁকিয়ে বললে—"তার সঙ্গে একটু টাটকা গোবর জলও।"

ভাগ্যে কথাটা পিদিমার কানে গেল না। যামিনীবাবু থমক দিলেন স্বাইকে—

"যা, যা, শুয়ে পড় গিয়ে আবার স্বাই, আড়াইটে বাজল প্রায়।"

তথন আবার বাড়ি নিস্তব্ধ হয়ে এল। একে একে সব ঘরের আলো নিজল। পিসিমার ঘরের ভেতর থেকে ঠং ঠং ঠকাস আওয়াজ আসতে লাগল। পেতলের হামালদিস্তেয় তিনি পান ছেঁচতে বসলেন। ঘুম ভাঙলেই ভাঁকে আবার নতুন করে পান মুখে দিতে হয়।

এ ঘরে এসে মা দরজা বন্ধ করলেন। খাটের ওপর ওরা ছই ভাই বোন আঘোরে ছুমোছে। এত বড় ব্যাপারটার বিন্দুবিসর্গও ওরা জানতে পারল না। জানলে আর রক্ষে ছিল নাকি! এতক্ষণে বাড়ি মাথায় করত চেঁচিয়ে। যেমন ছেলে তেমনি মেয়ে। ওদের সামনে থেকে কুকুর ছানাটাকে বাড়ি ছাড়া করতে হলে খুনোখুনি লেগে যেত। আলো নিভিয়ে মশারির মধ্যে ছুকে আন্ধকারেই মা ওদের ছু'জনের মাথায় বালিশ ঠিক করে দিলেন। দিয়ে তরে পড়ে মনে মনে ছাসলেন। কাল সকালে উঠে যথন ভাই বোনে শুনেব

যে বাড়িতে কুকুর ছানা চুকেছিল অথচ ওদের জাগানো হয়নি তখন বাধৰে অনর্থ কাণ্ড। কুকুর, বিড়াল, ছাগল, যার ছানাই হোক না কেন, ওদের হাত ছাড়িয়ে বাড়ির বার করে দেওয়া সহজ কথা নয়।

আর একবার সম্বেহে ওদের মাথায় হাত বুলিয়ে দিয়ে মা এপাশ ফিরে চোথ বুজলেন। আর একটু ঘুমিয়ে নেওয়া দরকার, সকাল হলেই রাজ্যের কাজ তাঁর। খাস নেবারও ফুরসত পাবেন না সেই বারটা একটা প্যস্তু।

কিছুক্ষণ পরেই আবার তিনি চমকে উঠলেন। আবার সেই কুঁই কুঁই—কুঁই
কুঁই। স্থির হয়ে শুয়ে কান পেতে রইলেন মা। কোণা থেকে আসছে ঐ
চাপা আওয়াজটা।

বেশ অনেকটা সময় পার হয়ে গেল। নিমু ঘুমের ঘোরে বিভবিড় করে কি খানিকটা বকে বোধ হয় পাশ ফিরলে। সঙ্গে সঙ্গে আবার কুই কুই কুই। এবার আর ভুল হোল না। আওয়াজটা আসছে বিভানার ভেতর পেকেই। সম্ভর্পণে বিছানা থেকে নেমে মা আলো জাললেন। সাবধানে মশারিটা ভুলে ফেলে এক দৃঠে চেয়ে রইলেন বিভানার দিকে। একটু পরে শাস্তা পাশ ফিরল। আর সেই সঙ্গে আবার শোনা গেল কুকুর বাচ্চার কাল্প। সঙ্গে সঙ্গে মা একটানে ছোট লেপখানা ভুলে নিলেন পুদের গায়ের পুপর থেকে।

বেরিয়ে পডল কুঁই কুঁই-এর উৎপত্তি স্থান। ছই ভাই বোনের মাঝখানে বুকের কাছে রয়েছে কুকুর বাচচাটা। বেশ আরামেই আছে ওদের ছ'জনের শরীরের চাপের মধ্যে। কিন্তু ওরা কেউ নড়ে উঠলেই সেই কুঁই আওয়াজ করে উঠছে।

খাটের ওপর ঝুঁকে মা ভাল করে দেখলেন সব। ভাই বোনের জামা কালো পাঁকে মাথামাথি। একটা বিশ্রী হুর্গন্ধও তিনি পেলেন। নরদমার পাঁক থেকে যে জীবটিকে উদ্ধার করে আনা হয়েছে, এটুকু বুঝতে তাঁর একটুও কই হোল না। তথন হু'হাতে হু'জনের নড়া ধরে টেনে ভুলে বসাতে গেলেন। বসবে কে, ওরা চোখও চাইলে না, পাঁই ভূই করে আবার তরে পড়তে গেল। মা আর সামলাতে পারলেন না নিজেকে। মেয়ের চুলের মুঠি ধরে দিলেন ছুই ঝাঁকুনি। ছেলের গালে বসিয়ে দিলেন ঠাস করে একটি ছোট্ট চড়। তাতেও ওরা কেউ চোথ চাইলে না। ছেলে শুরু করলে গলা ফাটিয়ে চেঁচাতে। মেয়ে ছু'হাতে ছু'চোথ রগড়াতে আর ফোঁস ফোঁস করতে লাগল।

আর তার সঙ্গে তাল রাখবার জন্তেই বোধ হয় বাচ্চাটা জুড়ে দিলে কারা।
একটা চাপা ধমক দিলেন মা—"শিগ্গির বল, কুকুর ছানা এল কোথা
থেকে ?"

হঠাৎ ঝপ্করে ছ্'জনের গলা বন্ধ হোল। ছ্'জনেই ফ্যাল ফ্যাল করে চেয়ে রইল বাচচাটার দিকে।

ছই চাঁটি পডল ছ'জনের মাথায়।

"বল শিগ্গির কোথা থেকে আনলি ওটাকে ?"

উত্তর নেই কারও মুখে। বোনটি সভয়ে একবার বাচ্চাটার দিকে একবার ম'ার মুখের দিকে চাইতে লাগল। ভাইটি কি ভেবে খপ করে বাচ্চাটাকে ধরে কোলে ভুলে নিয়ে নিজের ছোট সার্ট দিয়ে চাপা দিতে চেষ্টা করতে লাগল।

আবার গর্জন করে উঠলেন মা— "কথন আনলি ওটাকে ?" বলে মেয়ের মুখের কাছে চড় তুললেন।

খুব গন্তীর ভাবে মাথা ছ্লিয়ে ভাই বললে—"ওল নেই, এতা আমাল, আমি আনি।"

সঙ্গে বিচিত্র স্থরে ভেংচে উঠল বোন—"আ-হা-হা আরাদে ছেলে, ওটা আমার, আমি এনেছি। ঐ দেখ নেজটা সাদা। তোরটার কালো লেজ, সেটা পালিয়েছে।"

চট করে নিজের জামাটা তুলে নিম্ একবার দেখে নিলে বাচ্চাটাকে।
দেখে তার মুখ শুকিয়ে গেল। সত্যিই লেজ্ফটা সাদা। কিন্তু তা' বলে
হাতেরটা তো আর হাতছাড়া করা যায় না। আরও জোরে বাচ্চাটাকে চেপে
ধরলে নিজের পেটের সলে।

আবার একটা ধনক দিলেন মা—"বল শিগ্গির, কখন আনলি ও ছটোকে ?" জবাব দেবার জন্মে গেয়ে একবার হাঁ করলে। হাঁ করেই আবার টপ্করে মুখ বুঁজে কেললে মায়ের মুখের দিকে তাকিয়ে।

ছেলে বেপরোয়া। গন্ধীর ভাবে বললে—"মাস্ক।"

চোথ কুঁচকে মা বললেন—"মান্ত, নিকুচি করেছে তোর মান্তর। নরদমা থেকে কুকুর এনে বিছানায় ভূলে এখন মান্ত করা ছচ্ছে। দাঁড়া আজ তোদেরই একদিন না আমারই একদিন।"

বলে তিনি আবার দরজার খিল খুলে বেরিয়ে বারন্দায় দাঁড়িয়ে চেঁচাতে লাগলেন, "হ্বো, এই হুবো।"

স্কৃত্রত উঠে এল ওপরে, আরতি সার যারাধনা বেরিয়ে এল পিসিমার ঘর থেকে। ছেঁচা পানটুকু মৃথে দিয়ে পিসিমাও এলেন। যামিনীবাবু এবার চশমা চোথে দিয়েই এলেন। সবাই এসে দাড়ালেন খাটের সামনে। শাস্তা আর কিছুতে মাথা তুলতে পারে না। নিমু তথন প্রাণপণে চেপে ধরে আছে বাচ্চাটাকে নিজের কোলে আর বছ বছ চোথের কাতর দৃষ্টি সকলের মুখের ওপর ফেলে বোঝাবার চেই। করছে যে কুকুর বাচ্চা টাচ্চা নয় শুধু মান্ত। তার মত মান্ত, তাকেও সকলে কোলে নিয়ে আদর করে মান্ত বলে, এও ঠিক—তাই। তয় পাবার মত বা বাডিম্বন্ধ সকলের বিছানার ধারে এসে দাঁড়িয়ে চোখ পাকিয়ে চেয়ে থাকবার মত কোনও ব্যাপার হয়নি।

মান্ত কিন্ত কাঁই কুঁই করে প্রবল প্রতিবাদ করেই চলেছে। অর্থাৎ সে বোঝাতে চায় যে সে মান্ত ফান্ত কিছুই নয়, একটা নেডা কুন্তার বাচচা মাতা। নরদমার পাঁকেই বেশ ছিল, এখানে খাট গদির ওপর নিমুর কোলে উঠে আদর খাওয়া তার ঠিক পোষাচেছ না।

অবশেষে মান্তর মতেই সকলে মত দিলে। স্থান্ত তার একটা কান ধরে এক ইেঁচকায় ছিনিয়ে নিলে নিমুর কোল থেকে। নিয়ে ছিটকে বেরিয়ে গেল বর থেকে। দোতলার বারনায় দাঁড়িয়েই সজোরে ছুঁড়লে সেটাকে। পাঁচিল

টপকে ওপাশের মাঠে গিয়ে পড়ল বাচ্চাটা। একবার মাত্র বড় করুণ একটা আওয়াজ হোল। তারপর নিস্তব্ধ।

হায় হায় করে উঠলেন মা—"আহা হা, মেরে ফেললি রে, মেরে ফেললি বাচ্চাটাকে।"

বাইরে থেকেই একটা ধমক দিলে স্থত্ত—"গোল্লায় যাক্, আদ্দেক রাতে বার বার ঘুম থেকে তোল কেন আমায়।" বলতে বলতে ছুমদাম করে পা ফেলে নিচে নেমে গেল।

পিসিমা বললেন—"মরতে বয়ে গেছে ওর। কুকুর ছানা আবার মরে সহজে, তোমারও যত আদিখ্যেতা বউ। নাও এখন কি করবে কর। বিছানা মাছ্র সব পাঁক মাখামাখি। ছেলে মেয়ের দিকে তো চাওয়াই যায় না, যেন সম্ম উঠে এল নরদমা থেকে।"

যামিনীবাবু হকুম দিলেন—"এই আরতি, তোরা ছু'বোনে গিয়ে জল গ্রম করে আন। আগে ওদের ছু'জনকে নাওয়ান হোক। কি জানি, কত রকমের ব্যাদিলারী আছে ঐ পাঁকে।"

আরতি বললে—"নাওয়াবার আগে লাগাতে হয় ত্ব'জনকে বেত। পাজী চোর কোথাকার। চোরের মত লুকিয়ে আনছে নরদমার কুকুর বিছানায়।"

' আরাধনা অতি সংক্ষেপে বললে—"ওদের ছ্'টোকেও দাদা অমনি নড়া ধরে ছুঁডে ফেলে দিয়ে যেত তো আপদ যেত।"

বলে ওরা ছু'বোন নিচে জল গরম করতে গেল। পিসিমা গেলেন নিজের ঘরে। থামিনীবাবু তখন এগিয়ে গেলেন বিছানার দিকে।

মা বললেন— "আহা হা, তুমি আবার ছুঁও না ওদের। দাঁড়াও আগে স্থান করিয়ে দি।"

কথাটা তিনি কানেও তুললেন না। বিছালার পাশে দাঁড়িয়ে বললেন— "কই, উঠে আর তোরা। জামা খুলে দি। ও রকম করে বলে আছিল কেন?" অতক্ষণ পরে একজনের কাছ থেকে স্নেহের আহ্বান শুনে শাস্তা ফুঁপিরে কেঁদে উঠল। নিমু এবার মুখ খোলবার ফুরসত পেলে। ছোট ছোট ছ'খানি হাত উল্টে বললে—"বাবা, মাস্ক, ছুঁরে দিলে—দাদা" বলে বাইরের বারান্দার দিকে হাত ছ'খানা ছুঁড়ে দেখিয়ে দিলে। হঠাৎ কি হোল কে জানে, ছেলের বলবার চঙ্ দেখে বা তার অন্তুত গলার আওয়াজ শুনে মা আর থাকতে পারলেন না। টপ্ করে ছ'হাতে সেই পাঁক মাখা ছেলেকেই বৃকে তুলে নিমে বললেন—"না বাবা, ও কুকুর নিতে নেই। সকাল ছোক, ভোমায় একটা ভাল কুকুর এনে দোব।"

মার মুখের দিকে চেয়ে নিমু বললে—"নেই, মরে গেল. কানছে।" ছেলের অস্বাভাবিক চাউনির দিকে চেয়ে মার বুকের ভে হরটা কেমন মেন মুচড়ে উঠল। ততক্ষণ শাস্তাকে থামিনীবাবু বোঝাছেনে যে ওাঁর অফিসের বড় সাহেবের কুকুর ছ'টা বাচচা দিয়েছে, তার ছুটো তিনি কালই এনে দেবেন ছুই ভাইবোনকে। এই এত টুকু টুকু লাল লাল বাচচা, গায়ে থোবা লোম।

তারপর গরম জল এল, সাবান এল। বিছানার চাদর বালিশের ওয়াড় মশারি সব খুলে ফেলা হোল। ওদের ভাই বোনকে স্নান করান হোল। রাত প্রায় শেষ হয়েই গেল। শাস্তা বা নিমুমুখ বুঁজে সব কিছু সহু করলে। তথু মনে হোল বোনটি যেন কান পেতে কিছু শোনবার চেটা করছে। ভাইটি মাঝে মাঝে ঐ এক কথাই বলছে—"মাস্ত, নেই, মরে গেল, কানছে।"

পর দিন দশটার মধ্যে বাভি গালি হয়ে গেল। যামিনীবাবৃ স্থতত চলে গেলেন অফিসে, আরতি আরাধনা গেল কুলে। ওদের ছই ভাইবোনকে নাইয়ে থাইয়ে দিরে মা গেলেন কাল রাতের বিছানা মশারি কাচতে। পিসিমা তখনও তেতলার ঠাকুর ঘরে তাঁর নাড়ুগোপালের সেবার ব্যন্ত। নিমু আর শান্তা দোতলার বারান্দার বসে নিজেদের ছোট্ট ঘরকরা নিরে মশগুল। তিনটে বিকুটের টিন বোঝাই ওদের সংসার। কি না পাওরা

যাবে তার মধ্যে। শাস্তার ছেলেমেরেদের বিছানা মান্ত্র মশারি—ইাড়ি কুড়ি পুঁতির মালা জামা কাপড় আর নিমুর একপাল জন্ধ জানোয়ার। কারও হাত নেই, কারও নেই মাথাাই, কারও বা ধড়টাই আলাদা হয়ে গেছে। তা যাক, তবু তাদের যত্ন আছে, তাদের নাওয়ানো খাওয়ানো ঘুম পাড়ানো সবই যথাযথ ঠিক চলছে। হঠাৎ প্রয়োজন হয়ে পড়ল চাট্টি টাটকা ঘাসের। কারণ এবার রথের মেলা থেকে পিসিমা যে গরুটা এনে দিয়েছেন শাস্তাকে, যার নিচে একটা ছোট্ট বাচচা পর্যস্ত ছিল, এখন অবশ্য নেই, নিমু উপড়ে নিতে গিয়ে টুকরো টুকরো করে ফেলেছে, সেই গরুটাকে টাটকা ঘাস জল দেওয়ার জরুরী প্রয়োজন বোধ করে বড় বোন শাস্তা ছোট ভাই নিমুকে খোশামুদি করতে লাগল—'খা না ভাই। লক্ষ্মীট, একবার নিচে গিয়ে কলতলার পাশের দরজা দিয়ে বেরিয়ে এক মুঠো ছুরো নিয়ে আয়—। পিসিমার ঠাকুরের ছুরো আনে যেখেন থেকে। ঐ যে দরজার ওধারেই রয়েছে ভালো ছুরো। যাবি আর আসবি। ছুটে যা। আমি ততক্রণ কুটনোটা কুটে নি।"

বলে ছ'পয়সা দামের বঁটি পায়ে করে টিপে বসে রায়া ঘর থেকে সংগ্রহ করা কপির পাতা কুচোতে লাগল।

টলতে টলতে সি^{*}ড়ির মাথা পর্যন্ত গিয়ে নিমু ছ'হাত ছ'ধারে প্রসারিত করে শেষ বারের মত ভাল করে জিজ্ঞাস। করে নিলে—''থোলদি— এই এত ?"

শাস্তা তথন ভয়ানক ব্যস্ত। ওধারে সে না চেয়েই বললে—''হাঁ। হাঁ।,

ঐ যে বললুম, চাট্টিখানি নিয়ে আসবি।''

তখন সিঁড়ির রেলিং ধরে আন্তে আন্তে নামতে লাগল নিমু।

কুটনো কোটা হয়ে গেল, বাটনা বাটা হয়ে গেল। একটা বিস্কৃটের টিন খালি করে সব কটা মাটির আর কাঠের ছেলেমেয়েদের জামা কাপড় ছাড়ানো হোল তখনও না ঘাস না ঘেসেড়া। শেষে বাধ্য হয়ে উঠতে হোল শাস্তাকে। কূপি চুপি পা টিপে টিপে নেমে গেল নিচে। কলছর থেকে কাপড আছড়ানোর শব্দ আসছে। উঠোন পার হয়ে কলতলার পাশের ছোট দরজা দিরে বেরিয়ে গেল শাস্তা। কই! কোথায় নিমৃ ? সামনের পোড়ো জারগাটার—শুধু ছটো ছাগল চরছে। ওপাশের বড বাড়ির বারান্দায় রোজ যেমন ঝোলে তেমনি কাপড় ঝুলছে। ডান দিকে বাড়ির গামনের রাস্তা। তাড়াতাড়ি সেই রাস্তায় গিয়ে দাঁড়ালো শাস্তা। না, কোনও দিকে কেউ নেই তো। ঠিক এই সময়টা রাস্তায় থাকেও না কেউ। এগারে চেঁচিয়ে যে ডাকবে তারও উপায় নেই। মা পিসিমা জানতে পারবে যে ওরা বাড়ি থেকে বেরিয়েছে। তা' হলেই চিজির। নাথায় একটা ঝাঁকুনি দিয়ে চুলগুলোকে ঘাডের ওপর ফেলে শাস্তা এগোলো। কোথায় গেল ছুইু ছেলে। একবার ধরতে পারলে এমন টান টানবে চুল ধরে শাস্তা যে চোগ দিয়ে জল বার করে ছাডবে।

করেকটা বাড়ি পার হতেই ওদের বাড়ির সামনের রাড়াটুকু গেল ধুরিয়ে।
এবার বড রাডা, পিসিমা বলেন ঐ রাডা গরে—এগারে ওগারে যেগারে মাও
—সেই দিল্লী বোখাই পৌছে যাবে। ও রাডায় পা দিলে আর রক্ষা নেই।
দিদিরা অবশ্য শুধু কুলেই যায় ওই রান্তা দিয়ে। আবার ফিরেও আসে।
শাস্তা আর একটু বড হলে কিন্ত ফিরবে না, শুধু চলবে চলবে আর চলবে।
যতক্ষণ না পৌছবে গিয়ে সেই দিল্লী—দিল্লী বোখাই। কিন্তু গে তে। হবে যথন
বড় হবে, এখন গেল কোণায় ঘাস কাটতে ছাইটা!

হঠাৎ পেছনে ডাক শুনতে পেল শাস্তা—"থোলদি, থোলদি।"

বাট্ করে পেছন ফিরে দেখতে পেলে, ঐ যে ছেলতে ত্লতে এগিয়ে আসছে।

ভাইকে দেখে ধড়ে প্রাণ এল শাস্তার। তাড়াতাড়ি এগিরে গেল চুলের মৃঠিটা ধরবার জন্তে। ভাইও থপ থপ করে এগিরে আসছে। কাছাকাছি হতেই ভাই বলে উঠল—"থোলদি, মান্ত, পা' বলে ঘাড় উল্টে মুখ বেঁকিরে দেখিরে দিলে উল্টে উল্টে পড়ে যাছে মাত্ত।

বোন বুঝে ফেললে তৎকণাৎ। বললে—"কোথায় রে ? কই মান্ত ? পা ভেঙেছে বুঝি ?''

বোনের হাত একখানি হু'হাতে আঁকড়ে ধরে ভাই টানাটানি জুড়ে দিলে।
ফিস্ ফিস্ করে বলতে লাগল—"মান্ত, মান্ত, কানে।" বলে ঠোঁট ফুলিয়ে
কান্না দেখালে। নিজের একখানা পায়ে হাত দিয়ে বললে—"কন্তো, হাঁতে পায়ে না।" চোখ বড় বড় করে শাস্তা বললে—"পা ভেঙেছে বুঝি তাই হাঁটতে পারে না।"

ভাই বোনের চোখের দিকে চেয়ে বললে—"মাস্ক, কানে।"
বোন শুধু বললে—"চল শিগ্গির, কোথায় মাস্ক, নিশ্চয়ই পা ভেঙেছে।"
বড় রাস্তার ওপরেই খানচারেক বাড়ির পরে এসে দাঁডালো ভাই বোন।
নিমু বললে—"ঐ মাস্ক, এত।" বলে দিদির হাতে টান দিলে।

দিদি একবার দেখে নিলে এধার ওধার। না কেউ নেই, কেউ দেখছেও না। দরজাটা সামান্ত খোলা রয়েছে। টুপ করে একবার দেখে এলে কি হয় ! আহা, কুকুর বাচ্চাটা যদি মরে যায় ! আর বেশী না ভেবে ভায়ের হাত ধরে টুপ করে চুকে গেল সেই আধ ভেজানো দরজার ভেতর।

ঘরটার ভেতর কেমন যেন মোটর গাড়ি মোটর গাড়ি গদ্ধ। পায়ের তলায় কি যেন চটচট করে উঠল। শাস্তা ভাবল, যাক গে, তার চেয়ে ভাইটাকে নিয়ে পালাই এখান থেকে। ঘরের ভেতর অন্ধকার, ভাল করে কিছু দেখাও যায় না। সে চুপি চুপি বললে—"কই রে, কই তোর মান্ত ?"

ভাই বললে—"এত" বলে হাত ধরে টানতে লাগল। শেষে ওরা গিয়ে পৌছল ঘরের কোণে। ততক্ষণ বেশ স্পষ্ট দেখতে পাচ্ছে সব কিছু শাস্তা। হাঁ, ঐ তো রয়েছে, মরার মত পড়ে রয়েছে বাচ্চাটা গোটাকতক টিনের পাশে— এধারে একখানা মোটরের চাকাও দাঁড় করানো রয়েছে।

শাস্তা ভাড়াভাড়ি গিয়ে বাচ্চাটাকে কোলে ভূলে নিলে। ষড় ষড় ঘটাং। বিকট শব্দ শুনে তুই ভাই বোনই চমকে উঠে পিছন ফিরল। ফিরে দেখলে দরজাটা বন্ধ হয়ে গেছে। ঘরটা হয়ে গেল আরও অন্ধকার, শুধু দরকার কাঁক দিয়ে যেটুকু আলো আসছে।

নিমু চাপা গলায় ভুকরে কেঁদে দিদিকে জড়িয়ে ধরল। দিদি ভায়ের
মাথাটা বুকের সঙ্গে চেপে ধরে বললে—"চুপ, চুপ কর।" বলে সভয়ে চেয়ে
রইল বদ্ধ দরজাটার দিকে।

এক রাশ ভিজে বিছানার চাদর মশারি কাঁপে নিয়ে মা তেওলার ছাদে যেতে যেতে দেখলেন দোতলার বারান্দায় জিনিসপত্র ছাড়ানো। ছেলে মেয়ে নেই। ভাবলেন ঘুমিয়ে পড়েছে বোপ ছয় ঘরের মধ্যে। নয়ত করছে চুপি চুপি একটা 'অনাচ্ছিষ্টি' কাণ্ড। ভিজে কাপড়গুলো ছাদে মেলে দিয়ে এসে উকি মেরে দেখনেন ঘরের মধ্যে, এই ভেবে তিনি ওপরে চলে গেলেন।

ঠাকুর ঘর থেকে পিসিমা বললেন—''অনেকক্ষণ থেকে ওদেব আওয়াজ পাচ্ছিনি যে বউ, গেল কোথায় সব ?''

মা বললেন—''করছে নিশ্চয়ই একটা সর্বনাশ ছু'জ্বনে নিশ্চিত্তি হয়ে।

যাই দেখি গিয়ে।'

নেমে এলেন ছ্'জনেই নিচে। ঘরে ঘরে খুঁজলেন। একতলা দোতলা তেজলা রাল্লাঘর ভাঁড়ার ঘর কোথাও দেখতে আর বাফি রইল না।

তথন চেঁচামেচি চীৎকার। পাড়ার লোক ছুটে এল। আধ ঘণ্টার মধ্যে যামিনীবাবু এলেন। স্থাত এল তার মিনিট পনেরো পরে। তারপর আরম্ভ হোল তুমুল ব্যাপার।

থানা থেকে রেডিও লাগানে। গাডি ছুটল। বড রান্তার ওপরে চারখানা বাড়ি পরেই থাকেন পুরন্দর বোস। পুলিশের মন্ত বড় অফিসার। পাড়ার লোক তাঁকে ফোন করে দিলে অফিসে।

ছু'জন অফিসার সঙ্গে নিয়ে নিজেই তিনি তাঁর গাড়ি চালিছে এসে পড়লেন। নানা রকম কাণ্ড করতে লাগলেন তাঁরা। মেঝের ওপর পারের ছাপ নিলেন। ফটো তুললেন। পাড়াহদ্ধ মাহ্ম্বকে জিজ্ঞাসা করে করে একেবারে নান্তানাবৃদ করে ছাড়লেন। প্রন্দরবাবৃর স্ত্রী পুত্র কন্তাও এসে গেলেন বাড়ি থেকে। তাঁরা শান্তা নিমূর মা পিসিমাকে শান্ত করতে লাগলেন। কিছুতেই কিছু হোল না।

শেষে এল একটা বৃহদাকার কুকুর। পুলিশের গাড়ি চেপে এল কুকুরটা। ওপরের বারান্দায় সেই খেলনার বাক্সর সামনে নিয়ে কুকুর ছেড়ে দিলে। সেই কুকুরটাও আবার সব কটা ঘর মজালে। সব ভঁকলে, এমন কি বিছানার ওপর পর্যন্ত উঠে ওদের মাধার বালিশ ভঁকে এল। পিসিমার ঘরেরও আর কিছুই বাকি রাখলে না ভঁকতে। মুখ বুঁজে সবই সহু করলেন পিসিমা। তথনও ক্ষীণ আশা যদি কুকুরটা খুঁজে বার করতে পারে ছেলে মেয়ে ছটোকে।

সারা বাডি যজিয়ে কুকুর বেরুল কলতলার পাশের ছোট দরজা দিয়ে।
পুরন্দরবাবু যামিনীবাবু স্থবত পিসিমা সনাই চললেন তার পিছু পিছু। শুধু মা
ওপরের ঘরে মরার মত মেঝেয় পড়ে রইলেন উপুড হয়ে।

বাড়ির পাশে প'ড়ো জমিটায় গোটাকতক চক্কর দিয়ে কুকুর চলল রাস্তা ধরে। বড় রাস্তার মোড়ে পৌছে বারকতক ঘুরলে মুখ নিচু করে। তারপর চলল ডান দিকে। ততক্ষণে প্রায় শ'খানেক মামুষ চলেছে কুকুরের পেছনে।

হঠাৎ থামল কুকুরটা। তারপর আরম্ভ করে দিলে লক্ষ্ণ ঝক্ষা।
পুরন্দরবাবু বললেন—"আমার বাড়ির সামনে ওরকম করছে কেন কুকুরটা।"
তাড়াতাড়ি সকলে গিয়ে পৌছলেন সেখানে।

পুরন্দরবাবুর গ্যারেজের বন্ধ দরজার ওপর কুকুর বারবার ঝাঁপিয়ে পড়তে লাগল। পুরন্দরবাবু চীৎকার করে উঠলেন—"থোল, থোল জলদি দরজা।"

চাবি नियः ছুটে এল তাঁর দরোয়ান।

চাবি थूरल इ'हार७ ছটো কপাট সজোরে ঠেলে দিলে।

वारेरतत चारला चात—इ'रना त्काफ़ा ककूत मृष्टि शिरत পफ़ल गारतत्कत मरशुः। একটা হংকার দিয়ে কুকুরটা গিয়ে ঝাঁপিয়ে পড়ল সামনে। প্রাণপণে চীৎকার করে উঠল শাস্তা।

অত-জোড়া চকু এক সঙ্গে দেখতে পেলে একেবারে কোণে গোটাকতক পেট্রলের টিনের পাশে ভইটিকে কোলে নিয়ে বদে আছে শাস্তা। তার চোখ মুখ ফুলে উঠেছে কাঁদতে কাঁদতে। ভাইটি বোধ হয় এতকণ খুমচ্ছিল, জেগে উঠে ভ্যাবাচাখা থেয়ে চেয়ে রইল মস্ত বড় কুকুরটার দিকে।

শাস্তা হ্ব'হাতে ভাইকে আঁকড়ে ধরে আর্তনাদ করছে।

পুরন্দরবাবু চীৎকার করে উঠলেন—"ধর, ধর শিগ্ গির কুকুরটা।"

একজন অফিসার ছুটে গিয়ে ধরলে তাকে। কিন্তু টেনে আনে কার সাধ্য। কুকুর ঝাঁপিয়ে পড়তে চায় ওদের ভাই বোনের ওপর।

যামিনাবাবুও ভয়ে এগুতে পারেন না সামনে। পুরন্দরবাবু বললেন—"কি আশ্চর্য। ওরকম করছে কেন কুকুরটা ? দেখ তো তে কি আছে ওদের কাছে।"

একজন অফিসার এগিয়ে গিয়ে শাস্তা নিমুকে টেনে তুললেন।

তথনও বিকট হুংকার দিয়ে ওদের ঘাড়ে ঝাঁপিয়ে পড়তে চা**র প্লিশের** কুকুরটা। ছু'জন লোকে তাকে টেনে রাখতে পারছে না।

পিসিম। ছুটে গিয়ে নিমুকে ভাপটে ধরলেন। ধরেই তৎক্ষণাৎ তাকে ছেড়ে দিলেন। তথন বার হোল একটা কুকুর ছানা—নিমুর ছোট্ট সার্টিটার তেতর থেকে।

সামান্ত শব্দ হোল, বাচ্চাটা পড়ল নিমুর পায়ের কাছে।

পুরন্দরবাব বললেন—"ঐ কুকুর বাচ্চাটার জন্মেই এই কুকুরটা অমন ক্মেপেছে।" ছ'জনের হাত থেকে ছিটকে বেরিয়ে গেল প্লিশের কুকুরটা। গিয়ে সেই বাচ্চাটাকে ভ'কতে লাগল।

পাশেই দাঁড়িয়ে নিমু। তখনও সে বলছে—"মান্ত মান্ত।"

মাস্ত কিন্তু আর নড়ল না। অনেকক্ষণ মরে গেছে সে। মরে একেবারে কাঠ হরে গেছে।

পা য় রা

সন ১৪০১।
শকাকা ১৯১৬।
চৈতক্সাকা ৫০৯।
সংবৎ ২০৫১।
হিজরী ১৪১৪।

পঞ্চিকার পাতায় রাষ্ট্রগত বর্ষফল পড়ে দেশস্ক লোকের মন খারাপ হয়ে গেল। লেখা আছে ''জ্যোতিব শাস্ত্রে অষ্ট্রম স্থান হতে মৃত্যুর কারণ বা মরণের বিচার করতে বলেন। শুক্রাচাধকে বর্তমান বর্ষে নানাপ্রকার মারণাস্ত্রের সাধনায় আমরা ময় দেখবো।" এই পর্যন্ত পড়ে অনেকে কপাল কুঁচকে বললেন, "আবার জ্ঞালালে দেখছি ব্যাটারা।" রষ্ট্রগত বর্ষফল তারপর আর কেউ পড়লেই না। কারণ সকলেরই যথেই আস্থা ছিল আমাদের সাফল্যজনক পররাষ্ট্রনীতির ওপর। আমরা জ্ঞানতাম যে কোন ব্যাটাই কিছু করতে পারবে না আমাদের।

পাঁচে পাঁচে পাঁচিশটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার ধাক্কা সবে আমরা সামলে উঠেছি তখন। দেশের যাবতীয় নদ নদী খাল বিল মায় নালা নর্দমা পর্যন্ত বালি সিমেন্ট পাথর আর লোহালকড় দিয়ে বাঁধানো হয়ে গেছে। তার ফলে পাছিছ আমরা বিদ্বাৎ। জলবিহ্বাৎ। সে বিহ্বাতে আলো জলছে আবার আশুনও জলছে। জললেও সে আগুনে পুড়ছে না কিছুই কারণ জলবিহ্বাৎ যে। একেবারে অহিংস আগুন।

কি পরিমাণ বিদ্বাৎ পাচ্ছি তার অঙ্ক শুনিরে কিছুই লাভ হবে না। অত-গুলো শৃত্ত বসানো বিরাট সংখ্যাটা কারও মনে থাকবে না। তবে একটি কথা মনে রাথলেই যথেষ্ট হবে যে সে সমর আমরা স্কইচের ব্যবহার একেবারে ভূলে সিরেছিলাম। মাত্র একটি স্কইচ ছিল তথন দেশে। সেটি ছিল আমাদের

স্বরাষ্ট্র মন্ত্রী মশায়ের শোবার ঘরে তাঁর খাটের সঙ্গে আটকানো। তাতেই তামাম দেশের সমস্ত আলো জলবে আর নিভবে। কিন্তু মন্ত্রী মহাশর কখনও সেই স্মইচে হাত দিতেন না। আহা, জলুক না। অত বিদ্বাৎ নয়ত কোন কাজে লাগবে। দিবারাত্র অষ্টপ্রহর নিরবচ্ছিন্নভাবে তামাম দেশ জুড়ে জ্বলছে সব কটি আলো অর্থাৎ দেশ থেকে তখন অন্ধকারকে বেঁটিয়ে বিদেয় করতে পেরেছি আমরা। এমন কি অজ্ঞানতার অন্ধকার পথস্ত বিদেয় হয়েছে প্রতিটি লোকের মনের কোণ থেকে। হয়েছে বিশ্ব্যুতের সাহায্যে। দেশের প্রতিটি লোকের জন্মে একথানি করে বৈছাতিক চেয়ার বানানো হয়েছে। মেয়ে পুরুষ খোকা খুকী দবাই দিনে একবার আর রাতে একবার মাত্র পনেরো মিনিট করে त्में एक शांदित वरम थारक। महत्र महत्र मरानद रमलक्ष्मा कांग्रेख थारक क्रों ফাট করে। ফলে ব্রহ্মজ্ঞান থেকে যৌনজ্ঞান পর্যন্ত ভাবৎ জ্ঞান আর ইলেক্ট্রো ইউজিনিক্স থেকে সাইকোএনালিসিস পর্যন্ত (স্থপ্রশ্বন বিদ্যা পেকে মনঃসমীক্ষণ) সমস্ত রকম বিজ্ঞানের আলোয় মনটা একেবারে ঝলসে যায়। তার ফলে যে ছেলেটি সবে মাত্র—মায়ের বুকের ত্থ ছেড়েছে সেও অনায়াসে তার আশী বছরের পিতামহের সঙ্গে মন প্রাণ খুলে ছনিয়ার যাবতীয় উচ্চাত্ আর নিমান গুরুতত্ত্তলি নিয়ে আলোচনা করে পরমানন্দ লাভ করে।

কাজেই সে সময় দেশের সব কটি দৈন বা নৈশ বিভালয় উঠে গেছে।
মান্টার মশার আর দিদিমণিরা অক্ত কাজে লেগেছেন। এমন কিছু শক্ত কাজ
নয়। তুলগী বুক্ষের নির্যাস বার করে বৈছ্যতিক চুলায় জ্বাল দিয়ে তার
বাপাকে আবার ঘনীভূত করে এক রকম পানীয় প্রস্তুত করছেন তারা।
দেশক্রম লোক সেই বিছ্যুৎগর্ভ পানীয় নারকেলের মালায় করে নিয়ে ঢক ঢক
করে গলায় ঢালছে। চুক চুক করে চেখে চেখেও খাচ্ছে জনেকে। তার
পর ঘণ্টার পর ঘণ্টা সমানে সমাধিত্ব থেকে পরমানকে কাল কাটাছে।
রাভায় ঘটে জ্বলিতে গলিতে দোকান খোলা হয়েছে। তুল্গী নির্যাসের
দোকান। সে সব দোকানে টেবিল চেয়ার পাতা নেই। আছে কুশাসন,

মোটা মোটা আদৎ বেনারসী কুশাসন। সেই কুশ দ্বারা নির্মিত পবিত্র আসনের ওপর বসে আচমন করে পবিত্র নারকেলের মালা তরতি পবিত্রতম তুলসী নির্যাস গল করে •গলায় ঢালছে লোকে আর সঙ্গে সঙ্গে নির্ঘাৎ নিকম্প দীপশিখার মত স্থির হয়ে বসে থাকছে। অর্থাৎ কিনা ব্রহ্মানন্দে মগ্ল হয়ে যাচছে।

চায়ের দোকানগুলো উঠে গেছে। আপদ পেছে। তা' বলে চায়ের দোকানের ছেলে ছোকরারা বেকার হয়ে পড়েনি। তারা নিযুক্ত হয়েছে অন্ত একটি কুটিরশিল্পে। নারকেলের শাঁস থেকে তৈল বার করে নিয়ে তার সঙ্গে চা পাতা জ্বাল দিয়ে এক রকম রঙ তৈরী করছে। সেই রঙের চাহিদা দেশে সব চেয়ে বেশী। সব কিছুই এক রঙে রঙিন করে ফেলা হচ্ছে किना। कात्रण आमार्तित (ठेकनिक (ठामन) इत्क गर এक करत रक्ना। ভেদাভেদ খুচিয়ে ফেলা। রঙ হচ্ছে গুণ, ব্রহ্মের কোন রঙ নেই তাই তিনি নিও প। আমরাও নিওপি হবার সাধনা করছি। সেই সাধনায় সিদ্ধি লাভ করবার জন্মে নারকেল তেলে চায়ের পাতা জ্বাল দেওয়া বিশুদ্ধ উদ্ভিদজাত রঙে রঙিয়ে নেওয়া হচ্ছে সমস্তই। জুতো গাড়ি ছাতা বাড়ি হাঁড়ি কলসী লেঙট বক্ষবন্ধনী, ঠোট গাল হাত পায়ের নথ, কপালের সিন্দুর তিলক এমন কি চাঁদনী প্রথায় ধান চাষ করবার বৈছ্যতিক লাঙ্গলগুলো পর্যস্ত। যেদিকে চাও চোখ জুড়িয়ে যায়। আহা সব এক রঙে রঙিন। চিত্ত-বিক্লোভের আর বিন্দু-बाज मञ्जादना (नरें। 'चूरह श्राह्म एकारजन — (नरें चात कांत्र अरनत रथन' এই মহাসম্বীতটি সকালে বিকালে আঠাশ বার করে রেডিওতে বাজিয়ে শোনানো হচে।

সব কিছুই বাজিয়ে শোনাতে হচ্ছে। কারণ চোথ চেয়ে দেখবার কইটুকু খীকার করিতে আমরা কেউ প্রস্তুত নই। তার প্রয়োজনও নেই। কি দেখবে ? দেখবার:আছে কি এই ছ্নিয়ায় ? সবই সেই এক এবং অদিতীরের বিভিন্ন ক্লপ । তখন দিব্য চকু কুটে গেছে কি না আমাদের। সেই জন্তেই বেলাই থেকে চণ্ডীপাঠ পর্যন্ত সমন্ত রক্ষের পেশার জাকিরে বলে ছাতু রুটির ব্যবস্থা করছেন। কিন্ত তাহলে কি হবে, তাঁরাও আওয়াল তুলতে জানেন। তাঁদের আওয়াল হচ্ছে, 'বিনা বুদ্ধে নাহি দিব হচগ্র মেদিনী।' আমরা হলাম কবি ওয়ার বেশের লোক, আমরা তো আর সন্ধীর্ণ মনের পরিচয় দিতে পারি না। স্থতরাং আমদের এক্যাত্র উপার ধীরে ধীরে দক্ষিণ দিকে অগ্রসর হওয়া।

দক্ষিণ দিক বলতেই জমের দক্ষিণ ছ্রার মনে করে আঁথকে উঠলে চলবে না। তর পাবার কিছু নর। আর কিছু থাক না থাক আমাদের আছে বৈহাতিক শক্তির অপর্যাপ্ত। সেই বৈহাতিক শক্তির আরা আমরা আমাদের দক্ষিণের বলোপসাগরকে কয়েক শ' মাইল পিছিরে দিলাম। উঠল ডালা, জেগে উঠল সাগরের জল শুকিয়ে ফেলতে। তথন বৈহাতিক লালল চালিয়ে চাঁদনী প্রথায় আরম্ভ হোল কলা আর তুলসীর চাব। দেশ জুড়ে বৈহাতিক থোল বৈহাতিক গণ্ডাল বেজে উঠল। আর আমরা ছ' হাত তুলে শ্রীধান নবধীপের প্যাটার্ণে অযোধ্যার সংকীর্ডন জুড়ে দিলাম, ''জর্ম সীরাবাম—জন্ম সীরাবাম।''

এমনি করে দেহের মনের ইহকালের পরকালের সমন্ত সমস্থাই বর্ষ একেবারে জল হরে গেছে পাঁচ পাঁচে পাঁচিশাটি পাঁচশালা পরিকল্পনার কল্যান্দ, আমরা হাঁপিরে উঠেছি বছদিন কোনও 'আওয়াজ' তুলতে না পেঁরে, সরকারী বৈছ্যতিক চোঙগুলো নিত্তর নিশুম হয়ে থাকতে থাকতে বোধ হয় একেবারে চিরনিজার ময় হয়েছে, আমাদের প্রচার বিভাগের জিপ আর ভ্যান আর রেকর্ড আর সিনেমা দেখাবার সর্ব্বামগুলো নই হয়ে যেতে বসেছে, মন্ত্রীসভার প্রকাশ্ত অধিবেশনে শ্রেক ল্ডে। থেলা হছে তথন—

তখন একদিন হঠাৎ বিনা নেখে বক্সাঘাত তুল্য কঁকিয়ে কেঁদে উঠল দেশের সব কটি বৈহ্যতিক চোঙ, "আওয়াল তুলুন, আবার আওয়াল তুলুন।" 🎉

া শভ্যক্তিরে জেগ্রে উঠলান আমরা, অনেকের হতত্বত নারিকেল পার্কারেকে ভূকারী নির্মান চল্চকে পড়েল গেল, ইলেক্ট্রো ইউজিনিয়া ক্লিনিকে ট্রেনিক

আমাদের কর্ণে বাহুজ্ঞান সহকে কোনও কিছু প্রবেশ করাতে হলে বাজিয়ে শোনান ছাড়া অহ্ন উপার নেই। আমাদের সরকার সর্বত্ত চোঙ খাটিরে আমাদের শোনাচ্ছেন। মন্দিরে মন্দিরে, জেলে, আঁতুড় ঘরে, পারখানার, শ্মশানে আর শেরার মার্কেটে সর্বত্ত চোঙ খাটানো হরেছে। সেই সর্ব বৈছ্যতিক চোঙ দিয়ে থেকে থেকে বিকট চীৎকার বেক্লছে—"আওরাজ তুলুন। রামভক্ত হহুমানের প্রাত্যহিক র্যাশানে কলার মাত্রা বাড়াতে হবে। আওরাজ তুলুন আরও তুলসী নির্ধাসের লোকান খোলা হোক। আরও জমি চাই নম্নত কলা আর তুলসীর চাব বাড়বেন।।"

আমরাও তথন বেশ বোধ করছি যে তুলসীর চাষ বাড়ানো একাস্ক প্রেরাজন। সারা দেশে লক্ষ লক্ষ মাস্টার মশায় আর দিদিমণিরা বেকার রয়েছেন। তাঁরা কতদিন বেকার থাকবেন ? আমাদের জাতীয় পানীয়টুকুতে যাতে ভেজাল দেওয়া না হয় সে জন্মে ওটা উপযুক্ত লোক হারাই বানানো প্রয়োজন। দেশে ওঁরাই সব চেয়ে নির্লোভ ভদ্রলোক এবং ভদ্রমহিলা। কাজেই ও কাজটির ভার ও দের হাতে ছেড়ে দিয়ে আমরা নিশ্চিন্ত ছিলাম। কিছ তুলসীর চাব আরও বাড়ানো দরকার। নয়ত চাহিদা মিটছে না আর ওঁরাও কাজ পাছেন না। এধারে আর একটি সম্বভাগিদ্ধ অভ্যাসেও বেশ পাকাপোক্তভাবে অভ্যন্ত হয়ে উঠেছি আমরা তথন। বাঁ হাতের তালুতে কিছু শুকনা তুলসীপাতা নিয়ে তার সঙ্গে একট্ সাদা চন্দন দিয়ে ভান হাতের অক্ষ্ঠ সহযোগে পেষণ করে দাঁতের গোড়ায় টিপে রাখা। বিড়ি, সিগ্রেট, ছকো, কল্কে, পান, জর্দা সবই তো একে একে তাড়ানো হয়েছে কি না দেশ খেকে। তুলসীর চাহিদাই সবচেয়ে বেশী। স্বতরাং আওয়াজ ভোলা হোল, "আরও জমি চাই।"

কিছ জমি কোথাৰ ?

্ শ্রেকানের সংশ বাঁদের ঘোরতরসহ অন্তিম্ব বর্তমান তাঁদের অবশু অচেল ক্ষমি প্লামকা পড়ে আছে। তাঁরা দলে দলে আমাদের দেশে এলে কুডো



ভাক্তার তথন ইনজেক্সন দেবার জন্তে সিরিপ্ত হাতে কর্মে ব্যাপৃত হিলেন তাঁদের হাত কেঁপে সিরিপ্তের ছুঁচ তেলে গেল, বৈছ্যতিক লালল দিয়ে চাঁদনী প্রথার চাব করছিল যারা, মার্গ সঙ্গীত গাইতে গাইতে তাদের গানের তাল কেটে গেল, বৈছ্যতিক নাগরদোলায় চেপে যারা প্রেমদে ঘ্রপাক ধাক্ষিল জোড়ায় জোড়ায়, চমকে উঠে ছিটকে পড়ল তারা নাগরদোলা থেকে। আর্ম্ম কত কি হয়ে গেল এক গলে একই মুহুর্তে। কে তার হিসেব রাখে।

আবার আওয়াজ ? কি সেই আওয়াজ ? কিসের অভাব আর আমাণের ? কোন্ শক্রকে ঠাণ্ডা করতে হবে ? কার এতবড় স্পর্ম। হোল যে আমাণের ভূবার-শুজ্ঞ শান্তির গায়ে কলম্ব লেপন করতে চায় ?

তিন দিন তিন রাত সমানে তিন শ' পঁরবট্টবার 'আওয়াজ তুলুন, আবার আওয়াজ তুলুন' বলে বলে আমাদের চৈতত সঞ্চার করে তখন বলা হোল আসল কথাটি—''অধিক পাররা ফলাও।''

খোষণাটি করা হচ্ছে মূল খাঁটি থেকে, যেখান থেকে আমাদের পররাষ্ট্র বিভাগ পরিচালিত হয়. দেশময় রেল গাড়ি চলে যাদের ফুপায়, আমাদের অহিংস সৈক্সবাহিনীকে যারা খাইয়ে পরিয়ে তাজা রাথছেন। সেখান থেকে, সেই সুদূর দিল্লী থেকে আসছে ঘোষণাটি—"অধিক পায়রা ফলাও।"

ঘোষণাটি শুনে অনেকের জিল্লার জল এল। কারণ একাদশ পঞ্চবার্বিকী পরিকল্পনার সমর থেকে জিল্প। পোঁরাজ গরম মদলা বা সরবে বাটা দিরে রালা কোনও কিছুর আত্মাদন গ্রহণ করতে পারেনি। শুধু পকৌরি আর দহিবড়া খেতে থেতে থারা মরমে মরেছিলেন তাঁদের মধ্যে কেউ কেউ চোঁও করে মুখের মধ্যে লালা টেনে ঢোক গিলে কেললেন। অনেক বাড়ির গিলীরা উঠানের বঁটিখানার আবার ধার দিতে পাঠাবেন কি না ভাই জ্যুনতে লাগলেন।

কিছ ভূল ভাউতে দেরি হোল না। প্রচার বিভাগের জীপ জার জ্যানক্ষরিত জাভা ভাড়া ছবিওয়ালা কাগল নিজে নারা দেশনর ছুটে বেড়াছে নার্যক্ষ সবই পায়রার ছবি। বাড়ি ঘরের দেওয়াল মূড়ে দেওয়া হোল সেই সব ছবি দিয়ে। নিচে লেখা রয়েছে—"দেশের তেত্তিশ কোটি লোককে নিরানব্দুই কোটি পায়রা ফলাতে হবে আগামী পাঁচ বছরের মধ্যে। এই হচ্ছে আমাদের সর্বশেষ পরিকল্পনা। লক্ষ্যে আমাদের পোঁছতেই হবে, নয়ত আমাদের অন্তিম্ব বিপয়।"

সিনেমার দেখান হতে লাগল কি করে অধিক পাররা ফলাতে হবে। থাঠে বাটে পর্দা টাঙিরে লোককে বোঝান আরম্ভ হোল—পাররা ফলাবার কার্মদা কাহ্মন। বস্তা বস্তা পাররার সার অর্থাৎ পাররা-মটর লোকের বাড়িতে পৌছে দেওয়া হোল। তারপর একদিন এল ডিম—এল ডিম ফোটাবার বৈছ্যুতিক বস্ত্র, এল অনেক কিছু সেই সঙ্গে। হাজার হাজার দাদা আর দিদিমিশিরা কানে পাররার পালক ভঁজে লোকের বাড়িতে গিয়ে হাতে কলমে শিখিয়ে দিয়ে এলেন কি করে সেই যন্ত্র চালিয়ে ডিম ফোটাতে হয়।

দিবা রাত্র চোঙ আর্তনাদ করতে লাগল—"আমাদের অন্তিম্ব বিপন্ন। যদি টিকে থাকতে চাও তবে কোমর বেঁধে লাগ। নিরানব্দুই কোটি পাররা ফলাও পাঁচ বছরের মধ্যে নয়ত—''

নয়ত যে কি হবে তা' আর বলা হোল না। আমরা বুঝলাম সেটি হচ্ছে টপ সিক্রেট। অর্থাৎ মোক্ষম গুঞাতিগুফ্ ব্যাপার।

শেষ পর্যন্ত মরি বাঁচি করে আমরা পৌছলাম আমদের লক্ষ্যে। ফলল নিরানব্বাই কোটি নিখ্ত সাদা পায়রা। বক বকুম কুম করে যে মহানাদ উঠল আসমুদ্র হিমাচল জুড়ে তাতে সাগর পারের ওদের আর হিমালয়ের ওপিঠের ভাদের পেটের পিলে চমকে গেল।

ইতিমধ্যে একটু আধটু গোলমাল যে হোল না তা' নর। কারও কারও রারাঘর থেকে অল্প একটু আধটু যি গরম মসলার গদ্ধ বেরুল। কোনও কোনও বাড়ির আন্তাকুঁড়ে পাওরা গেল সরু সরু করেকটি হাড়। কেউ কেউ পেটের গোলমালে বেশ ভুগলেন। কিন্তু সবচেরে বড় খবর হচ্ছে—বাটা



ক্রাম্পানীর। তাঁদের 'সাদা রঙের জ্তোর কালির' চাছিল। হঠাং অবান্তাবিক রকম বেড়ে গেল—ছ' এক পশলা ঝেড়ে বৃষ্টি হবার পর ধরাও পড়ল ব্যাপারটা। করেকটি লোকের শান্তিও হয়ে গেল। শান্তি হচ্ছে ছ মাস ধরে তাদের কানের কাছে ছাঝিশটা বৈছ্যতিক খোল আর বাছার জোড়া বৈছ্যতিক খন্তাল বাজিয়ে একশ আট জন লোক অইপ্রহর রাম নাম গাইবে। ঐ একটি মাত্র শান্তি দেশে চালু ছিল তথন। অপরাধের তারতম্য অমুসারে গোলের আর গায়কের সংখ্যা হ্রাস বৃদ্ধি হোত।

বে রঙের পায়রাগুলোকে বেছে নিয়ে দেশ থেকে বার করে দেওয়া ছোল।
চক্ষের নিমিবে সে সংখ্যাটা পূরণ করা ছোল সাদা পায়রা দিয়ে বৈছ্যতিক
ইউজিনিক্সের সাহায্যে। বিশেষ গোলমাল কিছু ছোল না। মানে কথাটা
খোদ কর্তাদের কানে পৌছাল না।

তারপর হঠাৎ একদিন এসে গেল আরও অভ্নত এক বৈচ্যতিক যন্ত্র। তার নাম হচ্ছে—এন্টি এটোমিক প্রেরার। সেই যন্ত্রের সাহায্যে মাত্র একদিনের মধ্যে প্রতিটি পাররার পিঠের ওপর ফুটে উঠল রক্তবর্ণ অক্ষরে 'রাম নাম সত্য হ্যার—', এতবড় অবিখাস্ত ন্যাপারটা নাকের ডগার ঘটতে দেখে, আমাদের রাষ্ট্র-কর্ণধারগণের শক্তির পরিচর পেয়ে আমরা চমকে গেলাম।

किछ किर्मत मझन এই मत बार्त्राञ्जन ?

কেউ জানে না। জ্বানবার কোনও উপায় নেই। মানে মিলিটারীর ব্যাপার। 'আননোন ডেসটিনেশনে' যাদের ট্রেন ছোটে তাদের ব্যাপার; তারাও কিছু জানে না।

চোঙে বলে দেওরা হোল, "প্রস্তুত থাক। দিন আগত ঐ। সবাই সব কিছু জানতে পারবে তথন।"

আমরা প্রস্তুত রইলাম। নিরানকাই কোটি পায়রাও প্রস্তুত রইল। সন চৌদ্ধত ছয়। মাসটা মনেই নেই। বারটা মনে আছে। বারটা ছিল বুহুম্পতিবার আর তথন ছিল ঘোর বারবেলা। স্বদেব পাটে বসেছেন।

সাইরেণ বেজে উঠল।

সৰ কটি চোঙ একসন্ধে চেঁচিরে উঠল 'পাররা ওড়াও'। নিমেবের মধ্যে দিরানক্ ই কোটি পাররা উড়ে গেল আকাশে। আর দেশ জুড়ে কত কোটি বৈছ্যতিক খোল কন্তাল বেজে উঠল কে তার হিসাব রাখে। মেরে পুরুষ ছেলে বুড়ো আণ্ডা বাচ্চা মাথার ওপর হাত তুলে তিড়িং তিড়িং করে লাফাতে ভিরুকরনাম। মুখে 'জর সীয়ারাম'।

আকাশ ঢাকা পড়ে গেল আর হঠাৎ দপ্করে দেশপ্রদ্ধ সমস্ত বাতি গেল নিভে। ঘোর অন্ধকারে চালিয়ে গেলাম নাচ আমরা। থামলাম না।

থামলাম আবার যথন সাইরেন 'অল ক্লিয়ার' ঘোষণা করলে। সমস্ত আলো আলে উঠল একসকে। দম নেবার জন্মে আমরা হাঁ করে বলে পড়লাম।

এমন সময় শেষবার গজ্জন করে উঠল সরকারী চোঙ। ঘোষণা করা ছোল—"গ্র্যমন এসেছিল এবং চলে গেছে। এক ডজন হাইড্রোজেন আর দেড় ডজন এটম ফেলে পালিয়েছে তারা। কিন্তু সেগুলি রুপেছে আমাদের নিরানকাই কোটি শান্তি দৃত। সব কটি রি-ডাইরেক্ট হয়ে চলে গেছে তাদের নিজের দেশে। গিয়ে সেখানে যা' করবার তা' করে ফেলেছে। সাদা পায়রা আর রাম নামের গুঁতোয় কি হতে পারে আঁথি মেলি পশ্য।"

স্বৃত্তির নিঃশ্বাস ফেলে বাঁচলাম আমামরা। করেক মাল। নির্যাস পান করে নিশ্চিত্তে খুমিরে কাটল রাতটুকু। পরদিন সকালে উঠে ছাদের দিকে চেরে দেখি—ওমা এ কি! এরা কারা?

গলা ফুলিরে যারা ছাদের ওপর নাচছে তাদের মধ্যে সাদা একটিও নেই। সব কটি জালালী। পূর্ব-পাকিন্তান জালালাবাদের শা জালালের দরগায় এদের উৎপত্তি। রাম নামের পরিণতি দেখে চোখ বুজতে হোল।

उका न

শেষে নিব্দের প্রাণটাই দান করে গেলেন। মরে তো সকলেই। কিছ হাসতে হাসতে নাচতে নাচতে সকলের চোখের উপর ছেলায় জীবনটাকে ভ্যাপ করে চলে যাওয়া ক'জনের ভাগ্যে ঘটে।

ঘটল। সেই মহানাটকের চরম যবনিকার পতনটি সমাধা হরে গেল আমাদের সকলের চোখের সামনে। আমাদের ডঙ্কদা চলে গেলেন।

এ-পাড়ার ও-পাড়ার স্ত্রী পুরুষ আও। নাচ্চা চ্যাঙড়া চেঙড়ী লখা বেঁটে রোগা মোটা সকলকে স্রেফ ভাগিয়ে দিয়ে ডকাদা মহাপ্রয়াণ করলেন।

যাকে বলে বিনা মেঘে ব্রজ্ঞাঘাত হওয়া—তাই হয়ে গেল। কি অভ্তত পরিবেশ! কি অপূর্ব স্থান কাল নির্বাচন! কি অভ্ততপূর্ব পরিকল্পনা!

ঘটনাটি ঘটে যাবার এক মৃহূর্ত পূর্বেও কে করন। করতে পেরেছিল বে ডফাদা ঠিক ঐতাবে আর ঐ অবস্থায় অবলীলাক্রমে ঐ কার্যটি অ্লুল্লার করবেন! কতবড একটি কলাদক স্থান্দিসলাল কদমের পরিচয় তিনি রেখে গেলেন তাঁর এই শেষ অবদানটিতে। জীবনটি দান করবার সময়ও ডফাদা আমাদের কথা ভূলতে পারেননি। এইভাবে মহাযাত্রা করে আমাদের এই শিক্ষাই দান করে গেলেন যে বারা কণজন্মা, এ ছনিয়ার বৃহৎ আদর্শ আপনার্থে বারা কপা করে গুভাগমন করেন তাঁদের মহাপ্রয়াণটিও রামা, ভামা, হরে, যোদোর মত কাঁথায় শুয়ে কোঁথাতে কোঁথাতে ঘটে ওঠে না। সেই সমস্থ মহাপ্রস্বদের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত প্রতিটি কর্মেই স্কল্টেক্রপে প্রকাশ পাবেই তাঁদের লোকোন্তর প্রতিভার মহন্তর বিকাশ।

তাই হোল।

বিজয়া দশনীর রাত দশটা। আমাদের সকলের অলক্ষিতে পা টিপে টিপে সেই অন্তিম লগ্ন সমুপস্থিত হোল।

ম। ফিরে যাচ্ছেন। লরীর উপর চেপে ছেলে, মেরে, সিংহ, অসুব, সাপ্ত

ইছর, হাঁস, ময়ুর সবাইকে নিয়ে সহাক্ত মুখে ঘরে ফিরছেন। ভঙ্কাদার পরি-কর্মনা মত লরীখানি সাজান হয়েছে। বিজ্ঞলী বাতির একশ্রকম কেরামতি চলেছে লরীয় উপর। জলছে নিভছে, নিভছে জলছে। নানাক্সপে নানা চঙে নানা ছলে। লরীর সামনে একটা চোঙ, পিছনে একটা চোঙ। সামনের চোঙ দিয়ে বেরুছে, "বিদায় নিও না হায় দীপ নিভে যায়।" পিছনেরটি ঝেকে বেরুছে, "ছলনা শুধু ছলনা।"

মা ফিরে যাচ্ছেন। আর মা'র সামনে সেই লরীর উপরেই ধুছাচি স্তাচ চলেছে। লাল টক্টকে একখানি বেনারসী শাড়ি পরে ছ' হাতে ছটি ধুছাচি নিয়ে স্বয়ং ডঙ্কালা দেখাচ্ছেন ধুছাচি নৃত্যের অতি আধুনিক পাঁচা। যা' হচ্ছে আমাদের এই সর্বজ্ঞনীন মান্ত-পূজার সর্বশ্রেষ্ঠ কীর্তি। সারা কল্কাতা সহরের সবক'টি সর্বজ্ঞনীন পূজার অহ্বকরণ করা হয় আমাদের 'বদনা ভাঙার অকাল বোধন' পূজা মগুপের ধুছাচি নৃত্যের রক্পান কম্পান লম্ফন ঘূর্ণন, এক কথায় আমাদের ধুছাচি নৃত্যের স্বট্টকু নিয়েই সারা কলকাতার পূজামগুপগুলি গৌরবাছিত। সেই ধুছাচি নৃত্যের ভার স্বয়ং স্বন্ধে তুলে নিয়ে ডকালা লরীর উপরে মায়ের সামনে নাচছেন। লক্ষ জোড়া চক্ষ্ তাঁর দিকে। 'বদনা ভাঙার অকাল বোধন' শুধু এই নামটির সম্বান ইচ্ছেৎ সমস্ত কিছু নির্ভর করছে ডক্কালার উপর। ডক্কালা নাচছেন ধুমুচি-নৃত্য।

প্রসর শব্দ উঠেছে। চাক, ঢোল, নাকারা, কাঁসি, সানাই একদিকে আর একদিকে ব্যাপ্ত ব্যাগপাইপ। শোভা-যাত্রার সর্বাগ্রে চলেছে মাইক লাগানো আর একখানা লরী। সেই মাইক থেকে বার হচ্ছে মাতাল নারী কপ্তের কেঁচকি-তোলা গান! সেই লরীখানির উপরে নাচছে শন্ধিনী সন্থের ছ'টি ভক্লণী। সহর-বিখ্যাত নাচের স্কুল শন্ধিনী সন্থা। ডক্কাদা যার শুলু সম্পাদকই নম্ম এক কথায় সভাপতি থেকে দরোয়ান পর্যক্ত সবই, সেই শন্ধিনী সন্থের সর্বশ্রেষ্ঠা ছ'জন আর্টিষ্ট নাচছে অতমুন্ত্য। এই নাচ শেখবার জন্তে মেয়ে ছু'টিকে গভ বছর চাঁদা ভূলে কলো দ্বীপে পাঠন হয়েছিল। সে সংবাদ

সকলেই জানে। আর সেই মেরে ছুইটির পারের কাছে লরীর উপর যন্ত্র ছাতে বসেছেন দশ বার জন যন্ত্রশিল্পী। এ রাই হচ্ছেন স্থবিখ্যাত লুলিয়ান নাইট আর্কেব্রা। লুলিয়ান কথাটির উৎপত্তি হস্পূল্ থেকে। হস্পূলিয়ান নামটাই আগে দেওয়া হয়েছিল। শেষে হস্টা বাদ দেওয়া হোল। এখন তথু লুলিয়ান নাইট অর্কেব্রা। তাঁরা বাজাচ্ছেন জীপসী চঙের দরবারী কানাভার সঙ্গে পাঞ্করা মন্থেই রামপ্রসাদার একটি স্থব।

অবশ্য কিছুই শোনা গাছে না। ঢাক, ঢোল, কাঁসি, ব্যাপ্ত ব্যাগপাইপ, তার সঙ্গে ছলনা শুধু ছলনা 'বিদায় নিও না হায়' আর টেঁচকির গান সমস্ত এক সঙ্গে মিলে মিশে একাকার হয়ে গিয়েছে। শুধু মর্মে মর্মে মালুম হছে যে শব্দত্রন্ধ সত্যই ব্রন্ধ, এতে আর কোন সন্দেহ নেই। একমাত্র ব্রন্ধাতত্ত্ব ছাড়া এত জটিল বিচিত্র এহেন প্রাণাস্তকর সর্বান্ধক রসের একত্র সমাবেশ আর কিসে সম্ভব।

সহস্র সহস্র জোড়া চকু মেলে সকলে শুধু দেখছে প্রথম লরীর উপর অভছ্থনৃত্য আর দ্বিতীয় লরীর উপর ধুষ্ণচি-নৃত্য। সহস্র সহস্র জোড়া কানের দক্ষা
রফা হয়ে গেছে অনেক আগেই স্থতরাং এখন রস যা গ্রহণ করা যাচ্ছে তা' শুধু
চোখ দিয়েই। ঠিক এই সময় অর্থাৎ যে সময় ডকাদার মাণার উপরের মাইক
থেকে বেরুছে 'নিশি রাতে তুমি নিশি ডাক' ঠিক তখনই ডকাদা হঠাৎ
একেবারে হিম নিশ্চল নিশ্চুপ মেরে দাঁড়িয়ে পড়লেন। তু'টি ধন্থচিই শুক্ত।
বাঁ হাতেরটি বুকের কাছে আর ডান হাতেরটি মাণার উপর। একেবারে যেন
পাণরের প্রতিমৃতি।

প্রথমটার সকলেরই ধাঁধা লেগে গেল। থামল কেন ? হরত ঠিক ঐ তাবে থামাটাই আর কাত হয়ে বেঁকে চুরে দাঁড়িরে থামাটাই হচ্ছে সঠিক বৃহ্চি-নৃত্যের আর্ট। এই থেমে থাকার পরমূহর্তেই একটা অভাবনীর কিছু দেখাবেন ডকাদা—এই আশার সকলেই অপেকা করতে লাগল কয় নিঃখালে।
বৃহ্চি নৃত্যে এ পর্যন্ত বা'কেউ কোথাও দেখাতে পারেনি এইবার সে'টি দেখতে

পাওরা যাবে। হয়ত তিড়িং করে উঠবে লাফিরে, হয়ত বা বন্ বন্ করে মুরতে থাকবে। কিংবা হয়ত ঠিক ঐতাবেই ধীরে ধীরে পড়বে বলে। সকে সক্ষে মাইকে আরম্ভ হয়ে যাবে 'প্রণাম তোমায় ঘনশ্রাম।' এরপর কি হয় কি হয় এই ভাব সকলের মনে।

শোভাষাত্রার একেবারে সামনের পুলিশ ইন্ধিত করল। সমস্ত শোভাষাত্রা আবার নড়ে উঠল। লরীধানা চলতে আরম্ভ করলে। মায়ের মুকুট ছলে উঠল
খ আর ডাঙ্কাদা দড়াম করে লরীর উপর পড়ে গেলেন গাছপড়া হয়ে।
হয়ে গেল।

শমন্ত শেষ হয়ে গেল। দপ্করে লরীর উপরের সমন্ত আলো এক সক্ষেতিক গেল। ঝপ্করে মাইক বন্ধ হয়ে গেল। টপ্করে ডকাদাকে নামিয়ে আনা হোল ধরাধরি করে। এবং খপ করে সরিয়ে ফেলা হোল সেখান থেকে।

হৈ হৈ উঠল একবার। কিন্ত সে ছ'মিনিটের জন্মে। ছ'মিনিটের মধ্যেই ইলেক্ট্রিকের ছেঁড়া তার জোড়া হোল। আবার আলো জ্বলে উঠল আবার রকমারী কেরামতি চলতে লাগল বিজলী বাতির। আবার মাইক ছুটো গর্জন করে উঠল। শোভাষাত্রা নির্বিদ্ধে অগ্রসর হয়ে গেল আপন পথে।

ধুস্থচি-নৃত্যটা অবশ্য বন্ধ হয়ে গেল। কারণ স্থটো ধৃস্থচিই চুরমার হয়ে সিমেছিল।

কিন্তু তাতে কি যায়। নৃত্য তো আর বাদ দিলে চলে না। আমাদের সকলের মামু পঞ্চান্ন বছরের পঞ্মামা দাঁড়িয়ে উঠলেন মায়ের সামনে। কোঁচাটা পুলে মাথায় ঘোমটা দিয়ে চালিয়ে গেলেন নাচ।

বিজয়ার দিন প্রতিমার সামনে নাচ বন্ধ হলে কি প্রেষ্টিজ থাকে নাকি পাড়ার। সে যাত্রা পঞ্চমামাই সকলের মুখ রক্ষা করলেন।

প্রামরা জনা পাঁচ সাত ডঙ্কানাকে বয়ে নিয়ে গেলাম পাড়ার সন্তীব ডাজ্কারের ডাক্কারখানায়।

ৰুৰ্জটি হচ্ছে আমাদের এ-পাড়া ও-পাড়া ছ' পাড়ার 🕮। পর পর ভিন

বছর দেহ-সৌঠব প্রতিযোগিতার প্রথম স্থান স্থাবিকার করে লে বছনা ভাঙা এই হয়েছে। তার উপর রাষ্ট্রভাষা শিখতে শুরু করেছে আজকাল। সে বললে, "মার জল্দি কাম মাঙ্তা হার। ড্রাদা পড়ে থাকনে সে এক মিনিট নেছি চলে গা। একঠো কড়া দেখকে ইনজেক্শন লাগাকে স্থাভি খাড়া কর দেও ডাক্ডারবাবু। হামলোক সব তুমারা কেনা গোলাম হো কে রহেগা।"

উল্টে পাল্টে নল বসিয়ে নাড়ী টিপে চোখের পাত। টেনে দেখে ডাব্জার মাথা নাড়লেন।

বন্শীদাস আগরওয়ালের বাবা ভাঙ্গা-চোরা পুরনো লোহা লক্ষড়ের কারবারী। বিসর্জনের যাবতীয় খরচা বন্শীদাসের। ভঙ্কাদাকে সে গুরুর চেয়ে বেশী ভক্তি করে। ভঙ্কাদা না থাকলে মাসে ছ'বার করে ওদের পুলিশে ধরত চোরাই কারবারের জন্তে। ভঙ্কাদা কথা দিয়েছিল যে এবার কর্পোরেশন ইলেক্সনে বনশীকে দাঁভ করানো হবে।

বন্শীদাস খেপে গেল, এইসন ডগ্দর বাবু লোক ব্রিফ বৃদ্ধু আছে। একদম কাম কা নেহি আছে। লে চল আভি মারোয়াডী হাসপাতাল।

ডাক্তার গন্তীর ভাবে শুনিয়ে দিলেন, "কোনও লাভ নেই, হরে গেছে।" সকলে একসঙ্গে চীৎকার করে উঠলাম, "হরে গেছে। তার মানে ?"

নলটা গলায় ঝোলাতে ঝোলাতে ডাক্তার বললেন, "ইলেক্ িটক শক অর্থাৎ তৎক্ষণাৎ মৃত্যু । একেবারে শেষ।"

স্থান সঞ্জীব ডাক্তারের ডাক্তারখানা। বেঞ্চির উপর শুরে আমাদের ড্রাদা। আর বেঞ্চির চারধার বিরে দাঁড়িরে আমরা সাতজন। শুনলার আর্থাৎ যাকে বলে মাথার ব্রক্সাঘাত হোল। নেই নেই নেই—আমাদের ড্রাদা আর নেই। সেদিনটি ছিল বিজয়া দশনী আর রাত তখন ঠিক এগারটা কুড়ি। দশনীর চাঁদ আকাশে তখন হাসছিল। রান্তার চলচিল একটার পিছনে আর একটা বিজয়ার মিছিল। আমরা দাঁড়িয়ে রইলাম ভ্রাদাকে বিরে সঞ্জীব ডাক্তারের ডাক্তারখানার।

in the second

তারপর রাত ছটোর সময় প্রতিমা বিদর্জন দিয়ে ফিরে এসে পড়াহ্মদ্ধ স্বাই শুনলে সেই সংবাদ।

নিমেবের মধ্যে ছড়িরে গেল সেই নিদারুণ সংবাদটা। পুলিশের কাঁছ্মে গ্যাসের চেরে শতগুণ শক্তিসম্পন্ন সেই গ্যাস এ-পাড়ার ও-পাড়ার ছু' পাড়ার মাধার উপর নেমে এল। হার হতভাগ্য আমরা।

কিন্ত কর্তব্য ? কর্তব্য কাঠোর এবং তা' কাউকে ক্ষমা করে না। ডঙ্কাদার কাছে সব চেয়ে বড় ডাক ছিল কর্তব্যের ডাক। তাই না তিনি ছিলেন আমাদের সকলের মাধার উপর একচ্ছত্র সম্রাট। আমাদের এখন কর্তব্য ভূললে চলবে কেমন করে ?

আজ যদি তিনি বেঁচে থাকতেন তবে তাঁর নিজের অস্ত্যেষ্টিক্রিরাটি যেক্পপ স্বষ্ট্ পরিকল্পনা মত সমাধা করতেন আমাদেরও যে ঠিক সেই রকমটি করা চাই-ই চাই। এখন সবচেয়ে বড় প্রয়োজন মাথা ঠাণ্ডা করে চলা। যেন কোন দিকে কোন কাঁকে কোথাও কোন অঙ্গহানি থেকে না যায় আমাদের ডঙ্কাদার অন্তিম কার্যে। তাহলে যে আমরা নিজেরাই নিজেদের মুখদর্শন করতে পারব না।

অবশেষে আমরা সাজলাম।

প্রথম কথা টাকা চাই এবং অবিলম্বে তা' চাই। ডঙ্কালানেই এটুকু জেনেই বন্দশী আগরওয়াল ভাগলবা হয়েছিল।

গজেন্দ্র বক্শী মানে আমাদের গজুদা দাঁতে দাঁত ঘবে বললে, "আচ্চা দাঁড়া ব্যাটা। একবার উদ্ধার হয়েনি এই বিপদ থেকে। তারপর দেখব আবার ভূই আমাদের পা চাটশ কিনা।"

মাসের শেব আর পূজোর মাস। কারও হাতে টাকা পরসা নেই। কিছ তা' তনতে গেলে আমাদের চলবে কেন? পাড়ার ভদ্রমহোদরগণ মাস গেলে মাইনে পেয়ে যেদিন বাড়ি ফিরবেন সেই গুড মূহুর্ডটিতে ভদ্দাকে মরতে হবে এমন কোনও কথা ছিল না তো। স্বতরাং টাকা চাই। অর্থাৎ দিতেই হবে টাকা এবং এখুনিই। খই সুল ফুলের মালা আর পরসা। তারপর চম্মনকাঠ বি আর ধূপধুনা গুগগুল। আরও আছে সেটাও ভূললে চলবেন। মানে ফটো ডোলার খরচটা। এই হলেই হবে আপাতত।

"আরও আছে। সেটি বাদ দিলে চলবে না, চলতে পারে না। বন্ধুগণ—
আপনারা ভূলে যাবেন না আমাদের অবিসংবাদী নেতা মহাপ্রাণ ডক্ষের
চক্রবর্তী প্রাণদান করে গেলেন পরের জন্মে। পরকে আনন্দ দিতে তিনি তাঁর
সর্বস্থ ছেড়ে গেলেন। মাইক, মাইকের গান শোনাতে গিয়ে তাঁর জীবন গেছে।
মাইকের তারে তাঁর পা জড়িয়ে গিয়েছিল নাচতে নাচতে। তাই তাঁর এই
অকাল প্রয়াণ। স্নতরাং মাইক চাই, অন্তত ছুটো তাঁর শোক্যান্রার।"

ঘোষণা করলে ত্রিবিক্রম নন্দী। ত্রিবিক্রম বস্তৃতানা করে কথা বলতে পাবে না।

আরও হয়ত কিছুক্ষণ সে তার বক্তৃতা চালিয়ে যেত। কিন্তু তাকে থামতে হোল। সমবেত কঠে চীৎকার উঠল, ''চাই-চাই-চাই। মাইক চাই। মাইক না হলে চলবে না, চলবে না। আমাদের দাবী মানতে হবে।'

বিজয়া দশমীর ভোর রাতে পাড়ার প্রতি বাড়িতে হানা দেওয়া হোল।
এ যে ডক্কাদার শেষ কাজ। আর একবার তো আর ডক্কাদার মহাপ্রয়াশ হবে
না কথনও। এ সময় নেই কথাটি শুনছে কে ? আর নেই বলবার স্পর্কাই
বা আছে কার ?

একাদশীর দিন। বেলা তখন এগারটা।

বিরাট শোক্ষাত্রা তৈরী হোল। বেনারসী পরিহিত ক্পালে চন্দ্রন ডক্ষালাকে শোরান হোল সুলশ্যার। তারপর আরম্ভ হোল সেই মহাবাত্রা।

প্রথমেই শন্ধিনী শব্দের সভ্যারা। এলো চুল কালো পাড় শাড়ি পরকে প্রত্যেকের। সর্বাধ্যে যাটজন চললেন যাটটি শাঁথ বাজাতে বাজাতে।

ভারপরই একথানি সাইকেল রিক্সা। সেথানিতে নাইক লাগালো। আরম্ভ হোল ব্যান পড়বে না মোর পারের চিহ্ন এই ঘাটে। সাইকেল রিক্সার পিছনে মেখনাদ ক্লাব। মেখনাদ ক্লাবের সভ্যদের অক্টেক্ত একটি করে লেঙট। ভাঁরা চললেন ভাঁদের সর্বদেহের পেশী সঞ্চালন করতে করতে। এই মেখনাদ ক্লাব এই পেশী সঞ্চালন এই শ্রী হবার অস্তেবছর বছর লড়াই কার ক্লপায়? ভঙ্কাদাই এই ক্লাবের প্রতিষ্ঠ। করেন। স্নতরাং বেখনাদ ক্লাবের দাবী সর্বাব্রে।

খেষনাদ ক্লাবের ঠিক পেছনেই একথানি লরী। লরীতে লুলিয়ান নাইই আর্কেট্রা! বিবাদ সন্ধীত বাজান হচ্ছে। বোহেমিয়ান কাওয়ালীর সঙ্গে ক্ষেক্ষাল দেওয়া হয়েছে মিরিব মরিব সবি নিশ্চয় মরিব'র স্থর।

সরীকে অন্থসরণ করছেন খদর মণ্ডিত পাড়ার নেতারা। বারা সকলের প্রেক্তে বেক্ট ক্লী ভঙ্কাদার কাছে। ত্ব'জন পৌর প্রতিষ্ঠানের সভ্য। একজন হবু উপমন্ত্রী এবং তাঁদের সান্ধপাসরা।

আবার একখানি লরী । এখানির উপর 'আম্বন্ধিক গোটি'। এঁরা ক্ষিন্ধার করছেন এঁদের অনবন্ধ অবদান—'ভিটেয় খুখু চরানো।' সহরম্বদ্ধ লোক জানে এই 'আছ্বন্ধিক গোটি'র নাম। আর এঁদের 'ভিটেয় ঘুখু চরানো' অভিনর দেখে মুখ্ধ হয়নি এমন বৃদ্ধুকে আছে ? ভক্ষাদার অবিনখর ক্রিভি হচ্ছে এই আছ্বন্ধিক গোটি।

এর পর্ই বৈদেহি দমিতি। এদের সর্বশ্রেষ্ঠ গুণ এরা বেকার। চির বেকার। এই দলে সন্তর বছরের বৃদ্ধ থেকে তেরো বছরের অতি তরুণ পর্বন্ধ রয়েছে। ডকাদা ছিলেন এই বৈদেহি সমিতির প্রাণ। তারই হাতের তৈরী এই সমিতি। এর নিরম কালুন সমন্তই তার মানে ডকাদার নিজের গড়া। কালেই আন্ধ এরা এক রকম পিছুহীন হয়ে পড়েছে। এই সমিতির প্রতিটি নাজ্যের প্রত্যেকটি ভাষ্য দাবার জন্মে যিনি আয়ৃত্যু সংগ্রাম করেছেন তিনি আন্ধ নেই। এই না-পাকাটা যে কত বৃদ্ধ না পাকা তা' এদের মুখে চোরে সুক্তি উঠেছে। এদের প্রত্যেকের হাতে একথানি করে তিন হাত ক্লথারির ক্লোর ভাইকানো এক:ছাত সহা এক হাত চক্তা একথানি রাজ্যের স্ক্রাই।



আর সেই চাটাইরের উপর আঁটা সাদা কাগতে লাল কালিতে লেখা একের বিভিন্ন দাবীগুলি। দাবীগুলির মধ্যে উল্লেখযোগ্য করেকটি এখানে ভূলে দেগুরা গেল।

(১) আফিন আমার চাই-ই চাই। (২) সিনেমা দেখার পরসা দিভেই হবে। (৩) বাড়ি ভাড়া চাওরা চলবে না। (৪) পরীক্ষার প্রশ্ন এক মাস-আগে প্রকাশ কর। (৫) মুদিখানার দেনা বরবাদ হোক। (৬) খণ্ডরই বউকে পালন করতে বাধ্য। (৭) চায়ের দোকান ফ্রিকর। (৮) ট্রামে বালে পরসা দেওরা বন্ধ কর। (১) বিয়ের পণ বাড়িয়ে দাও। (১০) প্রেমের পাত্রীকে চাই-ই চাই।

এই রকমের আরও শত শত ঝাণ্ডা উচিরে চললেন বৈদেছি সমিতির সভ্যবন্দ ছল ছল চোখে।

এরপর একদল হরিনাম সংকীর্ডন আর একদল কালীনাম সংকীর্ডন। এবং সঙ্গে শঙ্গে আমাদের কাঁধের উপর চিরনিস্রায় মহাপ্রাণ ভদ্ধাদা। সুলন্দর্যক্ষ শারিত হয়ে চলেছেন মহাযাত্রায়।

তারপরই একথানি সাইকেল রিক্সার আর একটি মাইক। তা'থেকে বোষাই হুর বার হচ্ছে, 'মেরে দিল কা দিল দরিয়া রে।'

এই মহাবাতা আরম্ভ হোল ঠিক বেলা এগারটার সময়। পাঁচ জারগার বামতে হোল। পাঁচ জারগা থেকে ফুলের মালা দেওরা হোল জ্বাদার মধ্র দেহের উপর। তারপর ঝাড়া আধ ঘণ্টা এ-রান্তা গুনে আমর্কা বধান্থানে গিরে উপন্থিত হলাম।

বাত তখন ন'টা।

্ প্রকার পৰিজ্ঞ তীরে চন্দন কাঠের চিতার উপর ডকাদা। কটাস ফটার শব্দে আলো অলে উঠছে। একটি করে বাব্ধ নষ্ট হচ্ছে। একথানি করে কটো উল্লেহ্ড ডকাদার।

ভর্মিণরই বি, চকন কার্চ ওগওলের গল্পে আকাশ বাভাস আর্কোকিট

হরে উঠল। সঙ্গে সঙ্গে তেইশটা বোমার আগুন দেওরা হোল। তেইশটি বোমা ডম্মানার জীবনে তেইশ বছরের প্রতীক।

তথন আমরা স্পষ্ট দেখলাম। দেখলাম অগ্নিশিখার মাঝে দাঁড়িয়ে ভঙ্কাদা। হাসছেন আর আমাদের হাতছানি দিয়ে ডাকছেন।

আমরা ফিরে এলাম।

ফিরে এলাম শোকসভার আয়োজন করতে। এ-পাড়ায় ও-পাড়ায় এ-সচ্চে ও সমিতিতে সর্বত্র শোক-সভা চলতে লাগল এক সপ্তাহ ধরে। বড় বড় বক্তা ধরে এনে সভাপতি করা হোল। প্রধান অতিথির জ্বস্তো হানা দেওয়া হোল সাহিত্যিকদের দরজায়। মোটা টাকা চাঁদা তুলে দেবার অকীকার করে দৈনিক কাগজের সম্পাদকদের বাগানো হোল সভার উদ্বোধন করবার জন্তে।

কাজেই সপ্তাহ ছুয়েক ধরে কাগজের পাতায় পাতায় ছবিসহ ছাপা হতে লাগল ডঙ্কালার পুণ্য জীবন কাছিনী।

শেষে এসে গেল কালীপৃঞ্জা। আমরাও তখন আবার লেগে গেলাম সর্বজনীন শ্রামাপৃজার আয়োজনে।

সেই পূজার রাত্রেই জানতে পারলাম সকলের হৃদয়ের কতথানি জুড়ে-অধিষ্ঠান করছিলেন ড্রচানা।

কথা হৃদ্ভিশ। মেরেদের ওধারে ডকাদাকে নিয়ে। কে বললেন, "মরেছে না হাড় ছুড়িরেছে সকলের।" কম বয়সী কয়টি গলার খিল খিল শব্দে হাসি উথলে উঠল।

এ ধারে বসেছেন পাড়ার হব্যি তব্যি তদ্রলোকের। বামাচরণ ডাকার সকলের বরোজ্যেষ্ঠ। তিনি দেবী প্রতিমার দিক কেন্দ্রেড হাতে ফিস্ ফিস্ করে বললেন, "মা ভারিশী—একটিকে দর্ম কান্দ্রিক আর কটিকেও নাও মা। সকলে সন্ধ্রিক নিম্নাস ফেলে বাঁচুক।"

नवां द